অধ্যায় ০১

# ব্যবসায়ের মৌলিক ধারণা

প্রথম পত্র

ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে কোন বৈধ কাজকে ব্যবসায় বলে।
- ব্যবসায়ের জীবনী শক্তি/প্রাণ শক্তি/চালিকা শক্তি- পুঁজি, অর্থ বা মূলধন।
- ব্যবসায়ের উৎপত্তি- মানুষের অভাববোধ থেকে।
- Business শব্দটি ব্যবসায় / কারবার শব্দের সমার্থক শব্দ।
- Business শব্দটি (Latin) শব্দ থেকে আগত।
- ব্যবসার লক্ষ্য- মানুষের বস্তুগত ও অবস্তুগত অভাব পূরণ।
- ব্যবসায়ের উদ্দেশ্য- মুনাফা অর্জন (স্বল্পমেয়াদী), সম্পদ সর্বাধিকরণ (দীর্ঘমেয়াদী)।

### ■ ব্যবসায়ের কাজ:

১. পণ্যদ্রব্য ও সেবাকর্ম উৎপাদন
২. উৎপাদিত পণ্য ও সেবা প্রকৃত ভোগকারীর নিকট বন্টন
৩. উৎপাদন ও বন্টন কাজে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়ক উপযোগ সৃষ্টি করা

### ■ ব্যবসায় সমীকরণ:

$$B = \Sigma I + \Sigma T + \Sigma AT$$

এখানে,

B = ব্যবসায় (Business)
ΣI = শিল্পের কার্যাবলির সমষ্টি (Industry)
ΣT = পণ্য বা সেবা বিনিময় (ক্রয়-বিক্রয়) সংক্রান্ত কাজের সমষ্টি (Trade) ও
ΣAT = পণ্য বা সেবা বিনিময় বা ক্রয়-বিক্রয় সংক্রান্ত অন্যান্য কাজের সমষ্টি (Auxiliaries to Trade)

### ■ ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশ:

**১. প্রাচীন যুগ (Ancient Stage):**

- **সময়কাল:** খ্রিস্টপূর্ব ২০০০ থেকে ৪০০ খ্রিস্টাব্দ।
- **উদাহরণ:** আদিম স্তর, প্রত্যক্ষ বিনিময়, কৃষি কাজ, হস্তশিল্পজাত পণ্য, স্পষ্টভাবে সমাজে উৎপাদনকারী ও ভোগকারী শ্রেণীর উদ্ভব হয়।

**২. মধ্যযুগ (Middle Stage):**

- **সময়কাল:** খ্রিস্টাব্দ ৪০১ থেকে ১৬০০ খ্রিস্টাব্দ।
- **উদাহরণ:** অর্থের প্রচলন, বাজার ও শহরের উৎপত্তি (বণিক সমবায় সংঘ, কারিগরি সমবায় সংঘ), উপনিবেশ সৃষ্টি, একমালিকানা ব্যবসায়, অংশীদারি ব্যবসায়ের উৎপত্তি।

**৩. আধুনিক যুগ (Modern Stage)**

- সময়কাল: খ্রিস্টাব্দ ১৬০১ থেকে বর্তমান সময় পর্যন্ত।
- এই যুগে ইংল্যান্ডে শিল্প বিপ্লব ঘটে। শিল্প বিপ্লব সময়কাল: ১৭৫০-১৮৫০ (১০০ বছর)।
- উদাহরণ: প্রযুক্তির উন্নয়ন ও আধুনিকায়ন, উৎপাদক নিয়ন্ত্রিত বাজার (Producer's Oriented Market) ভোক্তা নিয়ন্ত্রিত বাজারে (Consumer's Oriented Market) রূপান্তরিত হয়, কোম্পানি সংগঠন, ব্যবসায় জোট, রাষ্ট্রীয় ব্যবসা, যৌথ উদ্যোগ ব্যবসায় ইত্যাদির আগমন ঘটে।

### ■ ব্যবসায়ের বিবেচ্য বিষয়/মৌলিক উপাদানসমূহ:

০১. **মুনাফা অর্জন (Expectation of profit) ঃ** ব্যবসায়ের প্রথম বৈশিষ্ট্য হলো-এর গঠন ও পরিচালনার পেছনে ব্যবসায়ীর মুনাফা অর্জনের প্রত্যাশা থাকে। কম দামে কিনে বা কম খরচে উৎপাদন করে অধিক মূল্যে বিক্রয় পূর্বক মুনাফা অর্জনের প্রচেষ্টা ব্যবসায় হিসেবে গণ্য।

০২. **ঝুঁকি ও অনিশ্চয়তা (Risk and uncertainty) ঃ** ব্যবসায়ের সাথে ঝুঁকি ও অনিশ্চয়তা ওতপ্রোতভাবে জড়িত। মুনাফা অর্জনের আশাতেই ব্যবসায়ী ঝুঁকি বহন করে। তাই মুনাফাকে ঝুঁকি গ্রহণের পুরস্কার বলা হয়।

০৩. **লেনদেনের পৌনঃপুনিকতা (Recurring transaction) ঃ** ব্যবসায়ের ক্ষেত্রে লেনদেন বারে বারে বা অব্যাহতভাবে সম্পাদিত হয়ে থাকে। একজন আসবাবপত্র বিক্রেতা নিয়মিতভাবেই ফরমায়েশ মাফিক আসবাবপত্র তৈরি করে তা সরবরাহ করে। ফলে তার কাজ ব্যবসায় হিসেবে গণ্য।

০৪. **আইনগত বৈধতা (Legal validity)ঃ** ব্যবসায়কে অবশ্যই আইনানুগ ও বৈধ হতে হয়। সকল উপাদানের উপস্থিতি থাকার পরও যদি কোন প্রতিষ্ঠান অবৈধ কাজে বা উদ্দেশ্যে জড়িত থাকে তবে তা ব্যবসায় হিসেবে বিবেচিত হয় না। চোরাচালানির কাজে নিয়োজিত প্রতিষ্ঠান আইনের দৃষ্টিতে ব্যবসায় নয়।

০৫. **আর্থিক মূল্যে লেনদেন (Transaction at money value) ঃ** ব্যবসায়ে যেকোনো পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে আর্থিক মূল্য নির্ধারণ করা হয়। পণ্যের বিনিময়ে পণ্য ক্রয়-বিক্রয় বর্তমান কালে অচল। অবশ্য আর্থিক মূল্য নিরূপণ করে পণ্যের বিনিময়ে পণ্য বা আংশিক পণ্য ও আংশিক অর্থ প্রদান করা হতে পারে।

০৬. **উপযোগ সৃষ্টি (Creating utility) ঃ** ব্যবসায় তার প্রত্যক্ষ ও পরোক্ষ বিভিন্ন কাজের মাধ্যমে নানান ধরনের; যেমন-রূপগত, স্বত্বগত, কালগত, স্থানগত, অর্থগত, ঝুঁকিগত ইত্যাদি উপযোগ সৃষ্টি করে। এর মাধ্যমে জনগণের বিভিন্নমুখী অভাব পূরণ হয়। এছাড়া ব্যবসায় উদ্বৃত্ত সম্পদও সৃষ্টি করে।

০৭. **পূর্বানুমান (Forecasting) ঃ** পূর্বানুমান করে চলা ব্যবসায়ের আরেকটি অন্যতম বৈশিষ্ট্য। ভবিষ্যতে পণ্যের চাহিদা, মূল্য ও বিভিন্ন অবস্থাদি পূর্বানুমান করে ব্যবসায়ীকে পণ্য উৎপাদন বা তা সংগ্রহ করতে হয়। এই পূর্বানুমান ঠিক না হলে সে সমস্যায় পড়ে। তাই এক্ষেত্রে ব্যবসায়ীকে সবসময়ই ঝুঁকি নিতে হয়।



CamScanner

৮. ব্যবসায়ী সওদা (Requirments of business) ঃ ব্যবসায় হলো মুনাফা অর্জনের উদ্দেশ্যে পণ্য বা সেবাসামগ্রী উৎপাদন ও বন্টন করা। তাই পণ্য বা সেবা ব্যবসায়ের প্রধান উপকরণ বা সওদা হিসেবে গণ্য। এ ছাড়াও মতাদর্শ, অর্থ, ঋণ ইত্যাদিও ক্ষেত্রবিশেষে এরূপ উপকরণের আওতায় পড়ে।

৯. কর্ম স্বাধীনতা (Freedom of work) ঃ ব্যবসায় সবসময়ই একটা স্বাধীন পেশা হিসেবে গণ্য। পূর্বানুমানের ভিত্তিতে ব্যবসায়ীর নিজস্ব চিন্তা-চেতনা অনুযায়ী ব্যবসায় পরিচালিত হয়। এক্ষেত্রে কোনো বৈধ কাজে কারও নিয়ন্ত্রণ মানতে ব্যবসায়ী বাধ্য নয়। এরূপ স্বাধীনতার কারণেই অনেকে ব্যবসায় গঠন ও পরিচালনা করে।

১০. পুঁজির সংস্থান (Financing) ঃ প্রয়োজনীয় ন্যূনতম পুঁজির সংস্থান ছাড়া ব্যবসায় পরিচালনা সম্ভব নয়। বর্তমানকালে বৃহদায়তন ব্যবসায় প্রতিষ্ঠান গঠন ও পরিচালনার জন্য প্রচুর পুঁজি সংগ্রহের প্রয়োজন হয় এবং এজন্য বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান গড়ে উঠেছে। **পুঁজি ব্যবসায়ের জীবনী শক্তি।**

১১. বিক্রয়ের অভিপ্রায় (Intention of sale) ঃ ব্যবসায়ী বিক্রয়ের উদ্দেশ্যেই পণ্য ও সেবা উৎপাদন বা সংগ্রহ করে। তাই বিক্রয়ের অভিপ্রায় ব্যবসায়ের একটি বৈশিষ্ট্য। কেউ নিজের ভোগের জন্য কোন সামগ্রী উৎপাদন বা ক্রয় করলে সেক্ষেত্রে বিক্রয়ের অভিপ্রায় না থাকায় ক্রেতার পক্ষে তা ব্যবসায় হিসেবে গণ্য নয়।

১২. সেবার মনোভাব (Service motive) ঃ সমাজের মানুষের সহযোগিতার ওপর ব্যবসায়ের উন্নয়ন নির্ভর করে। তাই ব্যবসায়ীকে আত্মকেন্দ্রিক না হয়ে বরং মানুষের মাঝে সুনাম অর্জনের অভিপ্রায় সেবার মনোভাব নিয়ে অগ্রসর হতে হয়। ন্যায্যমূল্যে ও সুবিধাজনক শর্তে ক্রেতার পছন্দ অনুযায়ী পণ্য সরবরাহ করাই ব্যবসায়ের বৈশিষ্ট্য।

১৩. পরিবর্তনশীলতা (Flexibility) ঃ ব্যবসায়কে সব সময়ই পরিবর্তনশীল পরিবেশের সাথে খাপ খাইয়ে চলতে হয়। মানুষের চাহিদা ও রুচি সদা পরিবর্তনশীল। তাই ক্রেতাদের ভবিষ্যৎ রুচি, পছন্দ ও চাহিদা নিরূপণ করে তদানুযায়ী ব্যবসায়ে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করা অনেক সময়ই গুরুত্বপূর্ণ বিবেচিত হয়।

১৪. প্রমিতকরণ (Standerdazition) ঃ পণ্যের মান নির্ধারণকে প্রমিতকরণ বলে।

১৫. পর্যায়িতকরণ (Grading) ঃ পণ্যের পূর্বনির্ধারিত মান অনুসারে সাজানোকে পর্যায়িতকরণ বলে।

১৬. উৎপাদন (Production) ঃ ব্যবসায়ের প্রধান কাজ উৎপাদন। উৎপাদন শিল্পের বাহন।

**ব্যবসায় আওতা বহির্ভূত:**

- যে সকল ঘটনা অর্থের মূল্যে পরিমাপযোগ্য নয় তা ব্যবসায়ের আওতাভুক্ত নয়। যেমন: ফরমায়েশ প্রদান, উচ্চ পদস্থ কর্মকর্তার মৃত্যুতে ব্যবসায়িক ক্ষতি, ভোগ, পিতা-মাতা ও গুরুজনের নিকট হতে প্রাপ্ত আদর, স্নেহ, ভালোবাসা, অবৈধ মজুদদারী, সিন্ডিকেট, কালোবাজারি ইত্যাদি।
- ব্যবসায় একটি অর্থনৈতিক বৈধ কর্ম অর্থাৎ আইনের চোখে অবৈধ এমন অর্থনৈতিক কাজ– ব্যবসায় হিসেবে গণ্য নয়। যেমন: চোরাচালানি, স্মাগলিং, মাদকদ্রব্যের ক্রয়-বিক্রয় ব্যবসায়ের অন্তর্ভুক্ত নয়।

**ব্যবসায়ের উদ্দেশ্য :**




**ব্যবসায়ের আওতা বা পরিধি:**



## শিল্প

- যে কার্য প্রচেষ্টার মাধ্যমে প্রাকৃতিক সম্পদ আহরণ এবং এতে উপযোগ (অভাব পূরণের ক্ষমতা) সৃষ্টির মাধ্যমে মানুষের ব্যবহার উপযোগী পণ্য প্রস্তুত করা হয় তাকে শিল্প বলে।
- শিল্প প্রাকৃতিক সম্পদ আহরণ করে।
- শিল্প উৎপাদনের বাহন।
- শিল্প পণ্যের রূপগত উপযোগ সৃষ্টি করে।
- প্রাকৃতিক ও অর্ধপ্রস্তুত প্রাকৃতিক সম্পকে চূড়ান্ত পণ্যে পরিণত করে- শিল্প।

■ **শিল্পের প্রকারভেদ:** শিল্প প্রধানত ২ প্রকার। যেমন: ১. প্রাথমিক শিল্প ও ২. মাধ্যমিক শিল্প।

| প্রকারভেদ | | বিবরণ | উদাহরণ |
|---|---|---|---|
| প্রাথমিক শিল্প | প্রজনন শিল্প | এ শিল্পে উৎপাদিত সামগ্রী পুনরায় উৎপাদন কার্যে ব্যবহৃত হয়। | নার্সারী, পোলট্রি ফার্ম, হ্যাচারী। |
| | নিষ্কাশন শিল্প | এ শিল্প প্রচেষ্টার মাধ্যমে প্রকৃতি প্রদত্ত সম্পদ আহরণ বা সংগ্রহ করা হয়। | খনিজ সম্পদ আহরণ, সমুদ্র- নদ - নদী হতে মা জলজ সম্পদ, বন হতে কাঠ ও অন্যান্য সম্পদ আহরণ |
| মাধ্যমিক বা দ্বিতীয় স্তরের শিল্প | উৎপাদন বা প্রস্তুত শিল্প | শ্রম ও যন্ত্রের সাহায্যে কাঁচামাল বা অর্ধপ্রস্তুত জিনিসকে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে প্রস্তুত করার প্রক্রিয়াকে উৎপাদন বা প্রস্তুত শিল্প বলে। | কলম উৎপাদন শিল্প, গার্মেন্টস শিল্প ইত্যাদি। |
| | নির্মাণ শিল্প | যে শিল্প প্রচেষ্টার মাধ্যমে বিভিন্ন নির্মাণ কাজ সম্পন্ন করা হয় তাকে নির্মাণ শিল্প বলে। | রাস্তাঘাট, সেতু, বাঁধ, দালান-কোঠা ইত্যাদি নির্মাণ। |
| | সেবা পরিবেশক শিল্প | এ শিল্প মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক করার কাজে নিয়োজিত। | গ্যাস, বিদ্যুৎ, টেলিফোন, ব্যাংক, বিমা ইত্যাদি। |

■ **যান্ত্রিক বা উৎপাদন শিল্পকে আবার ৫ ভাগে ভাগ করা যায়। যথা:**

| | | |
|---|---|---|
| ১. বিশ্লেষণ শিল্প | এক শিল্পে একই পদার্থ হতে বিশ্লেষণের মাধ্যমে বিভিন্ন পণ্য সামগ্রী তৈরি করা হয়। | খনিজ তৈল পরিশোধনের মাধ্যমে পেট্রোল, কেরোসিন, ডিজেল; খনিজ কয়লা হতে কোক কয়লা, ন্যাপথেলিন, আলকাতরা ইত্যাদি প্রস্তুত শিল্প। |
| ২. যৌগিক শিল্প | পৃথক পদার্থের সংমিশ্রণ করে নতুন দ্রব্য তৈরী করা হয়। | ইস্পাত, সিমেন্ট, সার, সাবান ইত্যাদি। |
| ৩. প্রক্রিয়া ভিত্তিক শিল্প | এ শিল্পে কাঁচামাল বিভিন্ন উৎপাদন প্রক্রিয়ার মধ্য দিয়ে পরিণত পণ্যে রূপান্তরিত হয়। | তুলা হতে বস্ত্র, পাট হতে থলে বা অন্য পাটজাত দ্রব্য তৈরী, আখ হতে চিনি শিল্প ইত্যাদি। |
| ৪. সংযোজন শিল্প | অন্য শিল্পে উৎপাদিত উপকরণ একত্রিত করে নতুন পণ্য উৎপাদনে নিযুক্ত শিল্প। | মোটরগাড়ি, রেলইঞ্জিন, রেডিও, কম্পিউটার ইত্যাদি। |
| ৫. সংযুক্ত শিল্প | যে শিল্প ক্ষেত্রে বিভিন্ন ধরনের শিল্প প্রক্রিয়ার একই সাথে সমন্বয় ঘটে তাকে সংযুক্ত শিল্প বলে। | লৌহ ও ইস্পাত শিল্প এর উদাহরণ। |

## বাণিজ্য

- শিল্পে উৎপাদিত পণ্য সামগ্রী ভোক্তা বা পরবর্তী উৎপাদনকারীর নিকট পৌঁছে দেয়ার কাজ করে বাণিজ্য।
- বাণিজ্য হলো ব্যবসায়ের বণ্টনকারী শাখা।
- বাণিজ্যের কাজ শুরু হয় শিল্পের কাজ শেষ হওয়ার পর।
- মুনাফা অর্জনের উদ্দেশ্যে বিভিন্ন উদ্ভূত বাধা দূরীভূত করা হয় বাণিজ্যের মাধ্যমে।
- পণ্য বা সেবা বিনিময়ে বিভিন্ন প্রকার সহায়ক কাজ সম্পাদন করে বাণিজ্য।
- বাণিজ্যের কাজকে প্রধানত দু'ভাগে ভাগ করা হয়। যথা: ১. বিনিময় ও ২. বিনিময় সহায়ক কার্যাবলি।

| পণ্য বণ্টনের ক্ষেত্রে সৃষ্ট বাধাসমূহ | বাধাসমূহ দূরীকরণের উপায় | পণ্য বণ্টনের ক্ষেত্রে সৃষ্ট বাধাসমূহ | বাধাসমূহ দূরীকরণের উপায় |
|---|---|---|---|
| ব্যক্তিগত বাধা | পণ্য বা সেবা বিনিময় (ক্রয়-বিক্রয়) | স্থানগত বাধা | পরিবহন |
| অর্থগত বাধা | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান | কালগত/সময়গত বাধা | গুদামজাতকরণ |
| ঝুঁকিগত বাধা | বিমা | প্রচারগত বাধা | বাজারজাতকরণ প্রসার |

## বিনিময়

- মুনাফা অর্জনের উদ্দেশ্যে পণ্য দ্রব্য বা সেবা সামগ্রী ক্রয় বিক্রয় করাকে বিনিময় বলে।
- ব্যবসায়ের সবচেয়ে সংকীর্ণ শাখা- বিনিময়।
- বিনিময়ের ফলে ব্যবসায়ের ব্যক্তিগত প্রতিবন্ধকতা দূর হয়।
- পণ্য বিনিময়কে প্রধাণত দু'ভাগে ভাগ করা যায়। যথা: ১. অভ্যন্তরীণ বাণিজ্য ও ২. আন্তর্জাতিক বাণিজ্য।
- অভ্যন্তরীণ বাণিজ্যকে প্রধানত দু'ভাগে ভাগ করা হয়। যথা: ১. পাইকারি ব্যবসায় ও ২. খুচরা ব্যবসায়।
- আন্তর্জাতিক ব্যবসায়কে তিনভাগে ভাগ করা হয়। যথা: ১. আমদানি, ২. রপ্তানি এবং ৩. পুনঃরপ্তানি।

## প্রত্যক্ষ সেবা

■ প্রত্যক্ষ সেবামূলক অনেক অর্থনৈতিক কাজও ব্যবসায় বলে গণ্য হয়। অর্থ উপার্জনের লক্ষ্যে যে সব প্রত্যক্ষ সেবামূলক কার্য সম্পাদিত হয় কিংবা দৈহিক বা মানসিক শ্রমের বিনিময় করা হয় সেগুলোও ব্যবসায়ের পর্যায়ে পড়ে। অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীগণ প্রত্যক্ষভাবে সেবাকার্য বিক্রয় করে থাকেন।



CamScanner

■ প্রত্যক্ষ সেবার বৈশিষ্ট্যসমূহ হলো:
- অদৃশ্যমানতা (Intangibility): সেবার বাহ্যিক অবয়ব নেই বলে সেবাকে দেখা যায় না বা ধরা যায় না।
- অবিচ্ছিন্নতা (Inseparability): সেবাকে সেবা প্রদানকারী থেকে বিচ্ছিন্ন করা যায় না।
- বৈসাদৃশ্যতা (Variability): সেবার মান নির্ভর করে কে, কখন, কোথায় এবং কিভাবে সেবা প্রদান করছে তার উপর।
- পচনশীলতা (Perishability): পরবর্তীতে বিক্রয় বা ব্যবহারের জন্য সেবাকে সংরক্ষণ করা যায় না।

■ প্রত্যক্ষ সেবার শ্রেণিবিভাগ:
- শিক্ষা সেবা (IELTS, TOEFL, GMAT)।
- স্বাস্থ্য সেবা (ক্লিনিক, হাসপাতাল)।
- পেশাগত সেবা (অডিট ফার্ম, এটর্নী ফার্ম, উকিল, ইঞ্জিনিয়ারিং ফার্ম)।
- ভোক্তা সেবা (হোটেল, সেলুন, ব্যাংক ও বিমা প্রতিষ্ঠান, লন্ড্রি)।

## ব্যবসায় সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ উক্তি

- "আমাদের নিকট বড় কাজ হলো অর্থ উপার্জন"- এ্যাডাম স্মিথ
- "ঝুঁকি ও অনিশ্চয়তা গ্রহণের পুরস্কারই হলো মুনাফা"- F.H. Night.
- "শিল্পকে শুধুমাত্র পয়সা সংগ্রহের যন্ত্র হিসেবে গণ্য করার দিন গত হয়েছে"- অলিভার শেলডন
- "জীবন ধারণের উদ্দেশ্য যেমন শুধু ভোজন করা নয় তেমনি ব্যবসায়ের উদ্দেশ্যও শুধু মুনাফা অর্জন নয়"- L.F. Urwick.
- "ব্যবসায় প্রতিষ্ঠান এমনভাবে পরিচালিত হতে হবে যাতে তা জনকল্যাণের মাধ্যমে ব্যক্তিগত কল্যাণসাধন করতে পারে"- Peter F. Drucker.
- "আমাদের হাজার হাজার মনোভাব থাকতে পারে কিন্তু মূল্যবোধ রয়েছে কয়েক ডজন মাত্র"-বলেছেন মিঃ রকিচ

## প্রিমেল টেস্ট — বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. বন থেকে কাঠ সংগ্রহ কোন শিল্পের অন্তর্ভুক্ত? [NU- Business: 2014-15]
A. প্রজনন শিল্প B. নিষ্কাশন শিল্প C. উৎপাদন শিল্প D. নির্মাণ শিল্প **B**

02. নিচের কোনটি প্রত্যক্ষ সেবা প্রতিষ্ঠান? [NU- Business: 2014-15]
A. ব্যাংক B. হাসপাতাল C. ইনসিওরেন্স কোম্পানি D. কার্গো সেবা **B**

03. নিচের কোনটি ব্যবসায়ের মৌলিক ও গুরুত্বপূর্ণ কাজ? [NU- Business: 2012-13]
A. ক্রয় B. মুনাফা অর্জন C. বিক্রয় D. সমাজসেবা **A**

04. নিচের কোনটি প্রাথমিক শিল্প নয়? [NU- Business: 2012-13]
A. কৃষি শিল্প B. প্রজনন শিল্প C. নিষ্কাশন শিল্প D. সংযোজন শিল্প **D**

05. কারবারের মূল উদ্দেশ্য হলো- [NU- Business: 2011-12]
A. ভোক্তা সন্তুষ্টি B. মুনাফা অর্জন C. কর্মসংস্থান D. সমাজ সেবা **B**

06. কোনটি কারবারের বৈশিষ্ট্য নয়? [NU- Business: 2010-11]
A. মুনাফা অর্জন B. ঝুঁকিগ্রহণ C. গতিশীল দৃষ্টিভঙ্গি D. উপযোগ সৃষ্টি **C**

07. ব্যবসায়ের সামাজিক উদ্দেশ্য হলো— [NU- Business: 2008-09]
A. কর্মসংস্থান B. ক্রেতার সাথে সম্পর্ক C. সম্পদের ব্যবহার D. আয় বৃদ্ধি **A**

08. কোনটি ব্যবসায়ের আওতাভুক্ত নয়? [NU- Business: 2007-08]
A. পরামর্শ সেবা B. পরিবহণ C. কাজের বিনিময়ে খাদ্য D. বিউটি পার্লার **C**

09. প্রতিষ্ঠিত মান অনুযায়ী পণ্যদ্রব্য শ্রেণিবদ্ধকরণ করাকে বলা হয়- [NU- Business: 2006-07]
A. প্রমিতকরণ B. পর্যায়িতকরণ C. একত্রিকরণ D. মোড়কীকরণ **B**

10. কারবারের মুখ্য উদ্দেশ্য— [NU- Business: 2006-07]
A. ভোক্তার সেবা B. কর্মসংস্থান C. মুনাফা অর্জন D. সমাজসেবা **C**

11. কেরোসিন কোন ধরনের শিল্প? [NU- Business: 2005-06]
A. সংযুক্ত B. প্রক্রিয়াভিত্তিক C. মৌলিক D. বিশ্লেষণ **D**

12. বাংলাদেশে গার্মেন্স শিল্পের তুলনামূলক সুবিধা হলো- [NU- Business: 2005-06]
A. সস্তা জমি B. সস্তা শ্রম C. সস্তা মূলধন D. বাজার সুবিধা **B**

13. পরিবহন— সৃষ্টি করে। [NU- Business: 2004-05]
A. সময়গত উপযোগ B. স্থানগত উপযোগ C. বস্তুগত উপযোগ D. স্বত্বগত উপযোগ **B**

14. বাংলাদেশের পোশাক শিল্পের তুলনামূলক সুবিধা হচ্ছে-[NU- Business: 2004-05]
A. সস্তা মূলধন B. সস্তা শ্রমিক C. উন্নত যন্ত্রপাতি D. সস্তা জমি **B**

15. সাবান তৈরি কোন ধরনের শিল্প? [NU- Business: 2003-04]
A. যৌগিক শিল্প B. বিশ্লেষণ শিল্প C. প্রক্রিয়াগত শিল্প D. গঠনমূলক শিল্প **A**

16. গুদামজাতকরণ —— উপযোগ সৃষ্টি করে- [NU- Business: 2003-04]
A. সংরক্ষণগত B. সময়গত C. স্থাগত D. সবগুলো **B**

17. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার প্রবর্তনের নাম- [NU- Business: 2003-04]
A. হেনরি ফেয়ল B. হেনরি ওয়ালেস C. এফ. ডব্লিও টেলর D. হেনিরি স্মিথ **C**

18. নিচের কোনটি ব্যবসায়ের সামাজিক উদ্দেশ্য? [NU- Business: 2002-03]
A. জনগণের আয় বৃদ্ধি B. কর্মসংস্থান C. ক্রেতার সাথে সম্পর্ক স্থাপন D. জাতীয় সম্পদের ব্যবহার **B**

19. নিচের কোন বাধা দূর করা বাণিজ্যের প্রধান কাজ? [NU- Business: 2002-03]
A. ব্যক্তি B. তথ্য C. সময়, স্থান ও বিনিময় D. A + C **D**

20. প্রাইভেট লিমিটেড কোম্পানির সদস্য সংখ্যা- [NU- Business: 2002-03]
A. কমপক্ষে ২ জন এবং সর্বোচ্চ ৫০ জন
B. কমপক্ষে ২ জন এবং সর্বোচ্চ ২০ জন
C. কমপক্ষে ৭ জন এবং সর্বোচ্চ ৫০ জন
D. কমপক্ষে ২ জন এবং সর্বোচ্চ ১০ জন **A**

21. পরিবহণ সৃষ্টি করে- [NU- Business: 2001-02]
A. বস্তুগত উপযোগ B. স্থানগত উপযোগ C. স্বত্বগত উপযোগ D. সময়গত উপযোগ **B**

22. গুদামজাতকরণ —— সৃষ্টি করে। [NU- Business: 2001-02]
A. কালগত উপযোগ B. বস্তুগত উপযোগ C. স্বত্বগত উপযোগ D. স্থানগত উপযোগ **A**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. নিচের কোন বিষয়টিকে ব্যবসায়ের প্রাণ বলা হয়?
A. লোকবল B. ভূমি C. সংগঠন D. অর্থ **D**

02. কোনটি ব্যবসায়ের অপরিহার্য বৈশিষ্ট্য নয়?
A. ঝুঁকি গ্রহণ B. মুনাফা অর্জন C. মানবতার সেবা D. সেবা প্রদান **C**



CamScanner

03. ব্যবসায়ের সংজ্ঞানুসারে নিচের কোনটি ব্যবসায়?
A. পরামর্শ সেবা B. বিমান চলাচল
C. ব্যবস্থাপনা বিভাগ D. ফরমায়েশ প্রদান **A**

04. ব্যবসায়ের ক্ষেত্রে 'প্রমিতকরণ' কী ধরনের উপযোগ সৃষ্টি করে?
A. সময়গত B. প্রচারগত C. মানগত D. বিক্রয়গত **C**

05. গুদামজাতকরণের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করা যায়?
A. স্থানগত উপযোগ B. সময়গত উপযোগ
C. স্বত্বগত উপযোগ D. আকৃতি গত উপযোগ **B**

06. নিচের কোনটি ব্যবসায়ের সামাজিক উদ্দেশ্য?
A. মুনাফা অর্জন B. উৎপাদন C. রাজস্ব বৃদ্ধি D. কর্মসংস্থান সৃষ্টি **D**

07. নিচের কোনটি ব্যবসায়ের উদ্দেশ্য নয়?
A. মুনাফা B. টিকে থাকা
C. ব্যবসায়িক প্রবৃদ্ধি D. গতিশীল দৃষ্টিভঙ্গি **D**

08. ব্যবসায় সংগঠন ও পরিচালনার প্রয়োজনীয় ঝুঁকি গ্রহণ করেন কে?
A. ব্যাংকার B. ঋণগ্রহীতা C. উদ্যোক্তা D. দালাল **C**

09. কোনটি ব্যবসায়ের কাজ নয়?
A. বাজারজাতকরণ B. অর্থসংস্থান C. গুদামজাতকরণ D. সহযোগিতাকরণ **D**

10. ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ছাত্র-ছাত্রীদের প্রধান উদ্দেশ্য হলো-
A. ব্যবসায় সংক্রান্ত বিভিন্ন জ্ঞান আহরণ করা
B. ভবিষ্যতে রাজনীতিবিদ হওয়া C. ভবিষ্যতে ব্যবসায়ের মালিক হওয়া
D. একটি পেশা সৃষ্টি করা **A**

11. কোনটি ব্যবসায়ের বৈশিষ্ট্য নয়?
A. মুনাফা B. ঝুঁকি
C. গতিশীলতার দৃষ্টিভঙ্গি D. উপযোগ সৃষ্টি **C**

12. নিচের কোনটি ব্যবসায়ের সংজ্ঞাভুক্ত নয়?
A. উৎপাদন B. পরিবহন C. বন্টন D. ভোগ **D**

13. ব্যবসায়ের বৈশিষ্ট্য কোনটি?
A. মুনাফা অর্জন B. সমাজসেবা
C. কর্মসংস্থান D. সবগুলো **D**

14. ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কি?
A. মুনাফা অর্জন B. সমাজসেবা
C. কর্মসংস্থান D. ক্ষমতা বৃদ্ধি **A**

15. ব্যবসায়ের মৌলিক উপাদান কোনটি?
A. ঝুঁকি B. বিনিময়
C. অর্থ উপার্জন D. উপরের সবগুলো **D**

16. সাবান তৈরী কোন ধরনের শিল্প?
A. বিশেষণ মূলক শিল্প B. যৌগিক শিল্প
C. প্রক্রিয়াগত শিল্প D. গঠনমূলক শিল্প **B**

17. মৎস্য চাষ কোন ধরনের শিল্প?
A. উৎপাদন শিল্প B. উত্তোলন শিল্প
C. সংযোজক শিল্প D. প্রজনন শিল্প **D**

18. নিচের কোনটি ব্যবসায়ের মৌলিক বৈশিষ্ট্য নয়?
A. মুনাফা অর্জন B. সংগঠন
C. ঝুঁকি ও অনিশ্চয়তা D. শ্রমিক ছাঁটাই **D**

19. নিম্নে কোন ধাপগুলো দ–র করা বাণিজ্যের প্রধান কাজ?
A. ব্যক্তি B. সময়, স্থান ও বিনিময়
C. তথ্য D.A + B + C **D**

20. নিম্নের কোনটি শ্রমঘন শিল্প?
A. ঔষধ B. সার
C. প্রসাধনী D. তৈরি পোশাক **D**

## PRIME TEST

01. ব্যবসায়ের সবচেয়ে সংকীর্ণ শাখা কোনটি?
Ⓐ শিল্প Ⓑ বাণিজ্য Ⓒ বিনিময় Ⓓ প্রত্যক্ষ সেবা

02. ব্যবসায়ের ক্ষেত্রে সময়গত উপয়োগ সৃষ্টি করা হয় কিসের মাধ্যমে?
Ⓐ পরিবহন Ⓑ ব্যাংক Ⓒ গুদামজাতকরণ Ⓓ ব্যাংক

03. ব্যবসায়ের উৎপাদনকারী শাখা কোনটি?
Ⓐ শিল্প Ⓑ বাণিজ্য Ⓒ বিনিময় Ⓓ প্রত্যক্ষ সেবা

04. সেতু কোন শিল্প?
Ⓐ যৌগিক শিল্প Ⓑ বিশ্লেষণ শিল্প Ⓒ প্রজনন শিল্প Ⓓ নির্মাণ শিল্প

05. নিম্নের কোনটি ব্যবসায়ে স্বত্বগত উপযোগ সৃষ্টি করে?
Ⓐ বিনিময় Ⓑ পরিবহন Ⓒ গুদামজাতকরণ Ⓓ বিমা

06. নিম্নের কোনটি নিষ্কাশন শিল্পের আওতাভুক্ত?
Ⓐ মাছ ধরা Ⓑ মাছ চাষ Ⓒ পোলট্রি ফার্ম Ⓓ বনায়ন

07. উৎপাদন শিল্পের অপর নাম কি?
Ⓐ প্রস্তুত শিল্প Ⓑ যান্ত্রিক শিল্প Ⓒ সার্জন শিল্প Ⓓ সবগুলোই

08. সিমেন্ট কোন শিল্পের আওতাভুক্ত?
Ⓐ প্রজনন শিল্প Ⓑ নিষ্কাশন শিল্প Ⓒ বিশ্লেষণ শিল্প Ⓓ যৌগিক শিল্প

09. নিম্নের কোনটি ব্যবসায়ের সংজ্ঞাভুক্ত নয় বলে বিবেচিত?
Ⓐ ওকালতি, সেলুন, ঢাকা ব্যাংক লিমিটেড
Ⓑ বিউটি পার্লার, ASPECT প্রকাশনী, ডিলারশিপ
Ⓒ রেড ক্রিসেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়, টি.এস.সি
Ⓓ পরামর্শ দান, পেশাদার যাত্রাদল

10. ব্যবসায়ের অঙ্গ–
Ⓐ দুটি Ⓑ তিনটি Ⓒ চারটি Ⓓ পাঁচটি

11. বিশ্লেষণ শিল্প এবং যৌগিক শিল্পের সম্পর্ক কিরূপ?
Ⓐ পরস্পর সম্পূরক Ⓑ পরস্পর পরিপূরক
Ⓒ বিপরীতমুখী Ⓓ কোন সম্পর্ক নেই

12. কোনটি প্রজনন শিল্প নয়?
Ⓐ হ্যাচারী Ⓑ পোল্ট্রি Ⓒ টেলিভিশন Ⓓ বনায়ন

13. ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশের কোন যুগে একমালিকানা ব্যবসায় উদ্ভব হয়?
Ⓐ প্রাচীন যুগে Ⓑ মধ্য যুগে
Ⓒ আধুনিক যুগে Ⓓ সঠিকভাবে বলা সম্ভব নয়

14. 'মোটরগাড়ী' কোন ধরনের শিল্প?
Ⓐ প্রজনন Ⓑ নিষ্কাশন Ⓒ যৌগিক Ⓓ সংযোজন

15. ব্যবসায় বলতে বুঝায়?
Ⓐ পণ্য উৎপাদন Ⓑ পণ্য উৎপাদন ও বন্টন
Ⓒ পণ্য বন্টন এর সহায়ক যাবতীয় কাজ
Ⓓ লাভের উদ্দেশ্যে-উৎপাদন, বন্টন ও সহায়ক কাজ

16. কোনটি ব্যবসায়ের সংজ্ঞাভুক্ত নয়?
Ⓐ পণ্যের উৎপাদন Ⓑ পণ্যের বন্টন Ⓒ পণ্যের পরিবহন Ⓓ পণ্যের ভোগ

17. উৎপাদনের বাহন কোনটি?
Ⓐ বাণিজ্য Ⓑ শিল্প Ⓒ প্রত্যক্ষ সেবা Ⓓ ভোগ

18. সাবান প্রস্তুত কোন ধরনের শিল্প?
Ⓐ বিশ্লেষণ শিল্প Ⓑ নিষ্কাশন শিল্প Ⓒ যৌগিক শিল্প Ⓓ নির্মাণ শিল্প

19. ব্যবসায়ের উৎপাদনকারী শাখা কোনটি?
Ⓐ বাণিজ্য Ⓑ সেবা পরিবেশক Ⓒ শিল্প Ⓓ সবগুলোই

20. শ্রমের কাম্য ব্যবহার ব্যবসায়ের কোন জাতীয় উদ্দেশ্য?
Ⓐ অর্থনৈতিক উদ্দেশ্য Ⓑ সামাজিক উদ্দেশ্য
Ⓒ জাতীয় উদ্দেশ্য Ⓓ ব্যক্তিক উদ্দেশ্য

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | C | 02. | C | 03. | A | 04. | D | 05. | A |
| 06. | A | 07 | D | 08. | D | 09. | C | 10. | B |
| 11. | C | 12. | C | 13. | B | 14. | D | 15. | D |
| 16. | D | 17. | B | 18. | C | 19. | C | 20. | A |



CamScanner

অধ্যায় ০৮

# ব্যবসায় পরিবেশ

প্রথম পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ব্যবসায়ের যে বহিঃস্থ পারিপার্শ্বিক অবস্থা এর গঠন ও পরিচালনায় প্রভাব বিস্তার করে তাকে ব্যবসায়ের পরিবেশ বলে।
- ব্যবসায় পরিবেশের উপাদানগুলোকে প্রধানত দু'ভাগে ভাগ করা যায়। যথা-
  ১. অভ্যন্তরীণ উপাদান
  ২. বাহ্যিক উপাদান।
- প্রতিষ্ঠানের ভিতরে কর্মরত ব্যক্তিদের নিয়ে গঠিত হয় অভ্যন্তরীণ পরিবেশ এবং এটি নিয়ন্ত্রণযোগ্য। যেমন: মালিক, পরিচালনা পর্ষদ।
- প্রতিষ্ঠানের বাইরের বিভিন্ন পক্ষ নিয়ে গঠিত হয় বাহ্যিক পরিবেশ এবং এটি অনিয়ন্ত্রণযোগ্য। যেমন: ক্রেতা, সরবরাহকারী, সংস্কৃতি।
- ব্যবসায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবেশ হল - অর্থনৈতিক পরিবেশ।
- ব্যবসায়িক পণ্যের আকার নির্ধারণ করে- অর্থনৈতিক পরিবেশ।
- ব্যবসায়ের উপর সবচেয়ে বেশী প্রভাব বিস্তার করে - সামাজিক পরিবেশ।
- পণ্যের চাহিদা নির্ধারণ করে - সামাজিক পরিবেশ।

### ব্যবসায় পরিবেশের উপাদান

| প্রাকৃতিক পরিবেশ | অর্থনৈতিক পরিবেশ | রাজনৈতিক পরিবেশ | সামাজিক পরিবেশ | আইনগত পরিবেশ | বিজ্ঞান ও প্রযুক্তিগত পরিবেশ |
|---|---|---|---|---|---|
| ক. ভূ-প্রকৃতি | ক. অর্থ ও ঋণ ব্যবস্থা | ক. সরকার | ক. জনসংখ্যা | ক. দ্বিপাক্ষিক চুক্তি | ক. বিজ্ঞান ও কারিগরি শিক্ষা |
| খ. জলবায়ু | খ. শিল্প | খ. আইন-শৃঙ্খলা | খ. জাতি | খ. সাধারণ বাজার ব্যবস্থা | খ. বিজ্ঞান ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ |
| গ. নদ-নদী | গ. শ্রম | গ. সরকারি নীতিমালা | গ. ধর্মীয় বিশ্বাস | গ. শিল্প আইন | গ. উন্নত প্রযুক্তি সম্বলিত প্রতিষ্ঠানসমূহ |
| ঘ. প্রাকৃতিক সম্পদ | ঘ. অর্থনৈতিক প্রতিষ্ঠান | ঘ. সার্বভৌমত্ব | ঘ. ভোক্তাদের মনোভাব | ঘ. শ্রম আইন | ঘ. প্রযুক্তিগত জ্ঞান |
| ঙ. পাহাড় পর্বত | ঙ. সঞ্চয় ও বিনিয়োগ | ঙ. আন্তর্জাতিক সম্পর্ক | ঙ. শিক্ষা ও সংস্কৃতি | ঙ. পরিবেশ সংরক্ষণ আইন | |
| | চ. মানব সম্পদ | চ. রাজনৈতিক দল | চ. ঐতিহ্য | চ. বাণিজ্যিক আইন | |
| | ছ. চাহিদা ও ভোগ | ছ. রাজনৈতিক স্থিতিশীলতা | ছ. প্রথা ও ধর্ম | ছ. আন্তর্জাতিক আইন | |
| | জ. ব্যবসায়ের সুনাম | | জ. সামাজিক প্রতিষ্ঠানসমূহ | | |

বিশেষ টপিক

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. আইন-শৃঙ্খলা পরিস্থিতি কারবারের কোন ধরনের পরিবেশের মধ্যে পড়ে? [NU- Business: 2014-15]
A. রাজনৈতিক পরিবেশ B. সামাজিক পরিবেশ
C. অর্থনৈতিক পরিবেশ D. আইনগত পরিবেশ **A**

02. আইনশৃঙ্খলা পরিস্থিতি কারবারের কোন ধরনের পরিবেশের মধ্যে পড়ে? [NU- Business: 2011-12]
A. সামাজিক পরিবেশ B. রাজনৈতিক পরিবেশ
C. অর্থনৈতিক পরিবেশ D. আইনগত পরিবেশ **B**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. মানবসম্পদ ও জনসংখ্যা যথাক্রমে ব্যবসায়ের কোন কোন পরিবেশের অন্তর্গত?
A. অর্থনৈতিক ও সামাজিক
B. সামাজিক ও প্রাকৃতিক
C. অর্থনৈতিক ও প্রাকৃতিক
D. সামাজিক ও অর্থনৈতিক **A**

02. সামাজিক পরিবেশের উপাদান সৃষ্টি করে-
A. মানুষ B. অর্থ
C. বিজ্ঞাপন D. প্রযুক্তি **A**

03. 'মানুষ' ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?
A. অর্থনৈতিক B. রাজনৈতিক
C. প্রাকৃতিক D. সামাজিক **D**

04. জাপানের উন্নতির মূলে ব্যবসায়ের কোন পরিবেশের প্রভাব সবচেয়ে বেশি?
A. সামাজিক B. অর্থনৈতিক
C. রাজনৈতিক D. প্রাকৃতিক **B**

05. মানব সম্পদ কোন পরিবেশের উপাদান?
A. সামাজিক পরিবেশ B. অর্থনৈতিক পরিবেশ
C. প্রযুক্তিগত পরিবেশ D. প্রাকৃতিক পরিবেশ **B**

06. মানব সম্পদ কোন ধরনের পরিবেশের উপাদান?
A. Natural environment B. Economic environment
C. Social environment D. Technological environment **B**

07. জাতীয় আয়, সঞ্চয়, সুদের হার, মুদ্রাস্ফীতি সম্পর্কে জানতে কোন পরিবেশ বিশ্লেষণ করা প্রয়োজন-
A. সামাজিক B. রাজনৈতিক
C. আইনগত D. অর্থনৈতিক **D**

08. নিচের কোনটি সামাজিক পরিবেশের উপাদান?
A. ভূ-প্রকৃতি B. জলবায়ু
C. জনসংখ্যা D. সঞ্চয় ও বিনিয়োগ **C**

09. আইন শৃঙ্খলা পরিস্থিতি কারবারের কোন ধরনের পরিবেশের মধ্যে পড়ে?
A. সামাজিক পরিবেশ B. রাজনৈতিক পরিবেশ
C. অর্থনৈতিক পরিবেশ D. আইনগত পরিবেশ **B**

10. নিচের কোনটি ব্যবসায়ের আন্তর্জাতিক পরিবেশের অন্তর্গত?
A. আঞ্চলিক ব্যবসায়িক দল B. আন্তর্জাতিক ব্যবসায়িক দল
C. শিল্প ও বাণিজ্যিক আইন D. উপরের সবগুলোই **B**

11. একটি অঞ্চলের জলবায়ু, ভূমি ও প্রাকৃতিক সম্পদ মিলে কোন পরিবেশের সৃষ্টি হয়?
A. সামাজিক B. প্রাকৃতিক
C. ব্যবসায়িক D. অর্থনৈতিক **B**

12. প্রাকৃতিক পরিবেশের উপাদান কোনটি?
A. মূলধন B. সরকার
C. কারিগরি শিক্ষা D. নদীনালা **D**

13. তথ্য ও প্রযুক্তিগত পরিবেশের উপাদান কোনটি?
A. মূল্যবোধ B. মানবসম্পদ
C. রুচি ও ফ্যাশন D. কম্পিউটার **D**

14. জাতীয় বাজেট কোন পরিবেশের অন্তর্ভুক্ত?
A. সামাজিক B. রাজনৈতিক
C. প্রযুক্তিগত D. অর্থনৈতিক **B**

15. কারিগরি শিক্ষা কোন ধরনের পরিবেশের অন্তর্ভুক্ত?
A. সামাজিক B. রাজনৈতিক
C. প্রযুক্তিগত D. প্রাকৃতিক **C**

16. অপ্রাকৃতিক পরিবেশের উপাদান কোনটি?
A. ভূমি B. জলবায়ু
C. ঐতিহ্য D. দেশীয় অবস্থান **C**

17. খনিজ সম্পদ ও মানব সম্পদ কোন ধরনের পরিবেশের অন্তর্ভুক্ত?
A. প্রাকৃতিক ও রাজনৈতিক B. প্রাকৃতিক ও অর্থনৈতিক
C. অর্থনৈতিক ও সামাজিক D. অর্থনৈতিক ও সাংস্কৃতিক **B**

18. জনসংখ্যা ও ঐতিহ্য কোন পরিবেশের উপাদান?
A. সামাজিক B. অর্থনৈতিক
C. রাজনৈতিক D. প্রাকৃতিক **A**

19. প্রাকৃতিক পরিবেশের মূল্যবান উপাদান কোনটি?
A. মূলধন B. দেশের ঐতিহ্য
C. দেশীয় অবস্থান D. জনসংখ্যা **C**

20. কোনটি দ্বারা মানুষ আজন্ম প্রভাবিত?
A. অর্থ B. পরিবেশ
C. জলবায়ু D. ধর্মীয় বিশ্বাস **B**

## PRIME TEST

01. পণ্যের চাহিদা নির্ধারক পরিবেশ কোনটি?
Ⓐ প্রাকৃতিক পরিবেশ Ⓑ রাজনৈতিক পরিবেশ
Ⓒ সামাজিক পরিবেশ Ⓓ আইনগত পরিবেশ

02. জনসংখ্যা কোন পরিবেশের উপাদান?
Ⓐ আইনগত পরিবেশ Ⓑ প্রাকৃতিক পরিবেশ
Ⓒ অর্থনৈতিক পরিবেশ Ⓓ রাজনৈতিক পরিবেশ

03. ব্যবসায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবেশ কোনটি?
Ⓐ আইনগত পরিবেশ Ⓑ প্রাকৃতিক পরিবেশ
Ⓒ অর্থনৈতিক পরিবেশ Ⓓ রাজনৈতিক পরিবেশ

04. জাতি কোন পরিবেশের উপাদান?
Ⓐ আইনগত পরিবেশ Ⓑ প্রাকৃতিক পরিবেশ
Ⓒ অর্থনৈতিক পরিবেশ Ⓓ সামাজিক পরিবেশ

05. মানবসম্পদ ও জনসংখ্যা যথাক্রমে ব্যবসায়ের কোন কোন পরিবেশের অন্তর্গত?
Ⓐ অর্থনৈতিক ও সামাজিক Ⓑ সামাজিক ও প্রাকৃতিক
Ⓒ অর্থনৈতিক ও প্রাকৃতিক Ⓓ সামাজিক ও অর্থনৈতিক

06. সামাজিক পরিবেশের উপাদান সৃষ্টি করে-
Ⓐ মানুষ Ⓑ অর্থ
Ⓒ বিজ্ঞাপন Ⓓ প্রযুক্তি

07. 'মানুষ' ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?
Ⓐ অর্থনৈতিক Ⓑ রাজনৈতিক
Ⓒ প্রাকৃতিক Ⓓ সামাজিক

08. জাপানের উন্নতির মূলে ব্যবসায়ের কোন পরিবেশের প্রভাব সবচেয়ে বেশি?
Ⓐ সামাজিক Ⓑ অর্থনৈতিক
Ⓒ রাজনৈতিক Ⓓ প্রাকৃতিক

09. মানব সম্পদ কোন পরিবেশের উপাদান?
Ⓐ সামাজিক পরিবেশ Ⓑ অর্থনৈতিক পরিবেশ
Ⓒ প্রযুক্তিগত পরিবেশ Ⓓ প্রাকৃতিক পরিবেশ

10. প্রাকৃতিক সম্পদ হচ্ছে−
Ⓐ কয়লা Ⓑ গ্যাস
Ⓒ তৈল Ⓓ উপরের সবগুলোই

11. জাতীয় আয়, সঞ্চয়, সুদের হার, মুদ্রাস্ফীতি সম্পর্কে জানতে কোন পরিবেশ বিশ্লেষণ করা প্রয়োজন−
Ⓐ সামাজিক Ⓑ রাজনৈতিক
Ⓒ আইনগত Ⓓ অর্থনৈতিক

12. ব্যবসায়ের অবস্থান নির্বাচনে বিবেচ্য বিষয় কোনটি?
Ⓐ উৎপাদন ক্ষমতা Ⓑ অর্থায়নের সুযোগ
Ⓒ বাজারের নৈকট্য Ⓓ ব্যয় সংকোচন

13. অর্থনৈতিক পরিবেশের উপাদান নয় কোনটি?
Ⓐ ঋণ ব্যবস্থা Ⓑ বিনিয়োগ
Ⓒ শিল্প Ⓓ জনসংখ্যা

14. কোন ধরনের পরিবেশ পণ্য বিপণনে অসীম সুযোগ সৃষ্টি করে?
Ⓐ প্রাকৃতিক Ⓑ রাজনৈতিক
Ⓒ সাংস্কৃতিক Ⓓ প্রযুক্তি

15. আইন শৃঙ্খলা পরিস্থিতি কোন ধরনের পরিবেশ?
Ⓐ সামাজিক Ⓑ রাজনৈতিক
Ⓒ আইনগত Ⓓ অর্থনৈতিক

16. 'সুনাম' কোন পরিবেশের উপাদান?
Ⓐ অর্থনৈতিক Ⓑ রাজনৈতিক
Ⓒ সামাজিক Ⓓ প্রাকৃতিক

17. অপ্রাকৃতিক পরিবেশের গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?
Ⓐ ভূমি Ⓑ দেশীয় অবস্থান
Ⓒ ঐতিহ্য Ⓓ জলবায়ু

18. 'যশ ও খ্যাতি' কোন ব্যবসায় পরিবেশের অন্তর্ভুক্ত?
Ⓐ রাজনৈতিক পরিবেশ
Ⓑ সামাজিক পরিবেশ
Ⓒ ধর্মীয় পরিবেশ
Ⓓ সাংস্কৃতিক পরিবেশ

19. একটি অঞ্চলের জলবায়ু, ভূমি ও প্রাকৃতিক সম্পদ মিলে কোন পরিবেশের সৃষ্টি হয়?
Ⓐ সামাজিক Ⓑ প্রাকৃতিক
Ⓒ ব্যবসায়িক Ⓓ অর্থনৈতিক

20. প্রাকৃতিক পরিবেশের উপাদান কোনটি?
Ⓐ মূলধন Ⓑ সরকার
Ⓒ কারিগরি শিক্ষা Ⓓ নদীনালা

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | C | 02. | B | 03. | C | 04. | D | 05. | A |
| 06. | A | 07. | D | 08. | B | 09. | B | 10. | D |
| 11. | D | 12. | C | 13. | D | 14. | D | 15. | B |
| 16. | A | 17. | C | 18. | B | 19. | B | 20. | D |

অধ্যায় ০৩

# এক মালিকানা ব্যবসায়

প্রথম পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

**একমালিকানা ব্যবসায়ের সংজ্ঞা:**

- যে ব্যবসায়ের মালিক, পরিচালক, সংগঠক ও পুঁজি সরবরাহকারী একজন মাত্র ব্যক্তি এবং যিনি এককভাবে ব্যবসায়ের সকল পুঁজির যোগান দেন এবং সমুদয় মুনাফা ভোগ করেন তাকে একমালিকানা ব্যবসায় বলে।
- "A sole proprietorship is easy to form and simple to run"- M.C. Shukla.
- "A sole trader carries business for his own profit bearing all risk"- Prof. Davidson.
- "একক ব্যক্তির মালিকানা ও তার লাভের উদ্দেশ্যে পরিচালিত ব্যবসায়ই একমালিকানা ব্যবসায়" -গ্রুন ও বেকার।

**একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য:**

- একক মালিকানা
- সহজ গঠন
- স্বল্প মূলধন
- সীমিত আয়তন
- নিজস্ব ব্যবস্থাপনা
- একক কর্তৃত্ব ও নিয়ন্ত্রণ
- অসীম দায়
- একক ঝুঁকি
- নমনীয়তা
- লাভ-লোকসান বন্টন
- প্রত্যক্ষ সম্পর্ক
- সরকারি বাধা-নিষেধ মুক্ততা

**বৃহদায়তন ব্যবসায়ের পাশাপাশি একমালিকানা ব্যবসায় টিকে থাকার কারণসমূহ:**

- সহজ গঠন
- পণ্যের প্রকৃতি
- স্বল্প পুঁজি
- চাহিদার পরিবর্তনশীলতা
- দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
- ব্যক্তিগত স্বাতন্ত্র্য

**একমালিকানা ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্রসমূহ:**

- ক্ষুদ্রায়তনের সংগঠন
- স্বল্প পুঁজির ব্যবসা
- কম ঝুঁকির ব্যবসায়
- কৃষি পণ্যের ব্যবসায়
- প্রত্যক্ষ সেবামূলক প্রতিষ্ঠান
- পচনশীল দ্রব্যের ব্যবসায়
- পরিবর্তনশীল চাহিদার পণ্য
- উৎপাদন ও চাহিদার স্থানীয়তা

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. এক মালিকানা ব্যবসায়ের আয়তন ছোট হওয়ার মুখ্য কারণ কোনটি? [NU- Business: 2014-15]
A. মালিকের সামর্থ্যের সীমাবদ্ধতা B. মালিকের অসীম দায়
C. সীমিত ব্যবসায় ক্ষেত্র D. জনসংযোগের সীমাবদ্ধতা **A**

02. নিচের কোনটি এক মালিকানা কারবারের বৈশিষ্ট্য? [NU- Business: 2013-14]
A. ক্রয়-বিক্রয় B. পৃথক সত্তা
C. অসীম দায় D. ঋণ আদায় **C**

03. বাংলাদেশে কোন ধরনের ব্যবসায় সবচেয়ে বেশি দেখা যায়? [NU- Business: 2012-13]
A. একমালিকানা B. অংশীদারি
C. প্রাইভেট লিমিটেড কোম্পানি D. পাবলিক লিমিটেড কোম্পানি **A**

04. কোনটি একমালিকানা কারবারের বৈশিষ্ট্য নয়? [NU- Business: 2008-09]
A. সীমিত দায় B. ক্ষুদ্র আয়তন
C. সীমিত মূলধন D. একক সিদ্ধান্ত গ্রহণ **A**

05. কোন প্রকার ব্যবসায় ক্রেতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ রাখা সম্ভব? [NU- Business: 2007-08]
A. একমালিকানা কারবার B. অংশীদারি কারবার
C. প্রাইভেট লি. কোম্পানি D. পাবলিক লি. কোম্পানি **A**

06. পৌর এলাকায় ব্যবসায় পরিচালনায় কোন ধরনের সনদ/লাইসেন্স সংগ্রহ করতে হয়? [NU- Business: 2003-04]
A. ট্রেড লাইসেন্স B. আয়কর পরিশোধের সার্টিফিকেট
C. আমদানি রপ্তানি লাইসেন্স D. সবগুলো **A**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. একমালিকানা ব্যবসায়ের প্রধান অসুবিধা-
A. সীমিত মূলধন B. সীমিত আয়তন
C. অসীম দায় D. কৃত্রিম সত্তাহীনতা **C**

02. একমালিকানা সংগঠনের প্রধান বৈশিষ্ট্য কোনটি?
A. একক মালিকানা B. ক্ষুদ্রাকার
C. অসীম দায় D. নমনীয়তার সুযোগ **A**

03. "অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট" হওয়ার সম্ভাবনা থাকে না কোন ব্যবসায় সংগঠনে?
A. একমালিকানা B. অংশীদারি
C. ব্যবসায় জোট D. যৌথ মূলধনী ব্যবসায় **A**

04. "একক ব্যক্তির মালিকানায় ও তার লাভের উদ্দেশ্যে পরিচালিত ব্যবসায়ই একমালিকানা ব্যবসায়" উক্তিটি কার?
A. বি. ও. হুইলার B. গ্রুন ও বেকার
C. আর. এম. চক্রো D. এম. সি. শুকলা **B**

05. একক মালিকানা কারবারের উপযুক্ত ক্ষেত্র কোনটি?
A. রেস্টুরেন্ট B. ইস্পাত তৈরি
C. হাসপাতাল D. পাঁচতারকা হোটেল **A**

06. মালিকের দায়-দায়িত্ব বিবেচনায় নিচের কোন কারবারটি সবচেয়ে কম পছন্দনীয় হওয়া উচিত?
A. একক মালিকানাধীন কারবার
B. ব্যাংকিং ব্যবসায়ের জন্য অংশীদারি কারবার
C. অ-ব্যাংকিং ব্যবসায়ের জন্য অংশীদারি কারবার
D. প্রাইভেট লিমিটেড কোম্পানি **A**

07. সবচেয়ে প্রাচীন ব্যবসায় সংগঠন কোনটি?
A. একমালিকানা B. অংশীদারি
C. যৌথ মূলধনী কোম্পানি D. সমবায় সমিতি **A**

08. দায়-দায়িত্বের বিবেচনায় কোন ধরনের ব্যবসায় সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ?
A. একমালিকানা ব্যবসায় B. অংশীদারি ব্যবসায়
C. পাবলিক লিমিটেড কোম্পানি D. প্রাইভেট লিমিটেড কোম্পানি **A**

09. কোনটি একাধিপতি কারবারের বৈশিষ্ট্য নয়?
A. একক মালিকানা B. সীমিত দায়
C. একক সিদ্ধান্ত গ্রহণ D. ছোট আয়তন **B**

10. বৃহদায়তন ব্যবসায়ের পাশাপাশি ক্ষুদ্রায়তন একমালিকানা ব্যবসায় টিকে থাকার অধিকতর গুরুত্বপূর্ণ কারণ কোনটি?
A. ঝুঁকির স্বল্পতা ও সহজ গঠন B. মালিকের স্বাধীনতা ও সীমিত দায়
C. ক্ষেত্রগত সুবিধা ও প্রশিক্ষণ ক্ষেত্র D. অবস্থানগত ও ক্ষেত্রগত সুবিধা **D**



CamScanner

11. পৌর এলাকায় এক মালিকানা ব্যবসা পরিচালনায় কোন ধরনের সনদ/লাইসেন্স সংগ্রহ করতে হয়?
A. মিউনিসিপ্যাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট
B. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট
C. ট্রেড লাইসেন্স
D. আয়কর পরিশোধের সার্টিফিকেট Ⓓ

12. একমালিকানা ব্যবসায়ে মালিকের দায় অসীম বলতে কী বুঝায়?
A. দায় মোট মূলধন পর্যন্ত সীমাবদ্ধ
B. দায় মোট বিনিয়োগ পর্যন্ত সীমাবদ্ধ
C. দায় দেউলিয়া হওয়ার পূর্ব পর্যন্ত সীমাবদ্ধ
D. দায় পরিবারের সকল সম্পত্তি পর্যন্ত সীমাবদ্ধ Ⓒ

13. কেউ কেউ প্রথমত একমালিকানা ব্যবসায় গঠন করতে চায়। এর মূল কারণ কোনটি?
A. এটি বড় লোক হওয়ার মাধ্যম B. এখানে ঝুঁকি অনেক কম
C. এটি একটি উত্তম প্রশিক্ষণ ক্ষেত্র D. এরূপ ব্যবসায়ের পৃথক সত্তা নেই Ⓓ

14. একমালিকানা সংগঠনের বৈশিষ্ট্য কোনটি?
A. যৌথ ব্যবস্থাপনা B. স্বল্প ঝুঁকি
C. বৃহদায়তন D. সীমিত দায় Ⓑ

15. একমালিকানা সংগঠন কে গঠন করতে পারে?
A. সরকার B. একব্যক্তি
C. ব্যাংক D. একাধিক ব্যক্তি Ⓑ

16. নিম্নের কোনটি একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য?
A. অধিক উৎপাদন B. স্বাধীন পেশা
C. সীমিত দায় D. মুনাফা বন্টন Ⓑ

17. একমালিকানা সংগঠনের প্রধান বৈশিষ্ট্য কী?
A. দক্ষ ব্যবস্থাপনা B. অসীম দায়
C. স্বল্প পরিসর D. একক মালিকানা Ⓓ

18. কোনটি একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য বহির্ভূত?
A. অসীম দায় B. অধিক পুঁজি
C. ব্যক্তি স্বাধীনতা D. একক সিদ্ধান্ত Ⓑ

19. নিম্নের কোনটি একমালিকানা সংগঠনের প্রধান অসুবিধা?
A. ব্যক্তিগত সম্পর্ক B. অসীম দায়
C. সীমিত ক্ষেত্র D. ব্যবস্থাপনা পদ্ধতি Ⓑ

20. কোন ক্ষেত্রে একমালিকানা ব্যবসায় অনুপযুক্ত?
A. মৌসুমি পণ্যের ব্যবসায় B. পচনশীল পণ্যের ব্যবসায়
C. অধিক চাহিদাসম্পন্ন পণ্যের ব্যবসায় D. পেশাদারি ব্যবসায় Ⓒ

## PRIME TEST

01. মানব সভ্যতার ইতিহাসে সর্বপ্রথম কোন ধরনের ব্যবসায়ের সূত্রপাত হয়?
Ⓐ একমালিকানা Ⓑ অংশীদারি
Ⓒ রাষ্ট্রীয় Ⓓ সমবায়

02. সৃজনশীলতা প্রদর্শনের সবচেয়ে বেশি উপযুক্ত স্থান কোনটি?
Ⓐ অংশীদারি Ⓑ একমালিকানা
Ⓒ সমবায় Ⓓ যৌথ মূলধনী

03. সবচেয়ে জনপ্রিয় এবং সহজ ও সরল প্রকৃতির সংগঠন কোনটি?
Ⓐ সমবায় Ⓑ একমালিকানা
Ⓒ যৌথ মূলধনী Ⓓ অংশীদারি

04. পৃথিবীতে কোন ধরনের ব্যবসায় সংগঠনের সংখ্যা সর্বাধিক?
Ⓐ একমালিকানা Ⓑ অংশীদারি
Ⓒ প্রাইভেট লি. কোম্পানি Ⓓ পাবলিক লি. কোম্পানি

05. মালিকানার ভিত্তিতে সবচেয়ে প্রাচীন ধরনের ব্যবসায় সংগঠন কোনটি?
Ⓐ একমালিকানা Ⓑ অংশীদারি
Ⓒ বিনিময় Ⓓ সমবায়

06. একমালিকানা ব্যবসায়ের মূলধনের যোগানদাতা কে?
Ⓐ ব্যাংক Ⓑ অংশীদার
Ⓒ মালিক Ⓓ বেসরকারি সংস্থা

07. একমালিকানার ব্যবসায়ের বৈশিষ্ট্য কোনটি?
Ⓐ যৌথ ব্যবস্থাপনা Ⓑ স্বল্প পুঁজি
Ⓒ সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রিতা Ⓓ আইনগত বাধ্যবাধকতা

08. একমালিকানা ব্যবসায় গঠনে কোথা থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হয়?
Ⓐ বণিক সভা Ⓑ পৌরসভা
Ⓒ জেলা পরিষদ Ⓓ উপজেলা পরিষদ

09. একমালিকানা ব্যবসায়ে মালিকের দায় কিরূপ?
Ⓐ সসীম Ⓑ অসীম
Ⓒ নির্দিষ্ট Ⓓ মাঝামাঝি

10. একজন স্বাধীনচেতা ব্যক্তির নিকট কোন ধরনের ব্যবসায় সর্বোত্তম?
Ⓐ একমালিকানা Ⓑ সমবায়
Ⓒ প্রাইভেট লি: Ⓓ খুচরা

11. একমালিকানা ব্যবসায়ের সাথে অংশীদারি ব্যবসায়ের সাদৃশ্য কোন ক্ষেত্রে পরিলক্ষিত হয়?
Ⓐ অসীম দায় Ⓑ মুনাফা বন্টন
Ⓒ সীমিত মূলধন Ⓓ কৃত্রিম সত্ত্বাহীনতা

12. নিচের কোনটি একমালিকানা ব্যবসায়ের সুবিধা?
Ⓐ সম্মিলিত সিদ্ধান্ত Ⓑ চিরন্তন অস্তিত্ব
Ⓒ সীমিত দায় Ⓓ দ্রুত সিদ্ধান্ত গ্রহণ

13. কোন ব্যবসায়ে মালিকানা ও ব্যবস্থাপনা অবিচ্ছেদ্য?
Ⓐ প্রাইভেট লি. কোম্পানি Ⓑ পাবলিক লি. কোম্পানি
Ⓒ একমালিকানা Ⓓ সমবায় সমিতি

14. নিচের কোন ব্যবসায়ের ক্ষেত্রে একমালিকানা ব্যবসায় উত্তম?
Ⓐ হাউজিং Ⓑ নির্মাণ
Ⓒ হাসপাতাল Ⓓ রেষ্টুরেন্ট

15. নিচের কোন ব্যবসায়ের ক্ষেত্রে নিবন্ধন আবশ্যক নয়?
Ⓐ কোম্পানি Ⓑ সমবায়
Ⓒ একমালিকানা Ⓓ যৌথ উদ্যোগ

16. ব্যবসায়ের শুরুতে শহর বা পৌরসভার অধীন একমালিকানা ব্যবসায়কে কী সংগ্রহ করতে হয়?
Ⓐ নিবন্ধনপত্র Ⓑ কার্যারম্ভের অনুমতিপত্র
Ⓒ ট্রেড লাইসেন্স Ⓓ প্রত্যয়ন পত্র

17. নিচের কোনটি একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য?
Ⓐ আইন সৃষ্ট প্রতিষ্ঠান Ⓑ ঝুঁকি বণ্টন
Ⓒ মালিকের স্বাধীনতা Ⓓ সসীম দায়

18. কোন ব্যবসায়ের ক্ষেত্রে বিশেষ কোনো আইন প্রযোজ্য হয় না?
Ⓐ একমালিকানা Ⓑ অংশীদারি
Ⓒ কোম্পানি Ⓓ সমবায় সমিতি

19. নিচের কোনটি একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য বহির্ভূত?
Ⓐ সহজ সংগঠন Ⓑ একক মালিকানা
Ⓒ সীমিত আয়তন Ⓓ পৃথক স্বাধীন সত্তা

20. একমালিকানা ব্যবসায়ের মালিকের ব্যক্তিগত সুবিধা কোনটি?
Ⓐ স্বাধীনতা Ⓑ সহজ গঠন
Ⓒ স্বল্প মূলধন Ⓓ গোপনীয়তা

## Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | A | 02. | B | 03. | B | 04. | A | 05. | A |
| 06. | C | 07 | B | 08. | B | 09. | B | 10. | A |
| 11. | A | 12. | D | 13. | C | 14. | D | 15. | C |
| 16. | C | 17. | C | 18. | A | 19. | D | 20. | A |



CamScanner

অধ্যায় ০৪

# অংশীদারি ব্যবসায়

প্রথম পত্র

ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

**অংশীদারি ব্যবসায়:**

- বাংলাদেশে প্রচলিত ১৯৩২ সালের অংশীদারি আইনের ৪ ধারায় বলা হয়েছে, "সকলের দ্বারা বা সকলের পক্ষে একজনের দ্বারা পরিচালিত ব্যবসায়ের মুনাফা নিজেদের মধ্যে বণ্টনের নিমিত্তে চুক্তিবদ্ধ ব্যক্তিবর্গের মধ্যে যে সম্পর্কের সৃষ্টি হয় তাকে অংশীদারি বলে।"
- যারা এরূপ সম্পর্ক সৃষ্টি করে তাদের প্রত্যেককে অংশীদার এবং সম্মিলিতভাবে তাদের ব্যবসায়কে অংশীদারি ব্যবসায় বলে।
- অংশীদারি সংগঠন দুই বা ততোধিক ব্যক্তির চুক্তিবদ্ধ সম্পর্ক হতে সৃষ্টি হয়।
- ব্যক্তিবর্গের সম্পর্ক মৌখিক, লিখিত বা লিখিত ও নিবন্ধিত চুক্তি দ্বারা গঠিত হতে পারে।
- ব্যক্তিবর্গের দায় থাকে অসীম।
- অংশীদারগণ মুনাফা অর্জন ও বণ্টনের লক্ষ্যে একত্রিত হয়।

**অংশীদারি ব্যবসায়ের অপরিহার্য উপাদানসমূহ:**

১. একাধিক সদস্য → কমপক্ষে ২ জন, সর্বোচ্চ ২০ জন (ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে সর্বোচ্চ ১০ জন)।
২. চুক্তিবদ্ধ সম্পর্ক → চুক্তি অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি।
৩. আইনসম্মত ব্যবসায়ের অস্তিত্ব → নিবন্ধন বাধ্যতামূলক না হলেও আইন দ্বারা এ ব্যবসায় নিয়ন্ত্রিত হয়।
৪. আইনের নিয়ন্ত্রণ → অংশীদারি ব্যবসায়ের সাথে সম্পৃক্ত অংশীদারি আইন ১৯৩২ সালের।
৫. মুনাফা বণ্টন → চুক্তি অনুযায়ী মুনাফা বণ্টন করা হয়।
৬. পারস্পরিক প্রতিনিধিত্ব → এ ব্যবসায়ে একজন অন্যজনের প্রতিনিধি হিসেবে কাজ করে।
৭. পারস্পরিক আস্থা ও বিশ্বাস → প্রত্যেক অংশীদার একে অন্যকে বিশ্বাস করবে।

**অংশীদারি চুক্তিপত্র:**

- অংশীদারি ব্যবসায় গঠনের লক্ষ্যে অংশীদারগণ পারস্পরিক সম্মতিক্রমে ব্যবসায় সংক্রান্ত বিভিন্ন বিষয় নির্দিষ্ট পূর্বক যে দলিলে তা লিপিবদ্ধ করে তাকেই অংশীদারি চুক্তিপত্র বলে।
- অংশীদারি চুক্তিপত্র অংশীদারগণের মধ্যকার চুক্তির লিখিত রূপ।
- চুক্তিপত্রে অংশীদারগণ বিভিন্ন শর্ত নির্দিষ্ট করে থাকে।
- চুক্তিপত্র ভবিষ্যৎ প্রামাণ্য দলিল হিসেবে ব্যবহৃত হয়।
- দৈনন্দিন দিক নির্দেশনা হিসেবে অংশীদারগণ এটি অনুসরণ করে।
- অংশীদারি চুক্তি হতে পারে- ৩ ভাবে। যথা: মৌখিক, লিখিত এবং লিখিত ও নিবন্ধিত।

**অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন:**

- সাধারণভাবে অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে নিবন্ধকের অফিসে প্রতিষ্ঠানের নাম তালিকাভুক্ত করাকে বুঝায়।
- বাংলাদেশে অংশীদারি আইনের ৫৮ ধারা মোতাবেক অংশীদারি চুক্তিপত্রের গুরুত্বপূর্ণ বিষয়াদির উল্লেখ করা হয়ে থাকে। তাই প্রকৃতপক্ষে নিবন্ধন বলতে অংশীদারি চুক্তিপত্রের নিবন্ধনকে বুঝায়।

i. যে সকল অসুবিধার সম্মুখীন হয়:
- ৩য় পক্ষের বিরুদ্ধে ১০০ টাকার বেশি পাওনা আদায়ের জন্য আদালতে মামলা করতে পারে না।
- উক্ত প্রতিষ্ঠান বা এর অংশীদার ৩য় পক্ষের বিরুদ্ধে চুক্তিভিত্তিক অধিকার আদায়ের জন্য মামলা করতে পারে না; তবে ৩য় পক্ষ ব্যবসায়ের নামে বা অংশীদারের নামে মামলা করতে পারে।
- উক্ত অংশীদারি ব্যবসায়ের কোন অংশীদারের স্বার্থ ক্ষুণ্ণ হলে উক্ত অংশীদার প্রতিষ্ঠান বা সহঅংশীদারদের বিরুদ্ধে মামলা করতে পারে না।
- উক্ত প্রতিষ্ঠানের অংশীদারগণ একে অন্যের বিরুদ্ধে চুক্তির শর্ত মেনে চলার জন্য মামলা করতে পারে না।
- ৩য় পক্ষ প্রতিষ্ঠান বা অংশীদারদের বিরুদ্ধে মামলা করলে উক্ত প্রতিষ্ঠান বা তার অংশীদার ৩য় পক্ষের বিরুদ্ধে দাবী আদায়ের জন্য মামলা করতে পারে না।

ii. যে সকল অধিকার বহাল থাকে:
- ১০০ টাকা পর্যন্ত দাবির জন্য তৃতীয় পক্ষের বিরুদ্ধে মামলা করা যায়।
- কোন অংশীদার বিশ্বাস ভঙ্গমূলক আচরণ করলে অন্যান্য অংশীদার তার বিরুদ্ধে মামলা করতে পারে।
- অংশীদারগণ প্রতিষ্ঠানের বিলোপসাধন ও বিলুপ্ত ব্যবসায়ের হিসাব সংক্রান্ত বিষয়ে মামলা দায়ের করতে পারে।
- বিলুপ্ত ব্যবসায় হতে নিজ অংশ বা পাওনা দাবি করে মোকদ্দমা দায়ের করার অধিকার সকল অংশীদারের থাকে।
- প্রতিষ্ঠান ভঙ্গের পর প্রতিষ্ঠানের সম্পত্তি উদ্ধারের জন্য অংশীদারগণ আদালতে মোকদ্দমা দায়ের করতে পারে।
- কোনো অংশীদার দেউলিয়া হলে অংশীদারগণ তার সম্পত্তি উদ্ধার ও তা হতে পাওনা উসুল করতে পারবে।

08. একটি অংশীদারি ব্যাংকিং প্রতিষ্ঠানে সর্বোচ্চ সদস্য সংখ্যা- [NU-Business: 2006-07]
A. ৭ জন B. ১০ জন
C. ১৫ জন D. ২০ জন

09. অংশীদারি কারবারের মূল ভিত্তি- [NU-Business: 2006-07]
A. চূড়ান্ত সদ্বিশ্বাস B. একাধিক অংশীদার
C. যৌথ সিদ্ধান্ত গ্রহণ D. চুক্তি (D)

10. "চূড়ান্ত সদ্বিশ্বাস" কথাটি কোন ব্যবসায়ের ক্ষেত্রে সর্বাধিক প্রযোজ্য? [NU-Business: 2005-06]
A. সমবায় সমিতি B. অংশীদারি কারবার
C. যৌথ-মূলধনি কোম্পানি D. একমালিকানা কারবার (B)

11. অংশীদার হিসেবে নাবালকের দায় হচ্ছে- [NU-Business: 2005-06]
A. সীমাবদ্ধ B. অসীম
C. ক্ষেত্র বিশেষে সীমাবদ্ধ D. উপরের কোনটিই নয় (C)

12. ব্যাংকিং ব্যবসায়ের ক্ষেত্রে অংশীদারি কারবারের সদস্য সংখ্যা হতে পারে- [NU-Business: 2003-04]
A. ১০ জন B. ১৫ জন
C. ২০ জন D. ২৫ জন (C)

13. কোন সনের আইন দ্বারা বাংলাদেশে অংশীদারি কারবার পরিচালিত হয়? [NU-Business: 2003-04]
A. ১৯৭১ B. ১৯৩৫
C. ১৯৩২ D. ১৯১৩ (D)

14. অংশীদারি দলিল না থাকলে অংশীদারগণ তাদের অর্পিত ধনের অংশের উপর শতকরা কত হারে সুদ পাবেন? [NU-Business: 2001-02]
A. ৭% B. ৮%
C. ৯% D. কোনটিই নয় (D)
নোট: ৬% হারে সুদ পাবে।

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. ব্যাংকিং ও অ-ব্যাংকিং ব্যবসায়ের ক্ষেত্রে সর্বোচ্চ অংশীদারের সংখ্যা হচ্ছে যথাক্রমে ---- ও ----।
A. ১০, ১৫ B. ১৫, ২০
C. ১০, ২০ D. ২০, ৩০ (C)

02. অংশীদারি ব্যবসায় পরিচালনায় দিক-নির্দেশক হিসেবে কাজ করে কোনটি?
A. পারস্পরিক বিশ্বাস B. চুক্তিপত্র
C. সদস্যদের যোগ্যতা D. সুসম্পর্ক (B)

03. অংশীদারি ব্যবসায়ে কারা অংশীদার হতে পারে না?
A. নাবালক B. পাগল
C. সরকারী চাকুরিরত ব্যক্তি D. সবগুলোই সঠিক (D)

04. অংশীদারি কারবারের নিবন্ধন-
A. বাধ্যতামূলক B. ঐচ্ছিক
C. অনিবার্য D. আবশ্যক (B)

05. অংশীদারি ব্যবসায় প্রসঙ্গে কোন বক্তব্যটি সঠিক নয়?
A. অংশীদারি চুক্তি অবশ্যই লিখিত হতে হবে
B. অংশীদারি কার্যের নিবন্ধন বাধ্যতামূলক নয়
C. অংশীদারি কার্যের দেনার জন্য প্রত্যেক অংশীদার এককভাবে ও যৌথভাবে দায়ী থাকেন
D. একজন অংশীদার তার মালিকানার শেয়ার তৃতীয় কোনো পক্ষের নিকট হস্তান্তর করতে পারে না (A)

06. অংশীদারি কারবারের মুনাফা বণ্টন করতে হয়-
A. মূলধন অনুপাতে B. চুক্তি অনুযায়ী
D. সমান হারে D. কোনটিই নয় (B)

07. [illegible]
A. [illegible] B. [illegible]
C. [illegible] D. [illegible]

08. [illegible]
A. [illegible] B. [illegible]
C. [illegible] D. [illegible]

09. [illegible]
A. [illegible] B. [illegible]
C. [illegible] D. [illegible]

10. [illegible]
A. [illegible]
B. [illegible]
C. [illegible]
D. [illegible]

11. [illegible]
A. [illegible] B. [illegible]
C. [illegible] D. [illegible]

12. [illegible]
A. [illegible]
B. [illegible]
C. [illegible]
D. [illegible]

13. [illegible]
A. [illegible]
B. [illegible]
C. [illegible]
D. কোনটিই নয়

14. বাংলাদেশে অংশীদারি ব্যবসায় নিয়ন্ত্রিত হয়-
A. ১৯১৩ সালের অংশীদারি আইন দ্বারা
B. ১৯৩২ সালের অংশীদারি আইন দ্বারা
C. ১৯৯৪ সালের অংশীদারি আইন দ্বারা
D. কোনটিই নয়

15. [illegible]
A. আপাতঃদৃষ্টিতে অংশীদার B. [illegible] অংশীদার
C. [illegible] অংশীদার D. নামমাত্র অংশীদার

16. কোন অংশীদার অংশীদারি কার্যে মূলধন বিনিয়োগ করেন কিন্তু এর ব্যবসায় পরিচালনায় ও ব্যবস্থাপনায় সক্রিয় অংশগ্রহণ করেন না?
A. নিষ্ক্রিয় অংশীদার B. নামমাত্র অংশীদার
C. আপাতঃদৃষ্টিতে অংশীদার D. সক্রিয় অংশীদার

17. অংশীদার হিসেবে নাবালকের দায় হচ্ছে-
A. ক্ষেত্র বিশেষে অসীম B. অসীম
C. সীমাবদ্ধ D. ক্ষেত্র বিশেষে সীমাবদ্ধ



CS CamScanner

18. অংশীদারি ব্যবসায়ে একজন "আপাতঃদৃষ্টিতে অংশীদার"-
A. ব্যবসায় পরিচালনায় সক্রিয়ভাবে জড়িত থাকে
B. ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করে না
C. অংশীদারদের পক্ষ থেকে চুক্তিতে আবদ্ধ হতে পারে
D. উপরের কোনটিই প্রযোজ্য নয়
Ⓑ

19. অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে কতধারা অনুযায়ী আদালত কর্তৃক বিলোপ সাধনের বিধান রয়েছে?
A. ৪০ B. ৪১
C. ৪২ D. ৪৪
Ⓓ

20. নাবালক অংশীদার সম্পর্কিত নিয়মকানুন ১৯৩২ সালের অংশীদারি আইনের যে ধারায় বর্ণিত আছে, তা হলো:
A. 10 B. 15
C. 18 D. 30
Ⓓ

## PRIME TEST

01. বাংলাদেশের প্রচলিত ১৯৩২ সালের ভারতীয় অংশীদারি আইনের কত ধারা অনুসারে অংশীদারি ব্যবসায় পরিচালিত হয়?
Ⓐ ২ ধারা Ⓑ ৩ ধারা
Ⓒ ৪ ধারা Ⓓ ৫ ধারা

02. অংশীদারি ব্যবসায়ের বিলোপ সাধন কয়টি উপায়ে করা যায়?
Ⓐ ২টি Ⓑ ৩টি
Ⓒ ৪টি Ⓓ ৫টি

03. ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?
Ⓐ ২ Ⓑ ৭
Ⓒ ১০ Ⓓ ২০

04. সাধারণ অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত জন?
Ⓐ ৭ Ⓑ ১০
Ⓒ ২০ Ⓓ ৫০

05. চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ে মুনাফা কিভাবে বণ্টিত হয়?
Ⓐ আলোচনার ভিত্তিতে Ⓑ সমহারে
Ⓒ শ্রম বিবেচনায় Ⓓ মূলধন অনুপাতে

06. অংশীদারি ব্যবসায়ের বাধ্যতামূলক বিলোপ সাধন ঘটে কিভাবে?
Ⓐ একজন ছাড়া সব অংশীদার দেউলিয়া হলে
Ⓑ কোন অংশীদার পাগল হলে
Ⓒ কোন অংশীদার মারা গেলে
Ⓓ কোন অংশীদার শারীরিকভাবে অসামর্থ্য হলে

07. অংশীদারের দায় সীমাবদ্ধ এমন অংশীদারকে কি বলা হয়?
Ⓐ নামমাত্র অংশীদার Ⓑ সীমিত অংশীদার
Ⓒ ঘুমন্ত অংশীদার Ⓓ আচরণে অনুমিত অংশীদার

08. যে অংশীদার ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করে না তাকে কি বলে?
Ⓐ নামেমাত্র অংশীদার Ⓑ সাধারণ অংশীদার
Ⓒ ঘুমন্ত অংশীদার Ⓓ আচরণে অনুমিত অংশীদার

09. কোন প্রকার অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বাধ্যতামূলক?
Ⓐ সাধারণ অংশীদারি ব্যবসায় Ⓑ ঐচ্ছিক অংশীদারি ব্যবসায়
Ⓒ বিশেষ অংশীদারি ব্যবসায় Ⓓ সীমিত অংশীদারি ব্যবসায়

10. নাবালক অংশীদারকে সাবালক হবার কত দিনের মধ্যে চুক্তিপত্র স্বাক্ষর করতে হয়?
Ⓐ ৮০ দিন Ⓑ ৯০ দিন
Ⓒ ১২০ দিন Ⓓ ১৮০ দিন

11. কোন অংশীদারি ব্যবসায়ের কমপক্ষে একজনের দায় সীমিত এবং কমপক্ষে একজনের দায় অসীম থাকবে?
Ⓐ সাধারণ Ⓑ বিশেষ
Ⓒ সীমিত Ⓓ নির্দিষ্ট

12. অংশীদারগণ নিজেদের সুবিধার্থে তৃতীয় কোনো ব্যক্তিকে অংশীদার বলে প্রচার করলে তাকে কোন ধরনের অংশীদার বলে?
Ⓐ প্রতিবন্ধ Ⓑ নামমাত্র
Ⓒ সীমিত Ⓓ সীমাবদ্ধ

13. মূলধন সরবরাহ না করেও কোনো ব্যক্তি অংশীদারি ব্যবসায়ের সদস্য হতে হলে কিসের প্রয়োজন হবে?
Ⓐ অভিজ্ঞতার Ⓑ দক্ষতার
Ⓒ অংশীদারদের সম্মতির Ⓓ সুনামের

14. কোনটি অংশীদারি ব্যবসায়ের বৈশিষ্ট্য বহির্ভূত?
Ⓐ চূড়ান্ত সদ্বিশ্বাস Ⓑ বিভিন্ন যোগ্যতার সমাবেশ
Ⓒ অনিশ্চিত স্থায়িত্ব Ⓓ চুক্তিবদ্ধ সম্পর্ক

15. 'ঝুঁকি বন্টন' অংশীদারি ব্যবসায়ের কি?
Ⓐ বিষয়বস্তু Ⓑ বৈশিষ্ট্য
Ⓒ সুবিধা Ⓓ অসুবিধা

16. চুক্তিপত্র সকল অংশীদার দ্বারা কি হতে হয়?
Ⓐ গ্রহণযোগ্য Ⓑ স্বাক্ষরিত
Ⓒ পঠিত Ⓓ লিখিত

17. অংশীদারি ব্যবসায়ের অংশীদার হওয়ার যোগ্য কে?
Ⓐ সরকারি কর্মকর্তা Ⓑ রাষ্ট্রপতি
Ⓒ গৃহিণী Ⓓ নাবালক

18. সামাদ, রুবেল ও জসিম মিলে একটি অংশীদারি ব্যবসায় গঠন করে। জসিম কোনো মূলধন বিনিয়োগ না করে শুধু শ্রম দেয়। এখানে জসিম কোন ধরনের অংশীদার?
Ⓐ সক্রিয় Ⓑ কর্মী
Ⓒ প্রতিবন্ধ Ⓓ নামমাত্র

19. কোন অংশীদারি ব্যবসায়ের কমপক্ষে একজনের দায় সীমিত অথবা কমপক্ষে একজনের দায় অসীম থাকবে?
Ⓐ সাধারণ Ⓑ বিশেষ
Ⓒ সীমিত Ⓓ নির্দিষ্ট

20. পৌর এলাকায় ব্যবসায় করলে কার নিকট থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হয়?
Ⓐ জেলা প্রশাসক Ⓑ থানা নির্বাহী অফিস
Ⓒ পৌর কাউন্সিল Ⓓ সংশ্লিষ্ট পৌর কর্তৃপক্ষ

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | C | 02. | D | 03. | C | 04. | C | 05. | B |
| 06. | A | 07 | B | 08. | C | 09. | D | 10. | D |
| 11. | C | 12. | A | 13. | C | 14. | B | 15. | C |
| 16. | B | 17. | C | 18. | B | 19. | C | 20. | D |



CamScanner

অধ্যায় ০৫

# যৌথমূলধনী ব্যবসায়

প্রথম পত্র — ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক ১ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- কোম্পানি হলো আইনসৃষ্ট কৃত্রিম ব্যক্তিসত্ত্বার অধিকারী প্রতিষ্ঠান।
- কোম্পানি নিজস্ব নাম ও সীলমোহরের দ্বারা পরিচিত ও পরিচালিত হয়।
- কোম্পানি ব্যবসায়ের উদ্দেশ্য- মুনাফা অর্জন।
- কোম্পানি সংগঠনের দায় সীমিত।
- কোম্পানির মালিকানা থেকে ব্যবস্থাপনা আলাদা।
- বর্তমানে কোম্পানি আইন ১৯৯৪ সালের এবং ব্যাংকিং কোম্পানি আইন ১৯৯১ সালের।

■ **এক নজরে কোম্পানি আইনের ধারাবাহিকতা:**

বিশ্বের প্রথম কোম্পানি আইন পাশ হয়- ১৮৪৪ সালে → ভারতে প্রথম কোম্পানি আইন পাশ হয়- ১৯১৩ সালে → ভারতীয় কোম্পানি আইনকে বাংলাদেশ গ্রহণ করে- ১৯৭২ সালে → বাংলাদেশের নিজস্ব কোম্পানি আইন পাশ হয়- ১৯৯৪ সালে → ১৯৯৪ সালের কোম্পানি আইন কার্যকর হয়- ১ জানুয়ারী, ১৯৯৫ সালে

## কোম্পানি সংগঠনের বৈশিষ্ট্য

■ **আইনগত বৈশিষ্ট্য:**

১. **আইনসৃষ্ট (Law created concern):** কোম্পানি সংগঠন কোম্পানি আইন ১৯৯৪ এর অধীনে গঠিত ও নিবন্ধিত হয়।

২. **কৃত্রিম ব্যক্তিসত্ত্বা (Artificial personality):** ব্যক্তি না হয়েও ব্যক্তির মত কাজ করাকে কৃত্রিম ব্যক্তিসত্ত্বা বলে। কোম্পানি কোন ব্যক্তি না হয়েও নিজ নামে চুক্তি করতে পারে, লেনদেন করতে পারে এবং প্রয়োজনে মামলা করতে পারে।

৩. **চিরন্তন অস্তিত্ব (Perpetual succession):** শেয়ারহোল্ডারদের মৃত্যু, দেওলিয়াত্ব ইত্যাদি কারণে এ ব্যবসায়ের অস্তিত্ব বিপন্ন হয় না।

৪. **সদস্য সংখ্যা (Number of shareholders):** প্রাইভেট কোম্পানির সর্বনিম্ন সদস্য সংখ্যা ২ জন এবং সর্বোচ্চ সদস্য সংখ্যা ৫০ জন এবং পাবলিক কোম্পানির সর্বনিম্ন সদস্য সংখ্যা ৭ জন এবং সর্বোচ্চ সদস্য সংখ্যা শেয়ার দ্বারা সীমাবদ্ধ।

৫. **সাধারণ সীলমোহর (Common seal):** কোম্পানির প্রতিনিধির বৈধতা নির্ধারিত হয় সাধারণ সীলমোহর দ্বারা। কোম্পানির সকল কাগজপত্রে এরুপ সীল থাকা আবশ্যক।

৬. **শেয়ার মূলধন (Share capital):** কোম্পানির মূলধন ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত থাকে এবং এ ক্ষুদ্র ক্ষুদ্র অংশকে শেয়ার বলে। কোম্পানির মূলধন সংগৃহীত হয় শেয়ার বিক্রয়ের মাধ্যমে।

৭. **শেয়ারের হস্তান্তরযোগ্যতা (Transferability of share):** পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ার অবাধে হস্তান্তর করা যায় কিন্তু প্রাইভেট লিমিটেড কোম্পানির শেয়ার অবাধে হস্তান্তর করা যায় না।

৮. **বিধিবদ্ধ দায়িত্ব (Statutory responsibility):** কোম্পানির বিধিবদ্ধ দায়িত্বসমূহ হলো: বিভিন্ন সভা (বিধিবদ্ধ সভা, বার্ষিক সাধারণ সভা) আহ্বান করা, খাতাপত্র সংরক্ষণ, হিসাব তৈরী, হিসাব নিরীক্ষণ ইত্যাদি।

■ **সাধারণ বৈশিষ্ট্য:**

১. **স্বেচ্ছাপ্রণোদিত সংগঠন (Voluntary association):** কোম্পানির সদস্যগণ স্বেচ্ছায় সদস্যপদ গ্রহণ করে। এখানে মত প্রকাশের স্বাধীনতা থাকে।

২. **অধিক মূলধন (Much capital):** অন্যান্য ব্যবসায়ে সংগঠনের তুলনায় কোম্পানি সংগঠনের মূলধন অধিক থাকে।

৩. **স্বতন্ত্রধর্মী ব্যবস্থাপনা (Independent nature management):** কোম্পানি সংগঠন পরিচালনায় শেয়ার মালিকগণ কর্তৃক নির্বাচিত পরিচালনা পর্ষদ থাকে।

৪. **গণতন্ত্রের অনুসরণ (Following democratic norm):** কোম্পানি পরিচালনা ও সিদ্ধান্ত গ্রহণে গণতান্ত্রিক নীতিমালা অনুসরণ করা হয়।

৫. **কর প্রদান (Tax payment):** কোম্পানি সংগঠনকে কর দিতে হয় - ২ বার। প্রথমবার ব্যবসায়ের অর্জিত মুনাফার উপর ও দ্বিতীয়বার শেয়ারহোল্ডারদের প্রাপ্ত লভ্যাংশের উপর।

## কোম্পানির প্রবর্তক

- যৌথ মূলধনী কোম্পানি গঠনের জন্য প্রাথমিকভাবে যে বা যারা পরিকল্পনা এবং উদ্যোগ গ্রহণ করে তাকে বা তাদেরকে কোম্পানির প্রবর্তক বলে।
- সাধারণত যৌথ মূলধনী কোম্পানির প্রাথমিক শেয়ার মালিকগণই কোম্পানি প্রতিষ্ঠার উদ্যোক্তা বা প্রবর্তকের কাজ করে।
- প্রবর্তকদেরকে কোম্পানির জন্মদাতা বলা হয়।
- প্রবর্তকদেরকে ভাগ করা হয় তিনভাগে। যথা:

১. সাধারণ প্রবর্তক

২. সাময়িক প্রবর্তক

৩. পেশাদারি প্রবর্তক।



CamScanner

## কোম্পানির গঠন পদ্ধতি

- কোম্পানি গঠনের জন্য প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সর্বনিম্ন সদস্য ২ জন এবং পাবলিক লিমিটেড ক্ষেত্রে সর্বনিম্ন সদস্য ৭ জন।
- প্রাইভেট লিমিটেড কোম্পানি গঠনের ধাপ- ৩টি। যথা:
১. উদ্যোগ গ্রহণ পর্যায়,
২. দলিলপত্র প্রণয়ন পর্যায়
৩. নিবন্ধনপত্র সংগ্রহ পর্যায়।
- পাবলিক লিমিটেড কোম্পানি গঠনের ধাপ- ৪টি। যথা:
১. উদ্যোগ গ্রহণ পর্যায়
২. দলিলপত্র প্রণয়ন পর্যায়
৩. নিবন্ধনপত্র সংগ্রহ পর্যায়
৪. কার্যারম্ভ পর্যায়।
- নিবন্ধনপত্র পাওয়ার পরপরই কাজ শুরু কতে পারে প্রাইভেট লিমিটেড কোম্পানি।
- পাবলিক লিমিটেড কোম্পানিকে কাজ শুরু করার জন্য কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে হয়।

## ন্যূনতম মূলধন বা চাঁদা

- পাবলিক লিমিটেড কোম্পানির বিবরণপত্রে কোম্পানি গঠনের প্রাথমিক খরচ, চলতি মূলধন ও প্রাথমিক প্রয়োজনাদি পূরণের উদ্দেশ্যে যে নির্দিষ্ট ন্যূনতম পরিমাণ মূলধন সংগ্রহের প্রতিশ্রুতির উল্লেখ থাকে তাকে ন্যূনতম মূলধন বলে।
- বিবরণপত্র প্রচারের পর ১৮০ দিনের মধ্যে ন্যূনতম মূলধন সংগ্রহ করতে হয়।
- ন্যূনতম মূলধন হতে হয় নগদ অর্থে।

## বিবরণপত্র

- পাবলিক লিমিটেড কোম্পানি নিবন্ধিত হবার পর মূলধন সংগ্রহের উদ্দেশ্য নিয়ে জনগণকে কোম্পানির শেয়ার ক্রয়ের আমন্ত্রণ জানিয়ে যে প্রচারপত্র বা বিজ্ঞপ্তি প্রকাশ করে তাকে কোম্পানির বিবরণপত্র বলে।
- শুধুমাত্র পাবলিক লিমিটেড কোম্পানি বিবরণপত্র ইস্যু করতে পারে।
- বিবরণপত্র ইস্যুর পূর্বে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের (BSEC) অনুমতি নিতে হয়।
- পাবলিক লিমিটেড কোম্পানির প্রবর্তকগণ বিবরণপত্র প্রচার না করে নিজেরাই কোম্পানির মূলধন সংগ্রহ করতে পারে। সে ক্ষেত্রে বিবরণপত্রের সকল বিষয়বস্তু উলেল্লখ করে যে বিবৃতি নিবন্ধকের নিকট জমা দেওয়া হয় তাকে বিবরণপত্রের বিকল্প বিবৃতি বলে।

## নিবন্ধনপত্র

- যৌথমূলধনী কোম্পানির নিবন্ধক কোম্পানি নিবন্ধনের প্রমাণ দিয়ে যে সনদ প্রদান করে তাকে কোম্পানির নিবন্ধনপত্র বলে।
- কোন নতুন কোম্পানির অস্তিত্বের স্বীকৃতি স্বরূপ নিবন্ধক যে সনদপত্র প্রদান করে তাই নিবন্ধনপত্র।
- এই দলিলকে কোম্পানির জন্মসনদ (Birth certificate) বলা হয়।
- এটি পাওয়ার পর কোম্পানির আইনগত অস্তিত্বের সৃষ্টি হয়।

## স্মারকলিপি/সংঘস্মারক/পরিমেলবন্ধ

- এটি কোম্পানির মূল দলিল, সনদ বা সংবিধান।
- এতে কোম্পানির নাম, ঠিকানা, মূলধন ও ক্ষমতার সীমা উলেল্লখ থাকে।
- এর মাধ্যমে তৃতীয় পক্ষের সাথে কোম্পানির সম্পর্ক নির্ধারিত হয়।
- সংঘ স্মারকে উল্লিখিত উদ্দেশ্যের বাইরে কোম্পানি কোন কাজ করতে পারে না।
- স্মারকলিপির বিষয়বস্তু বা ধারাসমূহ হলো- ৬টি। যথা: ১. নাম ধারা, ২. অবস্থান ও ঠিকানা ধারা, ৩. উদ্দেশ্য ধারা, ৪. মূলধন ধারা, ৫. দায় ধারা, ৬. সম্মতি ধারা

## পরিমেল নিয়মাবলি/সংঘবিধি

- পরিমেল নিয়মাবলি বা সংঘবিধি হলো কোম্পানির দ্বিতীয় গুরুত্বপূর্ণ দলিল।
- পরিমেল নিয়মাবলি ব্যবসায় পরিচালনা সংক্রান্ত দলিল।
- পরিমেল নিয়মাবলিকে কোম্পানি পরিচালনার উপবিধি (Bye-Law) বলা হয়।
- এতে কোম্পানি পরিচালনার সকল নিয়ম অন্তর্ভুক্ত থাকে।
- এটি সংঘস্মারক প্রদত্ত ক্ষমতার মধ্যে থেকে নিয়ম নির্ধারণ করে।

## কোম্পানি সংগঠনের শ্রেণিবিভাগ

০১. **সনদপ্রাপ্ত কোম্পানি (Chartered Company):** কোম্পানি আইন চালু হওয়ার পূর্বে (১৮৪৪ সালের পূর্বে) ইংল্যান্ডের রাজার ফরমান বলে যে সমস্ত কোম্পানি গঠিত হয়েছিল সেগুলোকে সনদপ্রাপ্ত কোম্পানি বলা হয়। ১৮৪৪ সালে প্রথম কোম্পানি আইন চালু হওয়ার পর এ কোম্পানিগুলো পুনরায় কোম্পানি আইনের অধীনে নিবন্ধিত হয়। উদাহরণ: ইস্ট ইন্ডিয়া কোম্পানি, ব্যাংক অব ইংল্যান্ড।

০২. **সংবিধিবদ্ধ কোম্পানি (Statutory Company):** দেশের আইনসভা বা সংসদে বিল পাস করে অথবা রাষ্ট্র প্রধানের বিশেষ আইনের দ্বারা যে সমস্ত কোম্পানি বা প্রতিষ্ঠান গঠিত হয় তাদের সংবিধিবদ্ধ কোম্পানি বলে। উদাহরণ: ওয়াসা, বিআরটিসি।



CamScanner

০৩. নিবন্ধিত কোম্পানি (Registered Company): দেশের প্রচলিত কোম্পানি আইনের আওতায় যে সমস্ত কোম্পানি গঠিত হয় তাদের নিবন্ধিত কোম্পানি বলে। এ কোম্পানি দুই প্রকার। যথা:

(a) অসীম দায়সম্পন্ন কোম্পানি (Unlimited Company): যে নিবন্ধিত কোম্পানির শেয়ারহোল্ডারদের বিনিয়োগকৃত মূলধনের বাইরেও ব্যক্তিগত দায় জন্মে তাকে অসীম দায়সম্পন্ন কোম্পানি বলে। এরূপ কোম্পানি বাংলাদেশে দেখা যায় না।

(b) সসীম দায় সম্পন্ন কোম্পানি (Limited Company): যে কোম্পানির শেয়ারহোল্ডারদের দায় সীমাবদ্ধ থাকে তাকে সসীম দায় সম্পন্ন কোম্পানি বলে। এ কোম্পানি দুই ধরনের হতে পারে। যথা:

(i) প্রতিশ্রুতি মূল্য দ্বারা সসীম দায় সম্পন্ন কোম্পানি (Company Limited By Guarantee): যে সসীম দায় কোম্পানিতে শেয়ারমালিকগণ নিজ নিজ ক্রীত শেয়ারের মূল্য ছাড়াও কোম্পানির বিলুপ্তি ঘটলে নির্দিষ্ট পরিমাণ দায় বহনের প্রতিশ্রুতি প্রদান করে তাকে প্রতিশ্রুতি মূল্য দ্বারা সসীম দায় সম্পন্ন কোম্পানি বলে। অতীতে সমাজ কল্যাণমূলক কাজে নিয়োজিত থাকার জন্য এ কোম্পানি গঠন করা হতো। বর্তমানে নেই।

(ii) শেয়ার মূল্য দ্বারা দায় সীমাবদ্ধ কোম্পানি (Company Limited By Share): যে কোম্পানির শেয়ারহোল্ডারদের দায় তাদের ক্রয়কৃত শেয়ারের আঙ্কিক মূল্য দ্বারা সীমাবদ্ধ থাকে তাকে শেয়ার মূল্য দ্বারা দায় সীমাবদ্ধ কোম্পানি বলে। এ কোম্পানি দুই প্রকার। যথা-

A. প্রাইভেট লিঃ কোম্পানি (Private Ltd. Company) ঃ ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(১-ট) ধারায় বলা হয়েছে, "প্রাইভেট লিঃ কোম্পানি বলতে এমন কোম্পানিকে বোঝাবে যা এর নিয়মাবলি অনুসারে এর সদস্য সংখ্যা ৫০ জনে সীমাবদ্ধ রাখে, সদস্যদের শেয়ার হস্তান্তরের অধিকারে সীমাবদ্ধতা আরোপ করে এবং শেয়ার ও ঋণপত্র ক্রয়ের জন্য জনসাধারণের প্রতি আহ্বান নিষিদ্ধ করে"। সদস্য সংখ্যা সর্বনিম্ন ২ জন, সর্বোচ্চ ৫০ জন।

B. পাবলিক লিঃ কোম্পানি (Public Ltd.Company) ঃ ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(১-ঞ) ধারায় বলা হয়েছে, "পাবলিক কোম্পানি" বলতে এ আইন বা এ আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে বলবৎ কোন আইনের অধীনে নিবন্ধিত (registered) এমন কোন কোম্পানিকে বোঝাবে যা প্রাইভেট কোম্পানি নয়"। সদস্য সংখ্যা সর্বনিম্ন ৭ জন, সর্বোচ্চ স্মারকলিপিতে বর্ণিত শেয়ারের পরিমাণ দ্বারা সীমাবদ্ধ।

(ক) সরকারি কোম্পানি (Government Company): যে সসীম দায়সম্পন্ন কোম্পানির সকল শেয়ার বা কমপক্ষে ৫১ ভাগ শেয়ার সরকারি মালিকানায় থাকে তাকে সরকারি কোম্পানি বলে। এরূপ কোম্পানি পরিচালনা ও নিয়ন্ত্রণের দায়িত্ব মূলত সরকারের হাতে থাকে। দেশের প্রচলিত কোম্পানি আইন অনুযায়ী এটা পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়।

(খ) বেসরকারি কোম্পানি (Non Govt. Company) ঃ যে সসীম দায়বিশিষ্ট কোম্পানির সকল বা অধিকাংশ শেয়ার বেসরকারি মালিকানায় থাকে তাকে বেসরকারি কোম্পানি বলে। এর পরিচালনা ও নিয়ন্ত্রণের দায়িত্ব সাধারণ শেয়ারহোল্ডারদের উপর ন্যস্ত থাকে।

(গ) হোল্ডিং কোম্পানি (Holding Company) ঃ যদি কোন কোম্পানি অন্য কোন কোম্পানির ৫০ ভাগ এর বেশি শেয়ারের মালিক হয় বা মোট ভোটদান ক্ষমতার ৫০ ভাগ এর অতিরিক্ত ভোটদান ক্ষমতা ভোগ করে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অধিকাংশ পরিচালক নিয়োগ করার ক্ষমতার অধিকারী হয় তবে ঐ কোম্পানিকে নিয়ন্ত্রণকারী বা হোল্ডিং কোম্পানি বলে।

(ঘ) সাবসিডিয়ারি কোম্পানি (Subsidiary Company) ঃ কোম্পানি আইনের ২(২) ধারায় বলা হয়েছে যে, কোন কোম্পানির ৫০ ভাগ এর বেশি শেয়ার বা ভোটদান ক্ষমতা অন্য কোন কোম্পানির অধীনে থাকলে বা সংখ্যাগরিষ্ঠ পরিচালক নিয়োগের প্রত্যক্ষ বা পরোক্ষ ক্ষমতা অন্য কোন কোম্পানির অধীনে থাকলে তাকে সাবসিডিয়ারি বা অধীনস্থ কোম্পানি বলে।

০৪. অনিবন্ধিত কোম্পানি (Unregistered Company): কোম্পানি আইনের ৩৭১ ধারা অনুযায়ী অনিবন্ধিত কোম্পানি হলো ৭ সদস্যের অধিক সদস্য নিয়ে গঠিত কোন অংশীদারি ব্যবসায় বা সমিতি যা কোম্পানি আইনের আওতায় নিবন্ধিত নয়। কোম্পানি বিলোপসাধনকালে সীমিত পর্যায়ে এটা কোম্পানি হিসেবে গণ্য হয়। বাংলাদেশে অস্তিত্ব নেই।

০৫. অন্যান্য কোম্পানি (Others Company)

(ক) বিদ্যমান কোম্পানি (Existing Company) : ১৯৯৪ সালের কোম্পানি আইন প্রচলিত হবার পূর্বে বিদ্যমান কোম্পানি আইনের আওতায় কোন কোম্পানি গঠিত, নিবন্ধিত ও বর্তমানে চালু থাকলে তাকে বিদ্যমান কোম্পানি বলে। উদাহরণ: কোহিনুর কেমিক্যালস লিমিটেড।

(খ) বিদেশি কোম্পানি (Foreign Company) : দেশের বাইরে গঠিত ও নিবন্ধিত কোন কোম্পানি পরবর্তীতে কোম্পানি আইনের ৩৭৮ ধারা অনুযায়ী দেশের মধ্যে কার্যপরিচালনার জন্য পুনরায় নিবন্ধিত হলে তাকে বিদেশি কোম্পানি বলে। উদাহরণ: ALICO Ltd.

(গ) অব্যবসায়ী বা লাভবিহীন কোম্পানি (Non Trading Or Non Profit Company): ভারতীয় কোং আইনের ২৫ ধারা মতে ভারতে কেন্দ্রীয় সরকার কর্তৃক নিবন্ধিত লাভবিহীন এক ধরনের পাবলিক কোম্পানি দেখা যায়। দায় সীমাবদ্ধ হলেও নামের শেষে লিমিটেড বা প্রাইভেট লিঃ ব্যবহার করা হয় না। এই ধরনের কোম্পানি নিবন্ধনের জন্য কোন স্ট্যাম্প ফি দিতে হয় না। মুনাফা উদ্দেশ্য অর্জনের কাজে ব্যয় করা হয়। ব্যবসা - বাণিজ্য, ধর্ম, শিক্ষা, দাতব্য প্রতিষ্ঠান তথা সামাজিক কার্যক্রম পরিচালনা ও সম্প্রসারণের লক্ষ্যে এ ধরনের কোম্পানি গঠিত হয়।

(ঘ) বিশেষ কোম্পানি (Special Company) : যে সকল কোম্পানি দেশের প্রচলিত কোম্পানি আইনের আওতায় নিবন্ধিত হলে ও অন্য কোন বিশেষ আইন দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় তাকে বিশেষ কোম্পানি বলে।

## কোম্পানি ব্যবস্থাপনা

০১. শেয়ার মালিকগণ (Shareholders) ঃ কোম্পানির প্রকৃত মালিক হিসেবে শেয়ার মালিকগণ কোম্পানির যাবতীয় ঝুঁকি গ্রহণ করে এবং মূলধনের যোগান দেয়। কিন্তু ব্যবস্থাপনা হতে মালিকানা পৃথক হওয়ায় প্রত্যক্ষভাবে তারা কোম্পানির ব্যবস্থাপনায় অংশ গ্রহণ করতে পারে না। তাই এদের মধ্য হতে ভোটের মাধ্যমে একদল লোক নির্বাচন করে তাদের হাতে কোম্পানি পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়।

০২. পরিচালক (Director): সাধারণভাবে কোম্পানির যে শেয়ার মালিক কোম্পানি পরিচালনা ও ব্যবস্থাপনায় অংশ গ্রহণ করে তাকে কোম্পানির পরিচালক বলা হয়। প্রকৃতপক্ষে কোম্পানির সাধারণ সদস্যদের ভোটে নির্বাচিত ব্যক্তিকে পরিচালক বলে। অর্থাৎ তিনি সদস্যদের পক্ষে কোম্পানির ব্যবস্থাপনায় অংশ গ্রহণ করে থাকে।

০৩. পরিচালক পর্ষদ (Board of Directors)ঃ কোম্পানির সাধারণ সভায় শেয়ার মালিকগণ কর্তৃক নির্বাচিত ব্যক্তিগণের প্রত্যেককে ব্যক্তিগতভাবে পরিচালক এবং সমষ্টিগতভাবে পরিচালক পর্ষদ বলে। পরিচালক পর্ষদের উপর সামগ্রিকভাবে কোম্পানি ব্যবস্থাপনার দায়িত্ব ন্যস্ত থাকে।



CS CamScanner

**ব্যবস্থাপনা পরিচালক (Managing Director) :** পরিচালকগণ সবসময় কোম্পানির কাজকর্ম দেখাশুনা করতে পারে না। তাই তারা নিজেদের মধ্য হতে একজনকে সার্বক্ষণিকভাবে কাজ করার জন্যে নিযুক্ত করেন, যাকে ব্যবস্থাপনা পরিচালক বলা হয়। ব্যবস্থাপনা পরিচালক সভার সিদ্ধান্তক্রমে অথবা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়ে এবং সংঘবিধি এবং পরিমেল নিয়মাবলিতে দস্তখত দিয়েও নিযুক্ত হতে পারে।

**মহাব্যবস্থাপক (General Manager) :** পরিচালনা পর্ষদ কোম্পানির সুষ্ঠু ব্যবস্থাপনার জন্যে অনেক সময় বাহির হতে দক্ষ ও অভিজ্ঞ কর্মচারী নিয়োগ করে প্রতিষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব তার হাতে অর্পণ করে, যাকে মহাব্যবস্থাপক বলা হয়।

**ব্যবস্থাপনা প্রতিনিধি (Managing Agent) :** অনেক সময় কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়ে ব্যবস্থাপনা কার্যে বিশেষজ্ঞ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোম্পানি পরিচালনা পর্ষদের তত্ত্বাবধানে কোম্পানির ব্যবস্থাপনা কার্যে নিয়োজিত হয়। এদেরকে ব্যবস্থাপনা প্রতিনিধি বলে।

**কোম্পানির সচিব (Company Secretary) :** কোম্পানি ব্যবস্থাপনার অন্যতম গুরুত্বপূর্ণ উচ্চপদস্থ কর্মচারী হলো কোম্পানির সচিব। তিনি ব্যবস্থাপনা পরিচালক অথবা পরিচালক পর্ষদের অধীনে কাজ করেন। কোম্পানি ব্যবস্থাপনা ও শেয়ার মালিকদের মধ্যে সচিব সংযোগরক্ষাকারী অধিকর্তা হিসেবে কাজ করেন।

**বিভাগীয় ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ (Departmental Managers and Officers) :** প্রত্যেক কোম্পানিতে অনেকগুলো বিভাগ ও উপবিভাগ থাকে। এদের দায়িত্বে থাকে বিভাগীয় ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ। তারা প্রত্যেকে নিজ নিজ বিভাগের ব্যবস্থাপনা কার্য পরিচালনা করেন এবং সাধারণ ব্যবস্থাপক বা পরিচালকের নিকট দায়ী থাকেন।

## কোম্পানির পরিচালক

**পরিচালকদের যোগ্যতা বা গুণাবলী:**
- কোম্পানির শেয়ার মালিক হলে
- ন্যূনতম শেয়ার ক্রয় করলে
- সুস্থ এবং সবল হলে
- আর্থিকভাবে সচ্ছল হলে
- বিকৃত মস্তিষ্ক বা পাগল না হলে
- ঋণ পরিশোধে সক্ষম হলে ইত্যাদি

**পরিচালকদের নিয়োগ পদ্ধতি:**
- প্রবর্তকদের দ্বারা
- শেয়ার মালিকগণ কর্তৃক
- পরিচালক পর্ষদ দ্বারা
- ব্যবস্থাপক প্রতিনিধি কর্তৃক
- সরকার কর্তৃক

**পরিচালক হতে পারে না:**
- যে শেয়ার মালিক নয়।
- যে যোগ্যতাসূচক শেয়ার ক্রয় করে না।
- পাগল বা বিকৃত মস্তিষ্ক সম্পন্ন ব্যক্তি।
- কমপক্ষে ৬ মাস সাজাপ্রাপ্ত ব্যক্তি।
- আদালত কর্তৃক দেউলিয়া।
- যে কোন প্রতিষ্ঠান বা সংঘ, নাবালক ব্যক্তি।

**পরিচালকের অপসারণ**
- পরপর ৩টি সভায় অনুপস্থিত থাকলে।
- অবৈধ উপায়ে ঋণ গ্রহণ করলে।
- তলবকৃত টাকা ৬ মাসের মধ্যে পরিশোধ না করলে।
- কোম্পানিতে পদাধিকারবলে পরিচালক থাকলে।
- যাবতীয় কাজে অনুপস্থিত থাকলে।
- আদালত কর্তৃক অযোগ্য ঘোষিত হলে।

## কোম্পানির সভাসমূহ

১. **বার্ষিক সাধারণ সভা (Annual General Meeting: AGM):** এই সভায় কোম্পানির বিগত আর্থিক বছরের আয়-ব্যয়ের বিবরণ সম্বলিত প্রতিবেদন উপস্থাপন করতে হয়। কোম্পানি নিবন্ধনের ১৮ মাসের মধ্যে প্রথম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। ২টি বার্ষিক সাধারণ সভার মধ্যবর্তী সময় ব্যবধান ১৫ মাসের বেশি হতে পারবে না। সভা অনুষ্ঠানের কমপক্ষে ২১ দিন পূর্বে শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে নোটিশ দিতে হবে।

২. **বিধিবদ্ধ সভা (Statutory Meeting: SM):** কার্যারম্ভের অনুমতিপত্র প্রাপ্তির ৩০ দিন পর এবং সর্বোচ্চ ১৮০ দিনের মধ্যে এ সভা অনুষ্ঠান করতে হবে। প্রাইভেট লিঃ কোম্পানি, অসীম দায় বিশিষ্ট কোম্পানি ও শেয়ার মূলধন বিহীন গ্যারান্টি দ্বারা সীমাবদ্ধ কোম্পানিকে বিধিবদ্ধ সভার আয়োজন করতে হয় না। এরূপ সভা কোম্পানির জীবদ্দশায় একবারই অনুষ্ঠিত হওয়া বাধ্যতামূলক। এটি অনুষ্ঠানের কমপক্ষে ২১ দিন পূর্বে কোম্পানির সাধারণ সদস্যদের উদ্দেশ্যে নোটিশ প্রদান করতে হয়।

৩. **বিশেষ সাধারণ সভা (Extra General Meeting: EGM):** বিশেষ গুরুত্বপূর্ণ কোন বিষয়ে শেয়ার হোল্ডারদের মতামত নেওয়ার জন্য এ সভা আহবান করা হয়। এরূপ সভা কোম্পানির পরিচালক অথবা কমপক্ষে ১/১০ অংশ শেয়ারহোল্ডারগণ যে কোন জরুরি বিষয়ে আহবান করতে পারে। পরিচালকগণ ২১ দিনের মধ্যে সভা আহবান না করলে শেয়ারহোল্ডারগণ পরবর্তী ৩ মাসের মধ্যে বিশেষ সাধারণ সভা/অতিরিক্ত সাধারণ সভা আহ্বান করতে পারে।

রিয়েল টেস্ট

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. বিবরণপত্রের বিকল্প প্রকাশ করে — [NU- Business: 2014-15]
A. প্রাইভেট লিমিটেড কোম্পানি
B. পাবলিক লিমিটেড কোম্পানি
C. সমবায় সমিতি
D. রাষ্ট্রীয় কারবার
Ⓑ

02. যৌথ মূলধনী কারবারের মূল ভিত্তি হলো- [NU- Business: 2013-14]
A. মুনাফা বন্টন
B. কৃত্রিম ব্যক্তিস্বত্বা
C. স্বতন্ত্র নাম
D. দায় সীমিত
Ⓑ

03. নিচের কোনটি কোম্পানির গঠনতন্ত্র? [NU- Business: 2013-14]
A. পরিমেলবদ্ধ
B. বিবরণী পত্র
C. নিবন্ধন পত্র
D. প্রসপেকটাস
Ⓐ

04. বাংলাদেশের কোম্পানি ব্যবসায় যে সালের আইন দ্বারা পরিচালিত হয় তা কোন সালে পাশ হয়েছিল? [NU- Business: 2013-14]
A. ১৯১৩
B. ১৯৭২
C. ১৯৯৪
D. ২০০১
Ⓒ

05. পাবলিক লিমিটেড কোম্পানির বিধিবদ্ধ সভা অনুষ্ঠিত হয় কয়বার? [NU- Business: 2013-14]
A. মাত্র একবার
B. দুইবার
C. তিনবার
D. যতবার প্রয়োজন
Ⓐ

06. নিচের কোনটি যৌথ মালিকানার সুবিধা? [NU- Business: 2012-13]
A. সিদ্ধান্ত গ্রহণে বিলম্বতা
B. মালিকানা হতে ব্যবস্থাপনায় বিচ্ছিন্নতা
C. শেয়ারের হস্তান্তরযোগ্যতা
D. কেন্দ্রীভূত ক্ষমতা
Ⓒ

07. বাংলাদেশে বিদ্যমান কোম্পানি আইন কবে প্রবর্তিত হয়? [NU- Business: 2010-11]
A. ১৯১৩ সালে
B. ১৯৮৭ সালে
C. ১৯৭২ সালে
D. ১৯৯৪ সালে
Ⓓ

08. কোম্পানি যে দলিলের মাধ্যমে জনসাধারণকে শেয়ার ক্রয়ের অবেদন জানায় তাকে বলা হয়- [NU- Business: 2010-11]
A. স্মারকলিপি
B. বিবরণ পত্র
C. পরিমেল নিয়ামবলি
D. নিবন্ধন পত্র
Ⓑ

09. বিবরণপত্র কখন প্রচার করতে হবে- [NU- Business: 2010-11]
A. নিবন্ধনের পূর্বে
B. নিবন্ধনের পরে
C. স্মারকলিপি তৈরির আগে
D. স্মারকলিপি তৈরির পরে
Ⓑ



CS CamScanner

10. কোনটি প্রথম আসবে? [NU- Business: 2009-10]
A. নির্বাচন B. কর্মী সংগ্রহ C. পদোন্নতি D. প্রশিক্ষণ **B**

11. বিবরণপত্র কখন প্রচার করতে হয়? [NU- Business: 2009-10]
A. স্মারকলিপি তৈরির পূর্বে B. স্মারকলিপি তৈরির পর
C. নিবন্ধনের পূর্বে D. নিবন্ধনের পর **D**

12. সীমিত দায় —— ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য। [NU- Business: 2009-10]
A. একমালিকানা B. অংশীদারি
C. যৌথ মূলধনি কোম্পানি D. সমবায় **C**

13. —— সালের কোম্পানি আইন অনুযায়ী বাংলাদেশের যৌথ মূলধনি কোম্পানি পরিচালিত হয়। [NU- Business: 2009-10]
A. ১৯১৩ B. ১৯৩২ C. ১৯৬৯ D. ১৯৯৪ **D**

14. যৌথ মূলধনি কোম্পানির অভ্যন্তরীণ ব্যবস্থাপনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ দলিল হলো- [NU- Business: 2008-09]
A. পরিমেলবন্ধ B. পরিমেল নিয়মাবলি
C. বিবরণপত্র D. কার্যারম্ভের অনুমতিপত্র **B**

15. কোম্পানির মূল দলিল, সনদ বা সংবিধান কোনটি? [NU- Business: 2007-08]
A. নিবন্ধনপত্র B. সংঘ স্মারক
C. সংঘবিধি D. কার্যারম্ভের অনুমতিপত্র **B**

16. প্রাইভেট লিমিটেড কোম্পানিতে কমপক্ষে কত জন পরিচালক থাকতে হয়? [NU- Business: 2007-08]
A. ২ জন B. ৩ জন C. ৪ জন D. ৫ জন **A**

17. প্রাইভেট লিমিটেড কোম্পানি কোন কাজটি করতে পারে না? [NU- Business: 2007-08]
A. ঋণপত্র প্রচার B. অবাধে শেয়ার হস্তান্তর
C. বিবরণপত্র প্রচার D. কোনোটিই না **D**

18. আমাদের দেশে কোম্পানি আইন কত সনের? [NU- Business: 2007-08]
A. ১৯৯২ B. ১৯৯৪ C. ১৯৯৬ D. ১৯৯৮ **B**

19. একটি কোম্পানি কীসের মাধ্যমে জনসাধারণকে বিনিয়োগে আকৃষ্ট করে? [NU- Business: 2007-08]
A. প্রচারপত্রের মাধ্যমে B. ঘোষণাপত্রের মাধ্যমে
C. শেয়ার ও ঋণপত্র বিক্রির মাধ্যমে D. বার্ষিক সাধারণ সভার মাধ্যমে **A**

20. শেয়ার ইস্যু করার জন্য পাবলিক লিমিটেড কোম্পানিকে কোন কর্তৃপক্ষের নিকট থেকে অনুমতি নিতে হয়? [NU- Business: 2006-07]
A. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন B. রেজিস্ট্রার অব কোম্পানিজ
C. অর্থ মন্ত্রণালয় D. স্টক এক্সচেঞ্জ **A**

21. যখন যৌথ মূলধনী কোম্পানি শেয়ার মালিকদের লভ্যাংশ হিসাবে পরিশোধিত শেয়ার বিলি করে, সেই শেয়ারকে বলা হয়- [NU- Business: 2006-07]
A. রাইট শেয়ার B. বোনাস শেয়ার
C. বিলম্বিত শেয়ার D. উদ্যোক্তা শেয়ার **B**

22. প্রাইভেট লিমিটেড কোম্পানির পরিচালক সংখ্যা- [NU- Business: 2006-07]
A. ১০ জন B. ৭ জন C. ২০ জন D. ৫০ জন **D**

23. পাবলিক লিমিটেড কোম্পানির সর্বনিম্ন পরিচালক সংখ্যা- [NU- Business: 2006-07]
A. ৭ জন B. ১০ জন C. ২০ জন D. ৩ জন **D**

24. বাংলাদেশের বর্তমান কোম্পানি আইন কোন সনে প্রবর্তিত হয়? [NU- Business: 2006-07]
A. ১৯৭৩ B. ১৯২১ C. ১৯৭১ D. ১৯৯৪ **D**

25. লিমিটেড কোম্পানির কোন বিষয়টি লিমিটেড? [NU- Business: 2005-06]
A. শেয়ার সংখ্যা B. পরিচালকের সংখ্যা
C. শেয়ারহোল্ডারদের সংখ্যা D. শেয়ারহোল্ডারদের দায় **D**

26. নিচের কোনটি কোম্পানির বৈশিষ্ট্য নয়? [NU- Business: 2005-06]
A. সীমিত জীবনকাল B. ব্যাপকতার পুঁজির সমাবেশ
C. পৃথক সত্তা D. সীমিত দায় **A**

27. নিচের কোনটি স্মারকলিপির ধারা নয়? [NU- Business: 2005-06]
A. কোম্পানির ঠিকানা B. কোম্পানির উদ্দেশ্য
C. কোম্পানির সভা D. কোম্পানির মূলধন **C**

28. বাংলাদেশের বিদ্যমান কোম্পানির আইন কোন সনে প্রবর্তিত হয়? [NU- Business: 2005-06]
A. ১৯১৩ B. ১৯৪৭ C. ১৯৭২ D. ১৯৯৪ **D**

29. কোম্পানি আইনে কোম্পানির পরিমেল নিয়মাবলির নমুনা যে নামে পরিচিত- [NU- Business: 2003-04]
A. টেবিল এ B. টেবিল বি C. ফরম এফ D. নমুনাপত্র **A**

30. বিশেষ অধ্যাদেশ বলে গঠিত ও নিয়ন্ত্রিত কোম্পানিকে বলে- [NU- Business: 2003-04]
A. সনদপ্রাপ্ত কোম্পানি B. পরিমিত দায়বিশিষ্ট কোম্পানি
C. সংবিধিবদ্ধ কোম্পানি D. সরকারি কোম্পানি **C**

31. কোম্পানির সদস্যপদ লাভ করা সম্ভব- [NU- Business: 2001-02]
A. শেয়ার ক্রয় করে B. পরিমেলবন্ধ স্বাক্ষর করে
C. মৃত শেয়ার মালিকের উত্তরাধিকার D. উপরের সবগুলোই **A**

32. বাংলাদেশের কোম্পানিসমূহ কোন্ সনের কোম্পানি আইন দ্বারা পরিচালিত? [NU- Business: 2001-02]
A. ১৯১৩ B. ১৯৩৬ C. ১৯৫৬ D. ১৯৯৪ **D**

33. কোম্পানির সংবিধান বলতে বুঝায়? [NU- Business: 2001-02]
A. পরিমেল বন্ধ B. বিবরণপত্র
C. পরিমেল নিয়মাবলি D. প্রচারপত্র **A**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. নিচের কোন দলিলকে সংগঠনের বণুপ্রিন্ট বলা হয়?
A. অধ্যাদেশ B. পরিমেল নিয়মাবলি
C. বিবরণ পত্র D. স্মারকলিপি **D**

02. একটি পাবলিক লিমিটেড কোম্পানির পরিচালনা পর্ষদে সর্বনিম্ন— জন পরিচালক থাকতে হয়।
A. ২ B. ৩ C. ৪ D. ৫ **B**

03. প্রাইভেট লিমিটেড কোম্পানি প্রসঙ্গে নিচের কোন উক্তিটি সঠিক নয়?
A. এ কোম্পানি শেয়ার বিক্রয় করার জন্য বিবরণ পত্র ইস্যু করার দরকার নেই
B. এ কোম্পানির শেয়ার হস্তান্তরের ক্ষেত্রেকোন বাধা নিষেধ নেই
C. এ কোম্পানির হিসাবপত্র বাহ্যিক নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা করার কোন বাধ্যবাধকতা নেই
D. সর্বনিম্ন দু'জন সদস্যের সমন্বয়ে এ কোম্পানি গঠন করা যায় **B**

04. বিধিবদ্ধ সভা প্রযোজ্য হয় ——— এর ক্ষেত্রে।
A. একক মালিকানাধীন কারবার
B. অ-ব্যাংকিং ব্যবসায়ের জন্য অংশীদারি কারবার
C. ব্যাংকিং ব্যবসায়ের জন্য অংশীদারি কারবার
D. পাবলিক লিমিটেড কোম্পানি **D**

05. এক্সিম ব্যাংক লি.-এর মালিকানার ধরন হল:
A. প্রাইভেট লিমিটেড কোম্পানি B. পাবলিক লিমিটেড কোম্পানি
C. রাষ্ট্রীয় মালিকানা D. অংশীদারি কারবার **B**

06. কোন সংগঠন পরিচালনার জন্য কমপক্ষে ২ জন পরিচালক থাকতে হয়?
A. সমবায় সমিতি B. অংশীদারি কারবার
C. প্রাইভেট লি. কোম্পানি D. পাবলিক লি. কোম্পানি **C**

07. একটি পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ দলিল হল:
A. বিবরণপত্র B. পরিমেল নিয়মাবলি
C. বার্ষিক বিবরণী D. পরিমেলবন্ধ **D**

08. শেয়ার থেকে অর্জিত আয়কে বলে-
A. সুদ B. লভ্যাংশ
C. মুনাফা D. আয় **B**

09. কোন ব্যবসায়ের অস্তিত্বের চিরন্তন?
A. ব্যক্তি মালিকানাধীন B. কোম্পানি
C. অংশীদারি D. সমবায় **B**



CamScanner

10. কার দ্বারা কোম্পানির ব্যবস্থাপনা কার্য সম্পাদিত হয়?
A. শেয়ার হোল্ডার B. মূলধন বিনি নিয়ন্ত্রক
C. কোম্পানির নিবন্ধক D. এদের কারো দ্বারা নয় **D**

11. পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে ন্যূনতম চাঁদা কোম্পানির বিবরণপত্র প্রচারের একটি সুনির্দিষ্ট সময় সীমার মধ্যে সংগ্রহ করতে হয়। এই সময় কাল-
A. ৩ মাস B. ৬ মাস
C. ১৮ মাস D. কোনটিই নয় **B**

12. যৌথ মূলধনী কারবারে শেয়ার মালিকদের দায় কি দ্বারা সীমিত?
A. লভ্যাংশ B. শেয়ার মালিকদের বিনিয়োগ
C. শেয়ার D. সুদ **C**

13. কোনটি কোম্পানির উপাদান বা বৈশিষ্ট্য নয়?
A. শেয়ার B. চিরন্তন অস্তিত্ব
C. অসীম দায় D. কৃত্রিম ব্যক্তিসত্তা **C**

14. কোম্পানি আইন ১৯৯৪ এর ৯০ ধারা অনুযায়ী প্রত্যেক পাবলিক কোম্পানিতে কমপক্ষে কতজন পরিচালক থাকতে হবে?
A. ৩ B. ৭ C. ৯ D. ২ **A**

15. বাংলাদেশে বিদ্যমান কোম্পানি আইন প্রবর্তিত হয়:
A. ১৯১৩ B. ১৯৪৭ C. ১৯৭২ D. ১৯৯৪ **D**

16. কোনটিকে কোম্পানির বৈশিষ্ট্য বলা যায় না?
A. একাধিক ব্যক্তির প্রতিষ্ঠান B. ব্যাপকতর পুঁজির সমাবেশ
C. পৃথক সত্তা D. সীমিত জীবনকাল **D**

17. ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী একটি যৌথ মূলধনী ব্যবসায় নিম্নোক্ত যে কোনটি হতে পারে-
A. শেয়ার দ্বারা নিবন্ধিত কোম্পানি B. গ্যারান্টি দ্বারা নিবন্ধিত কোম্পানি
C. অসীম দায় বিশিষ্ট কোম্পানি D. সবগুলোই **D**

18. বাংলাদেশে শেয়ার ইস্যুর পর্বে কার অনুমতি নিতে হয়?
A. ঢাকা স্টক এক্সচেঞ্জ B. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ
C. বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন D. অর্থ মন্ত্রণালয় **C**

19. প্রাইভেট লিমিটেড কোম্পানির সদস্যদের সর্বোচ্চ সংখ্যা হলো-
A. ৭ জন B. ২ জন
C. ৫০ জন D. ৩ জন **C**

20. কোন জাতীয় কোম্পানি পানি বন্ধিত হবার পর কারবার শুরু করতে পারে-
A. পাবলিক লিমিটেড কোম্পানি B. প্রাইভেট কোম্পানি
C. রেজিস্টার্ড কোম্পানি D. কোনটিই নয় **B**

## PRIME TEST

01. ব্যবসায় বাণিজ্যের ব্যাপক প্রসারের পেছনে কোন ব্যবসায়ের ভূমিকা রয়েছে?
Ⓐ অংশীদারি Ⓑ কোম্পানি
Ⓒ রাষ্ট্রীয় Ⓓ সমবায়

02. MOA কি?
Ⓐ Memorandum of Article Ⓑ Memorandum of Asserion
Ⓒ Memorandum of Army Ⓓ Memorandum of Association

03. কোম্পানি অস্তিত্ব কোন প্রকৃতির?
Ⓐ ক্ষণস্থায়ী Ⓑ চিরস্থায়ী
Ⓒ অস্থায়ী Ⓓ নির্দিষ্ট

04. কোম্পানির সীমিত দায় কত প্রকার?
Ⓐ ২ প্রকার Ⓑ ৩ প্রকার
Ⓒ ৪ প্রকার Ⓓ ৬ প্রকার

05. কোম্পানির মুখ্য দলিল কোনটি?
Ⓐ স্মারকলিপি Ⓑ পরিমেল নিয়মাবলি
Ⓒ বিবরণপত্র Ⓓ কার্যারম্ভের অনুমতিপত্র

06. পাবলিক লিমিটেড কোম্পানিতে ন্যূনতম সর্বনিম্ন সদস্য সংখ্যা কত?
Ⓐ ২ জন Ⓑ ৩ জন
Ⓒ ৭ জন Ⓓ ১০ জন

07. কোম্পানির অভ্যন্তরীণ দৈনন্দিন কার্য পরিচালনা হয় কীভাবে?
Ⓐ বিবরণপত্র অনুযায়ী Ⓑ পরিমেল নিয়মাবলি অনুযায়ী
Ⓒ স্মারকলিপি অনুযায়ী Ⓓ ঋণপত্র অনুযায়ী

08. কোন ব্যবসায় প্রতিষ্ঠানে অধিক দক্ষতা ও অভিজ্ঞতার সমাবেশ ঘটে?
Ⓐ একমালিকানা Ⓑ অংশীদারি
Ⓒ কোম্পানি Ⓓ সমবায় সমিতি

09. কোন কোম্পানি নিবন্ধনপত্র পাওয়ার পরেই কাজ আরম্ভ করতে পারে?
Ⓐ প্রাইভেট লিমিটেড কোম্পানি Ⓑ পাবলিক লিমিটেড কোম্পানি
Ⓒ নিবন্ধিত কোম্পানি Ⓓ হোল্ডিং কোম্পানি

10. কোন ধরনের পত্র পাওয়ার পর পাবলিক লিমিটেড কোম্পানি কাজ শুরু করতে পারে?
Ⓐ প্রত্যয়ন পত্র Ⓑ নিবন্ধন পত্র
Ⓒ কার্যারম্ভের অনুমতি পত্র Ⓓ বিবরণ পত্র

11. প্রাইভেট লিমিটেড কোম্পানিতে ন্যূনতম পরিচালক সংখ্যা থাকে কত জন?
Ⓐ ২ জন Ⓑ ৩ জন
Ⓒ ৫ জন Ⓓ ৭ জন

12. কোন পত্রকে কোম্পানির জন্ম সনদ বলে?
Ⓐ প্রত্যয়ন পত্র Ⓑ নিবন্ধন পত্র
Ⓒ বিবরণপত্র Ⓓ কার্যারম্ভের অনুমতি পত্র

13. কোম্পানিতে যোগ্যতাসূচক শেয়ার কারা ক্রয় করেন?
Ⓐ শেয়ারহোল্ডারগণ Ⓑ উদ্যোক্তাগণ
Ⓒ পরিচালকগণ Ⓓ মালিকগণ

14. কোন ধরনের শেয়ারহোল্ডাররা লভ্যাংশ বন্টনে সবার পরে অধিকার পায়?
Ⓐ সাধারণ শেয়ার Ⓑ অগ্রাধিকারযুক্ত শেয়ার
Ⓒ নিবন্ধিত শেয়ার Ⓓ প্রবর্তকদের শেয়ার

15. কোম্পানি গঠনের কোন পর্যায়ে নামের ছাড়পত্র সংগ্রহ করতে হয়?
Ⓐ উদ্যোগ গ্রহণ পর্যায়ে Ⓑ দলিলপত্র প্রণয়ন পর্যায়ে
Ⓒ নিবন্ধন পত্র সংগ্রহ পর্যায়ে Ⓓ কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ পর্যায়ে

16. যে শেয়ারমালিকগণ লভ্যাংশ বন্টনের সময় অন্য শেয়ার মালিকদের চেয়ে অগ্রাধিকার পায় সেই শেয়ারকে কি বলে?
Ⓐ অধিকার শেয়ার Ⓑ প্রবর্তকদের শেয়ার
Ⓒ বোনাস শেয়ার Ⓓ অগ্রাধিকার শেয়ার

17. কোম্পানির গঠনের উদ্যোগ গ্রহণকারীদের কী বলে?
Ⓐ প্রবর্তক Ⓑ পরিচালক
Ⓒ শেয়ারহোল্ডার Ⓓ মালিক

18. প্রাইভেট লিমিটেড কোম্পানি নিবন্ধনের জন্য অতি আবশ্যক নিচের কোনটি?
Ⓐ সংঘস্মারক ও বিবরণপত্র Ⓑ সংঘবিধি ও বিবরণপত্র
Ⓒ বিবরণপত্র ও সংঘবিধি Ⓓ সংঘস্মারক ও সংঘবিধি

19. যে ঋণপত্র বিক্রয়ের শর্ত অনুযায়ী নির্দিষ্ট সময় পরে কোম্পানি এই ঋণপত্রের বিপক্ষে শেয়ার ইস্যু করে তাকে কি বলে?
Ⓐ পরিবর্তনযোগ্য ঋণপত্র Ⓑ পরিশোধযোগ্য ঋণপত্র
Ⓒ বন্ধকী ঋণপত্র Ⓓ নিবন্ধিত ঋণপত্র

20. প্রাইভেট লিমিটেড কোম্পানির গঠনে ন্যূনতম কয়জন প্রবর্তক থাকতে হয়?
Ⓐ ২ জন Ⓑ ৩ জন
Ⓒ ৭ জন Ⓓ ১০ জন

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | B | 02. | D | 03. | B | 04. | A | 05. | A |
| 06. | C | 07 | B | 08. | C | 09. | A | 10. | C |
| 11. | A | 12. | B | 13. | C | 14. | D | 15. | A |
| 16. | D | 17. | A | 18. | D | 19. | A | 20. | A |



CamScanner

অধ্যায় ০৩

# সমবায় সমিতি

প্রথম পত্র — ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক ১ — গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- পারস্পরিক অর্থনৈতিক কল্যাণের লক্ষ্যে একই এলাকায় সমশ্রেণি বা পেশার অভিন্ন উদ্দেশ্যের সমমনা কিছু ব্যক্তি সম্মিলিত প্রচেষ্টা ও সম-অধিকারের ভিত্তিতে যে সংগঠন গড়ে তোলে তাকে সমবায় সমিতি বলে।
- সমবায়ের উদ্দেশ্য- সদস্যদের পারস্পরিক আর্থিক কল্যাণ সাধন।
- সমবায়ের সদস্যগণ সাধারণত কম বিত্তসম্পন্ন, কৃষক, শ্রমিক, মজুর প্রকৃতির হয়।
- সমবায় সমিতির নিবন্ধন- বাধ্যতামূলক।
- সমবায়ের সদস্যগণ সমভাবে নিজেদের মধ্যে মুনাফা বণ্টন করে নেয়।
- সমবায় সমিতির মালিকানা থেকে ব্যবস্থাপনা পৃথক।
- 'Citadel of the exploited' হিসাবে গণ্য করা হয়- সমবায়কে।
- সমবায়ের নীতিমালা বা আদর্শ সমূহ হলো: একতা, সাম্য, সহযোগিতা, আস্থা ও বিশ্বাস, সেবা, গণতন্ত্র।

## সমবায়ের ইতিকথা:

- অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে সমবায়ের উন্মেষ ঘটে গ্রেট বৃটেনে।
- বিশ্বের প্রথম সমবায় সমিতির নাম- Rochdale Society of Equitable Pioneers.
- উপমহাদেশে The Co-operative credit societies act পাশ হয়- ১৯০৪ সালে।
- ভারতীয় উপমহাদেশে সমবায়ের বাইবেল বলা হয়- ম্যাকলেগান কমিটির সুপারিশকে।
- বাংলাদেশে সমবায় আন্দোলনের সূচনা করেন- ড. আকতার হামিদ খান।
- বাংলাদেশে সমবায় সমিতি অধ্যাদেশ জারি হয়- ১৯৮৪ সালে।
- বর্তমানে সমবায় আইন- ২০০১ সালের যা ২০১৩ সালে সংশোধিত হয়।
- সমবায় আইনের ক্রমধারা:

| | | | | |
|---|---|---|---|---|
| বাংলাদেশে বর্তমান সমবায় আইন- ২০০১ সালের। | → | বাংলাদেশে বর্তমান সমবায় নীতিমালা- ২০০৩ সালের। | → | বাংলাদেশে বর্তমান সমবায় বিধিমালা- ২০০৪ সালের। |

## সমবায় সমিতির বৈশিষ্ট্য:

- **উদ্দেশ্য:** সদস্যদের কল্যাণ।
- **মূলধন প্রকৃতি:** চাঁদার মাধ্যমে।
- **ব্যবস্থাপনা প্রকৃতি:** সর্বোচ্চ ১২ জন, সর্বনিম্ন ০৬ জন, ০৬ জন বা ১২ জনে না মিললে ০৯ জন। অর্থাৎ ৬/৯/১২।
- **ঋণ প্রদান ও সঞ্চয়:** শুধুমাত্র সদস্যদের মাঝে ঋণ প্রদান করা হয়।
- **সদস্য সংখ্যা:** সর্বনিম্ন ২০ জন।
- **শেয়ার হস্তান্তরযোগ্যতা:** নাই।
- **সমভোটাধিকার:** একজন ব্যক্তি একটি ভোট দিতে পারবে।
- **শেয়ার মূল্য:** সর্বনিম্ন ১০ টাকা।
- **শেয়ার ক্রয়সীমা:** সর্বোচ্চ ২০%।

## সমবায় সমিতির উপবিধি:

- যে দলিলে দেশে বহাল সমবায় সমিতি আইন ও সমবায় বিধি অনুযায়ী সমিতির অভ্যন্তরীণ ও বাহ্যিক কার্যাদি পরিচালনা ও নিয়ন্ত্রণ সংক্রান্ত যাবতীয় নিয়ম-নীতি লিপিবদ্ধ থাকে তাকে সমবায় সমিতির উপবিধি বলা হয়।
- উপবিধি সমবায় সমিতির প্রধান দলিল।
- এ দলিলে উল্লেখিত বিষয়বস্তুর বাইরে কোন কাজ সমিতি করতে পারে না।
- উপবিধিকে সমিতির গঠনতন্ত্র/সংবিধান বলা হয়।

## সমবায় সমিতির প্রকারভেদ



■ সমবায় সমিতির মুনাফা বণ্টন:

| খাত | শতকরা হার |
|---|---|
| সংবিধিবদ্ধ সংরক্ষিত তহবিলে চাঁদা কমপক্ষে (বাধ্যতামূলক) | ১৫% |
| উন্নয়ন তহবিলে চাঁদা | ৩% |
| সমবায়মূলক ঋণ সংক্রান্ত বা ঋণ তহবিল | ১০% |
| অন্যান্য উদ্দেশ্যে সর্বাধিক | ১০% |
| লভ্যাংশ আকারে বণ্টনযোগ্য (তবে এটি ৮৫% পর্যন্ত বণ্টন করা যেতে পারে) | ৬২% |
| মোট = | ১০০% |

## গাণিতিক সমস্যা

১. ...টেক্সটাইল মিলের শ্রমিকরা তাদের গেটে একটা সমবায় বিপণি গড়ে তুলে বছরে মুনাফা করেছে ১ লক্ষ টাকা। তারা সংরক্ষিত তহবিলে কত টাকা জমা করবে?
উত্তর: ১৫,০০০ টাকা।

২. ...জেলেরা বহুমুখী সমবায় করে বছরে ২০ হাজার টাকা মুনাফা করেছে। তারা উন্নয়ন তহবিলে কত টাকা জমা করবে?
উত্তর: ৬০০ টাকা।

৩. ...সমবায় সমিতি তাদের সমিতি থেকে বাৎসরিক ১ লক্ষ টাকা মুনাফা করে। তারা ৩% উন্নয়ন তহবিলে এবং ১৫% সঞ্চিতি তহবিলে চাঁদা সংরক্ষণ করে। তাদের ... সর্বোচ্চ বণ্টনযোগ্য লভ্যাংশ কী পরিমাণ হতে পারে?
উত্তর: ৮২,০০০ টাকা।

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

রিয়েল টেস্ট

01. বাংলাদেশে কত সালের আইন দ্বারা সমবায় পরিচালিত হচ্ছে? [NU- Business: 2014-15]
A. ২০০৪ B. ২০০১
C. ১৯৮৭ D. ১৯৮৪ (B)

02. নিচের কোনটি সমবায়ের প্রধান মূল নীতি? [NU- Business: 2013-14]
A. পারস্পরিক সহযোগিতা B. সেবা দেওয়া
C. আয় বৃদ্ধি D. সাহায্য প্রদান (A)

03. Esprit de corps একটি- [NU- Business: 2011-12]
A. গ্রিক শব্দ B. ল্যাটিন শব্দ
C. ফরাসি শব্দ D. রোমান শব্দ (C)

04. সমবায় শব্দটির অর্থ হচ্ছে- [NU- Business: 2007-08]
A. একক প্রচেষ্টা B. দ্বৈত প্রচেষ্টা
C. সমবেত প্রচেষ্টা D. স্বনির্ভরতা (C)

05. কোন আইন দ্বারা সমবায় সমিতি গঠিত ও পরিচালিত হয়? [NU- Business: 2006-07]
A. ১৯৪০ সালের সমবায় আইন B. ১৯৮৭ সালের সমবায় বিধিমালা
C. ১৯৭২ সালের সমবায় আইন D. ১৯৮৪ সালের সমবায় অর্ডিন্যান্স (D)

06. সমবায় সমিতির উদ্দেশ্য হলো- [NU- Business: 2003-04]
A. মুনাফা বাড়ানো B. সম্পদ বৃদ্ধি করা
C. সদস্য বৃদ্ধি করা D. সদস্যদের কল্যাণ ও সেবা (D)

07. সমবায় আন্দোলনের ক্ষেত্রে বাংলাদেশে পথিকৃৎ হিসেবে পরিচিতি- [NU- Business: 2003-04]
A. ঢাকা B. কুমিল্লা
C. বগুড়া D. রংপুর (B)

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. সমবায় সমিতি গঠন করতে ন্যূনতম কতজন সদস্যের প্রয়োজন?
A. ৭ জন B. ১০ জন
C. ১৫ জন D. ২০ জন (D)

02. সমবায় সংগঠনের মুনাফা বণ্টনে কতভাগ অর্থ উন্নয়ন তহবিল জমা রাখতে হবে?
A. ৩% B. ৫%
C. ৭% D. ১০% (A)

03. বাংলাদেশে সমবায় আন্দোলনের প্রবক্তা কে?
A. ফজলে হাসান আবেদ B. রেহমান সোবহান
C. আকতার হামিদ খান D. অধ্যাপক আসহাব উদ্দিন (C)

04. নিম্নের কোনটি সমবায় এর মূলধন?
A. সমতাই শক্তি B. একতাই বল
C. একতাই শক্তি D. একতাই সাহস (C)

05. সমবায়ের সাফল্যের ভিত্তি কী?
A. সহযোগিতা B. একতা
C. সাম্য D. নৈকট্য (B)

06. পৃথিবীর প্রথম সমবায় সমিতি কোনটি?
A. রচডেল B. স্যানডল
C. বেসল্যান D. ইচডেল (A)

07. বাংলাদেশের সমবায় সমিতিগুলো কোন মন্ত্রণালয় এর অধীন?
A. Finance
B. Commerce
C. Planning
D. Local Government and Rural Development (D)

08. BARD কোথায় অবস্থিত?
A. কুমিল্লা B. ঢাকা
C. খুলনা D. রংপুর (A)

09. বাংলাদেশের সমবায় সমিতি পরিচালিত হয় কত সালের সমবায় আইন অনুযায়ী?
A. ১৮৯৫ B. ১৯০৪
C. ২০০১ D. ২০০৩ (C)

10. কুমিল্লায় অবস্থিত বার্ড কর্মচারীগণ সমবায় বিপণি গড়ে তুলে বছরে মুনাফা করেছেন ১,০০,০০০ টাকা। তারা সংরক্ষিত তহবিলে কত টাকা জমা রাখবেন?
A. ৫,০০০ টাকা B. ১০,০০০ টাকা
C. ১৫,০০০ টাকা D. ২০,০০০ টাকা (C)

11. সমবায় সমিতির গুরুত্বপূর্ণ দলিল কোনটি?
A. চুক্তিপত্র B. বিবরণপত্র
C. উপবিধি D. সংঘ স্মারক (C)

12. বর্তমানে বাংলাদেশে কত সালের সমবায় আইন চালু আছে?
A. ১৯৩১ B. ১৯৯১
C. ১৯৯৪ D. ২০০১ (D)

13. সমবায় সংগঠন নিবন্ধনের জন্য প্রণীত মূল দলিলকে কী বলে?
A. উপবিধি B. বিধিমালা
C. সংঘস্মারক D. সংঘবিধি (A)



CamScanner

14. কোন একক সদস্য সমবায় সংগঠনের শেয়ার মূলধনের সর্বোচ্চ কতটুকু শেয়ার কিনতে পারে?

A. এক-তৃতীয়াংশ B. এক-চতুর্থাংশ
C. এক-পঞ্চমাংশ D. এক দশমাংশ **C**

15. বাংলাদেশে কত সালের অর্ডিন্যান্স দ্বারা সমবায় সমিতি নিয়ন্ত্রিত হয়?

A. ১৯৩২ B. ১৯৮৪
C. ১৯৮৫ D. ২০০৬ **B**

16. কুমিল্লায় অবস্থিত বার্ড কর্মচারীগণ সমবায় বিপণি গড়ে তুলে বছরে মুনাফা করেছেন ১,০০,০০০ টাকা। তারা উন্নয়ন তহবিলে কত টাকা জমা রাখবেন?

A. ৫,০০০ টাকা B. ৩,০০০ টাকা
C. ১৫,০০০ টাকা D. ২,০০০ টাকা **B**

17. কখন একটি সমবায় সমিতি আইনগত ভিত্তি পায়?

A. উপবিধি প্রণয়নের পর B. পরিচালক নিয়োগের পর
C. রেজিস্ট্রেশন প্রাপ্তির পর D. কার্য শুরুর পর **C**

18. কোন ধরনের সমবায় সমিতির নামের শেষে লিমিটেড শব্দ ব্যবহার করা যায়?

A. বীমা সমবায় সমিতি B. সসীমদায় সমবায় সমিতি
C. বহুমুখী সমবায় সমিতি D. অসীমদায় সমবায় সমিতি **B**

19. সমাজের অবহেলিত সম্প্রদায়ের সংগঠন কোনটি ?

A. একমালিকানা B. রাষ্ট্রীয়
C. সমবায় D. যৌথ মূলধনী **C**

19. দেশের সর্বোচ্চ সমবায় প্রতিষ্ঠান কোনটি ?

A. জাতীয় সমবায় B. কেন্দ্রীয় সমবায়
C.মিশ্র সমবায় D.তৃণমূল পর্যায়ের সমবায় **A**

## PRIME TEST

01. সমবায় সংগঠন নিবন্ধনের জন্য মূল দলিলকে কি বলে?

Ⓐ উপবিধি Ⓑ সংঘস্মারক
Ⓒ বিধিমালা Ⓓ সংঘবিধি

02. কোন সংগঠনে মুনাফার ১৫% সঞ্চয় তহবিলে জমা রাখতে হয়?

Ⓐ অংশীদারি Ⓑ রাষ্ট্রীয়
Ⓒ সমবায় Ⓓ কোম্পানি

03. কোন সমবায়ের মাধ্যমে ন্যায্যমূল্যে ভোক্তারা পণ্য সংগ্রহ করতে পারেন?

Ⓐ ভোক্তা সমবায় Ⓑ উৎপাদন ইউনিয়ন
Ⓒ সমবায় ইউনিয়ন Ⓓ কেন্দ্রিয় সমবায়

04. মিতব্যয়িতা সমবায়ের একটি কি?

Ⓐ বৈশিষ্ট্য Ⓑ সুবিধা
Ⓒ নীতি Ⓓ গুরুত্ব

05. ভোক্তা সমবায় সমিতির প্রধান উদ্দেশ্য কী?

Ⓐ প্রয়োজনীয় দ্রব্য ভোগ করা Ⓑ ন্যায্য মূল্যে পণ্য ভোগ করা
Ⓒ ভাগাভাগী করে পণ্য ভোগ করা Ⓓ সংঘবদ্ধ হয়ে পণ্য ভোগ করা

06. সমবায় সংগঠনের মূলমন্ত্র কোনটি?

Ⓐ একতাই বল Ⓑ বন্ধুত্ব
Ⓒ নিরপেক্ষতা Ⓓ সমবায়

07. সমবায় সংগঠনের মুনাফার কত ভাগ সঞ্চিত তহবিলে সংরক্ষিত তহবিলে রাখতে হয়?

Ⓐ ৫% Ⓑ ১০%
Ⓒ ১৫% Ⓓ ২০%

08. "মনোবল উন্নয়ন" সমবায়ের একটি কি?

Ⓐ অসুবিধা Ⓑ সুবিধা
Ⓒ বৈশিষ্ট্য Ⓓ মূলনীতি

09. সমবায় সমিতির একজন সদস্য মোট শেয়ার মূলধনের কত অংশ পর্যন্ত শেয়ার ক্রয় করতে পারে না?

Ⓐ দুই ভাগের এক অংশ
Ⓑ তিন ভাগের এক অংশ
Ⓒ চার ভাগের এক অংশ
Ⓓ পাঁচ ভাগের এক অংশ/এক পঞ্চমাংশ

10. ভোক্তা সমবায় সমিতিতে সদস্যদের মধ্যে লভ্যাংশ কিভাবে বন্টিত হয়?

Ⓐ মূলধন অনুপাতে Ⓑ ভোগ অনুপাতে
Ⓒ ক্রয় অনুপাতে Ⓓ বিক্রয় অনুপাতে

11. সমবায়ের ন্যূনতম সদস্য সংখ্যা কত জন?

Ⓐ ২ জন Ⓑ ৭ জন
Ⓒ ১০ জন Ⓓ ২০ জন

12. সদস্যদের আর্থিক কল্যাণ কোন সংগঠনের মূল উদ্দেশ্য?

Ⓐ অংশীদারি সংগঠন Ⓑ একমালিকানা সংগঠন
Ⓒ সমবায় সংগঠন Ⓓ কোম্পানি সংগঠন

13. সমবায় সমিতির অস্তিত্ব চিরন্তন হওয়ার কারণ কী?

Ⓐ স্বেচ্ছাপ্রণোদিত সংগঠন বলে Ⓑ সমশ্রেণিদের সংগঠন বলে
Ⓒ আইন দ্বারা নিবন্ধিত বলে Ⓓ কল্যাণের উদ্দেশ্যে গঠিত বলে

14. কোন ধরনের সমবায় সমিতির নামের শেষে লিমিটেড যুক্ত হয়?

Ⓐ বিমা সমবায় সমিতি Ⓑ সসীম দায়
Ⓒ বহুমুখী Ⓓ অসীম দায়

15. সমাজের নির্যাতিত ও নিষ্পেষিত জনগোষ্ঠীর আদর্শ সংগঠন কোনটি?

Ⓐ একমালিকানা Ⓑ রাষ্ট্রীয়
Ⓒ সমবায় Ⓓ সংসদীয়

16. শোষক শ্রেণীর হাত থেকে শোষিতের মুক্তির লক্ষ্যে নিচের কোন প্রতিষ্ঠানে উদ্ভব হয়েছে?

Ⓐ অংশীদারি Ⓑ সমবায়
Ⓒ যৌথমূলধনী Ⓓ রাষ্ট্রীয়

17. নৈতিক চরিত্র গঠনে নিচের কোন প্রতিষ্ঠানটির ভূমিকা বেশি?

Ⓐ কোম্পানি Ⓑ সমবায়
Ⓒ একমালিকানা Ⓓ অংশীদারি

18. সমবায় সমিতি আইনগত ভিত্তি লাভ করে কখন?

Ⓐ কার্যারম্ভের পর Ⓑ উদ্দেশ্য গ্রহণের পর
Ⓒ নিবন্ধনের পর Ⓓ উপবিধি তৈরির পর

19. সমবায় সমিতির অর্জিত মুনাফার কত অংশ সঞ্চিতি তহবিলে বাধ্যতামূলকভাবে রাখতে হয়?

Ⓐ $\frac{১}{৫}$ অংশ Ⓑ $\frac{৩}{২০}$ অংশ
Ⓒ $\frac{১}{১০}$ অংশ Ⓓ $\frac{১}{২০}$ অংশ

20. মধ্যস্বত্বভোগীদের শোষণ থেকে রক্ষা পেতে কোন ব্যবসায় অধিক উপযোগী?

Ⓐ একমালিকানা Ⓑ সমবায়
Ⓒ অংশীদারি Ⓓ কোম্পানি

## Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | A | 02. | C | 03. | A | 04. | C | 05. | B |
| 06. | A | 07 | C | 08. | B | 09. | D | 10. | C |
| 11. | D | 12. | C | 13. | C | 14. | B | 15. | C |
| 16. | B | 17. | B | 18. | C | 19. | B | 20. | B |



CamScanner

অধ্যায় ০৭

# রাষ্ট্রীয় ব্যবসায়

প্রথম পত্র — ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- রাষ্ট্র কর্তৃক গঠিত বা পরবর্তীকালে জাতীয়করণকৃত কোন ব্যবসায়ের মালিকানা, পরিচালনা ও নিয়ন্ত্রণ রাষ্ট্রের অধীনে থাকলে তাকে রাষ্ট্রীয় ব্যবসায় বলে।
- রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য- জনকল্যাণ সাধন।
- রাষ্ট্রীয় ব্যবসায়ে অর্জিত মুনাফা রাষ্ট্রীয় উন্নয়নে ব্যয় করা হয়।
- এ ব্যবসায়ে পণ্যের ন্যায্যমূল্য বজায় রাখতে সচেষ্ট থাকে।
- রাষ্ট্রীয় ব্যবসায়ের সকল দায় বহন করে- সরকার।

**বাংলাদেশের রাষ্ট্রীয় ব্যবসায়:**

| নাম | নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় | ব্যবসায়ের প্রকৃতি |
|---|---|---|
| ১. বাংলাদেশ রাসায়নিক শিল্প সংস্থা (BCIC) | শিল্প | শিল্প |
| ২. বাংলাদেশ পাটকল সংস্থা (BJMC) | বস্ত্র ও পাট | |
| ৩. বাংলাদেশ বস্ত্রকল সংস্থা (BTMC) | | |
| ৪. বাংলাদেশ টেলিগ্রাম ও টেলিফোন বোর্ড (BTTB) | ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি | সেবাধর্মী |
| ৫. বাংলাদেশ পর্যটন সংস্থা (BPC) | বেসামরিক বিমান ও পর্যটন | |
| ৬. বাংলাদেশ বিমান (BA) | | |
| ৭. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন সংস্থা (BIWTC) | নৌ পরিবহন | পরিবহন |
| ৮. বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা (BRTC) | সড়ক পরিবহন ও সেতু | |
| ৯. বাংলাদেশ রেলওয়ে (BR) | রেল | |
| ১০. বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (BPDB) | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ | সেবাধর্মী |
| ১১. বাংলাদেশ বাণিজ্য সংস্থা (TCB) | বাণিজ্য | ব্যবসায় |
| ১২. বাংলাদেশ ব্যাংক (BB) | অর্থ | কেন্দ্রীয় ব্যাংক |
| ১৩. বাংলাদেশ বন উন্নয়ন সংস্থা (BFDC) | পরিবেশ ও বন | বনজ |

## বাংলাদেশে রাষ্ট্রীয় ব্যবসায়ের পরিচিতি

**ওয়াসা:**
- WASA: Water Supply and Sewerage Authority.
- ১৯৬৩ সালে প্রেসিডেন্টের ১৯তম অধ্যাদেশ বলে তৎকালীন পূর্ব পাকিস্তানে 'ঢাকা ওয়াসা' প্রতিষ্ঠিত হয়।
- ১৯৯০ সালে একাদশ জোন হিসেবে নারায়ণগঞ্জকে ঢাকা WASA-এর অধীনে নিয়ে আসা হয়।
- ঢাকা ওয়াসা ১১টি জোনে বিভক্ত। ১০টি ঢাকায় এবং ১টি নারায়ণগঞ্জে। ঢাকা ওয়াসার অন্তর্ভুক্ত এলাকা ৩৬০ কি.মি।
- ওয়াসা এর প্রধান কাজ হল- বিশুদ্ধ পানি সরবরাহ এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন সাধন।

**বাংলাদেশ পোস্ট অফিস/ ডাকবিভাগ:**
- ব্রিটিশ আমলে পোস্ট অফিস আইন ১৮৯৮ মোতাবেক বাংলাদেশ ডাক বিভাগ প্রতিষ্ঠা লাভ করে।
- ২০০৯ সালে এই আইন সংশোধিত হয়।
- এটি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়।

**বাংলাদেশ রেলওয়ে:**
- বাংলাদেশ রেলওয়ের সদর দপ্তর ঢাকায় অবস্থিত। এটি ২টি অঞ্চলে বিভক্ত। পূর্ব ও পশ্চিম অঞ্চল।
- পূর্বাঞ্চলের সদর দপ্তর চট্টগ্রাম এবং পশ্চিমাঞ্চলের সদর দপ্তর রাজশাহী। ২০০৩ সালে 'যমুনা সেতু'-এর মাধ্যমে পূর্ব ও পশ্চিম অঞ্চল রেলওয়ে একত্রিত হয়।
- এর প্রধান উদ্দেশ্য নিরাপদ, বিশ্বস্ত, মিতব্যয়ী এবং সময়োপযোগী রেল পরিবহন সেবা নিশ্চিত করা।

**বাংলাদেশ রাসায়নিক শিল্প সংস্থা:**
- ১৯৭২ সালের ১ জুলাই রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে ৩টি সেক্টর কর্পোরেশন একীভূত করে ১৯৭৬ সালে এটি গঠিত হয়।
- সেক্টর ৩টি হল: বাংলাদেশ টেনারিস কর্পোরেশন (BTC), বাংলাদেশ পেপার এন্ড বোর্ড কর্পোরেশন (BPBC), বাংলাদেশ ফার্টিলাইজার-ক্যামিকেল ও ফার্মাসিউটিকেল কর্পোরেশন (BFCPC).
- দেশী-বিদেশী উদ্যোক্তাদের সাথে যৌথ উদ্যোগে শিল্প প্রতিষ্ঠা করে থাকে। এ লক্ষ্যে প্রধান কার্যালয়ে একটি JOINT VENTURE CELL স্থাপন করা হয়েছে।

**বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা:**
- ১৯৬১ সালে প্রেসিডেন্ট এর ৭নং আদেশ বলে B.R.T.C (পূর্বের EPRTC- East Pakistan Road Transport Corporation) প্রতিষ্ঠা লাভ করে।
- ১৯৭১ সালে EPRTC নাম পরিবর্তন করে BRTC করা হয়।
- BRTC-এর সার্ভিসের মধ্যে বাস, ট্রাক, প্রশিক্ষণকেন্দ্র ও ওয়ার্কশপ সুবিধা অন্তর্ভুক্ত।
- সড়ক পথে BRTC, নৌপথে BIWTC, সমুদ্র পথে BSC, আকাশপথে Bangladesh Biman গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান।



CamScanner

■ **বাংলাদেশ পর্যটন কর্পোরেশন:**
- ১৯৭২ সালের পর্যটন কর্পোরেশন আদেশ মোতাবেক ১৯৭৩ সালে BPC ১ জন চেয়ারম্যান ও ৩ জন সার্বক্ষণিক পরিচালক নিয়ে গঠিত হয়।
- পর্যটন খাতকে এগিয়ে নেয়ার লক্ষ্যে National Tourism Organization (NTO) গড়ে তোলা হয়েছে।
- এর প্রধান উদ্দেশ্য বাংলাদেশকে একটি উন্নতমানের পর্যটন এলাকা হিসেবে বিশ্বের সামনে তুলে ধরা এবং পর্যটন সম্ভাবনা ও সুবিধার উন্নয়ন সাধন।

■ **বাংলাদেশ টেলিগ্রাফ এন্ড টেলিফোন বোর্ড:**
- বৃটিশ ভারতে ১৮৫৩ সালে ডাক ও টেলিগ্রাফ বিভাগের আওতায় সর্বপ্রথম টেলিগ্রাফ শাখা গড়ে তোলা হয়।
- ১৯৭১ সালে দেশ স্বাধীন হবার পর ডাক ও তার মন্ত্রণালয়ের অধীনে নেয়া হয়।
- Telegraph & Telephone Board Ordinance-১৯৭৫ অনুযায়ী এর নাম পরিবর্তন করে Telegraph and Telephone Board রাখা হয়।
- ১৯৭৯ সালে এর নাম BTTB রাখা হয়।

■ **বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা:**
- প্রেসিডেন্টের ২৭নং অধ্যাদেশ বলে ১ জুলাই ১৯৭২ সালে গঠিত বাংলাদেশ চিনি কল কর্পোরেশন (BSMC) এবং বাংলাদেশ খাদ্য ও সহযোগী শিল্প কর্পোরেশন (BFAIC)-এ দুইটি প্রতিষ্ঠান একত্রিত হয়ে ১ জুলাই ১৯৭৬ সালে BSFIC গঠিত হয়।
- এটি শিল্প মন্ত্রণালয়ের অধীনে প্রতিষ্ঠিত।
- এর অধীনে চিনি কল, ইঞ্জিনিয়ারিং কারখানা রয়েছে।

## সরকারি বেসরকারি অংশীদারিত্ব ভিত্তিক ব্যবসায়

- জনগণকে সেবা দেয়ার উদ্দেশ্যে বেসরকারি খাত সরকারের সাথে চুক্তি করে যৌথভাবে মূলধন বিনিয়োগ করলে তাকে Public Private Partnership বা PPP বা $P^3$ বলে।
- এটি আধুনিক ব্যবসায় ধারণার এক বিশেষ রূপ।
- এ ব্যবসায় ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'গুজরাট মডেল' প্রতিষ্ঠায় ভূমিকা রাখে।
- ১৯৯৪ সালে ইংল্যান্ডে এবং ২০০২ সালে ভারতে 'মহারাষ্ট্রে' এ ব্যবসায় প্রতিষ্ঠা লাভ করে।
- এর মাধ্যমে সরকারের আর্থিক চাপ হ্রাস পায় এবং বেসরকারি প্রতিষ্ঠান কম ঝুঁকিতে ও সরকারি ট্যাক্স সুবিধা নিয়ে দীর্ঘমেয়াদি বিনিয়োগ করতে পারে।

■ **$P^3$ ব্যবসায়-এর প্রকার:**

০১. **বি ও ও টি (BOOT):** সরকারি বেসরকারি যৌথ উদ্যোগে নির্মিত (Building) হয়, সবাই মালিকানা পায় (Ownership); একত্রে পরিচালনা করে (Operating); এবং এক পর্যায়ে সরকারি খাতে মালিকানা হস্তান্তরিত (Transfer) হয়।

০২. **বি ও টি (BOT):** যৌথ উদ্যোগে নির্মিত (Building) হয়; মালিকানা বেসরকারি খাতে থাকে না। তাদের প্রদত্ত তহবিল ঋণ হিসেবে গণ্য হয়। চুক্তির মেয়াদ পর্যন্ত একত্রে পরিচালিত হয় (Operating)। এক পর্যায়ে বেসরকারি উদ্যোক্তাদের পাওনা ফেরত দিয়ে সরকার মালিকানা নেয় (Transfer)।

০৩. **বি ও ও (BOO):** নির্মাণ (Building), মালিকানা (Ownership) ও পরিচালনা (Operating) চুক্তি অনুযায়ী একত্রে হয়। মালিকানা হস্তান্তর করা হয় না।

### রিয়েল টেস্ট — বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

**01. TCB দিয়ে কী বুঝানো হয়?** [NU- Business: 2012-13]
A. Traning Corporation of Bangladesh.
B. Trading Corporation of Bangladesh.
C. Transaction Company of Bangladesh.
D. Trading Company of Bangladesh.
Ⓑ

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

**01. রাষ্ট্রীয় ব্যবসায়ের মূল উদ্দেশ্য কী?**
A. রাষ্ট্রীয় সম্পদ রক্ষা
B. সদস্যদের আর্থিক কল্যাণ
C. মুনাফা অর্জন
D. জনকল্যাণ
Ⓓ

**02. নিচের কোনটি রাষ্ট্রীয় ব্যবসায় নয়?**
A. সাধারণ বিমা কর্পোরেশন
B. বাংলাদেশ পর্যটন সংস্থা
C. বাংলাদেশ বন উন্নয়ন সংস্থা
D. উত্তরা ব্যাংক
Ⓓ

**03. ইংল্যান্ডে কত সালে PPP নীতি কার্যকর করা হয়?**
A. ১৯৮২ B. ১৯৯৪
C. ১৯৯২ D. ২০০২
Ⓑ

**04. বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন ধরনের ব্যবসায়ী সংস্থা?**
A. শিল্প B. সেবাধর্মী
C. পরিবহন D. বনজ
Ⓑ

**05. রাষ্ট্রীয় ব্যবসায়ের ক্ষতি বহন করে কে?**
A. ব্যবস্থাপকগণ B. সরকার
C. পরিচালকগণ D. গ্রাহকগণ
Ⓑ

**06. ঢাকা ওয়াসা কোন ধরনের প্রতিষ্ঠান?**
A. পাবলিক লিমিটেড কোম্পানি B. প্রাইভেট কোম্পানি
C. রাষ্ট্রীয় কারবার D. সমবায় সমিতি
Ⓒ

**07. কোন ধরনের অর্থনীতিতে রাষ্ট্রীয় ব্যবসায়ের সংখ্যা সর্বাধিক?**
A. মিশ্র অর্থনীতি B. ধনতান্ত্রিক অর্থনীতি
C. প্রজাতান্ত্রিক অর্থনীতি D. সমাজতান্ত্রিক অর্থনীতি
Ⓓ

**08. PPP–এর পূর্ণ রূপ:**
A. Public-Private Partnership
B. Personal-Private Partnership
C. Private-Public Partnershipy
D. Preliminary-Public Partnership
Ⓐ

**09. বাংলাদেশ চিনিকল কোন সংস্থার অন্তর্ভুক্ত?**
A. বিসিআইসি B. বিএসএমসি
C. বিএফএআইসি D. বিএসএফআইসি
Ⓓ

**10. রাষ্ট্রীয় ব্যবসায়ে কিসের প্রভাব বেশী?**
A. আমদানী-রপ্তানীর B. গণতন্ত্রের
C. মুনাফা গঠনের D. আমলাতন্ত্রের
Ⓓ

**11. বাংলাদেশের সুষম শিল্পায়ন সম্ভব কোন ব্যবসায়ের মাধ্যমে?**
A. একমালিকানা B. অংশীদারি
C. সমবায় সমিতি D. রাষ্ট্রীয়
Ⓓ

12. রাষ্ট্রীয় ব্যবসায় কোন ধরনের অর্থনীতিতে অধিক সমালোচিত হয়?
A. সমাজতান্ত্রিক B. সাম্রাজ্যবাদী
C. পুঁজিবাদী D. মিশ্র **C**

13. রাষ্ট্রীয় ব্যবসায়ের অর্জিত মুনাফা কোথায় জমা হয়?
A. বাণিজ্যিক ব্যাংকে B. বাংলাদেশ ব্যাংকে
C. সরকারি কোষাগারে D. জাতীয় রাজস্ব বোর্ডে **C**

14. কোন ক্ষেত্রে কর ফাঁকি দেয়ার প্রবণতা বেশি লক্ষ্য করা যায়?
A. সামাজিক ব্যবসায় B. রাষ্ট্রীয় ব্যবসায়
C. পাবলিক লিমিটেড কোম্পানি D. সমবায় ব্যবসায় **B**

15. বেসরকারি মালিকানায় প্রতিষ্ঠিত কোনো ব্যবসায় জাতীয়করণ করলে, সেটি কোন ব্যবসায়ের আওতাভুক্ত হবে?
A. সরকারি ব্যবসায় B. রাষ্ট্রীয় ব্যবসায়
C. সমবায় সংগঠন D. কোম্পানি সংগঠন **B**

16. বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন জনগণের কল্যাণ সাধন ও স্বার্থ সংরক্ষণের সাথে জড়িত। এটি কোন ধরনের প্রতিষ্ঠান?
A. অংশীদারি ব্যবসায় B. রাষ্ট্রীয় ব্যবসায়
C. সমবায় সমিতি D. ব্যবসায় জোট **B**

17. কোনটি রাষ্ট্রীয় ব্যবসায় উদ্দেশ্যে বহির্ভূত?
A. মালিকানা অর্জন B. মুনাফা অর্জন
C. ব্যবসায় নিয়ন্ত্রণ D. মূলধন গঠন **B**

18. রাষ্ট্রীয় ব্যবসায় হতে অর্জিত মুনাফা কোন কাজে ব্যবহৃত হয়?
A. রাষ্ট্রপতির কাজে B. প্রধানমন্ত্রীর কাজে
C. বেসরকারী কাজে D. উন্নয়নমূলক কাজে **D**

19. জাতীয় স্বার্থে কীসের ওপর সরকারি নিয়ন্ত্রণ প্রয়োজন?
A. অর্থনীতির B. শিল্পের
C. প্রবৃদ্ধির D. বাণিজ্যের **A**

20. রাষ্ট্রীয় ব্যবসায় পরিচালনাকারী কর্মকর্তা ও কর্মচারী কোন ধরনের কর্মচারী?
A. সরকারি B. আধা সরকারি
C. বেসরকারী D. স্বায়ত্বশাসিত **A**

## PRIME TEST

01. কোন ব্যবসায় সংগঠনের প্রধান লক্ষ্য জনকল্যাণ?
Ⓐ অংশীদারি Ⓑ যৌথমূলধনী
Ⓒ রাষ্ট্রীয় Ⓓ সমবায়

02. রাষ্ট্রীয় ব্যবসায়ের উদ্দেশ্য কী?
Ⓐ জনকল্যাণ Ⓑ সদস্যদের কল্যাণ
Ⓒ মুনাফা অর্জন Ⓓ রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ

03. বাংলাদেশে প্রচলিত সবচেয়ে পুরনো রাষ্ট্রীয় প্রতিষ্ঠান নিচের কোনটি?
Ⓐ বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা Ⓑ বাংলাদেশ রেলওয়ে
Ⓒ বাংলাদেশ বিমান Ⓓ বাংলাদেশ ডাক বিভাগ

04. রাষ্ট্রীয় ব্যবসায়ের সমুদয় ঝুঁকি বহন করে কে?
Ⓐ জনগণ Ⓑ সরকার
Ⓒ শেয়ার হোল্ডার Ⓓ পরিচালক

05. রাষ্ট্রীয় ব্যবসায়ের উদ্দেশ্য বহির্ভূত কোনটি?
Ⓐ একচেটিয়া ব্যবসায় রোধ Ⓑ আর্থিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা
Ⓒ সম্পদের সুষম বন্টন Ⓓ মুনাফা সর্বাধিকীকরণ

06. রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে সেবা খাতের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান কোনটি?
Ⓐ বাংলাদেশ বস্ত্রকল সংস্থা Ⓑ বাংলাদেশ পাটকল সংস্থা
Ⓒ বাংলাদেশ পর্যটন সংস্থা Ⓓ বাংলাদেশ বাণিজ্য সংস্থা

07. নিচের কোনটি রাষ্ট্রীয় ব্যবসায় বহির্ভূত সংগঠন?
Ⓐ BKMEA Ⓑ BRTC
Ⓒ WASA Ⓓ BTTB

08. নিচের কোন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান আর্থিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় সরকারকে সহায়তা করে?
Ⓐ বাংলাদেশ বাণিজ্য সংস্থা Ⓑ রপ্তানি উন্নয়ন ব্যুরো
Ⓒ বাংলাদেশ ডাক বিভাগ Ⓓ বাংলাদেশ ব্যাংক

09. "Laissey Fair" মতবাদটির উৎপত্তি কোথায়?
Ⓐ ফ্রান্সে Ⓑ ইংল্যান্ডে
Ⓒ আমেরিকায় Ⓓ ইটালীতে

10. রাষ্ট্রীয় নিরাপত্তা বিবেচনায় কোন খাতটি রাষ্ট্রীয় মালিকানায় থাকা বেশি গুরুত্বপূর্ণ?
Ⓐ আর্থিক প্রতিষ্ঠানসমূহ Ⓑ সমরাস্ত্র কারখানা
Ⓒ ঔষধ তৈরির কারখানা Ⓓ বিমান পরিবহন

11. BRTC-এর সার্ভিসসমূহের বহির্ভূত কোনটি?
Ⓐ বাস Ⓑ ট্রাক
Ⓒ ডাক Ⓓ ওয়ার্কসপ

12. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান অসুবিধা কোনটি?
Ⓐ অধিক মূলধন Ⓑ সরকারি নিয়ন্ত্রণ
Ⓒ দুর্নীতি Ⓓ আইনের নিয়ন্ত্রণ

13. বড় ধরনের প্রকল্প বাস্তবায়নে কোন সংগঠন বাংলাদেশের জন্য অধিক কল্যাণকর হতে পারে?
Ⓐ পাবলিক লিমিটেড কোম্পানি Ⓑ রাষ্ট্রীয় ব্যবসায়
Ⓒ বিদেশি কোম্পানি Ⓓ PPP ব্যবসায়

14. রাষ্ট্রীয় ব্যবসায়ের বৈশিষ্ট্য কোনটি?
Ⓐ সহজ গঠন Ⓑ বেকার সমস্যার সমাধান
Ⓒ বৃহদায়তন প্রতিষ্ঠান Ⓓ দক্ষ ব্যবস্থাপনা

15. রাষ্ট্রীয় ব্যবসায়ের অসুবিধা কোনটি?
Ⓐ স্থায়িত্বের অনিশ্চয়তা Ⓑ দুর্নীতি ও স্বজনপ্রীতি
Ⓒ মূলধনের সীমাবদ্ধতা Ⓓ স্বাধীন সত্ত্বার অভাব

16. নিচের কোনটি রাষ্ট্রীয় ব্যবসায়?
Ⓐ বসুন্ধরা পেপার মিল Ⓑ শাহজালাল পেপার মিল
Ⓒ কর্ণফুলী পেপার মিল Ⓓ গাজী পেপার মিল

17. নিচের কোন সংস্থাটি সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীনে?
Ⓐ BCIC Ⓑ BJMC
Ⓒ BTMC Ⓓ BTTB

18. বাংলাদেশ ডাক বিভাগের আধুনিক সেবা সুবিধা কোনটি?
Ⓐ চিঠি বিলি Ⓑ ডাক জীবন বীমা
Ⓒ মানি অর্ডার সার্ভিস Ⓓ ইলেক্ট্রনিক মানি অর্ডার সার্ভিস

19. বাংলাদেশে রেলওয়ে চালু হয়েছিল কোন আমলে?
Ⓐ মোঘল আমলে Ⓑ বৃটিশ আমলে
Ⓒ পাকিস্তানি আমলে Ⓓ বাংলাদেশ আমলে

20. বাংলাদেশ রসায়ন শিল্পে এখন কোন ধরনের পণ্য বেশি উৎপাদিত হয়?
Ⓐ ইস্পাত সামগ্রী Ⓑ সার
Ⓒ চামড়া সামগ্রী Ⓓ পেইন্টিং সামগ্রী

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | C | 02. | A | 03. | D | 04. | B | 05. | D |
| 06. | C | 07 | A | 08. | D | 09. | A | 10. | B |
| 11. | C | 12. | C | 13. | D | 14. | C | 15. | C |
| 16. | A | 17. | D | 18. | B | 19. | B | 20. | B |



CS CamScanner

অধ্যায় ০৮

# ব্যবসায়ের আইনগত দিক

প্রথম পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক ১ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

## প্যাটেন্ট

- প্যাটেন্ট (Patent) কথাটি ল্যাটিন Patere শব্দ থেকে এসেছে যার অর্থ to lay open অর্থাৎ উন্মুক্ত রাখা।
- গণপ্রজাতন্ত্রী ভেনিস সরকারের অনুমতিক্রমে ১৪৭৪ সালে সর্বপ্রথম ইটালিতে প্যাটেন্ট আইন কার্যকর হয়।
- এর মূল উদ্দেশ্য হল নতুন প্রযুক্তি বা শিল্পের উন্নয়নে আবিষ্কারকে উৎসাহ দেওয়া।
- বাংলাদেশের প্যাটেন্ট আইন ১৯১১ সালের।
- বাংলাদেশের প্যাটেন্ট সনদের সময়কাল ১৬ বছর।

## ট্রেডমার্ক

- ট্রেডমার্ক হল কোন ডিভাইস, ব্র্যান্ড, শিরোনাম, লেবেল, টিকেট, নাম, স্বাক্ষর, শব্দ, প্রতীক, সংখ্যা, সংখ্যাযুক্ত উপাদান, রং-এর সমন্বয়। এটি পণ্য বা ব্যবসায়ের স্বতন্ত্র চিহ্ন বা প্রতীক যা সকলের নিকট পণ্য বা ব্যবসায়কে পরিচিত করে।
- পণ্যের সাথে অন্য পণ্যের স্বতন্ত্র বা আলাদাভাবে দেখার জন্য ট্রেড মার্ক ব্যবহার করা হয়।
- চতুর্দশ শতাব্দীতে রোমান দরবারের তলোয়ার প্রস্তুতকারক কামারগণ সর্বপ্রথম ট্রেডমার্ক ব্যবহার করেন।
- উপমহাদেশে ১৯৪০ সালে ট্রেডমার্ক আইন প্রবর্তিত হয়।
- বাংলাদেশের বর্তমান ট্রেডমার্ক আইন ২০০৯ সালের।
- ট্রেড মার্কস এর মেয়াদ ৭ বছর তবে নবায়নের মাধ্যমে ১০ বছর পর্যন্ত এবং পরবর্তীতে পুনঃ পুনঃ নবায়নের মাধ্যমে দীর্ঘকালব্যাপী বজায় থাকে।

## কপিরাইট

- লেখক বা শিল্পীর তার সৃষ্টিকর্মের ওপর নির্দিষ্ট সময়ের জন্য স্থায়ী আইনগত অধিকারকে কপিরাইট বলে।
- এর উদ্দেশ্য হলো নকল করা থেকে প্রকৃত লেখক/ শিল্পীর স্বার্থ সুরক্ষা করা।
- উপমহাদেশের ১ম কপিরাইট আইন পাশ হয় ১৯১২ সালে।
- বাংলাদেশে বর্তমান কপিরাইট আইন ২০০০ এবং কপিরাইট বিধিমালা ২০০৬।
- কপিরাইট আইন আন্তর্জাতিকভাবে সংরক্ষণে বাংলাদেশ Universal Copyright Convention ১৯৫২ তে স্বাক্ষরকারী দেশ।
- ফটোগ্রাফ, চলচ্চিত্র, ফিল্ম, শব্দ রেকর্ডিং-এর ক্ষেত্রে মেয়াদ প্রকাশের বছরের পর ৬০ পঞ্জিকা বর্ষ পর্যন্ত।
- প্রকাশিত কর্মের সংস্করণের প্রকাশকের ক্ষেত্রে মেয়াদ প্রথম প্রকাশের পর সর্বোচ্চ ২৫ বছর।

## ISO

- ISO এর পূর্ণনাম হলো International Organization for Standardization.
- একটা প্রতিষ্ঠান কতটা মানসম্মত পণ্য ও সেবা সরবরাহ করে এবং তাদের ব্যবস্থাপনার মান কেমন এ বিষয়ে সনদ প্রদানকারী আন্তর্জাতিক মান প্রতিষ্ঠানই হলো- ISO.
- পণ্যদ্রব্য ও সেবা সম্পর্কিত মান নির্ধারণকারী হিসেবে প্রতিষ্ঠানটি ১৯৪৭ সালের ২৩ ফেব্রুয়ারি সুইজারল্যান্ডের জেনেভায় গঠিত হয়।
- ১৯৮৭ সালে এটি ISO ৯০০০ নামে একটি মান নির্দিষ্ট করে এবং তা অর্জনের দলিলাদি প্রকাশ করে।
- এটি একটি বেসরকারি সংস্থা (NGO)

| ISO মানসমূহ | মূলকথা |
|---|---|
| ISO 9000 | মান ব্যবস্থাপনা |
| ISO 14000 | পরিবেশ ব্যবস্থাপনা |
| ISO 22000 | নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা |
| ISO 26000 | সামাজিক দায়বদ্ধতা |
| ISO 31000 | ঝুঁকি ব্যবস্থাপনা |

## BSTI

- BSTI এর পূর্ণনাম- Bangladesh Standards and Testing Institution.
- ১৯৮৫ সালে সরকারের এক অর্ডিন্যান্স বলে বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইনস্টিটিউশন ও সেন্ট্রাল টেস্টিং ল্যাবরেটরীজ নামক দুইটি প্রতিষ্ঠানকে একত্রিত করে BSTI গড়ে তোলা হয়।
- এর উদ্দেশ্য হল আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশের শিল্প, খাদ্য ও রাসায়নিক পণ্যের জন্য একটি মান তৈরি করা ও তা নিশ্চিত করা।
- BSTI শিল্প মন্ত্রণালয়ের অধীনে।
- কৃষি পণ্য বন্টন ও শ্রেনীবিন্যাস পরিদপ্তরকে BSTI এর সাথে সমন্বিত করা হয়- ১৯৯৫ সালে।
- BSTI তে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু করা হয়- ২০০৮ সালের ২৪ ফেব্রুয়ারী।

রিয়েল টেস্ট | বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. আবিষ্কারকের অধিকার কোন আইন দ্বারা সুরক্ষা পায়? [NU- Business: 2014-15]
A. প্যাটেন্ট আইন B. ট্রেডমার্ক আইন
C. কপিরাইট আইন D. বিমা আইন **Ⓐ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. বাংলাদেশে কত সালের প্যাটেন্ট ও ডিজাইন আইন প্রচলিত?
A. ১৮৫৬ B. ১৯১৩
C. ২০১১ D. ১৯১১ **Ⓓ**



CS CamScanner

1. যখন বাজারে কেউ নতুন কিছু আবিষ্কার করে নিয়ে আসে তখন আবিষ্কারকের অধিকার রক্ষায় নিচের কোন আইন প্রযোজ্য হবে?
A. কপিরাইট আইন B. বিমা আইন
C. পরিবেশ আইন D. প্যাটেন্ট আইন Ⓓ

2. নিচের কোনটি ট্রেডমার্ক হিসেবে পরিগণিত হতে পারে?
A. শিরোনাম B. লেবেল C. প্রতীক D. সবগুলোই Ⓓ

3. ট্রেডমার্ক ব্যবসায়ের কী ধরনের সম্পদ হিসেবে গণ্য করা হয়?
A. দৃশ্যমান B. অদৃশ্যমান C. নামিক D. অবাস্তব Ⓑ

4. WALTON একটি নতুন হ্যান্ডসেট বাজারজাত করলো। অনেকেই শুধু নাম দেখে এর মান সম্বন্ধে নিশ্চিত হয়ে পণ্যটি ক্রয় করেছেন। ব্যবসায়ে পরিভাষায় এই নাম আনুগত্যকে কী বলে?
A. প্যাটেন্ট B. ট্রেডমার্ক C. কপিরাইট D. BSTI Ⓑ

5. ISO সনদ কোন দেশে প্রথম চালু হয়?
A. যুক্তরাষ্ট্র B. ইতালি C. সুইজারল্যান্ড D. যুক্তরাজ্য Ⓒ

6. BSTI কোন ধরনের কার্য সম্পাদন করে?
A. পণ্য উৎপাদন B. পণ্যমান সংরক্ষণ
C. পণ্য বণ্টন D. পণ্য বিক্রয় Ⓑ

7. ISO-এর যাত্রা শুরু হয় কত সালে?
A. ১৯৮৫ B. ১৯৪৭ C. ২০০১ D. ২০০৫ Ⓑ

8. বই লেখকের অধিকার সুরক্ষায় কোন আইন সুরক্ষা দেয়?
A. কপিরাইট B. ট্রেডমার্ক C. বিমা D. প্যাটেন্ট Ⓐ

9. কপিরাইট নিবন্ধনের ক্ষেত্রে লেখক বা প্রথম স্বত্বাধিকারীকে কত টাকা ফি জমা দিতে হয়?
A. ১০০০ B. ৩০০০ C. ৫০০০ D. ১০০০০ Ⓐ

10. ISO 1400 কোনটির ভিত্তিতে গঠিত হয়?
A. পরিবেশ B. ভোক্তা C. সমাজ D. সরকার Ⓐ

12. ট্রেডমার্কের মূল উদ্দেশ্য কোনটি?
A. নৈতিকতা প্রতিষ্ঠা B. স্বাতন্ত্র্যতা সৃষ্টি
C. একচেটিয়া আধিপত্য D. ব্যবসায় সম্প্রসারণ Ⓑ

13. পেটেন্ট কার দ্বারা অনুমোদিত?
A. কল্যাণ সমিতি B. শিল্প জোট
C. বণিক সমিতি D. নিবন্ধক Ⓓ

14. মি. মিলু একটি বিশেষ ডিজাইনের পোশাক তৈরি করে বিক্রি করেন। কিন্তু উক্ত পোশাকের পেটেন্ট ছিল না। এজন্য বাজারে নকল পোশাক বিক্রি হচ্ছিল। এর ফলে কী ধরনের ক্ষতি হয়?
A. আর্থিক B. নৈতিক C. পণ্য সংক্রান্ত D. বাজার সংক্রান্ত Ⓐ

15. দুর্ঘটনাজনিত ক্ষতি হতে তা নিরসনের জন্য ব্যবসায়ীর সাথে কোনটি করা হয়?
A. বিমা চুক্তি B. অবকাঠামো উন্নয়ন
C. অংশীদারি D. ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ Ⓐ

16. অন্যের বরাদ্দকৃত প্রতীক কোনো ব্যক্তি ব্যবহার করতে চাইলে কার অনুমতি প্রয়োজন?
A. প্রশাসনের B. সংশ্লিষ্ট কর্তৃপক্ষের
C. রেজিস্ট্রারের D. রেজিস্টার্ড মালিকের Ⓓ

17. বুদ্ধিবৃত্তিক সম্পদ সংরক্ষণের জন্য প্রয়োজন কোনটি ?
A. আইনি বিধান B. বিমা C. শিল্পনীতি D. ট্রেডমার্ক Ⓐ

18. কোন পণ্যকে অন্যের অনুরূপ বা অভিন্ন পণ্য হতে স্বতন্ত্র করার লক্ষ্যে ব্যবহৃত চিহ্ন বা মার্ককে কী বলে?
A. কপিরাইট B. প্যাটেন্ট C. ট্রেডমার্ক D. লাইসেন্স Ⓒ

19. Coca Cola - চিহ্নটি কী?
A. ট্রেডমার্ক B. প্যাটেন্ট
C. কপিরাইট D. আই এস ও সনদ Ⓐ

20. ISO এর প্রধান অফিস কোথায় অবস্থিত?
A. নিউইয়র্ক B. জেনেভা C. ইংল্যান্ড D. টোকিও Ⓑ

## PRIME TEST

01. ISO-প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
Ⓐ সুইজারল্যান্ড Ⓑ নিউজিল্যান্ড Ⓒ যুক্তরাষ্ট্র Ⓓ জার্মানি

02 কোন আইন দ্বারা আবিষ্কারককে আবিষ্কৃত বিষয়ে একচেটিয়া মালিকানা দেয়া হয়?
Ⓐ কপিরাইট Ⓑ বিমা Ⓒ পেটেন্ট Ⓓ ট্রেডমার্ক

03. ব্যবসায়ে বিমা করা হয় কেন?
Ⓐ ঝুঁকি হ্রাস Ⓑ মুনাফা বৃদ্ধিকরণ
Ⓒ সুনাম অর্জন Ⓓ ভোক্তার স্বার্থ রক্ষা

04. বাংলাদেশে প্রচলিত বিমা আইন কত সালের?
Ⓐ ১৯৯৪ Ⓑ ১৯৯৫ Ⓒ ২০০১ Ⓓ ২০১০

05. নিচের কোনটি পলিথিন দ্বারা দূষণ বহির্ভূত?
Ⓐ বায়ু Ⓑ শব্দ Ⓒ পানি Ⓓ মাটি

06. কোন ISO সনদটি পণ্যের উৎকর্ষ মানের জন্য প্রদান করা হয়?
Ⓐ 3166 Ⓑ 9000 Ⓒ 14,000 Ⓓ 26,000

07. বিএসটিআই-এর প্রধান কাজ কোনটি?
Ⓐ পণ্যের মান নির্ধারণ Ⓑ পণ্যের বাজারজাতকরণ
Ⓒ বিদেশি পণ্যের উৎপাদন Ⓓ পণ্যের মান উন্নয়ন

08. নিচের কোনটি ট্রেডমার্কের অন্তর্ভুক্ত নয়?
Ⓐ মোড়কীকরণ Ⓑ অক্ষর Ⓒ লেবেল Ⓓ প্রতীক

09. একজন চিত্রশিল্পী কোন আইনের আওতায় তার শিল্পকর্মের অধিকার সংরক্ষণ করতে পারেন?
Ⓐ পেটেন্ট Ⓑ কপিরাইট Ⓒ ট্রেডমার্ক Ⓓ বিমা

10. যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেললে প্রত্যক্ষভাবে কোন ধরনের পরিবেশ দূষিত হয়?
Ⓐ পানি Ⓑ বায়ু Ⓒ মাটি Ⓓ শব্দ

11. আন্তর্জাতিকভাবে পণ্যের মান সম্পর্কিত স্বীকৃতি লাভের জন্য কোন দলিল প্রয়োজন?
Ⓐ BSTI সনদ Ⓑ ট্রেড লাইসেন্স
Ⓒ ISO সনদ Ⓓ পণ্যের উৎপত্তি সনদ

12. কোনো একটি প্রতিষ্ঠান অন্য প্রতিষ্ঠানের পণ্যের অনুরূপ পণ্য উৎপাদন করলে কোন আইনের আওতায় দণ্ডপ্রাপ্ত হয়?
Ⓐ ট্রেডমার্ক Ⓑ কপিরাইট, Ⓒ পেটেন্ট Ⓓ বিমা

13. লেখক ও প্রকাশক এর মধ্যে মুদ্রণ সম্পর্কিত চুক্তিকে কী বলে?
Ⓐ ট্রেডমার্ক Ⓑ ফ্রান্সাইজিং Ⓒ কপিরাইট Ⓓ পেটেন্ট

14. নতুন আবিষ্কারের আবিষ্কারকের অধিকার রক্ষায় নিচের কোন আইন সুরক্ষা দেয়?
Ⓐ প্যাটেন্ট আইন Ⓑ ট্রেডমার্ক আইন
Ⓒ কপিরাইট আইন Ⓓ বিমা আইন

15. বাংলাদেশে প্যাটেন্ট সম্পদের আইনি সুরক্ষার সময়কাল কত?
Ⓐ ১০ বছর Ⓑ ১২ বছর Ⓒ ১৬ বছর Ⓓ ২০ বছর

16. সস্তা ঘড়ির জগতে CASIO ব্রান্ড কোনটির সাথে সম্পর্কীত?
Ⓐ প্যাটেন্ট Ⓑ ট্রেডমার্ক Ⓒ কপিরাইট Ⓓ আইএসও

17. কপিরাইট আইনে বই লেখকের অধিকার কত বছর পর্যন্ত সংরক্ষিত থাকে?
Ⓐ ২০ বছর Ⓑ ২৫ বছর Ⓒ ৫০ বছর Ⓓ ৬০ বছর

18. কোন আইনের মাধ্যমে আবিষ্কারককে তার স্বীকৃতিস্বরূপ একটি নির্দিষ্ট সময়ের একচেটিয়া মালিকানা প্রদান করা হয়?
Ⓐ পেটেন্ট Ⓑ কপিরাইট Ⓒ লাইসেন্স Ⓓ ট্রেডমার্ক

19. পেটেন্ট ধারণার উৎপত্তি হয়েছে কীসের জন্যে?
Ⓐ প্রকৃত উদ্ভাবকের স্বার্থ রক্ষায় Ⓑ উদ্ভাবকের মুনাফা বৃদ্ধি করণ
Ⓒ উদ্ভাবকের পণ্য বিক্রয় বৃদ্ধি Ⓓ উদ্ভাবককে প্রতিযোগিতায় টিকিয়ে রাখা

20. মনন ও মেধা দ্বারা সৃষ্ট কাজকে কী বলে?
Ⓐ সৃজনশীলতা Ⓑ আবিষ্কার Ⓒ উদ্ভাবন Ⓓ মেধা সম্পদ

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | A | 02. | C | 03. | A | 04. | D | 05. | B |
| 06. | B | 07 | A | 08. | A | 09. | B | 10. | C |
| 11. | C | 12. | A | 13. | C | 14. | A | 15. | C |
| 16. | B | 17. | D | 18. | A | 19. | A | 20. | D |



CS CamScanner

অধ্যায় ০১

# ব্যবসায় সহায়ক সেবা

প্রথম পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক — গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- একটি ব্যবসায় গঠনে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের আর্থিক ও কারিগরি সহযোগিতাকে ব্যবসায়ের সহায়ক সেবা বলে।

## সহায়ক সেবার ধরণ

১. **উদ্দীপনামূলক সেবা:** একজন সম্ভাব্য উদ্যোক্তাকে ব্যবসায় গঠনে আগ্রহী করতে ও প্রয়োজনীয় তথ্য দিতে যে সকল সেবার প্রয়োজন তাকে উদ্দীপনামূলক সেবা বলে। যুব অধিদপ্তর, মহিলা অধিদপ্তর, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা সংস্থা প্রভৃতি প্রতিষ্ঠান ব্যবসায়ের ক্ষেত্রে উদ্দীপনামূলক সেবা প্রদান করে থাকে।

২. **সমর্থনমূলক সেবা:** উদ্যোক্তা ব্যবসায় গঠনে আগ্রহী হবার পর তা গঠনে যে সেবার প্রয়োজন অর্থাৎ ব্যবসায় শুরু করার জন্য যে সকল সেবার প্রয়োজন তাকে সমর্থনমূলক সেবা বলে। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা, বেসিক ব্যাংক লিমিটেড, কর্মসংস্থান ব্যাংক বিভিন্ন বেসরকারি সংস্থা (NGO), বাণিজ্যিক ব্যাংক, সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠান, সরকারি লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রভৃতি প্রতিষ্ঠান ব্যবসায়ের ক্ষেত্রে সমর্থনমূলক সেবা প্রদান করে থাকে।

৩. **সংরক্ষণমূলক সেবা:** ব্যবসায় পরিচালনায় উদ্যোক্তাদের উৎসাহ-উদ্দীপনা ধরে রাখার জন্য বা ব্যবসায় শুরু করার পর তা চালিয়ে যাবার জন্য যে সেবার প্রয়োজন তাকে সংরক্ষণমূলক সেবা বলে।বাংলাদেশ বিনিয়োগ বোর্ড, জাতীয় রাজস্ব বোর্ড, BSTI, প্যাটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ বাণিজ্যিক কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, প্রাণী সম্পদ অধিদপ্তর প্রভৃতি প্রতিষ্ঠান ব্যবসায়ের ক্ষেত্রে সংরক্ষণমূলক সেবা প্রদান করে থাকে।

## সহায়ক সেবাদানকারী প্রতিষ্ঠান

■ **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প:**
- ১৯৫৭ সালে পাকিস্তান ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা প্রতিষ্ঠা লাভ করে।
- স্বাধীনতার পর ১৯৭২ সালে BSCIC এ রূপান্তরিত হয়।
- এটি শিল্প মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়।

■ **এসএমই ফাউন্ডেশন:**
- ১৯৯৭ সালে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম মাইক্রোক্রেডিট সম্মেলন অনুষ্ঠিত হয়।
- ২০০৬ সালে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে এটি নিবন্ধিত হয় এবং ২০০৭ সালে অলাভজনক সংগঠন হিসেবে আত্মপ্রকাশ করে।
- ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দিতে সরকার এই ফাউন্ডেশন গড়ে তুলেছে।
- এসএমই লোনের পরিমাণ ৫০ হাজার - ১০ কোটি টাকা (ব্যবসায় প্রকল্পের ধরণ অনুযায়ী)।
- চলতি মূলধনের ক্ষেত্রে ১ বছর এবং মধ্যম ও দীর্ঘমেয়াদি খাতে ৩ থেকে ৭ বছর।
- ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের অনুকূলে সর্বোচ্চ ৯% সুদে ঋণ দেওয়া হয়।

■ **গ্রামীণ ব্যাংক:**
- এটি একটি অ-তালিকাভুক্ত ব্যাংক যা জামানতবিহীন ঋণ দিয়ে থাকে।
- ১৯৭৬ সালে ড. মুহম্মদ ইউনূসের একটি প্রকল্পের মাধ্যমে এর যাত্রা শুরু।
- ১৯৭৯ সালে ব্যাংক নিজস্ব প্রকল্প গ্রহণ করে।
- ১৯৮১ সালে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল এ প্রকল্পে ঋণ দেয়।
- ১৯৮৩ সালের সেপ্টেম্বর মাসে রাষ্ট্রপতির এক অধ্যাদেশের মাধ্যমে এটি বিশেষ ব্যাংক হিসেবে গড়ে উঠে এবং গ্রামীণ ব্যাংক নামে কাজ শুরু করে।

■ **ব্র্যাক:**
- এটি বাংলাদেশসহ বিশ্বের সর্ববৃহৎ NGO প্রতিষ্ঠান।
- বাংলাদেশসহ বিশ্বের প্রায় ১০টি দেশে আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করছে।
- ১৯৭২ সালে জনাব ফজলে হাসান আবেদের নেতৃত্বে এর যাত্রা শুরু।
- জামানতবিহীন ঋণ দান করে (মহিলাদের অগ্রাধিকার দিয়ে থাকে)।

■ **আশা:**
- এটি ১৯৭৮ সালে প্রতিষ্ঠা লাভ করে।
- ১৯৯২ সাল থেকে বিশেষায়িত ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান হিসেবে কাজ করে।
- NGO প্রতিষ্ঠান গুলোর মধ্যে এটি সবচেয়ে সফল।

■ **প্রশিকা:**
- ১৯৭৫ সালে প্রতিষ্ঠানটি ঢাকার মানিকগঞ্জে কাজ শুরু করে।
- ১৯৭৬ সাল থেকে আনুষ্ঠানিকভাবে বৃহত্তর পরিসরে কাজ শুরু করে।
- মূলত ঋণদান, প্রশিক্ষণ, তত্ত্বাবধান প্রভৃতি কাজ করে থাকে।
- কৃষি খাতেই মূলত প্রতিষ্ঠানটি ঋণ দিয়ে থাকে।



CamScanner

■ স্বনির্ভর বাংলাদেশ:
- ১৯৭৫ সালের সেপ্টেম্বর মাসে কৃষি ও বন মন্ত্রণালয়ের একটি বিশেষ সেল হিসেবে কাজ শুরু করে।
- ১৯৮৫ সাল থেকে বেসরকারি সংস্থা হিসেবে কাজ শুরু করে।
- আত্মকর্মসংস্থান উদ্বুদ্ধ করে সদস্যদের দারিদ্র বিমোচন করা এর লক্ষ্য।

■ ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ:
- ১৯৮০ সালে এটি বেসরকারি সংস্থা হিসেবে কাজ শুরু করে।
- মহিলাদের ঋণ দেয়া, প্রশিক্ষণের পাশাপাশি দোকান পরিচালনা, হাঁস মুরগি প্রতিপালন প্রভৃতি কাজে সাহায্য করে আত্মকর্মসংস্থানের সুযোগ গড়ে তুলছে।

■ মাইডাস:
- ১৯৮১ সালে NGO ব্যুরোতে নিবন্ধন নিয়ে ১৯৮২ সালে কাজ শুরু করে।
- এর কাজ হল ঋণদান, প্রশিক্ষণ, ব্যবসায়ের উপায় পদ্ধতি গবেষণা গ্রাহকদের বিভিন্ন স্কিমের আওতায় ঋণ সুবিধা প্রদান করা হয়।
- পরবর্তীতে ২০০০ সালে মাইডাস ফাইন্যান্সি লি: (MFL) নামে একটি নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান গঠন করে।

■ বাংলাদেশের সামাজিক সেবা সংগঠন:
- ১৯৯২ সালে বেসরকারিভাবে এটি গড়ে ওঠে।
- এটি মুনাফাবিহীন সংগঠন।
- ক্ষুদ্র ঋণদানের পাশাপাশি বিভিন্ন সচেতনতামূলক কাজ করে।

■ বিজিএমইএ:
- ১৯৭৭ সালে ১৯ জন পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক মিলে এটি গড়ে তোলে।
- ১৯৮২ সালে উৎপাদক ও রপ্তানিকারীদের একমাত্র প্রতিনিধিত্বকারী বণিক সমিতি হিসেবে গড়ে ওঠে।

■ রপ্তানি উন্নয়ন ব্যুরো:
- রপ্তানি বৃদ্ধি, বাজার সম্প্রসারণ ও রপ্তানি উন্নয়ন নীতি বাস্তবায়নের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে কাজ করছে।
- ১৯৭২ সালে পাকিস্তান রপ্তানি উন্নয়ন ব্যুরোর ঢাকাস্থ শাখাকে বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো নাম দেয়া হয়।
- ১৯৭৭ সালে এটি আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে গড়ে ওঠে। এর মালিকানা সরকারি।
- রাষ্ট্রপতির বিশেষ পদক, রপ্তানি সনদ, এছাড়াও Commercially Important Person(CIP) পদকের ব্যবস্থাও করে থাকে।

রিয়েল টেস্ট

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

[NU- Business: 2002-03]

01. ব্র্যাক একটি-
A. বিদেশি এনজিও B. দেশি এনজিও
C. আন্তর্জাতিক এনজিও D. প্রাদেশিক এনজিও
**B**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. ব্যবসায়ে সহায়ক সেবা সাধারণত ক'ধরনের হয়ে থাকে?
A. 2 B. 3
C. 4 D. 5
**B**

02. SME-এর পূর্ণরূপ কী?
A. Small and medium entrance
B. Small and medium enterprises
C. Small and media enterprise
D. Small and micro enterprise
**B**

03. বাংলাদেশে সবচেয়ে পুরানো এনজিও কোনটি?
A. ব্র্যাক B. TMSS
C. বিজিএমইএ D. প্রশিকা
**A**

04. WTO-এর পূর্ব নাম কী?
A. GATT B. EU
C. GAFF D. ASEAN
**A**

05. জনাব মামুন এমবিএ পাস করে নতুন ব্যবসায় শুরু" করার কথা ভাবছে। তার উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে প্রথমত কোন ধরনের সহায়তার প্রয়োজন?
A. অংশগ্রহণ মূলক B. উদ্দীপনা মূলক
C. সমর্থনমূলক D. সংরক্ষণমূলক
**B**

06. ১৯৭৭ সালে মাত্র ১৯ জন পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক মিলে নিচের কোন সংগঠনটি গড়ে তোলে?
A. বিবিএমইএ B. মাইডাস
C. বিজিএমইএ D. ডিসিসিআই
**C**

07. NGO শব্দ সংক্ষেপের পুরো অর্থ কী?
A. National Govt. office
B. Non-Govt. Office
C. National Govt. Organization
D. Non-government Organization
**D**

08. সবচেয়ে বড় ও সফল আঞ্চলিক অর্থনৈতিক জোট কোনটি?
A. EU B. ASEAN
C. BIMSTEC D. G-8
**A**

09. সম্ভাব্য উদ্যোক্তাকে উৎসাহ ও তথ্য প্রদান কোন ধরনের সেবা?
A. সমর্থনমূলক B. সংরক্ষণমূলক
C. উদ্দীপনামূলক D. উন্নয়নমূলক
**C**

10. আশা এনজিও কত সালে প্রতিষ্ঠিত হয়?
A. 1978 B. 1980
C. 1982 D. 1985
**A**

11. রপ্তানি উন্নয়ন ও উত্তরোত্তর বৃদ্ধির লক্ষ্যে কোন প্রতিষ্ঠার কাজ করবে?
A. বিনিয়োগ বোর্ড B. রপ্তানি উন্নয়ন ব্যুরো
C. আমদানি রপ্তানি বিভাগ D. স্থানীয় সরকার
**B**

12. রপ্তানিমুখী শিল্পে উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করার পূর্বে কার অনুমতি নিতে হয়?
A. এফবিইসিসি-এর B. চেম্বর অফ কমার্সের
C. রপ্তানি উন্নয়ন ব্যুরোর D. স্থানীয় সরকার
**C**

13. ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্প্রসারণে বিশেষায়িত সরকারি প্রতিষ্ঠান কোনটি?
A. ইপসিক B. বিসিক
C. বিডিবিএল D. বাণিজ্যিক ব্যাংক
**B**

14. নিচের কোনটি ব্যবসায়ের আর্থিক সহায়ক সেবা?
A. নগদ ঋণ B. দরকষাকষিতে সহায়তা
C. নিবন্ধন প্রাপ্তিতে সহায়তা D. নতুন বাজার সৃষ্টি
**A**

CamScanner

অধ্যায় ১০

# ব্যবসায় উদ্যোগ

প্রথম পত্র

ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক ১

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

**উদ্যোগের ধারণাঃ**

উদ্যোগের সাথে নতুন চিন্তা, নতুন কিছু করার বিষয় জড়িত। যা প্রয়োজন কিন্তু নেই, যা নতুন করে শুরু করলে তা ব্যক্তি বা পরিবারের জন্য, দেশ ও দশের জন্য, ব্যবসায়ের জন্য মঙ্গলকর হবে- এমন কিছু করার প্রচেষ্টা উদ্যোগ হিসেবে বিবেচিত। উদ্যোগের সাথে ইতিবাচক কিছু করার সম্পর্ক বিদ্যমান। তাই উদ্যোক্তার ধারণা ব্যাপক বিস্তৃত।

**ব্যবসায় উদ্যোগঃ**

নতুন পণ্য, সেবা বা পদ্ধতি সামনে রেখে নতুন ব্যবসায় গঠন করাই হল ব্যবসায় উদ্যোগ। কোন নতুন চিন্তা মাথায় রেখে যখন কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ তা বাস্তবায়নে প্রয়াস নেন তখন সেই প্রয়াসকে বলা হয় উদ্যোগ। নতুন কোন বিষয়ে যিনি এগিয়ে আসেন তাকে বলা হয়- উদ্যোক্তা।

**উদ্যোক্তা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যঃ**

- নতুন কোন বিষয়ে যিনি এগিয়ে যান তাকেই উদ্যোক্তা বলে।
- ব্যবসায় গঠনের প্রথম ও প্রধান উপাদান হলো– উদ্যোক্তা।
- ব্যবসায় প্রতিষ্ঠানের সমুদয় ঝুঁকি গ্রহণ করে– উদ্যোক্তা।
- ব্যবসায়ের সফলতা নির্ভর করে– দক্ষ উদ্যোক্তার উপর।
- উদ্যোক্তার প্রধান কাজ হলো– ব্যবসায়কে সংগঠিত করা।

## উদ্যোগ ধারণার ক্রমবিকাশ

**প্রাচীন যুগ:**

- কামার, কুমার, তাঁতী প্রভৃতি সম্প্রদায় উদ্ভব হয়। এগুলো উদ্যোগের একেকটি ফসল।
- মুদ্রা ব্যবস্থার প্রচলন হয় এবং এরপর একে একে ব্যবসায় সংগঠন গড়ে ওঠার সাথে সাথে ব্যবসায় উদ্যোগ বিস্তৃতি লাভ করে।

**মধ্য যুগ:**

- একাদশ ও দ্বাদশ শতকে ইটালিতে ব্যবসায়ের উৎপাদনের পদ্ধতিগত পরিবর্তন সাধিত হয়।
- বন্দর কেন্দ্রিক ব্যবসায় এবং ব্যাংক প্রতিষ্ঠিত হয়।
- বৈদেশিক বাণিজ্য সম্প্রসারিত হয়।

**আধুনিক যুগ:**

- ১৭২৫ সালে রিচার্ড ক্যানটিলন (Richard Cantillon) সর্বপ্রথম Entrepreneur শব্দটি শিল্পোদ্যোগ বুঝাতে ব্যবহার করেন।
- Richard Cantillon কে শিল্পোদ্যোগ পদবাচ্যের প্রতিষ্ঠাতা বলা হয় এবং সর্বপ্রথম সাধারণ ব্যবসায় থেকে শিল্পোদ্যোগকে আলাদা করেন।
- ১৮৩৫ সালে S.P Newman যে কোন ব্যবসায়ের জন্য ভালো উদ্যোক্তার কথা বলেন।

## সফল উদ্যোক্তা

- ভারতের টাটা কোম্পানির প্রতিষ্ঠাতা জামশেদ টাটা, KFC এর প্রতিষ্ঠাতা Harland Sanders, Wal-Mart এর প্রতিষ্ঠাতা স্যাম ওয়াল্টন বিশ্বসেরা উদ্যোক্তাদের মধ্যে অন্যতম।
- বাংলাদেশে জহুরুল ইসলাম, আকিজ মিয়া, স্যামসন এইচ.চৌধুরীর মতো উদ্যোক্তাগণ সফল উদ্যোক্তার উদাহরণ।

**সফল উদ্যোক্তার গুণাবলি:**

| | | |
|---|---|---|
| ১. সৃজনশীল মানসিকতা | ২. সাফল্যার্জনের স্পৃহা | ৩. দূরদৃষ্টি বা প্রজ্ঞা |
| ৪. সাহস ও বুদ্ধিমত্তা | ৫. ধৈর্য | ৬. ঝুঁকি গ্রহণের মানসিকতা |
| ৭. সিদ্ধান্ত গ্রহণের সামর্থ্য | ৮. নিষ্ঠা ও আন্তরিকতা | ৯. যোগাযোগ দক্ষতা |

## জাতীয় পর্যায়ে সফল উদ্যোক্তা

**রণদা প্রসাদ সাহা (আর.পি.সাহা):**

- ১৮৯৬ সালে ঢাকার সাভারের উপকণ্ঠে কাছুর পল্লীতে মাতুতালয়ে জন্ম।
- পিতা: দেবেন্দ্র পোদ্দার; ছোট ব্যবসায়ী।
- মাতা: কুমুদিনী দেবী।
- ১৯১৪ সালে ১ম বিশ্বযুদ্ধের সময় বাড়ি থেকে পালিয়ে বেঙ্গল অ্যাম্বুলেন্স কোরে পুরুষ নার্স হিসেবে নিযুক্ত হন।
- ইংরেজরা তাকে রেলের টিকেট কালেকটরের চাকরি দেয় ১৯৩২ সালে।

- এক মামলায় তিনি চাকরি হারান।
- চাকরি হারিয়ে কয়লার ব্যবসায় শুরু করেন।
- অন্যান্য ব্যবসায়ের সাংগঠনিক দুর্বলতার সুবাদে তিনি যথাক্রমে লঞ্চ ও ডকইয়ার্ড এর ব্যবসায় নিজের করে নেন।
- পরবর্তীতে অংশীদারদের অর্থ পরিশোধ করে কোম্পানিটি নিজের করে নেন।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সরকার কর্তৃক চাল সংগ্রহকারী হিসেবে নিযুক্ত হন। চালের দাম বৃদ্ধি পাওয়ায় তিনি অভাবনীয় মুনাফা অর্জনে সক্ষম হন।
- দ্বিতীয় কন্যা জয়া (পরে মিসেস জয়াপত্রি) কে উচ্চ শিক্ষার জন্য বৃটেন পাঠান।
- ১৯৪৪ সালে রণদা সাহা মির্জাপুরের তুতুড়ে খালে একটি পঞ্চাশ বেডের হাসপাতাল এবং একটি দাতব্য ডিসপেন্সারি স্থাপন করেন।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষ দিকে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট গঠন করেন।
- মানিকগঞ্জের বিখ্যাত দেবেন্দ্র কলেজটি তাঁর প্রতিষ্ঠিত।
- কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের আয় হতে কুমুদিনী হাসপাতাল, ভারতেশ্বরী হোমস, কুমুদিনী হাসপাতালের স্কুল অব নার্সিং, কুমুদিনী কলেজ, এসকে হাই স্কুল পরিচালিত হয়।
- ১৯৭১ সালের ৭ মে যুদ্ধের সময় পাকিস্তানি সেনারা তাঁকে ও তাঁর কনিষ্ঠ পুত্র ভবানী সাহাকে তুলে নিয়ে যায়। পরে আর তাঁদের সন্ধান মেলেনি।

■ ড. হুসনে আরা বেগম

- দেশের সবচেয়ে বড় মহিলা উন্নয়ন সংগঠন TMSS (ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ) এর নির্বাহী পরিচালক।
- ১৯৫৩ সালের ১ ডিসেম্বর বগুড়া জেলার ঠেঙ্গামারা গ্রামে জন্মগ্রহণ করেন।
- ১৯৭৫ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে এম.এস.সি পড়ে ওয়াশিংটন ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ে ব্যবসায় প্রশাসনে পি.এইচ.ডি ডিগ্রি লাভ করেন।
- তাঁর কোর্স বিষয়ের নাম ছিল Gender equity & equality তে TMSS (NGO) এর ভূমিকা।
- ১৯৮৫-১৯৯১ পর্যন্ত TMSS-এর সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করেন।
- ১৯৯২ সালে TMSS এর প্রতিষ্ঠাতা পরিচালক হন।
- TMSS ২০ ধরণের ক্ষুদ্র ঋণ সেবা দেয়।
- ১৯৬৬-১৯৭২ পর্যন্ত আল আমিন সমিতির চেয়ারপার্সন ছিলেন।
- রেড ক্রিসেন্ট সোসাইটির আজীবন সদস্য, PKSF (পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন) এর সদস্য, আনসার ভিডিপি ব্যাংকের পরিচালক সদস্য, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (BARI) গভর্নিং বডির সদস্য।
- ১৯৮৬ ও ১৯৮৮ সালে গ্রামীণ মহিলা সংগঠন ও নেতৃত্ব পুরস্কার, ১৯৯৩ ও ১৯৯৭ সালে প্রধানমন্ত্রীর জাতীয় জনসংখ্যা পুরস্কার, ১৯৯৮ সালে প্রধানমন্ত্রীর বনায়ন পুরস্কার, ২০০৫ সালে জাতীয় মৎস্যপক্ষ স্বর্ণপদক ২০০৫-এ PKSF এর Best Partner Award, ২০০৭ এ Best Award for National Forestry ২০০৭ এবং ২০০৯-এ বেগম রোকেয়া পুরস্কার ২০০৭ লাভ করেন।

## রিয়েল টেস্ট — বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

**01. উদ্যোক্তার সামাজিক বৈশিষ্ট্য কোনটি?** [NU- Business: 2006-07]
A. ক্ষমতা B. নেতৃত্ব
C. সরলতা D. পেশাগত অভিজ্ঞতা — Ⓑ

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

**01. কোনো নতুন চিন্তা মাথায় রেখে যখন কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ তা বাস্তবায়নে প্রয়াস নেন তখন সেই প্রয়াসকে কী বলা হয়?**
A. উদ্যোগ B. আবিষ্কার
C. ব্যবসায় D. চ্যালেঞ্জ গ্রহণ — Ⓐ

**02. একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সমুদয় ঝুঁকি গ্রহণ করে কে?**
A. ক্রেতা B. বিক্রয়কর্মী
C. উদ্যোক্তা D. সদস্যগণ — Ⓒ

**03. কোনটি ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্য?**
A. সৃজনশীল চিন্তা করা B. পণ্য বা সেবা উৎপাদন
C. ব্যবসায় পরিচালনা করা D. উপরের সবগুলো — Ⓓ

**04. নিচের কে TMSS নির্বাহী পরিচালক ছিলেন?**
A. রণদা প্রসাদ সাহা B. ড. হুসনে আরা বেগম
C. মুনীর চৌধুরী D. জহুরুল ইসলাম — ⒷⒹ

**05. শিল্পোদ্যোগ বা ব্যবসায় উদ্যোগ পদবাচ্যের প্রতিষ্ঠাতা কে?**
A. মাইকেল ক্লার্ক B. জোসেফ এ সুমপিটার
C. রিচার্ড ক্যানটিলন D. এস পি নিউম্যান — Ⓒ

**06. উদ্যোক্তা কে?**
A. যে ব্যবসায় পরিচালনা করে B. যিনি ব্যবসায় প্রতিষ্ঠান গঠন করে — Ⓑ
C. যিনি ব্যবসায়ে পুঁজি সরবরাহ করে D. যে বাজার সম্পর্কে তথ্য সংগ্রহ করে

**07. নারী শিক্ষার অনন্য বিদ্যাপিঠ 'ভারতেশ্বরী হোমস'- এর প্রতিষ্ঠাতা কে?**
A. ড. মুহম্মদ ইউনূস B. ড.হোসনে আরা বেগম
C. রনদা প্রসাদ সাহা D. মিসেস আনোয়ারা বেগম — Ⓒ

**08. রনদা প্রসাদ সাহা সর্বপ্রথম কোন ব্যবসায় শুরু করেন?**
A. লঞ্চ B. পাট
C. কয়লা D. ডকইয়ার্ড — Ⓒ

**09. কে উদ্যোগ ধারণায় নতুন আবিষ্কারকে সংযুক্ত করেন?**
A. পিটার এফ.ড্রাকার B. এ্যাডাম স্মিথ
C. জোসেফ এ. সুম্পিটার D. ডেভিড ম্যাকলেল্যান্ড — Ⓒ

**10. ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশ কোনটি?**
A. রাজনৈতিক অস্থিরতা B. সম্পদের অসম বন্টন
C. উন্নত যোগাযোগ ব্যবস্থা D. জনসংখ্যা বৃদ্ধি প্রবণতা — Ⓒ

**11. নিম্নের কোন বৈশিষ্ট্যের অনুপস্থিতি উদ্যোগ উন্নয়নে বাধা সৃষ্টি করে?**
A. শিক্ষাগত যোগ্যতা B. পারিবারিক স্বচ্ছলতা
C. আত্মবিশ্বাস D. সম্মানবোধ — Ⓒ

**12. কিসের উৎপত্তি প্রাচীনকালে ব্যবসায় উদ্যোগ ধারণাকে এগিয়ে দিয়েছে?**
A. বাজারের উৎপত্তি B. বিনিময়ের মাধ্যমে উৎপত্তি — Ⓑ
C. ব্যবসায়ী শ্রেণির উৎপত্তি D. ব্যবসায়ী সংঘের উৎপত্তি



CamScanner

13. ব্যবসায় উদ্যোগ ধারণার ক্রমবিকাশের কোন পর্যায়ে একদেশ থেকে অন্যদেশে মাল নিয়ে বণিক সম্প্রদায় বেচাকেনা শুরু করে?
A. প্রাচীন যুগ
B. মধ্যযুগ
C. শিল্প বিপ্লব যুগ
D. আধুনিক যুগ
Ⓑ

14. ব্যবসায় উদ্যোগ ধারণার ক্রমবিকাশের ও আধুনিক যুগের গোড়াপত্তনে কোন প্রভাবন ভূমিকা রাখে?
A. যান্ত্রিক শক্তির
B. বিদ্যুত শক্তির
C. উন্নত প্রযুক্তির
D. রাষ্ট্রীয় যন্ত্রের
Ⓐ

15. নিচের কোনটি ব্যবসায় উদ্যোগ বৈশিষ্ট্য বহির্ভূত?
A. মুনাফা অর্জন সংশ্লিষ্ট
B. ঝুঁকি বণ্টন সংশ্লিষ্ট
C. ঝুঁকির আধিক্য
D. নতুন ধারণা সম্পৃক্ত

16. একজন সফল উদ্যোক্তার গুণাবলি কোনটি ?
A. সৃজনশীল মানসিকতা
B. আবেগ প্রবণতা
C. পরনির্ভরশীলতা
D. মেজাজের ভারসাম্যতা
Ⓐ

17. নিচের কোনটি ব্যবসায় উদ্যোগের অর্থনৈতিক গুরুত্বের মধ্যে পড়ে ?
A. চাহিদা অনুযায়ী পণ্য ও সেবা প্রাপ্তি
B. বেকার সমস্যার সমাধান
C. উৎপাদন বৃদ্ধি
D. উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি
Ⓒ

17. নিচের কোনটি ব্যবসায় উদ্যোগের সামাজিক গুরুত্বের মধ্যে পড়ে?
A. ব্যবসায়ের উন্নয়ন
B. ব্যবসায়ের সম্প্রসারণ
C. সম্পদের সদ্ব্যবহার
D. আশাবাদ সৃষ্টি
Ⓓ

18. SME ঋণ বিতরণে বাংলাদেশ ব্যাংক কাদের অগ্রাধিকার দেয় ?
A. ক্ষুদ্র উদ্যোক্তাদের
B. নারী উদ্যোক্তাদের
C. নতুন উদ্যোক্তাদের
D. সৃজনশীল উদ্যোক্তাদের
Ⓑ

19. নিচের কোনটি শুধুই আত্মকর্মসংস্থান, ব্যবসায় উদ্যোগ নয়?
A. ভাড়া নিয়ে ট্যাক্সিক্যাব চালানো
B. গাড়ি মেরামত কারখানা প্রতিষ্ঠা
C. টেইলারিং শপ গঠন ও পরিচালনা
D. হস্তজাত সামগ্রী কিনে বিক্রয়
Ⓐ

## PRIME TEST

01. যে কোন কর্মপ্রচেষ্টাকে কী বলা হয়?
Ⓐ উদ্যোগ
Ⓑ কাজ
Ⓒ উৎসাহ
Ⓓ লক্ষ্য

02. নিচের কোনটি ব্যবসায় উদ্যোগ?
Ⓐ শখের নাট্যক্লাব গঠন
Ⓑ দাতব্য প্রতিষ্ঠান চালানো
Ⓒ কতকগুলো রিকশা কিনে ভাড়া দেয়া
Ⓓ নিজ জমিতে ধান চাষ করা

03. সাধারণ ব্যবসায়ী থেকে উদ্যোক্তার ধারণা পার্থক্যের মূখ্য কারণ কোনটি?
Ⓐ উদ্যোক্তা বড় বিনিয়োগ করে থাকেন
Ⓑ তিনি অত্যন্ত সাহসী হয়ে থাকেন
Ⓒ তিনি ঝুঁকিকে সহজে গ্রহণ করেন
Ⓓ তিনি ব্যবসায় ক্ষেত্রে নতুনত্ব প্রবর্তন করেন

04. বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নের প্রধান সমস্যা কোনটি?
Ⓐ বাজারের অভাব
Ⓑ জনবলের অভাব
Ⓒ মূলধনের অভাব
Ⓓ সরকারের আগ্রহের অভাব

05. নিচের কোনটি ব্যবসায় উদ্যোগ?
Ⓐ পাঠাগার প্রতিষ্ঠা
Ⓑ বাড়ির আশেপাশে বৃক্ষরোপণ
Ⓒ খেলনা তৈরি করে বিক্রি
Ⓓ ক্রিকেট খেলার আয়োজন

06. ড. হুসনে আরা বেগম কোন এনজিও প্রতিষ্ঠানের সাথে সম্পর্কিত?
Ⓐ TMSS
Ⓑ ব্রাক
Ⓒ আশা
Ⓓ প্রশিকা

07. ঝুঁকি আছে জেনেও যিনি মুনাফার আশায় নতুন কোনো কাজে হাত দিয়েছে। তার এ কাজকে কী বলে?
Ⓐ উদ্যোগ
Ⓑ উদ্যোক্তা
Ⓒ ব্যবসায়
Ⓓ ঝুঁকি গ্রহণ

08. কৃতিত্বার্জন চাহিদা বলতে নিচের কোন ধরনের চাহিদাকে বুঝায়?
Ⓐ মুনাফা অর্জনের চাহিদা
Ⓑ সাফল্য অর্জনের চাহিদা
Ⓒ পদোন্নতি লাভের চাহিদা
Ⓓ সামর্থ্য অর্জনের চাহিদা

09. একজন ব্যবস্থাপক থেকে উদ্যোক্তা ভিন্নতর। এর কারণ কোনটি?
Ⓐ উদ্যোক্তা ঝুঁকি গ্রহণ করে
Ⓑ উদ্যোক্তা ব্যবসায় পরিচালনায় অংশ নেয়
Ⓒ উদ্যোক্তা সিদ্ধান্ত গ্রহণ করে
Ⓓ উদ্যোক্তা একজন নেতা

10. উদ্যোক্তার ঝুঁকি বেশি থাকে। এর কারণ কোনটি?
Ⓐ তার আবেগ বেশি থাকে
Ⓑ নতুন কর্মক্ষেত্রে পূর্ব ধারণা কম থাকে
Ⓒ তাকে কেউ সহযোগিতা করতে চায় না
Ⓓ তাকে অনেক পরিশ্রম করতে হয়

11. উদ্যোক্তা বলতে কি বোঝায়?
Ⓐ শিল্পে নিয়োজিত নির্বাহী কর্মকর্তা
Ⓑ যিনি ব্যবসায়ের গুরুত্ব উদ্যোগ গ্রহণ করেন
Ⓒ ব্যবসায়ের নিয়োজিত পরিচালকগণ
Ⓓ ব্যবসায়ের মুনাফা ভোগকারীগণ

12. একজন উদ্যোক্তার প্রধান কাজ কোনটি?
Ⓐ অর্থসংস্থান
Ⓑ ঝুঁকি গ্রহণ
Ⓒ বিনিয়োগ
Ⓓ উদ্যোগ গ্রহণ

13. আত্মকর্মসংস্থান পেশার মূল বৈশিষ্ট্য কোনটি?
Ⓐ সৃজনশীলতা
Ⓑ সামাজিকা সচেতনতা
Ⓒ স্বাধীনজীবিকা
Ⓓ বহুমুখী আগ্রহ

14. যে কোনো কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে?
Ⓐ ব্যবসায়
Ⓑ উদ্যোগ
Ⓒ উদ্যোক্তা
Ⓓ ব্যবসায় উদ্যোক্তা

15. TMSS-এর সম্পূর্ণ রূপ কি?
Ⓐ ঠেঙ্গামারা মহিলা সম্প্রদায় সংঘ
Ⓑ ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ
Ⓒ ঠেঙ্গামারা মহিলা সম্প্রদায় সমিতি
Ⓓ ঠেঙ্গামারা মহিলা সোনালি সংঘ

16. নিম্নের কোনটি বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নের পথে বাঁধাস্বরূপ?
Ⓐ উদ্ভাবনী শক্তির অভাব
Ⓑ রাজনৈতিক স্থিতিশীলতার অভাব
Ⓒ ঝুঁকি গ্রহণের মানসিকতার অভাব
Ⓓ সাংগঠনিক ক্ষমতার অভাব

17. উদ্যোক্তার ইংরেজি Entrepreneur শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ জার্মানি
Ⓑ ফরাসি
Ⓒ ইংরেজি
Ⓓ হিন্দি

18. উদ্যোক্তার কাছে পণ্যের কোনটি অনিশ্চিত?
Ⓐ বিক্রয়মূল্য
Ⓑ মোট ব্যয়
Ⓒ উৎপাদন
Ⓓ ক্রয়মূল্য

19. রনদা প্রসাদ সাহার পৈতৃক নিবাস কোথায় ছিল?
Ⓐ নারায়ণগঞ্জ
Ⓑ ঢাকা
Ⓒ টাঙ্গাইল
Ⓓ কিশোরগঞ্জ

20. একজন সফল উদ্যোক্তার গুণাবলি কোনটি?
Ⓐ আবেগ প্রবণতা
Ⓑ সৃজনশীল মানসিকতা
Ⓒ পরনির্ভরশীলতা
Ⓓ মেজাজের ভারসাম্যতা

## Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | A | 02. | C | 03. | D | 04. | C | 05. | C |
| 06. | A | 07 | A | 08. | B | 09. | A | 10. | B |
| 11. | B | 12. | D | 13. | C | 14. | C | 15. | B |
| 16. | B | 17. | B | 18. | A | 19. | C | 20. | B |

# অধ্যায় ১১ ব্যবসায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার

প্রথম পত্র — ব্যবসায় নীতি ও প্রয়োগ

## টপিক ১ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

### ■ ব্যবসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ধারণা:

- তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও বিতরণ সংশ্লিষ্ট আধুনিক কম্পিউটারাইজড ব্যবস্থাকে তথ্য প্রযুক্তি বলে।
- বর্তমানেই-মেইল ও ভয়েস মেইলের মাধ্যমে যোগাযোগ করা যাচ্ছে। চাইলে পৃথিবীর যে কোনো টেলিভিশন চ্যানেল দেখা যাচ্ছে। অডিও কনফারেন্সিং, ভিডিও কনফারেন্সিং করা যাচ্ছে। সমগ্র বিশ্ব একটা বৈশ্বিক গ্রাম (Global village) এ পরিণত হয়েছে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) হলো তথ্য প্রযুক্তি ব্যবস্থার সম্প্রসারিত রূপ। যেখানে উপাত্ত (Data) সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, পরিবর্তন-পরিবর্ধন ইত্যাদির পাশাপাশি ইন্টারনেট নির্ভর যোগাযোগ প্রযুক্তির সাহায্যে পৃথিবীর যে কোনো প্রান্তের যে কোনো মানুষ বা প্রতিষ্ঠানের সাথে দ্রুত তথ্যের আদান-প্রদান ও যোগাযোগ স্থাপন করা যায়।

### ■ ব্যবসায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার:

১. কল-কারখানার ব্যবহার।
২. বিক্রয়ধর্মী প্রতিষ্ঠানে ব্যবহার।
৩. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ব্যবহার।
৪. আমদানি-রপ্তানি বাণিজ্যে ব্যবহার।
৫. পর্যটন শিল্পে ব্যবহার।
৬. দুর্ঘটনা হ্রাসে সহায়তা।
৭. শেয়ার, বিল ও বন্ড বাজারে ব্যবহার।
৮. শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহার।

## অনলাইন ব্যবসা

- একজন ব্যবসায়ী অপর পক্ষের সাথে ইন্টারনেট সংযোগের মাধ্যমে যোগাযোগ করলে তাই অনলাইন ব্যবসায়।
- ইন্টারনেটে শেয়ার, বিল, বন্ড ইত্যাদি ক্রয়-বিক্রয় করা যায়। এক্ষেত্রে ব্রোকারদের অনলাইন মধ্যস্থ ব্যবসায়ী বলে।
- কয়েকটি গুরুত্বপূর্ণ অনলাইন ব্যবসা নিচে তুলে ধরা হলো:
  * অনলাইন মার্কেটিং
  * অনলাইন নিলাম
  * অনলাইন ক্রেতা গোষ্ঠী
  * অনলাইন শপিং
  * অনলাইন আসন সংরক্ষণ
  * অনলাইন অর্থায়ন
  * অনলাইন সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়
  * অনলাইন প্রকাশনা

## ই-ব্যবসায়

- ব্যবসায়িক সকল কার্যক্রমের সহায়তায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োগই ই-বিজনেস।
- ই-কমার্স সহ সকল ডিজিটাল প্রযুক্তি নির্ভর কার্যক্রম এর অন্তর্ভুক্ত।
- এর অন্তর্ভুক্ত বিষয় হল: ইলেকট্রনিক পদ্ধতিতে ফরমায়েশ প্রদান, ক্রয় ও চেইন ব্যবস্থাপনা, গ্রাহক সেবা সুবিধা পরিচালনা, সহযোগী ব্যবসায় অংশীদারদের সহযোগিতা প্রদান।

### ■ ই-বিজনেস বা ই-ব্যবসায় পদ্ধতিসমূহ

১. ব্যবসায় থেকে ব্যবসায় **(Business to Business-B2B)**:- ব্যবসায় প্রতিষ্ঠানসমূহের মাঝে পণ্য ক্রয়-বিক্রয় কাজ হয়।
২. ব্যবসায় থেকে ভোক্তা **(Business to Consumer-B2C)**:-ব্যবসায় প্রতিষ্ঠান থেকে ভোক্তার পণ্য ক্রয় করা। যেমন: amazon.com
৩. ভোক্তা থেকে ব্যবসায় **(Consumer to Business-C2B)**:- এক্ষেত্রে ভোক্তা ব্যবসায়ীর নিকট পণ্য বিক্রয় করে।
৪. ভোক্তা থেকে ভোক্তা **(Consumer to Consumer-C2C)**:- ভোক্তা কোন ভোক্তার নিকট পণ্য বিক্রয় করলে।
৫. ব্যবসায় থেকে সরকার **(Business to Govt-B2G)**:- দেশের চাহিদা পূরণে সরকার ব্যবসায়ীর কাছ থেকে পণ্য ক্রয় করলে।
৬. সরকার থেকে ব্যবসায় **(Govt to Business-G2B)**:- সরকার ব্যবসায়ীর সাথে পণ্য বিনিময় চুক্তি করলে। যেমন: গ্যাস, পানি, বিদ্যুৎ ইত্যাদি।
৭. ভোক্তা থেকে সরকার **(Consumer to Govt.-C2G)**:- ভোক্তা সরকারের কাছে পণ্য বিক্রয় করলে। যেমন: কৃষিপণ্য।
৮. সরকার থেকে ভোক্তা **(Govt to Consumer-G2C)**:- সরকার থেকে ভোক্তারা যে সেবা পেয়ে থাকে তার বিনিময়ে যদি অর্থ প্রদান করে। যেমন: গ্যাস, পানি, বিদ্যুৎ।

## ই-কমার্স

- ইন্টারনেট প্রযুক্তিতে কম্পিউটারের মাধ্যমে প্রতিষ্ঠানের বাহ্যিক পক্ষের সাথে পণ্য ক্রয়-বিক্রয় করা হল ই-কমার্স।
- ই-বিজনেস প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ও বাহ্যিক পক্ষের সাথে লেনদেন করে।
- ই-কমার্স ই-বিজনেস-এর একটি গুরুত্বপূর্ণ অংশ।
- লেনদেনের মূল্য পরিশোধে ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম (EPS) ব্যবহৃত হয়।

### ■ ই-কমার্সের অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো:

* ইন্টারনেট মার্কেটিং (Internet Marketing)
* মোবাইল বাণিজ্য (Mobile Commerce)
* ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)



CS CamScanner

- সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট (Supply chain management)
- অনলাইন লেনদেন প্রক্রিয়াকরণ (Online transaction processing)
- ইলেক্ট্রনিক তথ্য বিনিময় (Electronic Data Interchange)
- মজুদ ব্যবস্থাপনা পদ্ধতি (Inventory management system)
- স্বয়ংক্রীয় তথ্য সংগ্রহ ব্যবস্থাপনা (Automated data collection management)

## ই-মার্কেটিং

- ইলেকট্রনিক মিডিয়া ব্যবহার করে দক্ষতার সাথে মার্কেটিং কাজ পরিচালনাই ই-মার্কেটিং। মার্কেটিং হল গ্রাহকদের চাহিদামাফিক পণ্য তাদের নিকট পৌঁছানো ও গ্রাহকদের সন্তুষ্টি অর্জনের পাশাপাশি মুনাফা অর্জন।
- এটি ই-বিজনেস-এর একটি শাখা।
- এর মূল বিষয় হল ব্রান্ডিং (Branding) ও প্রসার (Promotion)।
- স্বল্প খরচে যে কেউ এর মাধ্যমে বিজ্ঞাপন দিতে পারে।
- এর মাধ্যমে ২৪ ঘন্টা মার্কেটিং সুবিধা পাওয়া যায়।
- এটি একটি ওয়ান টু ওয়ান (One to One) মার্কেটিং পদ্ধতি। কারণ এর মাধ্যমে সম্ভাব্য ক্রেতা/ ভোক্তার সাথে প্রত্যক্ষ যোগাযোগ সম্ভব।

**ই-মার্কেটিং এর বিভিন্ন ধরন**

১. প্রদর্শনী বিজ্ঞাপন: ওয়েব ব্যানার বা বগুগের মাধ্যমে বিজ্ঞাপন।
২. Search Engine Marketing (SEM):- সার্চ ইঞ্জিন পেপার ও বিজ্ঞাপনের মাধ্যমে পণ্য-দ্রব্য প্রদর্শন।
৩. Search Engine Optimizer (SEO):- ওয়েব সাইট বা ওয়েব পেজ প্রদর্শনী উন্নত করা।
৪. সোশ্যাল মিডিয়া মার্কেটিং:Facebook এর মতো সোশ্যাল মিডিয়া ব্যবহারের মাধ্যমে।
৫. ই-মেইল মার্কেটিং: ই-মেইল ব্যবহারের মাধ্যমে প্রত্যক্ষভাবে ক্রেতাদের জানানো।
৬. রেফারেন্স মার্কেটিং: ই-মেইল এর মাধ্যমে ক্রেতাদের পণ্য বা সেবার গুণ জানানো।
৭. অ্যাফিলিয়েট মার্কেটিং: পুরস্কার বা প্রতিনিধিত্ব সৃষ্টির মাধ্যমে।
৮. কনটেন্ট মার্কেটিং: গ্রাফিক্স, ব্লগ, ই-বুক ইত্যাদির মাধ্যমে।

## ই-রিটেইলিং

- এটি কোন মধ্যস্থ ব্যবসায়ী ছাড়াই প্রতিষ্ঠান থেকে পণ্য ক্রয়ের সুযোগ প্রদান করে।
- এটি ই-কমার্সের একটি বিশেষ রূপ।
- এটি পণ্য বিক্রয়ের সাথে জড়িত।
- পছন্দের পণ্য কেনার জন্য ইন্টারনেটে মূল্য তালিকাযুক্ত পণ্যগুলো দেখে ফরমায়েশ দেয়া হয় এবং ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ইত্যাদির মাধ্যমে মূল্য পরিশোধ করা হয়।

## ই-ব্যাংকিং

- ই-ব্যাংকিং এর মাধ্যমে অতিদ্রুত, নির্ভুল এবং ব্যাপক বিস্তৃত সেবা দেয়া সম্ভব।
- ১৯৭০ সালে সর্বপ্রথমATM (Automated Teller Machine) চালুর মাধ্যমে বিশ্বে ই-ব্যাংকিং ধারণা প্রবর্তিত হয়।
- ১৯৮১ সালে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম অনলাইন ব্যাংকিং সেবা প্রচলিত হয়।
- ব্যাংকগুলো এখন MICR (Magnetic Ink Character Recognition) চেক চালু করছে যা অটোমেটেড অনলাইন সিস্টেমে নিস্পত্তি হয়।
- ই-ব্যাংকের কিছু সুবিধাসমূহ হল: ATM, ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড, অনলাইন ব্যাংকিং, হোম ব্যাংকিং, বিক্রয় বিন্দু সেবা (POS), স্বয়ংক্রীয় নিকাশঘর সেবা (ACHS), আন্ত:ব্যাংক নিকাশঘর পরিশোধ পদ্ধতি (CHIPS) ইত্যাদি।

**ডেবিট কার্ড:**

- ১৯৭০ সালে কানাডায় সর্বপ্রথম এর ব্যবহার হয়।
- তহবিল থেকে অর্থ উত্তোলন, ফান্ড ট্রান্সফার, হিসাবের ব্যালেন্স জানার এটি ইলেকট্রনিক ব্যবস্থা।
- গ্রাহকের হিসাবে Debit Balance থাকলেই কেবল অর্থ উত্তোলন করা যায়।
- প্রত্যেক গ্রাহকের আলাদা PIN (Personal Identification Number)থাকে।
- এছাড়াও কার্ডে ইস্যুকারী ব্যাংকের লোগো, EMV (Electronic Magnetic Value) চিহ্নযুক্ত হলোগ্রাম, কার্ড নম্বর ইত্যাদি থাকে।
- এ কার্ডের মাধ্যমে ই-রিটেইলিং; ই-টিকেটিং, প্রিমিয়াম, ঋণ, বিল পরিশোধ করা সম্ভব।

**ক্রেডিট কার্ড:**

- এর বিপরীতে ক্রেডিট বা ঋণ সুবিধা দেয়ায় এর নাম ক্রেডিট কার্ড।
- ডেবিট কার্ডের ন্যায় এর দ্বারা ATM থেকে অর্থ উত্তোলন করা যায়।
- ব্যাংক ঋণ গ্রহণে সামর্থ্য আছে এমন ব্যক্তিকে এটি দেয়া হয়।
- একজন ব্যক্তিকে কত টাকা পর্যন্ত Credit Limit বা ঋণ সুবিধা দেওয়া হবে তা নির্দিষ্ট থাকে।



CamScanner

■ মোবাইল ব্যাংকিং:
- এটি একটি শাখাহীন ব্যাংকিং ব্যবস্থা।
- মোবাইল ফোনের মাধ্যমে ব্যাংক হিসাব নেই এমন একজন ব্যক্তিকে স্বল্প ব্যয়ে আর্থিক সুবিধা দেয়া হয়।
- KYC ফরম পূরণ করে মোবাইল ফোনের সাহায্যে একাউন্ট খুলতে হয়।
- এর মাধ্যমে অর্থ স্থানান্তর, মোবাইল রিচার্জ, বেতন ভাতা পরিশোধ, বিল দেওয়া প্রভৃতি কাজ করা যায়।

■ বিভিন্ন ব্যাংকিং সেবা:

| সেবার নাম | প্রথম চালু করে |
|---|---|
| ATM card, MICR, Auto loan, Credit card, Telephone banking | Standard Chartered Bank |
| Ready cash card | Janata Bank |
| Master card | National Bank |
| Electronic cash management product | Citi Bank N.A. |
| Tap 'n pay | Meghna Bank |
| Agent Banking | Bank Asia |
| Mobile Banking (Rocket- 2011 সালে) | Dutch Bangla Bank Ltd. |
| bKash | Brac Bank |
| mCash | Islami Bank Bangladesh Ltd. |
| UCash | United Commercial Bank (UCB) |
| My Cash | Mercantile Bank |
| Ok Mobile Banking | One Bank |

## রিয়েল টেস্ট — বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

**01. চেকের আধুনিক বিকল্প কোনটি?** [NU- Business: 2014-15]
A. ই-মেইল B. ই-ব্যাংকিং
C. এটিএম কার্ড D. অন-লাইন ব্যাংকিং **C**

**02. ই-কমার্স কী?** [NU- Business: 2006-07]
A. ই-মেইলের মাধ্যমে ব্যবসা
B. টেলিফোনের মাধ্যমে ব্যবসা
C. টেলেক্সের মাধ্যমে ব্যবসা
D. বিদেশে বসে ব্যবসা **A**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

**01. ই-রিটেইলিং মূলত কোনটির সাথে জড়িত?**
A. উৎপাদন B. ব্যবস্থাপনা
C. প্রদর্শন D. ক্রয়-বিক্রয় **D**

**02. তথ্য কীসের উপর নির্ভরশীল?**
A. উপাত্ত/ডাটা B. কম্পিউটার
C. রেডিও D. সংবাদপত্র **A**

**03. ICT- এর পূর্ণরূপ কী?**
A. Information Connecting Technology
B. International Communication Technology
C. Information and Communication Technology
D. Information and Communication Theory **C**

**04. ই-রিটেইলিংকে কী নামে ডাকা হয়?**
A. e-shop B. web shop
C. e-store D. All of them **D**

**05. "এক ভোক্তা অন্য ভোক্তার নিকট পণ্য বিক্রয় করে" নিচের কোনটির মাধ্যমে প্রকাশ করা যায়?**
A. B2B B. B2C
C. B2G D. C2C **D**

**06. B2G-এর পূর্ণরূপ কী?**
A. Business to go with B. Business to growth
C. Business to governing D. Business to gonvernment **D**

**07. ই-মার্কেটিং পদ্ধতিতে প্রত্যেক ক্রেতা বা ভোক্তাকে কীভাবে সেবা প্রদান করা হয়?**
A. স্বাধীনভাবে B. সামষ্টিকভাবে
C. সীমিতভাবে D. স্বতন্ত্রভাবে **D**

**08. যেই-মার্কেটিং-এ ক্রেতা ও বিক্রেতার মাঝে সরাসরি সম্পর্ক স্থাপিত হয় তাকে কী বলে?**
A. পরোক্ষ ই-মার্কেটিং B. প্রত্যক্ষ ই-মার্কেটিং
C. অভ্যন্তরীণ ই-মার্কেটিং D. ই-রিটেইলিং **B**

**09. মোবাইল সেন্টার কীভাবে অধিক মাত্রায় বেকারত্ব দূর করে থাকে?**
A. ব্যাংকিং সুবিধা প্রদানের মাধ্যমে B. এজেন্ট নিয়োগের মাধ্যমে
C. কারখানা প্রতিষ্ঠার মাধ্যমে D. Call center প্রতিষ্ঠার মাধ্যমে **B**

**10. কীসের মাধ্যমে ই-ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহক যেকোনো স্থান থেকে ব্যাংকিং সেবা লাভ করতে পারে?**
A. দাগকাটা চেকের মাধ্যমে B. বাহক চেকের মাধ্যমে
C. পাশ বইয়ের মাধ্যমে D. কার্ডের মাধ্যমে **D**

**11. বাংলাদেশে কীভাবে অনলাইন ব্যবসায় শক্তিশালী রূপ লাভ করতে পারে?**
A. ব্যক্তিগত উদ্যোগে B. বিক্রেতাদের উদ্যোগে
C. প্রতিষ্ঠানিক উদ্যোগে D. সরকারি ও বেসরকারি উদ্যোগে **D**

**12. তথ্য ও যোগাযোগ ব্যবস্থা ক্রেতাদের সামগ্রিক চিত্র থেকে কাদের নিকট তথ্য উপস্থাপন করে?**
A. জনগণ B. কর্মী
C. ব্যবস্থাপনা D. সরকার **C**

**13. কোনটি অনলাইন ব্যবসায়ের ধরন বহির্ভূত?**
A. ই-কমার্স B. ই-মার্কেটিং
C. ই-রিটেইলিং D. ই-মেইল **D**



CS CamScanner

14. ই-মার্কেটিং কোন মাধ্যমে ব্যবহার করা হয়?
A. রেডিও B. ইন্টারনেট
C. সংবাদপত্র D. সাইনবোর্ড **B**

15. শুধুমাত্র পণ্যের বিজ্ঞাপনের জন্য অনলাইন ব্যবহারকে কি বলে?
A. ই-ব্যাংকিং B. ই-কমার্স
C. ই-মার্কেটিং D. ই-রিটেইলিং **C**

16. মোবাইল ব্যাংকিং এর প্রধান সুবিধা কী?
A. অর্থ জমা ও গ্রহণ B. দ্রুত লেনদেন
C. প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং D. হিসাবের ব্যালেন্স জানা **C**

17. নিম্নের কোন ব্যাংক বাংলাদেশে সর্বপ্রথম মোবাইল ব্যাংকিং সুবিধা চালু করে?
A. দি সোনালী ব্যাংক লি: B. ব্রাক ব্যাংক
C. ডাচ-বাংলা ব্যাংক লি: D. স্টান্ডার্ড চার্টার্ড ব্যাংক **C**

17. ই-কমার্সের ক্ষেত্রে নিম্নের কোন কাজটি সম্পন্ন হয়?
A. পণ্য সজ্জা B. পণ্যের লিফলেট বিতরণ
C. ব্যক্তিক বিক্রয় D. বিনামূল্যে পণ্য বিতরণ **C**

18. নিম্নের কোনটি ই-ব্যাংকিং এর সুবিধা বহির্ভূত ?
A. সহজ লেনদেন B. সময় সাশ্রয়
C. অধিক সুদ প্রাপ্তি D. ২৪ ঘন্টা ব্যাংকিং **C**

19. শুধুমাত্র ডেবিট কার্ডের ক্ষেত্রে নিম্নের কোনটি প্রয়োজ্য?
A. কেনাকাটার সুযোগ রয়েছে B. বিদ্যুৎ বিল পরিশোধ করা যায়
C. হিসাবে অর্থ জমা থাকতে হয় D. হিসাবের ব্যালেন্স জানা যায় **C**

## PRIME TEST

01. তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ সংশ্লিষ্ট কম্পিউটারাইজড ব্যবস্থাকে কী বলে?
Ⓐ স্যাটেলাইট প্রযুক্তি Ⓑ তথ্য প্রযুক্তি
Ⓒ যোগাযোগ প্রযুক্তি Ⓓ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

02. তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট যন্ত্রপাতি কোনটি?
Ⓐ মডেম Ⓑ টেলিফোন
Ⓒ কম্পিউটার নেটওয়ার্ক Ⓓ সফটওয়্যার

03. তথ্য প্রযুক্তি এবং যোগাযোগ প্রযুক্তি উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হয়?
Ⓐ কম্পিউটার Ⓑ মডেম
Ⓒ সেল্যুলার ফোন Ⓓ ইন্টারনেট

04. কোন ধরনের প্রতিষ্ঠানে ই-রিটেইলিং অধিক ব্যবহৃত হয়?
Ⓐ কল-কারখানায় Ⓑ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে
Ⓒ বিক্রয়ধর্মী প্রতিষ্ঠানে Ⓓ শেয়ার বাজারে

05. কোন ধরনের প্রতিষ্ঠানে ই- টিকেটিং এর অধিক ব্যবহার লক্ষণীয়?
Ⓐ পর্যটন শিল্পে Ⓑ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে
Ⓒ কল-কারখানায় Ⓓ ক্ষুদ্র ও কুটির শিল্পে

06. একজন ক্রেতা যখন খুচরা বিক্রয় প্রতিষ্ঠান থেকে অনলাইনে পণ্য ক্রয় করে তাকে কী বলে?
Ⓐ অনলাইন মার্কেটিং Ⓑ অনলাইন শপিং
Ⓒ অনলাইন নিলাম Ⓓ অনলাইন ক্রেতা গোষ্ঠী

07. গ্রাহক ও ভোক্তা বিবেচনায় ই-রিটেইলিং নিচের কোনটি?
Ⓐ $B_2B$ Ⓑ $B_2C$
Ⓒ $B_2E$ Ⓓ $B_2G$

08. সম্পূর্ণ ভোক্তা সম্পর্কিত ব্যবসায় কোনটি?
Ⓐ ই-কমার্স Ⓑ ই-মার্কেটিং
Ⓒ ই-রিটেইলিং Ⓓ ই-ব্যবসায়

09. নিচের কোনটি বেশি পরিমাণ পণ্য একত্রে ক্রয় করতে ব্যবহৃত হয়?
Ⓐ অনলাইন নিলাম Ⓑ ই-রিটেইলিং
Ⓒ অনলাইন মার্কেটিং Ⓓ অনলাইন শপিং

10. ই-ব্যাংকিং প্রতিদিন কত ঘন্টা গ্রাহকদের সেবা প্রদান করে থাকে?
Ⓐ ৮ ঘন্টা Ⓑ ১২ ঘন্টা
Ⓒ ১৮ ঘন্টা Ⓓ ২৪ ঘন্টা

11. কোন ধরনের পণ্যের ক্ষেত্রে ই-রিটেইলিং অধিক ফলপ্রসু?
Ⓐ ব্রান্ড পণ্য Ⓑ ভোগ্য পণ্য
Ⓒ শিল্প পণ্য Ⓓ সৌখিন পণ্য

12. ঘরে বসে খুচরা পণ্য ক্রয়ের পদ্ধতিটি কী?
Ⓐ ই-মার্কেটিং Ⓑ ই-বিজনেস
Ⓒ ই-কমার্স Ⓓ ই-রিটেইলিং

13. ইলেকট্রনিক পদ্ধতিতে কখন ক্রেতা ও বিক্রেতা উভয়ই ব্যবসায়ী?
Ⓐ $B_2C$ Ⓑ $B_2B$
Ⓒ $B_2G$ Ⓓ $C_2B$

14. $B_2C$-এর পূর্ণরূপ কী?
Ⓐ Business to Creditor Ⓑ Business to client
Ⓒ Business to consumer Ⓓ Business to commerce

15. নিচের কোনটি ই-মার্কেটিং বহির্ভূত?
Ⓐ মার্কেট প্লেস শনাক্তকরণ
Ⓑ গ্রাহকদের সাথে যোগাযোগ প্রতিষ্ঠা
Ⓒ গ্রাহকদের চাহিদা শনাক্তকরণ
Ⓓ অভ্যন্তরীণ বিভিন্ন পক্ষের সাথে যোগাযোগ

16. কার্য পরিসর বিবেচনায় কোনটির পরিধি বৃহত্তর?
Ⓐ ই-বিজনেস Ⓑ ই-কমার্স
Ⓒ ই-রিটেইলিং Ⓓ ই-মার্কেটিং

17. চেকের আধুনিক বিকল্প কোনটি?
Ⓐ ই-মেইল Ⓑ ই-ব্যাংকিং
Ⓒ অনলাইন ব্যাংকিং Ⓓ এ.টি.এম কার্ড

18. ডেবিট কার্ড অপেক্ষা ক্রেডিট কার্ডের অধিক সুবিধা কোনটি?
Ⓐ এটিএম বুথ থেকে টাকা উঠানো
Ⓑ ঋণ সুবিধা লাভ
Ⓒ ২৪ ঘন্টা ব্যাংকিং সুবিধা
Ⓓ ইলেকট্রনিক্স পেমেন্ট প্রদান

19. নিচের কোন ধরনের ব্যবসায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সবচেয়ে বেশি ব্যবহৃত হয়?
Ⓐ লৌহ ও ইস্পাত শিল্পে Ⓑ গার্মেন্টস শিল্পে
Ⓒ ব্যাংক ব্যবসায়ে Ⓓ হোটেল ব্যবসায়ে

20. মোবাইল ও ওয়ারলেস ইত্যাদি কী ধরনের প্রযুক্তি?
Ⓐ টেলিফোন প্রযুক্তি
Ⓑ টেলেক্স প্রযুক্তি
Ⓒ টেকনিক্যাল প্রযুক্তি
Ⓓ টেলিকমিউনিকেশন প্রযুক্তি

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | B | 02. | D | 03. | A | 04. | C | 05. | A |
| 06. | B | 07 | B | 08. | C | 09. | A | 10. | D |
| 11. | A | 12. | D | 13. | B | 14. | C | 15. | D |
| 16. | A | 17. | D | 18. | B | 19. | C | 20. | D |



CS CamScanner

# অধ্যায় ১২ ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা

প্রথম পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

## টপিক ১ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

### ব্যবসায় নৈতিকতা

- ভাল-মন্দ বিচার বিশ্লেষণের মাধ্যমে সঠিক বিষয়টি গ্রহণ করাই হলো- নৈতিকতা।
- ব্যবসায়ের ক্ষেত্রে ভাল-মন্দ বিচার-বিশ্লেষণ করে ভালকে গ্রহণ এবং মন্দকে বর্জন করাই হল ব্যবসায় নৈতিকতা।
- নৈতিকতা বলতে মানুষের চরিত্র, আচার-আচরণ, অভ্যাস বা রীতি-নীতি বোঝায়।
- নৈতিকতা লঙ্ঘন করলে শাস্তি পেতে না হলেও বিবেকের দংশনে দংশিত হতে হয়।
- নৈতিকতার ইংরেজি প্রতিশব্দ হলো- Ethics.
- Ethics শব্দটি এসেছে গ্রিক Ethica শব্দ হতে এবং Ethica শব্দটি এসেছে Ethos শব্দ হতে।

### ব্যবসায় মূল্যবোধ

- মূল্যবোধ হলো মানুষের এমন এক বিশ্বাসবোধ ও মানদন্ড, যার মাধ্যমে কোনো ঘটনা বা অবস্থার ভালো-মন্দ বিচার করা হয়।
- ব্যবসায়ের ক্ষেত্রে ভালো-মন্দ বিবেচনা করে ব্যবসায় পরিচালনা করাকে- ব্যবসায় মূল্যবোধ (Business Values) বলে।
- সমাজ ও রাষ্ট্রের ভিত্তি- মূল্যবোধ।
- মূল্যবোধ কোন সমাজেই লিপিবদ্ধ থাকে না।
- মূল্যবোধ মানুষের আচার-আচরণ নিয়ন্ত্রণের একটি অলিখিত সামাজিক বিধান।

### ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা

- সমাজ থেকে প্রাপ্ত বিভিন্ন সুবিধার বিপরীতে ব্যবসায় এর সংশ্লিষ্ট পক্ষসমূহের কল্যাণের জন্য যে উন্নয়নমূলক কাজ করে তাকে- ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা বলে।
- ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতাকে ইংরেজিতে- Corporate Social Responsibility (CSR) বলা হয়।
- CSR ব্যবসায়িক নৈতিকতা ও মূল্যবোধ বৃদ্ধিতে ভূমিকা রাখে।
- সামাজিক দায়িত্ব আর্থিক ও অনার্থিক উভয় ভাবেই সম্পাদিত হতে পারে।
- ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা সম্পাদনের ফলে ব্যবসায় প্রতিষ্ঠানের প্রতি জনগণের বিশ্বাস বৃদ্ধি পায়।
- ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা ব্যবসায়ের সুনাম বৃদ্ধিতে ব্যাপক ভূমিকা পালন করে।
- ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালন করে প্রতিষ্ঠান কর সুবিধা নিতে পারে।
- কিছু কিছু আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে (যেমন: ব্যাংক) বাংলাদেশ ব্যাংক CSR প্রদান বাধ্যতামূলক করেছে এবং এসব প্রতিষ্ঠানকে বাৎসরিকভাবে বাংলাদেশ ব্যাংকে CSR প্রদানের পরিমাণ জানিয়ে রিপোর্ট দাখিল করতে হয়।
- ব্যবসায়ের বিভিন্ন কাজ ও নীতির ফলে যে সকল পক্ষ উপকৃত বা অপকৃত হয় তারা হল Stakeholder.
- কিছু গুরুত্বপূর্ণ Stakeholder হল: Stockholder, Customers, Bankers, Suppliers, Media, Employees etc.

### সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম

■ **ব্যাংকিং খাত:**

- CSR খাতে ব্যাংকিং সবচেয়ে বেশী অর্থ ব্যয় করে থাকে।
- শিক্ষা, স্বাস্থ্য, খেলাধুলা, দুর্যোগ ব্যবস্থাপনা, নারী উন্নয়ন, প্রতিবন্ধী শিশু ও বিধবা নারীদের সাহায্যসহ বিভিন্ন ক্ষেত্রে ভূমিকা রাখে।
- DBBL-এ ক্ষেত্রে সবচেয়ে এগিয়ে তারা ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালের মাধ্যমে বিভিন্ন সেবা দিচ্ছে। তাছাড়াও ভোটার আইডিসহ পরিবেশ সুরক্ষার কাজ করে যাচ্ছে।

■ **গ্রামীণ ফোন:**

- জনসচেতনতা সৃষ্টি, চক্ষু চিকিৎসা সেবা, বিশুদ্ধ পানি, টেলিফোন, চিকিৎসা, নিরাপদ মাতৃত্ব ও শিশু যত্ন প্রদান, অনলাইন স্কুল সেবা, শিক্ষাবৃত্তি ইত্যাদি কাজ করে।
- ২০০৭ সাল থেকে বিশ্বস্বাস্থ্য সংস্থার সাথে মিলে তারা শিশুদের পোলিও টিকাদান করছে।
- 'সূর্যের হাসি' প্রজেক্টের আওতায় নিরাপদ মাতৃত্ব সেবা দিচ্ছে।

■ **আকিজ গ্রুপ:**

- বাংলাদেশের স্বনামধন্য উদ্যোক্তা মরহুম আকিজ উদ্দিন এর প্রতিষ্ঠান হল আকিজ গ্রুপ।
- আদ-দ্বীন ফাউন্ডেশনের মাধ্যমে বিভিন্ন মেডিকেল ও নার্সিং ইনস্টিটিউট গড়ে তুলেছে।
- এছাড়াও আকিজ ফাউন্ডেশন স্কুল, আকিজ এতিমখানা, শেখ আকিজ উদ্দিন হাই স্কুল, ফিরোজা ফাউন্ডেশন নামে শিক্ষামূলক ও সমাজধর্মী প্রতিষ্ঠান রয়েছে।
- SAF (Shekh Akij Footwar)-এর মাধ্যমে টেলিফোন করলে খুব কম খরচে এ্যাম্বুলেন্স সার্ভিস রয়েছে।

■ **স্কয়ার গ্রুপ:**

- প্রয়াত স্যামসন এইচ চৌধুরী প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠান।
- শ্রমিক অধিকার আইন অনুসরণ, স্বাস্থ্য সচেতনতা সৃষ্টিতে NGO কে আর্থিক সহায়তা প্রদান।
- দুর্নীতিতে Zero Tollerence এর নীতি অনুসরণ।
- তথ্য প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ ইনস্টিটিউট চিকিৎসা ক্যাম্প পাবনার আনন্দ গোবিন্দ পাবলিক লাইব্রেরী পুন:নির্মাণ ও উন্নয়ন ইত্যাদি কাজ করে আসছে।

■ **গেটস ফাউন্ডেশন/ বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন:**

William H. Gates Foundationপ্রতিষ্ঠিত হয় ১৯৯৭ সালে এবং এই ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা William H. Gates Sr.এবং এই ফাউন্ডেশনের সাথে Bill & Melinda Gates Foundation একত্রীকরণ (Merge) করা হয় ২০০০ সালে। এই ফাউন্ডেশনের ৩ জন ট্রাস্টি হলেন- বিল গেটস, মেলিন্দা গেটস ও ওয়ারেন বাফেট। এই ফাউন্ডেশনে ওয়ারেন বাফেট প্রথম দান করে ২০০৬ সালে। এই ফাউন্ডেশন বিভিন্ন খাতে দান করে। যা নিম্নরূপ:-

- ১৯৯৪ সালে মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা যুক্তরাষ্ট্রের বিল গেটস ও তার স্ত্রী মেলিন্ডা গেটস-এর নামে এটি গঠিত।
- ৩ জন ট্রাস্টির অপরজন হলেন প্রখ্যাত শেয়ার ব্যবসায়ী ওয়ারেন বাফেট।
- প্রতি বছর প্রতিষ্ঠানটি সম্পদের কমপক্ষে ৫% দান করে।

### রিয়েল টেস্ট — বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

**01. CSR বলতে কোনটিকে বুঝায়?** [NU- Business: 2014-15]

A. Company Social Responsibility
B. Corporate Social Responsibility
C. Customer Social REsponsibility
D. Community Social Responsibility — **B**

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

**01. নিচের কোনটি ব্যবসায়ে নৈতিকতার মধ্যে পড়ে?**
A. প্রতারণা করা B. খারাপ মানের পণ্য সরবরাহ
C. বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করা D. একচেটিয়া প্রবণতা পরিহার করা — **D**

**02. ব্যবসায় কোন বিষয়ের অন্তর্ভূক্ত?**
A. ভূগোল B. সমাজবিজ্ঞান C. পৌরবিজ্ঞান D. যুক্তবিদ্যা — **B**

**03. বর্তমানে বাংলাদেশে প্রচলিত পরিবেশ সংরক্ষণ আইন কত সালের?**
A. ১৯৮২ B. ১৯৯০ C. ১৯৯৫ D. ২০০৩ — **C**

**04. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতাসম-হকে বলা হয়-**
A. ACR B. BACH C. CSR D. BEFTN — **C**

**05. মূল্যবোধ কী?**
A. দীর্ঘ দিনের ধ্যান ধারণা B. ভালো-মন্দ, উচিত-অনুচিত বোধ
C. ব্যক্তিভেদে মানুষের আচরণ D. মানুষের যে কোনো উপলব্ধি — **B**

**06. একজন মুরগির ব্যবসায়ী মরা মুরগির বেচাকেনা করেন। তার এ বিষয়টি কীসের উদাহরণ?**
A. ব্যবসায়িক কার্যকলাপের B.অনৈতিক কার্যকলাপের
C. নৈতিক কার্যকলাপের D.মুনাফাভোগী কার্যকলাপের — **B**



CamScanner

...নৈতিকতার অংশ হিসেবে নিচের কোনটিকে বিবেচনা করা হয় ?
A. ব্যবসায় দায়িত্ব পালন　　B. সত্য কথা বলা
C. [illegible]　　D. দান করা　　**A**

...কোনটির কারণে ভালো মন্দের পার্থক্য নির্ণয়ে অপারগ হয়?
A. মূল্যবোধ　　B. সততা　　C. সামাজিকতা　　D. নৈতিকতা　　**A**

...অতিরিক্ত লাভের আশায় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে। তার এ কাজ ...এর বিরোধী?
A. ব্যবসায়িক কৌশল　　B. সামাজিক প্রথা
C. ব্যবসায়িক নৈতিকতা　　D. ব্যবসায় নীতি　　**C**

...ব্যবসায়িক নৈতিকতার প্রয়োজনীয়তা অপরিসীম কেন ?
A. সুনামের জন্য　　B. মুনাফা অর্জনের জন্য
C. পুরস্কার পাওয়ার জন্য　　D. সম্পদ সর্বাধিকরণের　　**A**

...সমগ্র জাতি ক্ষতিগ্রস্থ হয় কীভাবে ?
A. ব্যবসায় নৈতিকতা বিবর্জিত হলে　　B. ব্যবসায়ীদের অদক্ষতায়
C. বৈদেশিক বাণিজ্যের অগ্রাসন হলে　　D. ব্যবসায়িক চিন্তাধারার ভিন্নতা　　**A**

...জন্য কল্যাণমূলক কাজকে ব্যবসায় কীসের অংশ হিসেবে গণ্য করে?
A. মূল্যবোধ　　B. নৈতিকতা
C. সামাজিক দায়বদ্ধতা　　D. ব্যবসায়িক কৌশল　　**C**

...বিষয়ের ওপর অপেক্ষাকৃত স্থায়ী ধারণাকে কী বলে ?
A. নৈতিকতা　　B. মনোভাব　　C. মূল্যবোধ　　D. মানদন্ড　　**C**

...ক্ষতিকর পণ্য উৎপাদন ও বিপণন থেকে বিরত থাকা কীসের উদাহরণ?
A. ব্যবসায়িক নৈতিকতার　　B. সামাজিক প্রথা
C. সুনাম অর্জন　　D. ব্যবসায়িক মূল্যবোধ　　**A**

...পণ্য সরবরাহের মাধ্যমে ব্যবসায় সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করে?
A. সরকার　　B. সমাজ　　C. ক্রেতার　　D. কর্মচারী　　**C**

...স্বার্থ রক্ষা করে ব্যবসায় পরিচালনা করা কার লক্ষ্য ?
A. [illegible]　　B. রাষ্ট্রের　　C. কর্মচারীর　　D. ব্যবসায়ীর　　**B**

...শিল্পায়নের সবচেয়ে নেতিবাচক দিক কোনটি?
A. দুর্নীতি　　B. পরিবেশ দূষণ　　C. অর্থপাচার　　D. কোনটিই নয়　　**B**

...ব্যবসায়ীদের সমাজ উন্নয়ন কাজের মূলে রয়েছে কোনটি ?
A. প্রতিযোগিতা মোকাবিলা　　B. মুনাফা অর্জন
C. সামাজিক দায়বদ্ধতা　　D. সরকারের দৃষ্টি আকর্ষণ　　**C**

...পণ্য উৎপাদনে নিয়োজিত শ্রমিকদের কোন ক্ষেত্রে অধিক লক্ষ্য রাখা উচিত?
A. ভোক্তার স্বাস্থ্য　　B. দেশের সুনাম
C. মুনাফার মাত্রা　　D. ভোক্তার আর্থিক অবস্থা　　**A**

...মাটির স্বাভাবিক উর্বরতা রক্ষার জন্য অধিক কার্যকর কোনটি?
A. মিশ্র সার　　B. রাসায়নিক সার　　C. ইউরিয়া সার　　D. প্রাকৃতিক সার　　**D**

## PRIME TEST

01. ...পণ্যের বাজার স্থিতিশীল রেখে ব্যবসায়ীরা কাদের প্রতি সামাজিক দায়িত্ব পালন করে?
Ⓐ পাওনাদার　　Ⓑ স্ব-গোত্রীয় ব্যবসায়ীর
Ⓒ ক্রেতা ও ভোক্তার　　Ⓓ বিনিয়োগকারীদের

02. ...দেশের বন্যা ত্রাণে সহায়তা করা ব্যবসায়ের ক্ষেত্রে কোন ধরনের সামাজিক দায়িত্ব?
Ⓐ কর্মীদের প্রতি　　Ⓑ বিনিয়োগকারীদের প্রতি
Ⓒ মালিকের প্রতি　　Ⓓ সমাজের প্রতি

03. ক্ষতিকর পণ্য উৎপাদন ও বিপণন থেকে বিরত থাকা কীসের অন্তর্ভুক্ত?
Ⓐ ব্যবসায়িক মূল্যবোধ　　Ⓑ ব্যবসায়িক নৈতিকতা
Ⓒ মানবতা আইন　　Ⓓ সামাজিক প্রথা

04. FBCCI-এর সম্পূর্ণ নাম কী?
Ⓐ Feaderation of Bangladesh Chambers of Commerce and Industry
Ⓑ Federation of Bangladesh Commerce, Chamber and Industries
Ⓒ Federation of Bangladesh Commerce, Cartels and Industries
Ⓓ Federation of Bangladesh Cartels of Commerce and Industry

05. ব্যবসায় নৈতিকতা কী?
Ⓐ প্রাতিষ্ঠানিক নীতিমালা অনুসরণ　　Ⓑ মুনাফাকেন্দ্রিক ব্যবসায় কাজ সম্পাদন
Ⓒ ন্যায়নীতি অনুযায়ী ব্যবসায় পরিচালনা　　Ⓓ সামাজিক রীতি অনুযায়ী কার্য সম্পাদন

06. নৈতিকতা শব্দের ইংরেজি কোনটি?
Ⓐ Ethical　　Ⓑ Ethics　　Ⓒ Ethitic　　Ⓓ Ethicus

07. ব্যবসায় সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কি অর্জিত হয়?
Ⓐ অধিক মুনাফা　　Ⓑ একচেটিয়া অধিপত্য
Ⓒ বিক্রয় বৃদ্ধি　　Ⓓ ব্যবসায়িক সুনাম

08. মানুষ সৃষ্টির সেরা জীব কেন?
Ⓐ মানুষের ধৈর্য শক্তি অনেক বেশি　　Ⓑ মানুষ লেখাপড়া শিখতে পারে
Ⓒ মানুষের বিবেক বোধ রয়েছে　　Ⓓ মানুষ প্রকৃতিকে জয় করতে পারে

09. ব্যবসায় মূল্যবোধের পরিচায়ক কোনটি?
Ⓐ দীর্ঘ সময় পণ্য মজুত রাখা　　Ⓑ ন্যায্য মূল্যে পণ্য বিক্রি
Ⓒ কারখানার বর্জ্য পণ্য বিক্রি　　Ⓓ কারখানার বর্জ্য নদীতে ফেলা

10. নিচের কোনটি ব্যবসায়িক নৈতিকতার সাথে সংশ্লিষ্ট?
Ⓐ শ্রমিক ছাঁটাই　　Ⓑ সম্পদ বৃদ্ধি　　Ⓒ দূষণ প্রতিরোধ　　Ⓓ বোনাস প্রদান

11. কোনো এলাকায় দাতব্য চিকিৎসালয় স্থাপন সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন বুঝায়?
Ⓐ সরকার　　Ⓑ সাধারণ জনগণ　　Ⓒ শ্রমিককর্মী　　Ⓓ ক্রেতা ও ভোক্তা

12. রাস্তায় বাসে ভেপু বাজালে কোন ধরনের দূষণ ঘটে?
Ⓐ পানি দূষণ　　Ⓑ বায়ুদূষণ　　Ⓒ শব্দদূষণ　　Ⓓ সামাজিক দূষণ

13. ব্যবসায় জগতে সঠিক পথের দিক-নির্দেশনা হিসেবে কাজ করে কোনটি?
Ⓐ ব্যবসায় সংগঠন　　Ⓑ ব্যবসায় নৈতিকতা
Ⓒ ব্যবসায় আইন　　Ⓓ সামাজিক প্রথা

14. ব্যবসায় নৈতিকতা কী?
Ⓐ মুনাফাকেন্দ্রিক ব্যবসায় কার্য সম্পাদন
Ⓑ ন্যায়-নীতি অনুযায়ী ব্যবসায় পরিচালনা
Ⓒ প্রাতিষ্ঠানিক নীতিমালা অনুসরণ
Ⓓ সামাজিক রীতি অনুযায়ী কার্য সম্পাদন

15. কোনটি ব্যবসায়ের মূল্যবোধ বহির্ভূত?
Ⓐ পণ্যের ওজন ঠিক রাখা　　Ⓑ শ্রমিকের ন্যায্য পারিশ্রমিক প্রদান
Ⓒ ব্যবসায়িক চুক্তি ভঙ্গ করা　　Ⓓ পরিবেশ সচেতন থাকা

16. শিল্প বিপ্লবের পূর্ব পর্যন্ত বিশ্বে ব্যবসায় কার্যক্রমে কোন পক্ষ প্রাধান্য পায়?
Ⓐ শ্রমিক শ্রেণি　　Ⓑ সরবরাহকারী
Ⓒ উৎপাদকগণ　　Ⓓ ভোক্তাগণ

17. নিচের কোন পক্ষের ব্যবসায়িক সামাজিক দায়িত্বের ক্ষেত্রে সর্বোচ্চ প্রাধান্য পাওয়া উচিত?
Ⓐ সরবরাহকারী　　Ⓑ শ্রমিক　　Ⓒ পুঁজিপতি　　Ⓓ রাষ্ট্র

18. পরিবেশ সংরক্ষণ অর্থ কী?
Ⓐ অধিক ক্ষতিকর দ্রব্য আমদানি
Ⓑ উৎপাদন কার্যক্রমে স্বেচ্ছাচারিতা প্রদর্শন
Ⓒ প্রতিষ্ঠানের বর্জ্য যত্রতত্র না ফেলা
Ⓓ পণ্য উৎপাদনে নীতিমালা লঙ্ঘণ

19. নিচের কোনটি ব্যবসায়ের মূল্যবোধের পরিচায়ক?
Ⓐ কারখানা বর্জ্য নদীতে ফেলা　　Ⓑ দীর্ঘসময় পণ্য মজুত রাখা
Ⓒ ন্যায্যমূল্যে পণ্য বিক্রি
Ⓓ উৎপাদনে নিম্নমানের উপাদান ব্যবহার

20. ব্যবসায় প্রতিষ্ঠান কর্তৃক গ্রামাঞ্চলে শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন নিচের কোন বিষয়টির প্রতি গুরুত্বারোপ করে?
Ⓐ নৈতিকতা　　Ⓑ মূল্যবোধ　　Ⓒ সামাজিক দায়বদ্ধতা　　Ⓓ আয় বৃদ্ধি

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | C | 02. | D | 03. | B | 04. | A | 05. | C |
| 06. | B | 07 | D | 08. | C | 09. | B | 10. | C |
| 11. | B | 12. | C | 13. | B | 14. | B | 15. | C |
| 16. | C | 17. | B | 18.. | C | 19. | C | 20. | C |

অধ্যায় ০১

# ব্যবস্থাপনার প্রকৃতি

দ্বিতীয় পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

## টপিক ১ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

■ **ব্যবস্থাপনা:-**

ব্যবস্থাপনা হলো প্রতিষ্ঠানে নিয়োজিত মানবীয় ও অমানবীয় উপকরণাদিকে যথাযথভাবে কাজে লাগিয়ে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জন নিশ্চিত করার একটি কৌশল, যার মধ্যে পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয় ও নিয়ন্ত্রণ কার্যাদি অন্তর্ভুক্ত। অতএব বলা যায়-

- ব্যবস্থাপনা হলো কতগুলো কাজের ধারাবাহিক প্রক্রিয়া।
- এটি নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য গৃহীত পদক্ষেপ।
- প্রাতিষ্ঠানিক সাফল্য অর্জনের মাধ্যমে সম্প্রসারণ নিশ্চিত হয়।
- Management is a part of society- এই উক্তিটি করেছেন P.F.Drucker
- ব্যবস্থাপনার কার্যগুলো পরস্পর সম্পর্কযুক্ত।
- এর মাধ্যমে উপায় উপকরণের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা হয়।
- Management is a true science - এই উক্তিটি করেছেন F.W.Taylor

■ **ব্যবস্থাপনার মৌলিক উপকরণ:**

মৌলিক উপকরণ (৬-এম)

(ক) **মানবিক উপকরণ:** মানুষ (Man and Woman)

(খ) **অমানবিক উপকরণ:**

১. মালামাল (Materials) ২. যন্ত্রপাতি (Machines) ৩. পদ্ধতি (Methods) ৪. অর্থ (Money) ৫. বাজার (Market)

■ **ব্যবস্থাপনার উন্নয়নে ব্যবস্থাপনা বিশারদদের অবদান:**

| নাম | উপাধি | উদ্ভাবন | প্রকাশিত বিখ্যাত গ্রন্থ ও প্রকাশনাকাল | মতবাদ ও অবদান |
|---|---|---|---|---|
| ফ্রেডারিক উইনস্লো টেইলর | বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক | ১. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা<br>২. কার্যভিত্তিক সংগঠন<br>৩. ব্যবস্থাপনার ৪টি নীতি | 1. The Principals of Scientific Management (1911)<br>2. Shop Management (1903) | ১. বৈজ্ঞানিক পদ্ধতিতে শ্রমিক কর্মী নির্বাচন, প্রশিক্ষণ ও উন্নয়ন।<br>২. ব্যবস্থাপনা ও শ্রমিক কর্মীদের মধ্যে সৌন্দর্য্যপূর্ণ সম্পর্ক সৃষ্টি।<br>৩. পার্থক্যমূলক মজুরি প্রথার প্রবর্তন। |
| হেনরি ফেওল | ১. আধুনিক ব্যবস্থাপনার জনক বা ব্যবস্থাপনা তত্ত্বের জনক<br>২. প্রশাসনিক তত্ত্বের জনক | ব্যবস্থাপনার ক্ষেত্রে ১৪টি নীতি | General and Industrial Management (1930) | ১. শিল্পের কার্যাবলিকে ৬ ভাগে ভাগ করেন।<br>২. ব্যবস্থাপনা কার্যাবলিকে ৫ ভাগে ভাগ করেন। |
| রবার্ট ওয়েন | আধুনিক শ্রমিক-কর্মী ব্যবস্থাপনার জনক | - | | অন্যান্য সম্পদের ওপর বিনিয়োগের তুলনায় মানব শক্তি খাতে বিনিয়োগ কয়েকগুণ লাভজনক। |
| অলিভার শেলডন | – | – | The philosophy of Management (1923) | ব্যবস্থাপনার কার্যাবলি "সার্বজনিন" তিনি একথা বিশ্বাস করতেন না। |
| হ্যারিংটন এম্যারসন | – | সামরিক অভিজ্ঞতাকে ব্যবস্থাপনায় ব্যবহারের উপায় | - | আদর্শ সময়মান, আদর্শ ব্যয় মান প্রভৃতির উন্নয়ন সাধন করেন। |
| হেনরি লরেন্স গান্ট | – | ১. টাস্ক ও বোনাস পরিকল্পনা<br>২. গান্ট চার্ট | - | কারখানা ব্যবস্থাপনার মানবিক উপাদানকে সব থেকে গুরুত্বপূর্ণ সমস্যা হিসেবে দেখেন। |
| মেরি পার্কার ফোলেট | – | – | Dynamic Administration (1941) | ১. শিল্প ক্ষেত্রে সৌহার্দ্যপূর্ণ শ্রম ব্যবস্থাপনা সম্পর্কের উপর গুরুত্ব আরোপ।<br>২. ব্যবস্থাপনার মানবিক ও আচরণগত উন্নয়নে অনন্য অবদান। |
| ফ্রাঙ্ক বাংকার গিলব্রেথ | গতি সমীক্ষার জনক (Motion study) | প্রবাহ প্রক্রিয়া চার্ট | – | ১. কারখানার শ্রমিকদের গতি সমীক্ষার ক্ষেত্রে সর্বাধিক অবদান।<br>২. কর্মক্ষেত্রে অমূলক অহেতুক ও নিরর্থক গতি বর্জনের পরামর্শ প্রদান। |
| জর্জ এলটন মেয়ো | – | ১. শিল্পক্ষেত্রে মানবিক সম্পর্কের উপর গুরুত্ব দিয়েছেন।<br>২. 'হথর্ণ তত্ত্ব' উদ্ভাবন | – | ১. মানবিক সম্পর্ক আন্দোলনে সর্বাধিক অবদান।<br>২. যান্ত্রিকীকরণ ও প্রযুক্তিগত উন্নয়নের ফলে শ্রমিকদের বর্ধিত সমস্যাবলির প্রতি গুরুত্ব প্রদান। |
| ডগলাস ম্যাকগ্রেগর | – | X ও Y তত্ত্ব উদ্ভাবন | – | |
| অ্যাডাম স্মিথ | অর্থনীতির জনক | – | The Wealth of Nations (1776) | ব্যবস্থাপনার উৎপাদন সংক্রান্ত বিষয়ে গুরুত্বপূর্ণ অবদান। |
| পি এফ ড্রাকার | Management By Objective (MBO) | – | The Practice of Management | – |
| ম্যাক্স ওয়েবার | | আমলাতান্ত্রিক ব্যবস্থপনার জনক | | |



CamScanner

■ বৈজ্ঞানিক ব্যবস্থাপনা:
বৈজ্ঞানিক অনুসন্ধান ও পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে প্রণীত পরিকল্পনা এবং পূর্ব নির্ধারিত সময় ও নির্দেশনা মোতাবেক প্রত্যেক শ্রমিক-কর্মী কার্য সম্পাদন করছে কিনা তার নিশ্চয়তা বিধান ও কারখানার যাবতীয় ক্ষয়-ক্ষতি ও অপচয় রোধ এবং সর্বাধিক উৎপাদন ও ব্যয়হ্রাসই হলো বৈজ্ঞানিক ব্যবস্থাপনা।

**বৈজ্ঞানিক ব্যবস্থাপনা**

**মানবীয় বা অবস্তুগত দিকসমূহ**
- উপযুক্ত কর্মীসংগ্রহ
- প্রশিক্ষণ দান
- সময় নিরীক্ষা
- গতি নিরীক্ষা
- ক্লান্তি নিরীক্ষা
- পার্থক্যমূলক মজুরি প্রবর্তন
- শ্রমিক-মালিক সম্পর্ক

**অমানবীয় বা বস্তুগত দিকসমূহ**
- উন্নতমানের যন্ত্রপাতি ব্যবহার
- উন্নতমানের কাঁচামাল ব্যবহার
- কার্যভিত্তিক কর্তব্য বণ্টন
- উত্তম কারখানা পরিবেশ সৃষ্টি
- কেন্দ্রীভূত পরিকল্পনা

■ ব্যবস্থাপনার কার্যাবলি:
১. পরিকল্পনা।
২. সংগঠন।
৩. কর্মী সংস্থান।
৪. নেতৃত্ব।
৫. প্রেষণা।
৬. সমন্বয়।
৭. নিয়ন্ত্রণ।

■ বিভিন্ন বিশেষজ্ঞের মতে ব্যবস্থাপনার কাজের শ্রেণিবিভাগ:

| বিশেষজ্ঞের নাম | ব্যবস্থাপনা কার্যাবলি |
|---|---|
| হেনরি ফেওল | পরিকল্পনা, সংগঠন, নির্দেশনা, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ। |
| এল. গুলিক | পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, সমন্বয় সাধন, রিপোর্ট প্রদান ও বাজেট প্রণয়ন। (সংক্ষেপে-POSDC$_O$RB: P = Planning; O = Organising; S= Stuffing; D = Directing; Co = Co-ordinating; R = Reporting; B = Budgeting) |
| ওয়েইরিচ ও কুঞ্জ | পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, নিয়ন্ত্রণ ও সমন্বয় সাধন |

রিয়েল টেস্ট — **বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ**

01. এফ. ডব্লিউ. টেইলর কোন প্রকার ব্যবস্থাপনার পিতা হিসেবে পরিচিত? [NU- Business: 2013-14]
A. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা B. প্রশাসনিক ব্যবস্থাপনা
C. আধুনিক ব্যবস্থাপনা D. কৌশলিক ব্যবস্থাপনা **A**

02. আধুনিক কর্মী ব্যবস্থাপনার প্রবক্তা হলেন- [NU- Business: 2012-13]
A. হেনরি ফেয়ল B. এফ, ডব্লিউ টেলর
C. রবার্ট ওয়েন D. এলটন ম্যাও **C**

03. উদ্দেশ্যভিত্তিক ব্যবস্থাপনা (MBO) ধারণাটি প্রথম প্রবর্তন করেন- [NU- Business: 2008-09]
A. ফেয়ল B. টেইলর C. ড্রাকার D. কুঞ্জ **C**

04. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার প্রবক্তা হলেন- [NU- Business: 2008-09]
A. রবার্ট ওয়েন B. আব্রাহাম মাসলো
C. এফ. ডব্লিউ টেলর D. ম্যাকগ্রেগর **C**

05. আধুনিক ব্যবস্থাপনার উদ্ভাবক কে? [NU- Business: 2007-08]
A. টেইলর B. ফেওল C. রবিনস D. লুথানস **B**

06. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক- [NU- Business: 2006-07]
A. ফ্রেডারিক উইনশ্লো টেলর B. হেনরি ফেওল
C. গিলব্রেথ D. রবার্ট ওয়েন **A**

07. নিচের কোনটি ব্যবস্থাপনা প্রক্রিয়ার উপাদান নয়? [NU- Business: 2005-06]
A. নিয়ন্ত্রণ B. সংগঠন C. পরিকল্পনা D. সহযোগিতা **D**

08. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? [NU- Business: 2004-05]
A. এফ. ডব্লিউ টেলর B. হেনরি ফেওল
C. ম্যাক্স ওয়েবার D. হেনরি ফোর্ড **B**

09. সামাজিক দক্ষতা ব্যবস্থাপনার কোন স্তরে বেশি প্রয়োজন? [NU- Business: 2004-05]
A. উচ্চস্তরে B. মধ্যস্তরে C. নিম্নস্তরে D. সর্বস্তরে **B**

10. ব্যবস্থাপনার স্তর কয়টি? [NU- Business: 2004-05]
A. পাঁচটি B. চারটি C. তিনটি D. দুইটি **C**

11. কোনটি ব্যবস্থাপনার কার্য? [NU- Business: 2002-03]
A. মুনাফা অর্জন B. সংগঠন C. উপযোগ সৃষ্টি D. ঝুঁকি গ্রহণ **B**

12. ব্যবস্থাপনার আধুনিক যুগ শুরু হয়েছে- [NU- Business: 2002-03]
A. ১৮৫০ সাল থেকে B. ১৯০১ সাল থেকে
C. ১৯৫০ সাল থেকে D. ২০০১ সাল থেকে **B**

13. কোনটি ব্যবস্থাপনার কাজ? [NU- Business: 2001-02]
A. পরিকল্পনা B. মুনাফা অর্জন C. উপযোগ সৃষ্টি D. ঝুঁকিগ্রহণ **A**

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন**

01. জনাব মুশফিক প্রতিষ্ঠানের কাজগুলোকে বিভিন্ন ভাগে ভাগ করে প্রতিটি বিভাগের দায়িত্ব কর্তৃত্ব নির্দিষ্ট করলেন। তার সম্পাদিত কাজ ব্যবস্থাপনার কোন কাজের সাথে সম্পর্কীত?
A. পরিকল্পনা B. সংগঠন
C. নির্দেশনা D. নেতৃত্ব **B**

02. জনাব করিম পরিকল্পনা গ্রহণ শেষে সে অনুযায়ী কর্তব্য, কাজ সম্পাদন ও উপকরণাদি যোগাড়ের পর দ্রুত কাজ শুরু করতে চান। এক্ষেত্রে কোন কাজে তাকে নজর দিতে হবে?
A. সংগঠন B. নিয়ন্ত্রণ
C. প্রেষণা D. নির্দেশনা **D**



CamScanner

03. প্রতিযোগি কারখানার শ্রমিক কর্মীদের বেতন বৃদ্ধি পাওয়ায় জনাব রফিকের কারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে। জনাব রফিককে এখন ব্যবস্থাপনার কোন কাজটিতে নজর দিতে হবে?
A. পরিকল্পনা B. নির্দেশনা C. প্রেষণা D. সমন্বয় **C**

04. মি. সুদীপ্ত তিন মাসের পরিকল্পনা নিয়ে কাজ শুরুর পর শেষে এসে দেখেছেন ফলাফলে বিচ্যুতি হয়েছে। তিনি সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের চিন্তা করছেন। অতঃপর ব্যবস্থাপনার কোন কাজের মধ্য দিয়ে চিন্তার বাস্তবায়ন শুরু হবে?
A. সমন্বয় B. নির্দেশনা C. পরিকল্পনা D. কোনটিই নয় **C**

05. হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার নীতি কয়টি?
A. ১০টি B. ১২টি C. ৭টি D. ১৪টি **D**

06. নিচের কোনটি ব্যবস্থাপনার সহায়ক কার্যাবলির অন্তর্ভুক্ত?
A. যোগাযোগ B. নেতৃত্ব C. নিয়ন্ত্রণ D. প্রেষণা **A**

07. ব্যবস্থাপনা কোন ধরনের প্রক্রিয়া?
A. বাহ্যিক B. অভ্যন্তরীণ C. ধারাবাহিক D. অনিয়মিত **C**

08. ডেলটা কোম্পানিতে সকল কর্মীর প্রতি সমান আচরণ ও ন্যায় বিচার করা হয়। এখানে ব্যবস্থাপনার কোন নীতির প্রতিফলন ঘটেছে?
A. শৃঙ্খলা B. সাম্যতা C. নিয়মানুবর্তিতা D. বিকেন্দ্রীকরণ **B**

09. মিলন ইউরো কারখানার একজন সুপারভাইজার। তিনি ব্যবস্থাপনার কোন স্তরে কাজ করেছেন?
A. উচ্চ B. মধ্য C. নিম্ন D. প্রশাসন **C**

10. নিচের কোনটি কর্মীদের মধ্যে সমঝোতা বৃদ্ধির জন্য আবশ্যক?
A. নিয়ন্ত্রণ B. প্রেষণা C. পরিকল্পনা D. সংগঠন **D**

11. উচ্চ ব্যবস্থাপনার স্তরে কে পড়েন?
A. বিভাগীয় ব্যবস্থাপক B. ডেপুটি জেনারেল ম্যানেজার
C. পরিচালক পর্ষদ D. প্ল্যান্ট ম্যানেজার **C**

12. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?
A. এলটন মেয়ো B. রবার্ট ওয়েন
C. এফ ডব্লিউ টেলর D. হেনরি ফেওল **D**

13. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার উদ্ভাবক কে?
A. রবার্ট ওয়েন B. এফ. ডব্লিউ টেলর
C. নিউম্যান D. হেনরি ফেওল **B**

14. নিচের কোনটি ব্যবস্থাপনার সকল কাজের ভিত্তি?
A. সংগঠন B. নেতৃত্ব C. পরিকল্পনা D. নিয়ন্ত্রণ **C**

15. ব্যবস্থাপনার দ্বিতীয় কাজ কোনটি?
A. পরিকল্পনা B. কর্মী সংস্থান C. সংগঠন D. নিয়ন্ত্রণ **C**

16. কে ব্যবস্থাপনার উচ্চ পর্যায়ে পড়ে?
A. ব্যবস্থাপনা পরিচালক B. বিক্রয় ব্যবস্থাপক
C. উৎপাদন ব্যবস্থাপক D. অফিস সহকারী **A**

17. কোনটিকে ব্যবস্থাপনার অবিরাম ও গতিশীল প্রক্রিয়া বলা হয়?
A. কৌশল B. বৈশিষ্ট্য C. চক্র D. নীতি **C**

18. ব্যবস্থাপনার চক্র বলতে ব্যবস্থাপনার কিসের পর্যায়ক্রমিক আবর্তন বুঝায়?
A. উদ্দেশ্যের B. কার্যের C. নীতির D. উপকরণের **B**

19. ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে কোন উপাদানটির পরিচালনা সর্বাধিক জড়িত?
A. পদ্ধতি B. অর্থ C. মানুষ D. যন্ত্রপাতি **C**

20. প্রতিষ্ঠানের মূল চালিকাশক্তি কোনটি?
A. কৌশল B. মূলধন C. স্বেচ্ছাসেবক D. কর্মী **D**

## PRIME TEST

01. ব্যবস্থাপনা সর্বজনীন কে বলেছেন?
Ⓐ সক্রেটিস Ⓑ প্লেটো Ⓒ এরিস্টটল Ⓓ রুশো

02. কোনটি ব্যবস্থাপনার প্রথম কাজ?
Ⓐ কর্মীসংস্থান Ⓑ নিয়ন্ত্রণ Ⓒ সংগঠন Ⓓ পরিকল্পনা

03. কোনটি ব্যবস্থাপনার শেষ কাজ?
Ⓐ নিয়ন্ত্রণ Ⓑ প্রেষণা Ⓒ নির্দেশনা Ⓓ সমন্বয়

04. ব্যবস্থাপনার দ্বিতীয় ও শেষ কাজ কোনটি?
Ⓐ পরিকল্পনা ও সমন্বয় Ⓑ পরিকল্পনা ও নিয়ন্ত্রণ
Ⓒ পরিকল্পনা ও নেতৃত্বদান Ⓓ সংগঠন ও নিয়ন্ত্রণ

05. ব্যবস্থাপনার স্তর কয়টি?
Ⓐ ৫টি Ⓑ ৪টি Ⓒ ৩টি Ⓓ ২টি

06. কোনটি ব্যবস্থাপনার 6M বহির্ভূত?
Ⓐ প্রেষণা Ⓑ মানুষ Ⓒ পদ্ধতি Ⓓ মালামাল

07. প্রতিষ্ঠানে নিয়োজিত ব্যবস্থাপনার মানবীয় উপকরণ কোনটি?
Ⓐ কাঁচামাল Ⓑ জনশক্তি Ⓒ বাজার Ⓓ দক্ষতা

08. নিচের কোনটি সরাসরি ব্যবস্থাপনার কাজ বহির্ভূত?
Ⓐ গবেষণা Ⓑ সংগঠন Ⓒ সমন্বয় Ⓓ নেতৃত্বদান

09. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী কাজ কোনটি?
Ⓐ সমন্বয় Ⓑ পরিকল্পনা Ⓒ নেতৃত্বদান Ⓓ সংগঠন

10. নিচের কোনটি ব্যবস্থাপনার উন্নয়নের ইতিহাসের সবচেয়ে প্রাচীন সভ্যতা?
Ⓐ মিশরীয় Ⓑ চৈনিক
Ⓒ ব্যবিলনীয় Ⓓ গ্রীক

11. ব্যবস্থাপনা সংক্রান্ত নিচের কোন বক্তব্যটি অধিক যুক্তিযুক্ত?
Ⓐ এটি চিন্তন মনন প্রক্রিয়া Ⓑ এটি একটি প্রক্রিয়া
Ⓒ এটি জবাবদিহিতা প্রতিষ্ঠার উপায় Ⓓ এটি প্রণোদনার কৌশল

12. ব্যবস্থাপনা কার্যক্রম সর্বদা নিচের কোন কেন্দ্রিক?
Ⓐ আত্ম Ⓑ কর্ম
Ⓒ লক্ষ্য Ⓓ ব্যবসায়

13. বিশেষায়িত জ্ঞান সম্বলিত কাজ বা বৃত্তিকে কী বলে?
Ⓐ পেশা Ⓑ চাকরি
Ⓒ ক্যারিয়ার Ⓓ গবেষণা

14. কে বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কার করেন?
Ⓐ চার্লস ব্যাবেজ Ⓑ এ্যাডাম স্মীথ
Ⓒ জেমস ওয়াট Ⓓ থমাস মুর

15. ব্যবস্থাপনা বিষয়ে মুসলিম কোন মনিষীর লেখা পাশ্চাত্য জগতে সমাদৃত হয়েছে?
Ⓐ ইমাম গাজ্জালী Ⓑ ইবনে খালেদুন
Ⓒ ইমাম বুখারী Ⓓ ইবনে তাইমিয়া

16. কোন সভ্যতাকালে Code of Hammurabi রচিত হয়েছিল?
Ⓐ গ্রীক Ⓑ রোমান
Ⓒ ব্যবিলনীয় Ⓓ মিশরীয়

17. সর্বপ্রথম কোথায় শিল্প বিপ্লবের সূত্রপাত ঘটে?
Ⓐ বৃটেনে Ⓑ যুক্তরাষ্ট্রে
Ⓒ ফ্রান্সে Ⓓ জার্মানীতে

18. কে নিম্ন পর্যায়ের ব্যবস্থাপক হিসেবে গণ্য?
Ⓐ যন্ত্র প্রকৌশলী Ⓑ এরিয়া ম্যানেজার
Ⓒ ফোরম্যান Ⓓ বিক্রয় ব্যবস্থাপক

19. বিভিন্ন ব্যক্তি, বিভাগ ও উপবিভাগের কাজ একসূত্রে গ্রথিত ও সংযুক্ত করার কাজকে কি বলে?
Ⓐ সংগঠন Ⓑ সমন্বয়
Ⓒ নির্দেশনা Ⓓ নিয়ন্ত্রণ

20. প্রেষণা ব্যবস্থাপনার কোন কাজের সাথে মূলত সম্পর্কীত?
Ⓐ সংগঠন Ⓑ কর্মীসংস্থান
Ⓒ নির্দেশনা Ⓓ নিয়ন্ত্রণ

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | A | 02. | D | 03. | A | 04. | D | 05. | C |
| 06. | A | 07 | B | 08. | A | 09. | B | 10. | A |
| 11. | B | 12. | C | 13. | A | 14. | C | 15. | A |
| 16. | C | 17. | A | 18. | C | 19. | B | 20. | C |



CamScanner

# ব্যবস্থাপনার নীতি

দ্বিতীয় পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

**...পনার নীতিসমূহ:**

...র্মনীষী ব্যবস্থাপনার ক্ষেত্রে বিভিন্ন ধরনের মূলনীতির কথা উল্লেখ করেছেন। হেনরী ফেওল ব্যবস্থাপনার ক্ষেত্রে ১৪টি এবং এফ. ডব্লিউ টেইলর ব্যবস্থাপনার ক্ষেত্রে ...নীতির কথা উল্লেখ করেছেন।

**...রী ফেওল প্রদত্ত ব্যবস্থাপনার ১৪টি নীতিসমূহ:**

| ব্যবস্থাপনার নীতি | বর্ণনা |
|---|---|
| ১. কার্য বিভাজন/ শ্রমবিভাগ | • প্রতিষ্ঠানের কাজকে প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করে প্রত্যেকের দায়িত্ব ও কর্তৃত্ব সুস্পষ্টভাবে নির্দিষ্ট করার নীতিকে- কার্য বিভাজনের নীতি বলে। |
| ২. কর্তৃত্ব ও দায়িত্ব | • প্রতিষ্ঠানে নিয়োজিত কোন কর্মীকে বিশেষ কোন কাজ সম্পাদনের দায়িত্ব অর্পণ করা হলে তা সম্পাদনের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করাকে- কর্তৃত্ব বলা হয়। দায়িত্বের সাথে সামঞ্জস্য রেখে কর্তৃত্ব অর্পণ করতে হয়। |
| ৩. নিয়মানুবর্তিতা | • প্রতিষ্ঠানের জন্য উত্তম নিয়ম-নীতি নির্ধারণ এবং তা মেনে চলার নীতিকে- নিয়মানুবর্তিতার নীতি বলে। |
| ৪. আদেশের ঐক্য | • একজন ব্যক্তির আদেশকর্তা হবেন মাত্র একজন ব্যক্তি এরূপ নীতিকে- আদেশের ঐক্য নীতি বলে। |
| ৫. নির্দেশনার ঐক্য | • উদ্দেশ্য অর্জনের জন্য পূর্ব নির্দেশনার সাথে মিল রেখে পরবর্তী নির্দেশনা প্রদানকে- নির্দেশনার ঐক্য নীতি বলে। |
| ৬. সাধারণ স্বার্থে ব্যক্তিস্বার্থ ত্যাগ | • এই নীতির মূলকথা হলো- প্রতিষ্ঠানের স্বার্থ সবার উপরে। |
| ৭. পারিশ্রমিক | • প্রতিষ্ঠানের প্রতিটা কর্মীর কাজের প্রকৃতি, মেধা, যোগ্যতা ইত্যাদি বিবেচনায় উপযুক্ত বেতন ও সুযোগ-সুবিধা প্রদানের নীতিকে- পারিশ্রমিকের নীতি বলে। |
| ৮. কেন্দ্রীয়করণ | • প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উচ্চ পর্যায়ের ব্যবস্থাপকদের নিকট সংরক্ষণ করে রাখাকে- কেন্দ্রীয়করণবলে।<br>• প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উচ্চ, মধ্য ও নি পর্যায়ের ব্যবস্থাপকসহ সবাই মিলে সিদ্ধান্ত গ্রহণ করা হলে তাকে- বিকেন্দ্রীয়করণ (Decentralization) বলে। |
| ৯. জোড়া মই শিকল | • প্রতিষ্ঠানের উপর থেকে শুরু করে নিচের স্তর পর্যন্ত সাংগঠনিক নিয়মে প্রতিটা ব্যক্তি, বিভাগ ও উপবিভাগকে একে অন্যের সাথে যুক্ত করাকে- জোড়া মই শিকলের নীতি বলে। |
| ১০. শৃঙ্খলা | • যোগ্য ব্যক্তিকে যোগ্য স্থানে এবং সঠিক বস্তুকে সঠিক স্থানে স্থাপনের নীতিকেই- শৃঙ্খলার নীতি বলে। |
| ১১. সাম্য | • অধস্তনদের সবার প্রতি সমান আচরণ প্রদর্শনের নীতিকে- সাম্যের নীতি বলে। |
| ১২. উদ্যোগ | • প্রতিষ্ঠানের সকল পর্যায়ের ব্যবস্থাপকগণ স্ব স্ব কর্মক্ষেত্রে যাতে উদ্যোগী হতে পারে বা নিজের কাজের উন্নয়ন বিষয়ে ভাবতে পারে প্রতিষ্ঠানের পক্ষ থেকে তার সুযোগ সৃষ্টিকে- উদ্যোগের নীতি বলে |
| ১৩. চাকরির স্থায়িত্ব | • চাকরির স্থায়িত্ব নীতির মূল কথা হলো কর্মীদের চাকরির নিশ্চয়তা বিধান করলে কাজের প্রতি তাদের আগ্রহ ও উদ্দীপনা বৃদ্ধি পায়। |
| ১৪. একতাই বল | • প্রতিষ্ঠানের কর্মরত সকল ব্যক্তি, বিভাগ ও উপবিভাগকে ঐক্যবদ্ধ থেকে পারস্পরিক সহযোগিতায় কর্মকান্ড পরিচালনার নীতিকে- একতাই বল নীতি বলে। |

**ব্যবস্থাপনার স্তর:**



■ ব্যবস্থাপনার দক্ষতা:

১. **কারিগরি দক্ষতা (Technical Skill):** কারিগরি দক্ষতা বলতে কার্য সংক্রান্ত জ্ঞানকে (Task related knowledge) বুঝায়। কারিগরি দক্ষতা বাস্তব জ্ঞান ও অভিজ্ঞতার সাথে জড়িত। সাধারণত প্রথম/ নিচ পর্যায়ের ব্যবস্থাপকগণের (First-line manager) এ ধরনের দক্ষতা বেশি ব্যবহার করতে হয়।

২. **আন্ত:ব্যক্তিক দক্ষতা (Interpersonal Skill):** প্রতিষ্ঠানে নিয়োজিত ব্যক্তিবর্গের সাথে ব্যবস্থাপনার যোগাযোগ ও প্রেষণা (Communication & Motivation) দানের দক্ষতাই হলো- আন্ত:ব্যক্তিক দক্ষতা। আন্ত:ব্যক্তিক দক্ষতাকে মানবীয় বা ব্যক্তিক দক্ষতাও বলা হয়।

৩. **ধারণাগত দক্ষতা (Conceptual Skill):** ধারণাগত দক্ষতা বলতে চিন্তার ক্ষমতাকে (Thinking ability) বুঝায়। উচ্চ পর্যায়ের ব্যবস্থাপকের জন্য কল্পনা সংক্রান্ত দক্ষতা গুরুত্বপূর্ণ। দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণে কল্পনা সংক্রান্ত দক্ষতা গুরুত্বপূর্ণ।

৪. **সমস্যা অনুধাবনের দক্ষতা (Diagnostic Skill):** কোনো সমস্যা ও এর প্রকৃতি দ্রুত আঁচ করতে পারার সামর্থ্যকেই সমস্যা অনুধাবনের দক্ষতা বলে। উচ্চ ও মধ্য পর্যায়ের ব্যবস্থাপকদের এরূপ দক্ষতার বেশি দরকার হয়।

## রিয়েল টেস্ট — বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

**01. ব্যবস্থাপনার ১৪টি নীতি কে প্রণয়ন করেছেন?** [NU- Business: 2013-14]
A. টেইলর B. ফেয়ল
C. এডাম স্মিথ D. ম্যাকগ্রেগর **B**

**02. ফেওলের মতে ব্যবস্থাপনার নীতি কয়টি?** [NU- Business: 2009-10]
A. ১০ B. ১১
C. ১২ D. ১৪ **D**

**03. কোনটি ব্যবস্থাপনার নীতি নয়?** [NU- Business: 2009-10]
A. শিক্ষাগত যোগ্যতা B. কার্যবিভাগ
C. পারিশ্রমিক D. শৃঙ্খল **A**

**04. কোন কাজ কীভাবে সম্পাদন করতে হবে এ সম্পর্কিত দক্ষতাকে বলে–** [NU- Business: 2008-09]
A. কারিগরি দক্ষতা B. মানবীয় দক্ষতা
C. সমস্যা অনুধাবনের দক্ষতা D. আন্তঃব্যক্তিক দক্ষতা **A**

**05. ব্যবস্থাপনার চৌদ্দনীতি প্রণয়ন করেন কে?** [NU- Business: 2005-06]
A. এইচ কুঞ্জ B. এপ. ডব্লিউ টেলর
C. অ্যাডাম স্মিথ D. হেনরি ফেওয়ল **D**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

**01. প্রতিষ্ঠানের প্রত্যেকেই যাতে কাজ সঠিকভাবে বুঝে নিয়ে দায়িত্বশীলতার সাথে তা সম্পন্ন করতে পারে এ বিষয়ে ব্যবস্থাপনার কোন নীতি নির্দেশ করেছে?**
A. শৃঙ্খলা B. কার্যবিভাজন
C. আদেশের ঐক্য D. নির্দেশের ঐক্য **B**

**02. হেনরি ফেওল প্রদত্ত সাম্যের নীতি নিচের কোন বিষয়ের সাথে সম্পর্কিত?**
A. শৃঙ্খলা
B. পারস্পরিক শ্রদ্ধা
C. ন্যায়পরায়ণতা
D. পরম সহিষ্ণুতা **C**

**03. জনাব তিলক প্রতিষ্ঠানের মানবীয় ও বস্তুগত সকল উপকরণ যার যেখানে থাকা উচিত তার সেখানে থাকা নিশ্চিত করতে চান। তার এই প্রয়োগ ব্যবস্থাপনার কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ?**
A. জোড়া-মই-শিকল
B. নির্দেশনার ঐক্য
C. শৃঙ্খলা
D. নিয়মানুবর্তিতা **C**

**04. জনাব নিলয় একটা প্রতিষ্ঠানের গণসংযোগ কর্মকর্তা। ব্যবস্থাপনায় তার কোন ধরনের ভূমিকা অধিক গুরুত্বপূর্ণ?**
A. তথ্য সংশ্লিষ্ট B. আন্তঃব্যক্তিক
C. সিদ্ধান্তমূলক D. নেতৃত্বমূলক **B**

**05. জনাব কবীর একটা উৎপাদনধর্মী প্রতিষ্ঠানের মেশিন অপারেটর। তার জন্য নিচের কোন ধরনের দক্ষতা অধিক প্রয়োজনীয়?**
A. কারিগরি B. মানবীয়
C. কল্পনা সংক্রান্ত D. সমস্যা অনুধাবন **A**

**06. মি. রায়হান একটি প্রতিষ্ঠানের মুখ্য নির্বাহী কর্মকর্তা। তার জন্য নিচের কোন ধরনের ভূমিকা অধিক তাৎপর্যপূর্ণ?**
A. আন্তঃব্যক্তিক B. তথ্য সংশ্লিষ্ট
C. সিদ্ধান্তমূলক D. পরিদর্শনমূলক **C**

**07. নিচের কোনটি ব্যবস্থাপনার ক্ষেত্রে ব্যবস্থাপকীয় কার্যাবলী সম্পাদনের পথ নির্দেশিকা?**
A. সমন্বয় B. প্রেষণা
C. নীতি D. নিয়ন্ত্রণ **C**

**08. ব্যবসায়ের নীতি, পরিকল্পনা ও নির্দেশনা প্রণয়নের সাথে কে জড়িত?**
A. কর্মীবৃন্দ B. ব্যবস্থাপক
C. প্রশাসক D. ফোরম্যান **C**

**09. সকল কর্মীদের প্রতি সমান আচরণ করলে কোন নীতিটি বাস্তবায়ন হয়?**
A. শৃঙ্খলা B. নিয়মানুবর্তিতা
C. বিকেন্দ্রীকরণ D. সাম্যতা **D**

**10. মি.কিবরিয়া সমন্বিত করার কার্যক্রম পরিচালনা করতে ব্যবস্থাপনার কোন মূলনীতি অনুসরণ করতে পারেন?**
A. ক্ষমতা ও দায়িত্বে সমতা
B. আদেশের ঐক্য
C. নির্দেশনার ঐক্য
D. উদ্যোগ **C**

**11. প্রতিষ্ঠানের নীতিমালা, পরিকল্পনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা ব্যবস্থাপনার উচ্চ স্তরে সংরক্ষণ করাকে কী বলে?**
A. কেন্দ্রীকরণ B. বিকেন্দ্রীকরণ
C. শৃঙ্খলা D. কার্যবিভাজন **A**

**12. কোনটি হেনরি ফেয়ল প্রদত্ত মূলনীতি বহির্ভূত?**
A. শৃঙ্খলা B. উদ্যোগ
C. সাম্যতা D. সমন্বয় **D**

**13. একজন কর্মীর একজন উর্ধ্বতনের কাছ থেকে আদেশ পাওয়া উচিত উক্তিটি কার?**
A. এফ. ডব্লিউ টেইলর B. হেনরি ফেয়ল
C. এলটন মেয়ো D. টেরী এন্ড ফ্রাঙ্কলিন **B**

**14. নিচের কোনটি প্রতিষ্ঠানের নিম্ন স্তরে প্রয়োজন?**
A. কারিগরি দক্ষতা B. অনুধাবন দক্ষতা
C. সমস্যা সমাধান দক্ষতা D. নিয়ন্ত্রণ দক্ষতা **A**



CS CamScanner

15. কোন কাজের পদ্ধতি ও প্রক্রিয়া সম্পর্কে জ্ঞান অর্জনকে কী বলে?
A. কারিগরি জ্ঞান B. কারিগরি দক্ষতা
C. বাস্তব জ্ঞান D. বাস্তব অভিজ্ঞতা Ⓐ

16. প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা অর্পণ করাকে কী বলে?
A. কেন্দ্রিকরণ B. বিকেন্দ্রিকরণ
C. কার্যবিভাজন D. শৃঙ্খলা Ⓑ

17. কোন কাজ সম্পাদন করতে চাইলে কোনটি গ্রহণ করতে হয়?
A. পরিকল্পনা B. উদ্যোগ
C. প্রকল্প D. কর্মসূচী Ⓑ

18. প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের কাজ প্রকৃতি অনুযায়ী আলাদা আলাদা বিভাগে বিভক্ত করাকে কী বলে?
A. শৃঙ্খলা B. কর্তৃত্ব ও দায়িত্ব
C. কর্তৃত্বার্পণ D. কার্যবিভাগ Ⓓ

19. মি. হারুন একটি ফ্যাশন হাউজ এর ব্যবস্থাপক। তিনি একজন কর্মীকে নির্দিষ্ট কাজের দায়িত্ব দেন কিন্তু উক্ত সময়ে একই কর্মীকে সুপারভাইজার আরেকটি দায়িত্ব দেয়ায় যথাসময়ে কাজটি সম্পাদিত হয়নি। উদ্দীপকে ব্যবস্থাপনার কোন নীতিটি লঙ্ঘিত হয়েছে?
A. কেন্দ্রীকরণ B. আদেশের ঐক্য
C. নির্দেশনার ঐক্য D. বিকেন্দ্রীকরণ Ⓑ

20. নিম্নের কোনটি Fayol এর নীতি বহির্ভূত?
A. সততা B. একতা
C. শ্রমবিভাগ D. নিয়মানুবর্তিতা Ⓐ

## PRIME TEST

01. Principle of Scientific Management গ্রন্থটি রচনা করেন কে?
Ⓐ হেনরি ফেওল Ⓑ এলটন মেও
Ⓒ এফ ডব্লিউ টেলর Ⓓ মুনষ্টার বার্গ

02. General and Industrial Administration গ্রন্থটি রচনা করেন কে?
Ⓐ হেনরি ফেওল Ⓑ লুকা প্যাসিওলি
Ⓒ এফ ডব্লিউ টেলর Ⓓ এলটন মেও

03. F.W. Taylor কোথায় জন্মগ্রহণ করেন?
Ⓐ নিউইয়র্ক Ⓑ বেথেলহাম
Ⓒ ফিলাডেলফিয়া Ⓓ বোসটন

04. টেলরের প্রথম প্রকাশিত লেখা কোনটি?
Ⓐ কারখানা ব্যবস্থাপনা Ⓑ ধাতু কাটার ফলা
Ⓒ কুরন মজুরি প্রথা/খন্ডহার পদ্ধতি Ⓓ বৈজ্ঞানিক ব্যবস্থাপনা নীতি

05. হেনরি ফেওল কোন দেশে জন্মগ্রহণ করেন?
Ⓐ গ্রীস Ⓑ ফ্রান্স
Ⓒ তুরস্ক Ⓓ ইংল্যান্ড

06. হেনরি ফেওলের ব্যবস্থাপনা সংক্রান্ত প্রথম নিবন্ধ কত সালে প্রকাশিত হয়?
Ⓐ ১৯১৮ Ⓑ ১৯০০
Ⓒ ১৮৮৮ Ⓓ ১৯০৮

07. ফেওল প্রশাসনিক কার্যাবলিকে কয়ভাগে ভাগ করেছেন?
Ⓐ ৪ভাগে Ⓑ ৫ ভাগে
Ⓒ ৩ ভাগে Ⓓ ৬ ভাগে

08. ফেওল শিল্পের কার্যাবলীকে কয় ভাগে ভাগ করেছেন?
Ⓐ ৫ ভাগে Ⓑ ৩ ভাগে
Ⓒ ৬ ভাগে Ⓓ ৪ ভাগে

09. কোন ভাষা থেকে Administration শব্দটি এসেছে?
Ⓐ ফরাসি Ⓑ ল্যাটিন
Ⓒ গ্রিক Ⓓ ইতালি

10. কোন দেশের ভাষা থেকে Maneggiare শব্দটি এসেছে?
Ⓐ ল্যাটিন Ⓑ ফ্রান্স
Ⓒ ইতালি Ⓓ গ্রিক

11. টেলরের ধাতু কাটার ফলা সম্বন্ধে প্রকাশিত লেখাটি কত তম?
Ⓐ প্রথম Ⓑ দ্বিতীয়
Ⓒ তৃতীয় Ⓓ চতুর্থ

12. নিম্নের কোনটি টেলরের প্রধান অবদান বহির্ভূত?
Ⓐ ব্যবস্থাপনার আদর্শ Ⓑ বৈজ্ঞানিক ব্যবস্থাপনার দর্শন
Ⓒ ব্যবস্থাপনার বিন্যাস Ⓓ প্রক্রিয়া মতবাদ

13. কোনটি ফেওল প্রদত্ত মূলনীতির বহির্ভূত?
Ⓐ একতা Ⓑ শৃঙ্খলা
Ⓒ নিয়ন্ত্রণ Ⓓ পারিশ্রমিক

14. Chain of Command কথাটির সঙ্গে ব্যবস্থাপনার কোন নীতির মিল পাওয়া যায়?
Ⓐ কর্তৃত্ব ও দায়িত্ব Ⓑ আদেশের ঐক্য
Ⓒ নির্দেশের ঐক্য Ⓓ জোড়া মই শিকল

15. ফেওলের ব্যবস্থাপনার নীতি বহির্ভূত কোনটি?
Ⓐ আদেশের ঐক্য Ⓑ গতি নিরীক্ষা
Ⓒ শৃঙ্খলার নীতি Ⓓ নির্দেশের ঐক্য

16. "ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়" –এই বাক্যটি ব্যবস্থাপনার কোন নীতির সঙ্গে সঙ্গতিপূর্ণ?
Ⓐ একতাই বল Ⓑ বিকেন্দ্রীকরণ
Ⓒ কেন্দ্রীয়করণ Ⓓ ব্যক্তিস্বার্থ সাধারণ স্বার্থের অধীন

17. দ্বৈত অধীনতা ব্যবস্থাপনার কোন নীতির বিপরীতধর্মী?
Ⓐ নির্দেশের ঐক্য Ⓑ ন্যায়পরায়ণতা
Ⓒ জোড়া মই শিকল Ⓓ আদেশের ঐক্য

18. নিম্নের কোনটি হেনরি ফেয়ল প্রদত্ত মূলনীতি বহিঃর্ভূত?
Ⓐ কেন্দ্রীকরণ Ⓑ কার্যবিভাজন
Ⓒ শৃঙ্খলা Ⓓ প্রয়োগ

19. নীতি বলতে নিচের কোনটি বোঝায়?
Ⓐ চিন্তায় সাধারণ পথ নির্দেশনা
Ⓑ কাজের সাধারণ পথ নির্দেশনা
Ⓒ পরিকল্পনার সাধারণ পথ নির্দেশনা
Ⓓ নিয়ন্ত্রণের সাধারণ পথ নির্দেশনা

20. হেনরি ফেওল প্রদত্ত শৃঙ্খলার নীতি বলতে কোনটির শৃঙ্খলা বুঝায়?
Ⓐ সময়ের Ⓑ কাজের
Ⓒ উপকরণাদির Ⓓ নিয়ম নীতির

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | C | 02. | A | 03. | C | 04. | C | 05. | C |
| 06. | B | 07 | B | 08. | C | 09. | B | 10. | C |
| 11. | C | 12. | D | 13. | C | 14. | D | 15. | B |
| 16. | D | 17. | D | 18. | D | 19. | B | 20. | C |



CamScanner

অধ্যায় ০৩

# পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণ

দ্বিতীয় পত্র — ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক ১ — গুরুত্বপূর্ণ তথ্যাবলি

■ **পরিকল্পনা:**

পরিকল্পনা হলো লক্ষ্য ও উদ্দেশ্যাবলী নির্ধারণ এবং তা অর্জনের জন্য ভবিষ্যতে কি করতে হবে, কিভাবে করতে হবে, কখন করতে হবে ইত্যাদি বিষয়ে আগাম কর্মসূচী নির্ধারণ করা; যা বিভিন্ন তথ্য সংগ্রহ ও বিচার-বিশেষণের মধ্য দিয়ে দাঁড় করানো একাধিক বিকল্প কর্মপন্থার মধ্য হতে বাছাই করা। অতএব, আমরা বলতে পারি-

- পরিকল্পনা ব্যবস্থাপনার প্রাথমিক কার্যপ্রক্রিয়া।
- ভবিষ্যত কার্য সম্পাদনের বিকল্প পদ্ধতিসমূহ প্রবর্তন করে।
- সর্বোত্তম বিকল্প নির্ধারণের মাধ্যমে লক্ষ্যার্জনের চেষ্টা করে।
- Planning is a trap to create future- এই উক্তিটি করেছেন L.A Allen

■ **পরিকল্পনা প্রণয়নের বিভিন্ন পদক্ষেপ:**




## পরিকল্পনার শ্রেণিবিভাগ

■ **মেয়াদভিত্তিক পরিকল্পনা:**

১. **স্বল্পমেয়াদি পরিকল্পনা (Short term planning):** সাধারণত এক বৎসর বা তার কম সময়ের জন্য গৃহীত পরিকল্পনাকে স্বল্পমেয়াদি পরিকল্পনা বলে।
২. **মধ্যমেয়াদি পরিকল্পনা (Middle term planning):** এক বৎসরের অধিক ও সর্বোচ্চ পাঁচ বৎসর সময়ের জন্য গৃহীত পরিকল্পনাকে মধ্যমেয়াদি পরিকল্পনা বলে।
৩. **দীর্ঘমেয়াদি পরিকল্পনা (Long term planning):** পাঁচ বৎসরের অধিক যে কোন সময়ের জন্য এ ধরনের পরিকল্পনা গৃহীত হয়।

■ **সংগঠন কাঠামোভিত্তিক পরিকল্পনা:**

| | | |
|---|---|---|
| স্ট্র্যাটিজিক পরিকল্পনা (Strategic Plan) | স্ট্র্যাটিজিক পরিকল্পনা প্রতিষ্ঠানের সর্বোচ্চ পর্যায়ের নির্বাহী কর্তৃক প্রণীত হয়। স্ট্র্যাটিজিক পরিকল্পনা দীর্ঘমেয়াদের জন্য প্রণয়ন করা হয়। | |
| কৌশলগত পরিকল্পনা (Tactical Plan) | স্ট্র্যাটিজিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য মধ্যম পর্যায়ের নির্বাহীগণ কর্তৃক যে পরিকল্পনা তৈরী করা হয় তাকে- কৌশলগত পরিকল্পনা বলে। এটি মধ্য মেয়াদের জন্য তৈরী করা হয়। | |
| কার্যভিত্তিক পরিকল্পনা (Functional plan) | • কার্যভিত্তিক পরিকল্পনা স্বল্পমেয়াদের জন্য তৈরী করা হয়।<br>• প্রতিষ্ঠানের নিম্ন পর্যায়ের ব্যবস্থাপকগণ এ পরিকল্পনা প্রণয়ন করে।<br>• কার্যভিত্তিক পরিকল্পনা বিভিন্ন ধরনের হতে পারে। যথা:- ১. বিভাগীয় পরিকল্পনা ২. আঞ্চলিক পরিকল্পনা ৩. সামগ্রিক পরিকল্পনা | |
| | বিভাগীয় পরিকল্পনা (Departmental plan) | ▪ প্রতিষ্ঠানের পৃথক পৃথক বিভাগের জন্য আলাদা আলাদা পরিকল্পনা প্রণয়ন করা হলে তাকে- বিভাগীয় পরিকল্পনা বলে। |
| | আঞ্চলিক পরিকল্পনা (Regional Plan) | ▪ যে সকল প্রতিষ্ঠানের কার্যাদি বিভিন্ন অঞ্চলে বিস্তৃত থাকে সেক্ষেত্রে আঞ্চলিকভাবেও পরিকল্পনা গ্রহণ করা যায়। বহুজাতিক কোম্পানিসমূহ তাদের বিভিন্ন অঞ্চলে প্রতিষ্ঠিত ব্যবসায়ের জন্য আলাদা আলাদা পরিকল্পনা নিলে তা আঞ্চলিক পরিকল্পনা হিসেবে গণ্য হয়।<br>▪ বহুজাতিক কোম্পানির জন্য উপযোগী- আঞ্চলিক পরিকল্পনা। |
| | সামগ্রিক পরিকল্পনা (Master Plan) | ▪ কোন প্রতিষ্ঠানের সকল বিভাগ বা অঞ্চলের পরিকল্পনাকে একত্রিত করে যে পরিকল্পনা প্রণয়ন করা হয় তাকে- সামগ্রিক বা মাস্টার পরিকল্পনা বলে।<br>▪ প্রতিষ্ঠানের সর্বাধিক গুরুত্বপূর্ণ পরিকল্পনা- সামগ্রিক পরিকল্পনা। |



CamScanner

**প্রকৃতিগত পরিকল্পনা:**

১. **লক্ষ্য (Goal)** : পরিকল্পনার অভিপ্রেত ফলকে লক্ষ্য বলে। উদাহরণ স্বরূপ বলা যায়- ১০% উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা একটি লক্ষ্য।

২. **স্থায়ী পরিকল্পনা (Standing Plan)** : যে পরিকল্পনা প্রতিষ্ঠানে একবার গৃহীত হবার পর নতুন কোন পরিকল্পনা গ্রহণ বা নতুন কোন অবস্থা সৃষ্টি না হওয়া পর্যন্ত তা বারবার প্রতিষ্ঠানে ব্যবহৃত হয় তাকে স্থায়ী পরিকল্পনা বলে। প্রধান প্রধান স্থায়ী পরিকল্পনা গুলো হলো: নীতি, প্রক্রিয়া, পদ্ধতি, কর্মকৌশল, নিয়ম এবং আইন (রীতি)।

| | |
|---|---|
| নীতি (Policy) | ▪ কোন কার্য সম্পাদনের সাধারণ প্রক্রিয়াকে নীতি বলে। কোন প্রতিষ্ঠানে নগদ বিক্রয়ের প্রথা বা জ্যেষ্ঠত্বের ভিত্তিতে পদোন্নতি প্রদান এরূপ নীতির উদাহরণ। |
| প্রক্রিয়া (Process) | ▪ নীতি বা উদ্দেশ্যের আলোকে নির্ধারিত ধারাবাহিক কার্য সমষ্টিকে প্রক্রিয়া বলে। কর্মী নির্বাচনের জন্য আবেদনপত্র গ্রহণ হতে শুরু করে নিয়োগ দান পর্যন্ত কর্ম সমষ্টিকে প্রক্রিয়া বলা যেতে পারে। |
| পদ্ধতি (Procedure) | ▪ প্রক্রিয়ার অধীনে নির্ধারিত প্রত্যেকটি কার্য সম্পাদনের জন্য গৃহীত কার্যক্রমকে পদ্ধতি বলা হয়। কর্মী নির্বাচনের জন্য লিখিত পরীক্ষা গ্রহণ কিভাবে করা হবে এ সম্পর্কিত নিয়মকে পদ্ধতি বলা যায়। |
| কর্মকৌশল (Technique/ Strategy) | ▪ কৌশল হল এক ধরনের প্রতিযোগিতামূলক পরিকল্পনা। প্রতিযোগী ফার্ম কর্তৃক গৃহীত পরিকল্পনাকে কিভাবে মোকাবিলা করা হবে তার জন্য পূর্ব নির্ধারিত নীতিকে কৌশল বলা যায়। উৎপাদিত দ্রব্য সরাসরি ভোক্তাদের নিকট সরবরাহের নীতি কৌশলের একটি উদাহরণ। |
| নিয়ম এবং আইন (রীতি) (Rules & Regulations) | ▪ কার্য প্রক্রিয়া ও পরিবেশ নিয়ন্ত্রণের উত্তম উপায়কে রীতি বলা হয়। সাধারণত একটি প্রতিষ্ঠানের রীতি সব সময় পূর্বনির্ধারিত হয়। "কর্মক্ষেত্রে ধুমপান করা নিষেধ" একটি পূর্বনির্ধারিত রীতি। |

৩. **একার্থক পরিকল্পনা**: যে পরিকল্পনা প্রতিষ্ঠানে পুনঃপুনঃ ব্যবহৃত না হয়ে শুধুমাত্র একবার ব্যবহারের জন্য বা একটি মাত্র উদ্দেশ্য সাধনের জন্য প্রণয়ন করা হয় তাকে একার্থক পরিকল্পনা বলে। প্রধান প্রধান একার্থক পরিকল্পনা গুলো হলো: কর্মসূচী (Program), প্রকল্প (Project), বিশদ পরিকল্পনা (Detailed plan), বাজেট (Budget)।

| | |
|---|---|
| কর্মসূচী (Program) | ▪ কোন বিশেষ লক্ষ্য অর্জনের জন্য যে বড় ধরনের পরিকল্পনা গৃহীত হয় তাকে কর্মসূচী বলে। |
| প্রকল্প (Project) | ▪ কর্মসুচির আওতায় একটি বিশেষ কার্য সম্পাদনের জন্য গৃহীত পরিকল্পনাকে প্রকল্প বলে।<br>▪ উদাহরণ: আর্সেনিক দূষণ রোধ যদি কর্মসুচি হয় তবে এই লক্ষ্যে দূষণযুক্ত টিউবওয়েল সনাক্তকরণ একটি প্রকল্প। |
| বিশদ পরিকল্পনা (Detailed plan) | ▪ প্রধান কর্মসুচি বাস্তবায়নের জন্য অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনাকে একত্রে বিশদ পরিকল্পনা বলে। |
| বাজেট (Budget) | ▪ পরিকল্পনার সংখ্যাগত প্রকাশকেই বাজেট বলে। |

রিয়েল টেস্ট

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. নিচের কোনটি একার্থক পরিকল্পনা? [NU- Business: 2014-15]
A. পদ্ধতি B. লক্ষ্য
C. প্রক্রিয়া D. প্রকল্প **D**

02. কোনটি স্থায়ী পরিকল্পনা? [NU- Business: 2008-09]
A. প্রকল্প B. কর্মসূচি
C. পলিসি D. বাজেট **C**

03. সবচেয়ে কম সম্পদ ব্যবহার করে লক্ষ্য অর্জনকে বলা হয়- [NU- Business: 2008-09]
A. ব্যবস্থাপনা B. দক্ষতা
C. কার্যকারিতা D. সংগঠন **B**

04. এক ধরনের একার্থক পরিকল্পনা- [NU- Business: 2005-06]
A. নীতি B. প্রকল্প
C. পদ্ধতি D. লক্ষ্য **B**

05. কখন কোন কাজ কীভাবে করতে হবে তা পূর্বে ঠিক করা নাম হলো- [NU- Business: 2003-04]
A. পরিকল্পনা প্রণয়ন B. সংগঠন
C. নেতৃত্ব প্রদান D. নিয়ন্ত্রণ **A**

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. প্রকল্প কোন ধরনের পরিকল্পনার মধ্যে পড়ে?
A. একার্থক B. স্থায়ী
C. বিভাগীয় D. কৌশলগত **A**

02. পরিকল্পনার ব্যপ্তি নিচের কোন পর্যায় পর্যন্ত ব্যাপৃত?
A. বিভাগীয় পর্যায়ে কেন্দ্রীভূত B. উচ্চপর্যায়ে কেন্দ্রীভূত
C. নিম্ন পর্যায়ে কেন্দ্রীভূত D. সকল স্তরে পরিব্যাপ্ত **D**

03. লক্ষ্য বলতে নিচের কোনটি বুঝায়?
A. পরিকল্পনার অভিপ্রেত ফল B. ব্যবস্থাপনার অভিপ্রেত ফল
C. প্রশাসনের অভিপ্রেত ফল D. প্রতিষ্ঠানের অভিপ্রেত ফল **A**

04. কারখানার বিল্ডিং তৈরির পরিকল্পনাকে কী বলে?
A. স্ট্রাটিজিক পরিকল্পনা B. মধ্যম মেয়াদি পরিকল্পনা
C. একার্থক পরিকল্পনা D. স্থায়ী পরিকল্পনা **C**

05. প্রতিষ্ঠানে কর্মীদের পদোন্নতি প্রদানের নীতি নিচের কোন ধরনের পরিকল্পনা?
A. কার্যগত পরিকল্পনা B. কর্মকেন্দ্রিক পরিকল্পনা
C. স্ট্রাটিজিক পরিকল্পনা D. স্থায়ী পরিকল্পনা **D**

06. নমনীয়তার অভাব লক্ষ্য করা যায় কোন পরিকল্পনায় ?
A. একার্থক B. স্থায়ী C. দীর্ঘমেয়াদি D. সামগ্রিক **A**

07. স্থায়ী পরিকল্পনায় কর্মীদের দক্ষতা বৃদ্ধি পায় কেন?
A. কর্মীদের প্রশিক্ষণ দেয়া সহজ হয় B. কর্মীদের কাজের উৎসাহ বৃদ্ধি পায়
C. কর্মীদের কাজ শেখার আগ্রহ বাড়ে D. বারে বারে একই কাজ করায় **D**

08. ব্যবস্থাপনা কোন কাজের সাথে অধিক সম্পৃক্ত?
A. পরিকল্পনা B. সংগঠন
C. নির্দেশনা D. নিয়ন্ত্রণ **A**

09. সিদ্ধান্ত গ্রহণ বলতে নিচের কোনটি বুঝায়?
A. পরিকল্পনা তৈরি
B. পরিকল্পনার পটভূমি নির্ণয়
C. বিকল্পসমূহ থেকে উত্তম বিকল্প বাছাই
D. উপযুক্ত বিকল্পসমূহ চিহ্নিতকরণ **C**

10. নিচের কোনটি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বহির্ভূত?
A. সমস্যা চিহ্নিতকরণ B. অগ্রাধিকার নির্বাচন
C. বিকল্পসমূহ উদ্ভাবন ও মূল্যায়ন D. সংশোধিত কার্যপদ্ধতি নিরুপণ **D**

11. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার প্রথম পদক্ষেপ কোনটি?
A. তথ্য সংগ্রহ B. সমস্যা চিহ্নিতকরণ
C. বিকল্প নির্ধারণ D. উদ্দেশ্য নির্ধারণ **B**

12. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার শেষ পদক্ষেপ কোনটি?
A. সমস্যার অগ্রাধিকার নির্ধারণ B. উত্তম বিকল্প গ্রহণ
C. বিকল্পসমূহ মূল্যায়ন D. বিকল্পসমূহ উদ্ভাবন **B**

CS CamScanner

13. কোনটি সিদ্ধান্ত গ্রহণ সহায়ক উপাদান বহির্ভূত?
A. বিচার ক্ষমতা ও প্রজ্ঞা B. সংগঠন কাঠামো
C. অভিজ্ঞতা ও নৈপুণ্য D. তথ্য ও উপাত্ত **B**

14. নিচের কোনটি সিদ্ধান্ত বাস্তবায়নে বাঁধার সৃষ্টি করে?
A. অধস্তনদের সহযোগিতার অভাব B. সমস্যা অনুধাবনে ব্যর্থতা
C. তথ্যের সীমাবদ্ধতা D. বিকল্প মূল্যায়নে ভুল **A**

15. বিশ্বায়ন মোকাবেলায় বহুজাতিক প্রতিষ্ঠানকে কোন ধরনের পরিকল্পনা নিতে হয়?
A. একার্থক B. স্থায়ী
C. স্ট্র্যাটেজিক D. স্বল্পমেয়াদি **C**

16. পদ্মা সেতু তৈরি নিচের কোন ধরনের পরিকল্পনার মধ্যে পড়বে?
A. স্ট্র্যাটেজিক B. কার্যগত C. কর্মকেন্দ্রিক D. একার্থক **D**

17. রায়হান গঞ্জে দীর্ঘদিন মুদির ব্যবসায় চালায়। সে সব ধরনের শিল্প গড়ার পরিকল্পনা করেছে। তার এ পরিকল্পনা নিচের কোন মুখ্য কারণে উত্তম পরিকল্পনা বহির্ভূত হবে?
A. পরিকল্পনা সহজে বোধগম্য হয় B. এর উদ্দেশ্য অস্পষ্ট
C. এটি বাস্তবমুখীতার গুণ বিবর্জিত D. এটি সঠিক পথ নির্দেশক নয় **C**

18. নৌবাহিনীর একটা দল বিদ্রোহী উপদ্রুত একটা অঞ্চলে অভিযানে যাচ্ছে। প্রয়োজনীয় উপকরণ ও লোকবল সবই সাথে রয়েছে। উদ্দেশ্য বলে দেয়া হলেও করণীয় বলা হয়নি। পরিকল্পনায় কোনটির অভাব রয়েছে?
A. এটা বাস্তবমুখী নয়
B. এটা সহজবোধ্য নয়
C. এতে সঠিক পথ নির্দেশনার
D. এটা তথ্যনির্ভরশীলতার গুণ সমৃদ্ধ নয়. **C**

19. মি. সোলায়মান একটা কোম্পানির ব্যবস্থাপক। তিনি মুনাফার পরিমাণ ৩০% বৃদ্ধির পরিকল্পনা করছেন। বিক্রয় বৃদ্ধির পরিকল্পনা নিতে তার জন্য কম গুরুত্বপূর্ণ কাজ হবে কোনটি?
A. বিক্রয় বৃদ্ধির টার্গেট নির্ধারণ B. ভবিষ্যৎ সম্পর্কে অনুমান
C. প্রতিযোগীদের অবস্থা মূল্যায়ন D. কর্মীদের আন্তরিকতা বিবেচনা **D**

20. বাকীতে পণ্য বিক্রয় করে বিগত বছরগুলোতে দীপ্তি ব্রাদার্স ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই তারা সিদ্ধান্ত নিলো কম লাভে পণ্য বেচবে কিন্তু বাকী বিক্রয় করবে না। এটি কোন ধরনের পরিকল্পনা?
A. লক্ষ্য B. স্থায়ী C. একার্থক D. কার্যভিত্তিক **B**

## PRIME TEST

01. কোন বিষয়ে অগ্রিম সিদ্ধান্তকে কি বলে?
Ⓐ নিয়ন্ত্রণ Ⓑ পরিকল্পনা
Ⓒ প্রেষণা Ⓓ সংগঠন

02. কোনটি স্থায়ী পরিকল্পনা বহির্ভূত?
Ⓐ পদ্ধতি Ⓑ প্রক্রিয়া
Ⓒ কর্মসূচী Ⓓ নীতি

03. পরিকল্পনার অঙ্গন কি?
Ⓐ পরিকল্পনা গ্রহণের সময় যে অবস্থা
Ⓑ পরিকল্পনার ক্ষেত্রে বিবেচ্য বিকল্পগুলো
Ⓒ পরিকল্পনা বাস্তবায়নে যে সমস্ত সমস্যা লক্ষ্যণীয়
Ⓓ যে পরিস্থিতির মধ্য দিয়ে গৃহীত পরিকল্পনা বাস্তবায়িত হয়

04. প্রতিষ্ঠানের সব বিভাগ বা কার্যকে নিয়ে দীর্ঘমেয়াদি যে পরিকল্পনা গৃহীত হয় তাকে কি বলে?
Ⓐ কার্যভিত্তিক Ⓑ একার্থক
Ⓒ স্থায়ী Ⓓ সামগ্রিক

05. উদ্দেশ্য অর্জিত হলে কোন ধরনের পরিকল্পনার সমাপ্তি ঘটে?
Ⓐ একার্থক Ⓑ স্থায়ী
Ⓒ লক্ষ্য Ⓓ মধ্যমেয়াদি

06. প্রতিষ্ঠানে কর্মী নিয়োগ কোন ধরনের পরিকল্পনার অন্তর্ভুক্ত?
Ⓐ লক্ষ্য Ⓑ একার্থক
Ⓒ স্থায়ী Ⓓ কর্মসূচী

07. নিচের কোনটি স্থায়ী পরিকল্পনা?
Ⓐ বাজেট Ⓑ নীতি
Ⓒ প্রকল্প Ⓓ কর্মসূচি

08. স্বল্পমেয়াদী পরিকল্পনা সর্বোচ্চ কত বছরের জন্য প্রণীত হয়?
Ⓐ ১ বছর Ⓑ ২ বছর
Ⓒ ৩ বছর Ⓓ ৪ বছর

09. কোন বিশেষ লক্ষ্য অর্জনের জন্য যে বড় ধরনের পরিকল্পনা গৃহীত হয় তাকে কি বলে?
Ⓐ কর্মসূচি Ⓑ প্রকল্প
Ⓒ নীতি Ⓓ প্রক্রিয়া

10. নিচের কোন বিষয়টি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত?
Ⓐ বিচক্ষণতা Ⓑ বিকল্পসমূহ নির্ধারণ
Ⓒ দক্ষ জনশক্তি Ⓓ সাংগঠনিক সংস্কৃতি

11. কোন উপাদানটি সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি?
Ⓐ নমনীয়তা Ⓑ আর্থিক অবস্থা
Ⓒ পারিপার্শ্বিক অবস্থা Ⓓ আত্মবিশ্বাস

12. ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি কোনটি?
Ⓐ সংগঠন Ⓑ পরিকল্পনা
Ⓒ প্রেষণা Ⓓ নিয়ন্ত্রণ

13. ব্যবস্থাপনা প্রক্রিয়ায় নিয়ন্ত্রণ পরবর্তী কাজ কোনটি?
Ⓐ সংগঠন Ⓑ নির্দেশনা
Ⓒ পরিকল্পনা Ⓓ সমন্বয় সাধন

14. কোনটি পরিকল্পনার সুবিধা বহির্ভূত?
Ⓐ ঝুঁকি হ্রাস Ⓑ নমনীয়তা অর্জন
Ⓒ প্রেষণা সৃষ্টি Ⓓ সমন্বয় সাধন

15. বিশ্বায়ন মোকাবেলায় প্রতিষ্ঠানকে কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করতে হয়?
Ⓐ স্থায়ী Ⓑ স্বল্পমেয়াদি
Ⓒ একার্থক Ⓓ দীর্ঘমেয়াদি

16. পরিকল্পনায় পরি শব্দের অর্থ কী?
Ⓐ চিন্তা Ⓑ সাধারণ
Ⓒ বিশেষ Ⓒ ভাল

17. গোমতি সেতু নিম্নের কোন ধরনের পরিকল্পনার অন্তর্ভুক্ত?
Ⓐ কার্যভিত্তিক Ⓑ স্থায়ী
Ⓒ একার্থক Ⓓ স্ট্র্যাটেজিক

18. কোনটি ব্যবস্থাপনা চক্রে পরিকল্পনার পূর্ববর্তী কাজ?
Ⓐ প্রেষণা Ⓑ নির্দেশনা
Ⓒ নিয়ন্ত্রণ Ⓓ সংগঠন

19. একটি সেতু নির্মাণের গৃহীত পরিকল্পনার প্রকৃতি কিরূপ?
Ⓐ লক্ষ্য Ⓑ স্বল্পমেয়াদি
Ⓒ একার্থক Ⓓ স্থায়ী

20. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণ পরবর্তী কাজ কোনটি?
Ⓐ সমন্বয় Ⓑ প্রেষণা
Ⓒ পরিকল্পনা Ⓓ কর্মীসংস্থান

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | B | 02. | C | 03. | D | 04. | D | 05. | A |
| 06. | C | 07 | B | 08. | A | 09. | A | 10. | B |
| 11. | D | 12. | B | 13. | C | 14. | B | 15. | D |
| 16. | C | 17. | C | 18. | C | 19. | C | 20. | C |



CS CamScanner

# সংগঠিতকরণ

দ্বিতীয় পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

অধ্যায় ০৪

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

**...সংগঠন:**
...ব্যবস্থাপনায় সংগঠন হলো প্রতিষ্ঠানের উপকরণাদি ও কাজকে বিভিন্ন বিভাগ ও উপবিভাগে বিভক্তকরণ, প্রত্যেকের জন্য পৃথকভাবে দায়িত্ব ও কর্তৃত্ব নির্ধারণ এবং ...প্রতিষ্ঠানের প্রতিটি স্তরের ব্যবস্থাপনায় প্রত্যেক কাজ ও বিভাগ ও উপবিভাগের মধ্যে সম্পর্ক নিরূপণ ও সমন্বয় সাধনের একটি প্রক্রিয়া, যাতে প্রত্যেকেরই কার্যকর ব্যবহার নিশ্চিত করে লক্ষ্যে পৌঁছানো যায়।

**সংগঠন কাঠামো:**
সংগঠন কাঠামো হলো প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন বিভাগ, উপবিভাগ ও কর্মীবৃন্দের পারস্পরিক সম্পর্কের একটি কাঠামো চিত্র। এটি প্রতিষ্ঠানে নিয়োজিত ব্যক্তি এবং ...দের মধ্যে একটি সুসংবদ্ধ সম্পর্কের রূপরেখা প্রদান করে। সংগঠন কাঠামোকে চিত্রের মাধ্যমে উপস্থাপনকে বলা হয় সংগঠন চার্ট।

**সংগঠন কাঠামোর প্রকারভেদ:**

১. **সরলরৈখিক সংগঠন (Line Organization):** যে সংগঠন পদ্ধতিতে ক্ষমতা বা কর্তৃত্বরেখা ব্যবস্থাপনার সর্বোচ্চ স্তর হতে ক্রমান্বয়ে নিচের দিকে সরল রেখার আকারে নেমে আসে তাকে সরলরৈখিক সংগঠন বলে। সরলরৈখিক সংগঠনের অপর নাম সামরিক সংগঠন।

২. **সরলরৈখিক ও পদস্থ কর্মী সংগঠন (Line and Staff Organization):** এরূপ সংগঠন কাঠামোতে দু'ধরণের কর্মী থাকে, সরলরৈখিক কর্মী বা নির্বাহী এবং অন্যান্য উপদেষ্টা কর্মী বা পদস্থ কর্মী। অর্থাৎ যে সংগঠন কাঠামোতে সরলরৈখিক নির্বাহীকে সহযোগিতা করার জন্য উপদেষ্টা বা বিশেষজ্ঞ কর্মীর ব্যবহার করা হয় তাকে সরলরৈখিক ও পদস্থ কর্মী সংগঠন বলে।

৩. **কার্যভিত্তিক সংগঠন (Functional Organization):** কার্যভিত্তিক সংগঠন বলতে এমন এক ধরণের সংগঠন বোঝায় যাতে ব্যবস্থাপনার কার্যাবলিকে কাজের প্রকৃতি অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করে এদের এক একটিকে এক একজন বিশেষজ্ঞের উপর ন্যস্ত করা হয়। F.W. Taylor কার্যভিত্তিক সংগঠনের নাম দেন- Functional Foremanship.

৪. **মেট্রিক্স সংগঠন (Matrix Organization):** দ্রব্য ও কার্যভিত্তিক বিভাগীয়করণের সমন্বয়ে গঠিত সংগঠন কাঠামোকে মেট্রিক্স সংগঠন বলে। এক্ষেত্রে দু ধরনের ব্যবস্থাপক একই সঙ্গে কাজ করে। যথা: কার্যিক ব্যবস্থাপক এবং প্রজেক্ট ব্যবস্থাপক।

৫. **কমিটি সংগঠন (Committee Organization):** কমিটি হলো এক দল লোকের সমষ্টি যাদের উপর বিশেষভাবে কোন নির্দিষ্ট প্রশাসনিক কার্য সমাধান করার দায়িত্ব অর্পণ করা হয়। এরূপ কমিটি প্রতিষ্ঠানের সকল স্তরে কাজের ধরণ অনুযায়ী গঠন করা যেতে পারে।

...রিয়েল টেস্ট

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক কে? [NU- Business: 2014-15]
A. হেনরি ফেওল
B. বি. ও. হুইলার
C. এফ ডব্লিউ টেইলর
D. নরম্যান রিচার্ড
Ⓐ

02. কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক কে? [NU- Business: 2012-13]
A. জে. এল. মেসি
B. এফ. ডব্লিউ টেলর
C. হেনরি ফেয়ল
D. জেঁ. এল. লুভি
Ⓑ

03. ব্যবস্থাপনার কোন কাজটি কার্য সুনির্দিষ্টকরণ প্রক্রিয়ার সাথে জড়িত? [NU- Business: 2008-09]
A. পরিকল্পনা
B. সংগঠন
C. নেতৃত্ব
D. প্রেষণ
Ⓑ

04. কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক কে? [NU- Business: 2007-08]
A. হেনরি ফেওল
B. এফ. ডব্লিউ টেলর
C. বি.ও. হুইলার
D. নরম্যান রিচার্ড
Ⓑ

05. নিচের কোনটি সরলরৈখিক সংগঠনের সুবিধা নয়? [NU- Business: 2005-06]
A. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা যায়
B. শৃঙ্খলা বিধান সহজতর হয়
C. স্বজনপ্রীতি দূর করা যায়
D. সবার নিকট সহজেই বোধগম্য হয়
Ⓒ

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. সংগঠন প্রক্রিয়ার সর্বশেষ কাজ কোনটি?
A. কার্যবিভাজন
B. পারস্পরিক সম্পর্ক নির্ধারণ
C. দায়িত্ব কর্তৃত্ব নির্দিষ্টকরণ
D. দায়িত্ব কর্তৃত্ব অর্পণ
Ⓑ

02. ব্যবস্থাপনা সংগঠনের উপাদান কোনটি?
A. ভবিষ্যৎ মূল্যায়ন
B. বিকল্প মূল্যায়ন
C. কার্যবিভাজন
D. মান নির্ধারণ
Ⓒ

03. নিচের কোনটি সংগঠন প্রক্রিয়ার বহির্ভূত?
A. কার্যবিভাজন
B. দায়িত্ব কর্তৃত্ব নিরুপণ
C. মান প্রতিষ্ঠা
D. পারস্পরিক সম্পর্ক নির্ধারণ
Ⓒ

04. সংগঠন কাঠামোর স্তরের সংখ্যা বাড়লে নিচের কোনটি ঘটে?
A. উৎপাদন বৃদ্ধি পায়
B. সহযোগীর সংখ্যা বৃদ্ধি পায়
C. যোগাযোগ দ্রুত হয়
D. কাজের গতি বৃদ্ধি পায়
Ⓑ

05. সংগঠন কাঠামো দেখে নিচের কোনটি সম্পর্কে জানা যায়?
A. নেতৃত্বের প্রকৃতি
B. নির্দেশনার ধরন
C. প্রতিষ্ঠানের সামর্থ্য
D. কর্তৃত্ব প্রবাহ রেখা
Ⓓ

06. নিম্নের কোনটি সাংগঠনিক কাঠামো নির্ণয়ে প্রভাব বর্হিভূত?
A. সংগঠনের উদ্দেশ্য
B. কার্য প্রকৃতি
C. প্রতিযোগীদের অবস্থা
D. আর্থিক সামর্থ্য
Ⓒ

07. প্রাচীন ও সহজ ধরনের সংগঠন কাঠামো কোনটি?
A. কমিটি
B. ম্যাট্রিক্স
C. কার্যভিত্তিক
D. সরলরৈখিক
Ⓓ

08. কোন ধরনের সংগঠন কাঠামো অতিমাত্রায় ব্যক্তিকেন্দ্রিক?
A. সরলরৈখিক
B. পদস্থ কর্মী
C. কার্যভিত্তিক
D. কমিটি
Ⓐ

09. নিম্নের কোন সংগঠনকে সামরিক সংগঠনের সঙ্গে তুলনা করা হয়?
A. সরলরৈখিক
B. সরলরৈখিক ও পদস্থ কর্মী
C. কার্যভিত্তিক সংগঠন
D. ম্যাট্রিক্স
Ⓐ

10. অবাঞ্ছিত সমস্যা মোকাবেলায় কোন ধরনের সংগঠন অধিক উপযোগী ?
A. কার্যভিত্তিক
B. সরলরৈখিক
C. সরলরৈখিক ও পদস্থ কর্মী
D. কমিটি
Ⓓ

11. সরলরৈখিক সংগঠনের অসুবিধা কোনটি?
A. ব্যয় বৃদ্ধি পায়
B. সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়
C. স্বেচ্ছাচারিতা হ্রাস পায়
D. স্বৈরতন্ত্রের প্রতি ঝোঁক
Ⓓ



CS CamScanner

12. কোন সংগঠনে নির্বাহী ও পদস্থ কর্মীর মধ্যে দ্বন্দ্ব দেখা যায়?
A. সরলরৈখিক　B. সরলরৈখিক ও উপদেষ্টা কর্মী
C. কার্যভিত্তিক সংগঠনে　D. ম্যাট্রিক্স　**B**

13. সরলরৈখিক ও পদস্থ কর্মী সংগঠন নিচের কোন কারণে সরলরৈখিক সংগঠন থেকে উত্তম?
A. নির্বাহীর কর্মভার লাঘব　B. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
C. ব্যয় হ্রাস　D. শৃঙ্খলা প্রতিষ্ঠা　**A**

14. সরলরৈখিক সংগঠন বিবেচনায় সরলরৈখিক ও পদস্থ কর্মী সংগঠনের অসুবিধা কোনটি?
A. নির্বাহীর ক্ষমতা হ্রাস　B. দ্বন্দ্ব সৃষ্টির সম্ভাবনা
C. দলীয় প্রচেষ্টা হ্রাস　D. কোনটিই নয়　**D**

15. বিশেষজ্ঞদের নির্বাহী হিসেবে নিয়োগ দেওয়া হয় নিচের কোন ধরনের সংগঠনে?
A. সরলরৈখিক　B. ম্যাট্রিক্স
C. কার্যভিত্তিক　D. কমিটি　**C**

16. কার্যভিত্তিক সংগঠন সরলরৈখিক সংগঠন থেকে উত্তম কেন?
A. এক্ষেত্রে ব্যয় কম হয়　B. অপচয় হ্রাস পায়
C. বিশেষণের সুফল লাভ করা যায়　D. সমন্বয়ে সুবিধা হয়　**C**

17. একাধিক পণ্য উৎপাদনকারী উচ্চ প্রযুক্তিসম্পন্ন বৃহদায়তন প্রতিষ্ঠানের জন্য উপযোগী সংগঠন কোনটি?
A. সরলরৈখিক　B. কার্যভিত্তিক
C. কমিটি　D. ম্যাট্রিক্স　**D**

18. কোন সংগঠন কাঠামোতে সরলরৈখিক নির্বাহীকে সহযোগিতা করার জন্য উপদেষ্টা কর্মী কাজ করে?
A. সরলরৈখিক　B. সরলরৈখিক ও পদস্থকর্মী
C. কার্যভিত্তিক　D. কমিটি　**B**

19. কোন সংগঠন কাঠামোতে কর্তৃত্ব রেখা ওপর হতে নিচের দিকে সরলরেখার আকারে নেমে আসে কিন্তু কোন সহযোগী থাকে না?
A. সরলরৈখিক　B. ম্যাট্রিক্স
C. কার্যভিত্তিক　D. কমিটি　**A**

20. কোন সংগঠন কাঠামোতে কাজগুলোকে ছোট ছোট ভাগে ভাগ করে বিশেষজ্ঞ কর্মীদের ওপর সীমিত কর্তৃত্ব সহযোগে দায়িত্ব অর্পণ করা হয়?
A. সরলরৈখিক　B. সরলরৈখিক ও পদস্থকর্মী
C. কার্যভিত্তিক　D. কমিটি　**C**

## PRIME TEST

01. দায়িত্ব ও জবাবদিহিতা নির্ধারণকে কি বলে?
Ⓐ কর্মীসংস্থান　Ⓑ নিয়ন্ত্রণ
Ⓒ সংগঠন　Ⓓ পরিকল্পনা

02. উৎপাদনশীল প্রতিষ্ঠানে কোন ধরনের সংগঠন উপযোগী?
Ⓐ কার্যভিত্তিক　Ⓑ উপদেষ্টা
Ⓒ সরলরৈখিক　Ⓓ কমিটি

03. কোন কাঠামোকে চিত্রের মাধ্যমে নির্দেশ করা হলে তাকে কি বলে?
Ⓐ সংগঠন কাঠামো　Ⓑ সংগঠন চার্ট
Ⓒ কমিটি　Ⓓ সংগঠন রিপোর্ট

04. পরামর্শদাতা হিসাবে বিশেষজ্ঞ কর্মী ব্যবহার করা হয় কোন সংগঠনে?
Ⓐ কার্যভিত্তিক　Ⓑ সরলরৈখিক
Ⓒ রৈখিক ও উপদেষ্টা　Ⓓ কমিটি

05. কোন সংগঠনে নির্বাহীদের পাশাপাশি বিশেষজ্ঞ কর্মী কাজ করেন?
Ⓐ কমিটি　Ⓑ সরলরৈখিক ও উপদেষ্টা
Ⓒ কার্যভিত্তিক　Ⓓ সরলরৈখিক

06. কোনটি সরলরৈখিক সংগঠনের অসুবিধা?
Ⓐ পদোন্নতি　Ⓑ অস্পষ্টতা
Ⓒ অস্পষ্ট কর্তৃত্ব　Ⓓ সহজ সংগঠন

07. সামরিক বাহিনীতে সাধারণত কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ কার্যভিত্তিক　Ⓑ সরলরৈখিক
Ⓒ কমিটি　Ⓓ সরলরৈখিক ও উপদেষ্টা

08. যে সংগঠন কাঠামোতে কর্তৃত্ব রেখার উপর থেকে নিচের দিকে সরলরেখার আকারে নেমে আসে তাকে কোন ধরনের সংগঠন বলে?
Ⓐ কার্যভিত্তিক　Ⓑ সরলরৈখিক
Ⓒ কমিটি　Ⓓ সরলরৈখিক ও উপদেষ্টা

09. প্রতিষ্ঠানের কার্যের প্রকৃতি ও গুরুত্ব এবং বিশেষজ্ঞ ও শ্রম বিভাগের নীতি অনুসরণ করে যে সংগঠন কাঠামো প্রণীত হয় তাকে কোন সংগঠন বলে?
Ⓐ সরলরৈখিক　Ⓑ মেট্রিক্স
Ⓒ কার্যভিত্তিক　Ⓓ কমিটি

10. কত সালে কার্যভিত্তিক সংগঠন প্রক্রিয়া আবিষ্কৃত হয়?
Ⓐ ১৬৮০ সালে　Ⓑ ১৮৮০ সালে
Ⓒ ১৭৮০ সালে　Ⓓ ১৯৮০ সালে

11. পিরামিড আকৃতির সংগঠনের প্রবক্তা কে?
Ⓐ কুন্তু ও আইরিচ　Ⓑ ডানহ্যাম
Ⓒ নিউম্যান　Ⓓ টেলর

12. কার্যভিত্তিক সংগঠনকে কার্যভিত্তিক নাম দেন কে?
Ⓐ নিউম্যান　Ⓑ এফ. ডব্লিউ টেলর
Ⓒ আর সি. ডেভিস　Ⓓ হেনরি ফেওল

13. সংগঠন সম্পর্কে কার দেওয়া নীতিমালা সর্বাধিক গ্রহণযোগ্য?
Ⓐ হেনরি ফেওল　Ⓑ লেভিন ও রুবিন
Ⓒ উইককার্ড ও ডরউইক　Ⓓ লুথার ও ক্রাউথার

14. সরলরৈখিক সংগঠন ও কার্যভিত্তিক সংগঠনের অসুবিধা দূর করার জন্য কোন সংগঠনের উদ্ভব হয়েছে?
Ⓐ কার্যভিত্তিক　Ⓑ সরলরৈখিক
Ⓒ সরল রৈখিক ও পদস্থকর্মী　Ⓓ কমিটি

15. ছোট আয়তনের প্রতিষ্ঠানে কোন ধরনের সংগঠন উপযোগী?
Ⓐ কার্যভিত্তিক　Ⓑ সরলরৈখিক
Ⓒ উপদেষ্টা　Ⓓ ম্যাট্রিক্স

16. কার্যভিত্তিক সংগঠন কাঠামো সরলরৈখিক সংগঠন কাঠামো থেকে উত্তম কেন?
Ⓐ ব্যয় কম　Ⓑ অপচয় হ্রাস
Ⓒ বিশেষায়ণের সুবিধা অর্জন হয়　Ⓓ দ্রুত সিদ্ধান্ত গ্রহন

17. সংগঠন কাঠামো দেখে নিচের কোনটি সম্পর্কে জানা যায়?
Ⓐ নির্দেশনার ধরন　Ⓑ ক্ষমতার প্রকৃতি
Ⓒ কর্তৃত্ব শিকল　Ⓓ প্রতিষ্ঠানের সামর্থ্য

18. জরুরী বা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার জন্য কোন সংগঠন উপযোগী?
Ⓐ উপদেষ্টা　Ⓑ কমিটি
Ⓒ সরলরৈখিক　Ⓓ কার্যভিত্তিক

19. কোন সংগঠনে নির্বাহী ও পদস্থ কর্মীর মধ্যে দ্বন্দ্ব দেখা দিতে পারে?
Ⓐ সরলরৈখিক　Ⓑ সরলরৈখিক ও উপদেষ্টা
Ⓒ কমিটি　Ⓓ কার্যভিত্তিক

20. সংগঠনের বৈশিষ্ট্য বহির্ভূত কোনটি?
Ⓐ শ্রম বিভাজন　Ⓑ মুনাফা অর্জন
Ⓒ উদ্দেশ্য অর্জন　Ⓓ সম্পর্ক সৃষ্টি

### Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | C | 02. | A | 03. | B | 04. | C | 05. | B |
| 06. | B | 07 | B | 08. | B | 09. | C | 10. | B |
| 11. | A | 12. | B | 13. | C | 14. | C | 15. | B |
| 16. | C | 17. | C | 18. | B | 19. | B | 20. | B |



CamScanner

অধ্যায় ০৫

# কর্মী সংস্থান

দ্বিতীয় পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- কোন প্রতিষ্ঠানের সংগঠন কাঠামোর কোন পর্যায়ে, কোন মানের, কি পরিমাণ কর্মী প্রয়োজন হবে তা নির্ধারণ করা থেকে কর্মী নিয়োগ, কর্মী প্রশিক্ষণ ও কর্মী পরিচালনা সংক্রান্ত সকল কাজই কর্মীসংস্থানের সাথে সম্পৃক্ত। উৎপাদন প্রক্রিয়ার জীবন হচ্ছে মানবশক্তি বা জনশক্তি। উৎপাদনের সবচেয়ে জটিল উপাদান হলো শ্রমিক কর্মী।
- কর্মীসংস্থান ব্যবস্থাপনার মূল উদ্দেশ্য হলো মানব সম্পদ উন্নয়ন।
- কর্মীসংস্থান প্রক্রিয়া: কর্মী সংগ্রহ → কর্মী নির্বাচন → নিয়োগ ও স্থাপন → প্রশিক্ষণ

## কর্মী সংগ্রহ

- কর্মী সংগ্রহ কর্মীসংস্থানের প্রাথমিক পদক্ষেপ
- এর মাধ্যমে সম্ভাব্য চাকরি প্রত্যাশীদের প্রার্থী হওয়ার জন্য উৎসাহিত করা হয়
- প্রার্থীদের শারীরিক ও মানসিকভাবে তাদের প্রার্থিতা নিশ্চিত করে
- এটি কর্মী সংগ্রহের উৎস নির্ধারণ করে
- কোন কোন উৎস হতে কর্মী সংগ্রহ করা হবে তা খুঁজে বের করা হয় এবং উক্ত উৎস হতে প্রয়োজনীয় জনশক্তিকে কর্মী নির্বাচনের সুবিধার্থে প্রতিষ্ঠান পর্যন্ত আনার ব্যবস্থা করা হয়।

■ কর্মী সংগ্রহের উৎস:

কর্মী সংগ্রহের উৎস
- অভ্যন্তরীণ উৎস
  1. পদোন্নতি
  2. পদাবনতি
  3. বদলি
  4. নিয়োজিত কর্মীদের সুপারিশ
  5. শ্রমিক সংঘের সুপারিশ।
- বহিস্থ উৎস
  - প্রাতিষ্ঠানিক
    1. শিক্ষা প্রতিষ্ঠান
    2. পেশাগত প্রতিষ্ঠান
    3. বৃত্তিমূলক প্রতিষ্ঠান (কারিগরি শিক্ষা ও স্বল্পমেয়াদি প্রশিক্ষণ)
    4. নিযুক্তি সংস্থা
    5. নিযুক্তি প্রতিনিধি
  - অপ্রাতিষ্ঠানিক
    1. বিজ্ঞাপন
    2. অবসর প্রাপ্ত ব্যক্তি
    3. বর্তমানে কর্মরত শ্রমিক কর্মীর আত্মীয় স্বজন
    4. চাকুরী সন্ধানী

## কর্মী নির্বাচন

- আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে উত্তম ও যোগ্য কর্মী বাছাই প্রক্রিয়াকে- কর্মী নির্বাচন বলা হয়।

■ কর্মী নির্বাচনের পদক্ষেপসমূহ:

১. আবেদনপত্র গ্রহণ ও বাছাই,
২. নিযুক্তি পরীক্ষায় অংশগ্রহণের আমন্ত্রণ পত্র ইস্যু,
৩. নিযুক্তি পরীক্ষা গ্রহণ,
৪. সাক্ষাৎকার গ্রহণ,
৫. প্রাথমিক নির্বাচন,
৬. ব্যক্তিগত ইতিহাস অনুসন্ধান,
৭. ডাক্তারি পরীক্ষা,
৮. চূড়ান্তভাবে নির্বাচন

■ কর্মী সংগ্রহ ও কর্মী নির্বাচনের মধ্যে পার্থক্য:

| কর্মী সংগ্রহ | কর্মী নির্বাচন |
|---|---|
| ১. কর্মী সংগ্রহ কর্মী নির্বাচনের প্রথম প্রক্রিয়া। | ১. কর্মী নির্বাচন কর্মী সংগ্রহের পর হয়ে থাকে। |
| ২. কর্মী সংগ্রহ শুধুমাত্র নতুন কর্মী নিয়োগের ক্ষেত্রে হয়ে থাকে। | ২. কর্মী নির্বাচন বলতে পদোন্নতি, বদলি, বরখাস্ত, পদাবনতি ইত্যাদি যাবতীয় বিষয়কে বুঝানো হয়ে থাকে। |
| ৩. কর্মী সংগ্রহে অভ্যন্তরীণ ও বহিস্থ উৎস হতে আবেদনপত্র গ্রহণ করা হয়। | ৩. কর্মী নির্বাচনে যে সব আবেদনপত্র গ্রহণ করা হয়েছে সেগুলো হতে পরীক্ষার মাধ্যমে দক্ষ কর্মী বাছাই করে নেয়া হয়। |
| ৪. কর্মী সংগ্রহ একটি ইতিবাচক প্রক্রিয়া। | ৪. কর্মী নির্বাচন নেতিবাচক প্রক্রিয়া। |

## কর্মী নিয়োগ

- যোগ্যতাসম্পন্ন লোকদের বিভিন্ন পদে নিয়োগ করার প্রক্রিয়াকে- কর্মী নিয়োগ বলে।
- কর্মী নিয়োগ বলতে নির্বাচন প্রক্রিয়ার মধ্য দিয়ে বাছাইকৃত কর্মীদের কাজে যোগদানের ব্যবস্থা করা এবং তারা নতুন চাকরিতে যাতে দক্ষতার সাথে কার্য সম্পাদন করে স্থায়ীভাবে কাজে নিযুক্তি লাভ করতে পারে এ জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাকে বোঝায়।



CS CamScanner

## পদোন্নতি

- একজন কর্মীকে বর্তমানের চেয়ে উচ্চ পদে উন্নীতকরণকে পদোন্নতি বলে।
- পদোন্নতির ভিত্তিসমূহ:
    1. **জ্যেষ্ঠতাভিত্তিক পদোন্নতি (Seniority Basis Promotion) :** প্রতিষ্ঠানে কর্মকালের মেয়াদকালের উপর ভিত্তি করে পদোন্নতি দেয়া হলে তাকে জ্যেষ্ঠতাভিত্তিক পদোন্নতি বলে। এরূপ পদোন্নতিতে কর্মীর যোগ্যতা বা দক্ষতা বিবেচনা করা হয় না। এক্ষেত্রে শুধুমাত্র তার চাকরি কালকে ভিত্তি হিসাবে বিবেচনা করা হয়। কর্মী যত চাকরিতে থাকে তত বেশি তিনি পদোন্নতির ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকেন।
    2. **যোগ্যতাভিত্তিক পদোন্নতি (Merits Basis Promotion) :** কর্মীর দক্ষতা ও যোগ্যতা বিচার-বিবেচনা করে পদোন্নতি দেয়া হলে তাকে যোগ্যতাভিত্তিক পদোন্নতি বলে। এরূপ পদোন্নতির ক্ষেত্রে কর্মীদের কর্মকালের জ্যেষ্ঠতা উপেক্ষা করা হয়। তাই কর্মীর কর্মকালের দীর্ঘতা যাই না হোক যোগ্যতা থাকলে তাকে পরবর্তী উচ্চ পদে পদোন্নতি দেয়া হয়ে থাকে।
    3. **জ্যেষ্ঠতা ও যোগ্যতাভিত্তিক পদোন্নতি (Seniority and Merits Basis Promotion) :** প্রতিষ্ঠানে চাকরি কালীন জ্যেষ্ঠতা ও যোগ্যতা উভয় বিষয় বিবেচনা করে কর্মীদের পদোন্নতি দেওয়া হলে তাকে জ্যেষ্ঠতা ও যোগ্যতাভিত্তিক পদোন্নতি বলে। এরূপ পদোন্নতির ক্ষেত্রে জ্যেষ্ঠতা এবং যোগ্যতা কোনটিকে এককভাবে বিবেচনা করা হয় না। তাই একই সাথে উভয় ভিত্তিকে বিবেচনা করে কর্মীদের পদোন্নতি দেয়া হয়।

## প্রশিক্ষণ

- কর্মীদের কার্যদক্ষতা বৃদ্ধির জন্য চাকুরির আগে বা পাশাপাশি হাতে-কলমে শিক্ষাদানের আনুষ্ঠানিক প্রয়াসকে প্রশিক্ষণ বলে।
- প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়নের একটি বিশেষ প্রক্রিয়া।
- এ প্রক্রিয়ায় কর্মীর বর্তমান কার্যক্রমে দক্ষতার উন্নয়নে মনোযোগ প্রদান করা হয়।
- প্রশিক্ষণের মাধ্যমে কর্মীর জ্ঞান, যোগ্যতা ও দক্ষতার বিকাশ ঘটে।
- কর্মী আত্মবিশ্বাসে উৎসাহিত হয় এবং কার্যদক্ষতা বৃদ্ধি পায়।
- কর্মীর কার্যপদ্ধতি সম্পর্কে প্রয়োজনীয় শিক্ষা প্রদান করা হয়।
- বিভিন্ন প্রকার প্রশিক্ষণ কৌশল:

| কাজের মাধ্যমে প্রশিক্ষণ (On the job training): | কাজের বাইরে প্রশিক্ষণ (Off the job training): |
|---|---|
| ১. শিক্ষানবিশ প্রশিক্ষণ | ১. বক্তৃতা পদ্ধতি |
| ২. পদ পরিবর্তন | ২. আলোচনা পদ্ধতি |
| ৩. প্রদর্শন পদ্ধতি | ৩. সেমিনার |
| ৪. কোচিং | ৪. ঘটনা পদ্ধতি |
| ৫. পর্যবেক্ষণ পদ্ধতি | ৫. অধিবেশন |
| ৬. [illegible] | ৬. প্রদর্শন |
| | ৭. অনুভূতি গ্রহণ প্রশিক্ষণ |
| | ৮. [illegible] পদ্ধতি |
| | ৯. কেসস্টাডি |
| | ১০. শিক্ষা পাঠক্রমের মাধ্যমে প্রশিক্ষণ |
| | ১১. পেশাগত ডিপ্লোমা কোর্স |

### বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. কোনটি প্রথম আসবে? [NU- Business: 2014-15]
A. নির্বাচন B. নিয়োগ
C. কর্মী সংগ্রহ D. প্রশিক্ষণ — C

02. নিচের কোনটি কাজের মাধ্যমে প্রশিক্ষণ পদ্ধতি হিসেবে বিবেচিত নয়? [NU- Business: 2014-15]
A. কোচিং B. শিক্ষানবিশ
C. [illegible] D. পর্যবেক্ষণ পদ্ধতি — D

03. প্রশিক্ষণ কর্মীদের কী ধরনের দক্ষতা বৃদ্ধি করে? [NU- Business: 2013-14]
A. মৌলিক শিক্ষা B. সাধারণ জ্ঞান
C. কর্ম-সংক্রান্ত দক্ষতা D. লেখার দক্ষতা — C

04. নিচের কোনটি কর্মী সংগ্রহের অভ্যন্তরীণ উৎস? [NU- Business: 2005-06]
A. পদোন্নতি B. বিজ্ঞাপন
C. বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র D. শিক্ষা প্রতিষ্ঠান — A

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. কর্মী সংগ্রহ প্রক্রিয়ার শেষ কাজ কী?
A. উৎস নির্বাচন B. কর্মী নিয়োগ
C. কর্মী প্রশিক্ষণ D. বিজ্ঞপ্তি প্রদান — D

02. পদোন্নতির ভিত্তি কয়টি?
A. ২টি B. ৩টি
C. ৪টি D. ৫টি — B

03. কর্মী সংগ্রহ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত কোনটি?
A. আবেদন পত্র বাছাই করা B. লিখিত পরীক্ষা গ্রহণ করা
C. প্রার্থী সম্পর্কে খোঁজ খবর নেওয়া D. বিজ্ঞাপন প্রদান করা — D

04. কর্মী সংগ্রহের বাহ্যিক উৎসের মধ্যে পড়ে?
A. পদোন্নতি B. শ্রমিক সংঘের সুপারিশ
C. বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র D. নিয়োজিত কর্মীদের সুপারিশ — C

05. নিচের কোনটি পদোন্নতির ভিত্তি হিসেবে সাধারণভাবে গণ্য নয়?
A. যোগ্যতা B. জ্যেষ্ঠতা
C. স্বজনপ্রীতি D. জ্যেষ্ঠতা ও যোগ্যতা — C

06. প্রশিক্ষণের মাধ্যমে প্রধানত নিচের কোনটি বাড়ে?
A. শিক্ষা B. মনোবল
C. কার্য সন্তুষ্টি D. দক্ষতা — D

07. নিচের কোনটি কাজের মাধ্যমে প্রশিক্ষণ?
A. বক্তৃতা পদ্ধতি B. আলোচনা পদ্ধতি
C. সেমিনার D. শিক্ষানবিশ পদ্ধতি — D



CamScanner

## PRIME TEST

## Answer Sheet

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | B | ০২. | B | ০৩. | B | ০৪. | A | ০৫. | C |
| ০৬. | C | ০৭. | B | ০৮. | B | ০৯. | C | ১০. | B |
| ১১. | C | ১২. | D | ১৩. | B | ১৪. | B | ১৫. | C |
| ১৬. | D | ১৭. | D | ১৮. | A | ১৯. | B | ২০. | D |

অধ্যায় ০৬

# নেতৃত্ব ও নির্দেশনা

দ্বিতীয় পত্র | ব্যবসায় নীতি ও প্রয়োগ

টপিক ১ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

■ নির্দেশনা:

- নির্দেশনা প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনে আদেশ ও পরামর্শদান প্রক্রিয়া।
- এর মাধ্যমে উৎসাহ দিয়ে কর্মীদের কাজ করানো হয়।
- এ প্রক্রিয়ার মাধ্যমে কর্মীদের সাথে আলাপ-আলোচনা করে কার্যপদ্ধতি নির্দেশ করা হয়।
- কখন, কোথায়, কার্য সম্পাদন করতে হবে, সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

■ নির্দেশনার পদ্ধতি বা কৌশল:

| | |
|---|---|
| নির্ধারিত বা আদর্শ পদ্ধতি | ▪ এই পদ্ধতিতে নির্দেশ একবারই প্রদান ও বুঝিয়ে দেয়া হয় এবং অধঃস্তনেরা পরবর্তীতে একই ধরনের কাজ বা সমস্যার ক্ষেত্রে নির্ধারিত নির্দেশ ব্যবহার করে। |
| প্রত্যয় সৃষ্টির মাধ্যমে নির্দেশ দান | ▪ এ ব্যবস্থায় উর্ধ্বতন ব্যবস্থাপক বিভিন্ন প্রশিক্ষণ ও তত্ত্বাবধানের মাধ্যমে অধঃস্তনের মনোভাব উন্নয়ন করে নির্দেশ দানের মাধ্যমে কাজ করে থাকে। |
| স্বৈরাচারী পদ্ধতি | ▪ এ ব্যবস্থায় উর্ধ্বতন কর্তৃপক্ষ তার বিচার বিবেচনায় যেটি সঠিক তারই নির্দেশ দান করে থাকে এবং অধঃস্তনরা বিনা বাক্য ব্যয়ে অসন্তুষ্টি সহযোগে হলেও সেই নির্দেশ পালনের চেষ্টা করে। |
| ব্যাখ্যা সহযোগে নির্দেশ | ▪ এই ব্যবস্থায় উর্ধ্বতন কর্তৃপক্ষ নির্দেশের সাথে নির্দেশ সম্পকে ব্যাখ্যা ও বিশেশ্লষণও প্রদান করে। |
| পরামর্শমূলক নির্দেশনা | ▪ এই নির্দেশনা প্রক্রিয়ায় নির্দেশনা প্রক্রিয়ায় নির্দেশ দানের পূর্বেই সংশিশ্লষ্ট বিষয় অধঃস্তন কর্মীবৃন্দের বা যারা ঐ নির্দেশ দ্বারা পরিচালিত হবে তাদের সাথে আলাপ-আলোচনা ও পরামর্শের ভিত্তিতে নির্দিষ্ট করা হয়। |

■ নেতৃত্ব :

- নেতৃত্ব হলো কর্মী পরিচালনার একটি বিশেষ গুণ বা কৌশল বা কলা।
- নেতা এ গুণ দ্বারা অধস্তনদের দিক নির্দেশনা দেন।
- নেতৃত্ব লক্ষ্য অর্জনের পথে কিভাবে চলতে হবে তা বুঝিয়ে দেয়।
- নেতৃত্ব স্বতঃস্ফূর্তভাবে কাজ করতে কর্মীদের উৎসাহিত করে।
- নেতা অনুসারীদের সাথে সুসম্পর্ক সৃষ্টি করে তাদের দিয়ে কাজ করায়।

## নেতৃত্বের প্রকারভেদ

■ প্রেষণাভিত্তিক নেতৃত্ব:

১. **ইতিবাচক নেতৃত্ব (Positive Leadership)ঃ** যখন নেতা তার কর্মীদেরকে পুরস্কার প্রদানের দ্বারা কাজে অনুপ্রাণিত করে এবং কাজ আদায় করে নেয় তখন তাকে ইতিবাচক নেতৃত্ব বলে।

২. **নেতিবাচক নেতৃত্ব (Negative Leadership)ঃ** কর্মীদেরকে কাজে প্ররোচিত করার জন্য নেতা যখন বিভিন্ন প্রকার ভয়-ভীতি, শাস্তি ইত্যাদি প্রদানের ব্যবস্থা করে, তখন তাকে নেতিবাচক নেতৃত্ব বলা হয়।

■ ক্ষমতাভিত্তিক নেতৃত্ব:

১. **স্বৈরতান্ত্রিক নেতৃত্ব (Autocratic Leadership)ঃ** যখন নেতা সকল ক্ষমতা তার নিজের হাতে রেখে কাজ সম্পকে নিজের মতামত ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিজেই মুখ্য ভূমিকা রাখেন, তখন তাকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব বলা হয়।

২. **গণতান্ত্রিক বা অংশগ্রহণমূলক নেতৃত্ব (Democratic or Participative Leadership)ঃ** যে ধরনের নেতৃত্বে নেতা তার ক্ষমতা কোন কোন ক্ষেত্রে বিকেন্দ্রীকরণ করে কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করে, তাকে অংশগ্রহণমূলক নেতৃত্ব বলা হয়।

৩. **পিতৃসুলভ নেতৃত্ব (Paternalistic Leadership)ঃ** সর্বাধিক ক্ষমতার অধিকারী হওয়া সত্ত্বেও নেতা যখন অধস্তন কর্মীদেরকে পিতার ন্যায় স্নেহ ও শাসনে কাজ করতে অনুপ্রাণিত করেন, তখন তাকে পিতৃসুলভ নেতৃত্ব বলা হয়।

৪. **লাগামহীন নেতৃত্ব (Laissez Faire or Free-rein Leadership)ঃ** নেতা যখন স্বাধীনভাবে কর্মীদেরকে কাজ করতে দেয় এবং কর্মীর কাজে কোন প্রকার ক্ষমতা বা কর্তৃত্ব আরোপ করে না, তখন তাকে লাগামহীন নেতৃত্ব বলে।

■ দৃষ্টিভঙ্গি বিচারে/ মৌলভিত্তিক নেতৃত্ব :

১. **কর্মকেন্দ্রীক নেতৃত্ব (Job Centered Leadership)ঃ** এই নেতৃত্বের ধরনকে আবার কার্য-কাঠামো নেতৃত্বও বলা যায়। এখানে কর্মীদেরকে কাজ অনুযায়ী পুরস্কার বা স্বীকৃতি দেয়া হয়। এ ধরনের নেতৃত্বে নেতা কর্মীদেরকে সবসময় কাজে ব্যস্ত রাখে। এখানে নেতা কর্মীদের মানবীয় দিকটিকে সম্পূর্ণ উপেক্ষা করে এবং সবসময় কর্মীকে তার কার্যফল দ্বারা বিবেচনা করে।

২. কর্মীকেন্দ্রিক নেতৃত্ব (Employee Centered Leadership)ঃ এ ধরনের নেতৃত্বে কর্মীদের গুরুত্ব দেয়া হয়। এটাকে সহানুভূতিপ্রবণ নেতৃত্ব বলা হয়। কারণ এতে কর্মী ও কর্মীর মানবিক দিকটি বিবেচনা করে নেতৃত্ব দেয়া হয়। ফলে কর্মীদের যে কোন সমস্যা সমাধান করা যায়। কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে কাজ করতে পারে এবং তাদের দক্ষতা বৃদ্ধি পায়।

## তত্ত্বাবধান পরিসর

- একজন ব্যবস্থাপকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে অধীনস্থ কর্মীর সংখ্যাকে বলা হয়- তদারকের পরিসর/ব্যবস্থাপনার পরিসর/ নিয়ন্ত্রণের পরিসর।
- একজন নির্বাহীর অধীনে সরাসরি পরিচালিত ও নিয়ন্ত্রিত শ্রমিক বা কর্মচারীদের সংখ্যাই তত্ত্বাবধান পরিসর।

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

### রিভিশন টেস্ট

01. একজন ব্যবস্থাপকের কাজের পরিধি নির্ধারিত হয় —[NU- Business: 2014-15]
A. উদ্দেশ্য দ্বারা B. বাজেট দ্বারা
C. পলিসি দ্বারা D. নীতি দ্বারা — C

02. নির্দেশনার আদর্শ কোনটি? [NU- Business: 2013-14]
A. পরিকল্পনা B. কর্মসূচি
C. নির্দেশের ঐক্য D. ক্ষমতা অর্পণ — C

03. "আমরা কোথায় আছি এবং কোথায় যেতে চাই"-এ দুয়ের মাঝে সেতুবন্ধন রচনা করে- [NU- Business: 2010-11]
A. নেতৃত্ব B. নিয়ন্ত্রণ
C. পরিকল্পনা D. সংগঠন — A

04. কোন ধরনের নেতৃত্ব অধস্তনরা অবাধ স্বাধীনতা ভোগ করে? [NU- Business: 2010-11]
A. স্বৈরতান্ত্রিক নেতৃত্ব B. মুক্ত বা লাগামহীন নেতৃত্ব
C. গণতান্ত্রিক নেতৃত্ব D. পিতৃসুলভ নেতৃত্বে — B

05. লক্ষ্য অর্জনে অন্যকে প্রভাবিত করাকে বলে– [NU- Business: 2008-09]
A. নেতৃত্ব B. নিয়ন্ত্রণ
C. প্রেষণা D. পরিকল্পনা — A

06. একজন ব্যবস্থাপকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে অধীনস্থ কর্মীর সংখ্যাকে বলা হয়– [NU- Business: 2005-06]
A. তদারকের পরিসর B. নিয়ন্ত্রণের পরিসর
C. ব্যবস্থাপনার পরিসর D. উপরের সবকটিই — D

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. নির্দেশনা প্রক্রিয়ায় অনুসরণ কী?
A. ভুল-ত্রুটি শুধরে দেওয়া
B. কাজ শুরু থেকে শেষ পর্যন্ত নজর রাখা
C. আদেশ-নির্দেশ বুঝিয়ে দেয়া
D. আদেশ দান ও উপদেশ পরামর্শ দেয়া — B

02. কোনটি উত্তম নির্দেশনা বৈশিষ্ট্যের বহির্ভূত?
A. স্পষ্টতা B. পূর্ণাঙ্গতা
C. নিরপেক্ষতা D. যৌক্তিকতা — C

03. শ্রমিকদের পরিচালনারত সুপারভাইজারের জন্য নিচের কোন গুণটি বেশি গুরুত্বপূর্ণ?
A. প্রজ্ঞা ও দূরদৃষ্টি B. শিক্ষা ও অভিজ্ঞতা
C. সাংগঠনিক জ্ঞান D. উৎসাহ দানের ক্ষমতা — D

04. নিচের কোন ক্ষেত্রে পরামর্শমূলক নির্দেশনার প্রভাব নেতিবাচক?
A. কাজের উৎসাহ B. কর্মীর মনোবল
C. আস্থা ও বিশ্বাস D. গোপনীয়তা রক্ষা — D

05. পরামর্শমূলক নির্দেশনার সুবিধা কোনটি?
A. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ B. পরামর্শক শ্রেণির উদ্ভব
C. পরিকল্পনার মান বৃদ্ধি D. উর্ধ্বতনের কর্তৃত্ব বৃদ্ধি — C

06. পরিকল্পনা, সংগঠন ও কর্মীসংস্থানকে ব্যবস্থাপনার প্রস্তুতি পর্বের কাজ ধরা হলে বাস্তবায়ন পর্বের প্রথম কাজ কোনটি?
A. সমন্বয় B. প্রেষণা
C. নিয়ন্ত্রণ D. নির্দেশনা — D

07. নিচের কোনটি নির্দেশনা প্রক্রিয়ার বহির্ভূত?
A. আদেশ দান B. পরামর্শ দান
C. অনুমান করা D. অনুসরণ করা — C

08. বাংলাদেশের অধিকাংশ প্রতিষ্ঠানেই পরামর্শমূলক নির্দেশনা ব্যবহৃত না হওয়ার পিছনে বড় কারণ কোনটি?
A. কর্মীদের নিম্নমান
B. উর্ধ্বতনদের প্রভুত্বসুলভ মনোভাব
C. আইনগত বাধ্যবাধকতার প্রভাব
D. বৃহদায়তন প্রতিষ্ঠানের অনুপস্থিতি — B

09. মি. আনোয়ার একজন সুপারভাইজার। তিনি আদেশ দেন এবং সময় শেষে কাজ না হওয়াতে কর্মীদের ওপর রাগারাগি করেন। তার কোনটি প্রধান করণীয়?
A. ফাঁকি দেয় এমন কর্মীদের শাস্তির ব্যবস্থা করা
B. আদেশ দিয়ে প্রয়োজনীয় তত্ত্বাবধান করা
C. প্রশিক্ষণ দেওয়ার প্রয়োজনীয়তা অনুধাবন
D. সমস্যা বোঝার চেষ্টা করা — B

10. মি. কবির পিতার সূত্রে ব্যবসায়ের মালিক হয়ে ব্যবসা চালান। তিনি ব্যবসায়ের সব দায়িত্ব ম্যানেজারকে দিয়ে দেন এবং টাকা লাগলে চেয়ে নেন। তার নেতৃত্ব কোন ধরনের?
A. গণতান্ত্রিক B. পিতৃসুলভ
C. অনানুষ্ঠানিক D. লাগামহীন — D

11. শ্রমিকদের মধ্যে জনাব হুমায়ুন বয়স্ক ও সবার শ্রদ্ধেয়। তাই শ্রমিকরা তাদের ব্যক্তিগত ও পারিবারিক নানান বিষয়ে তার কথা মান্য করে। এক্ষেত্রে জনাব হুমায়ুনের নেতৃত্ব কোন ধরনের?
A. কর্মীকেন্দ্রিক B. পিতৃসুলভ
C. অনানুষ্ঠানিক D. আনুষ্ঠানিক — C

12. মি. নয়ন মনে করেন কর্মীরা যোগ্য হলে ও ভালো থাকলে প্রতিষ্ঠানের উন্নতি হবে। এতে প্রতিষ্ঠানের কাজ ও দক্ষতা উভয়ই বাড়বে। মি. নয়নের নেতৃত্ব কোন ধরনের?
A. গণতান্ত্রিক B. পিতৃসুলভ
C. কর্মীকেন্দ্রীক D. অনানুষ্ঠানিক — C

13. মারুফ বরিশাল থেকে আড়তে কুমড়া পাঠিয়ে করণীয় চিঠি লেখে ডাকে ফেলেছেন। করণীয় সম্পর্কে জানতে বিলম্ব হওয়ায় আড়ৎদার কিছু করেনি। ফলে সব কুমড়া পঁচে গেছে। এক্ষেত্রে নির্দেশনা দানের প্রধান কোন বৈশিষ্ট্য লঙ্ঘিত হয়েছে?
A. নিয়মানুবর্তিতা B. যৌক্তিকতা
C. সময়ানুবর্তিতা D. সংক্ষিপ্ততা — D



CS CamScanner

14. কোনটি ক্ষমতামূলক নেতৃত্বের অন্তর্ভুক্ত?
A. ব্যক্তিক নেতৃত্ব B. ইতিবাচক নেতৃত্ব
C. লাগামহীন নেতৃত্ব D. কর্মকেন্দ্রীক নেতৃত্ব
**C**

15. নেতার ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয় কোন নেতৃত্বে?
A. স্বৈরতান্ত্রিক B. গণতান্ত্রিক
C. কর্মকেন্দ্রীক D. পিতৃত্বসুলভ
**B**

16. কোন নেতৃত্বে নেতা সমস্ত ক্ষমতা নিজের কাছে কুক্ষিগত করে রাখে?
A. গণতান্ত্রিক B. স্বৈরতান্ত্রিক
C. লাগামহীন D. ইতিবাচক
**B**

17. আদর্শ নেতার গুণাবলি বহির্ভূত কোনটি?
A. বুদ্ধিমত্তা B. সুস্বাস্থ্য
C. বিচার ক্ষমতা D. আর্থিক সচ্ছলতা
**D**

18. নেতার কার্যাবলীর অন্তর্ভুক্ত কোনটি?
A. পরামর্শ গ্রহণ B. বেতন কাঠামো প্রণয়ন
C. নিরাপত্তা বিধান D. মূলধন আনয়ন
**C**

19. সংগঠনকে কার্যকর করতে হলে কোনটি একান্ত প্রয়োজন?
A. পরিকল্পনা B. নিয়ন্ত্রণ
C. নির্দেশনা D. প্রেষণা
**C**

20. কোনটি পরামর্শমূলক নির্দেশনার অসুবিধা বহির্ভূত?
| অগ্নিবিমা | • জার্মানিতে অগ্নি বিমার প্রচলন ঘটে- ১৬০৯ সালে।<br>• ড. নিকোলাস বারবান একক বিমা কোম্পানির প্রচলন করেন- ১৬৮০ সালে।<br>• অগ্নি বিমার জনক বলা হয়- ড. নিকোলাস বারবান কে।<br>• অংশীদারিত্বের ভিত্তিতে Sun Fire Office বিমা কোম্পানি স্থাপিত হয়- ১৭১০ সালে।<br>• Sun Fire Office বিমাতে অংশীদার ছিল- ২৪ জন।<br>• ইংল্যান্ডে Fire Insurance Office স্থাপিত হয়- ১৮৬১ সালে। |
| জীবন বিমা | • নৌবিমা ও অগ্নিবিমার পরে জীবন বিমার প্রচলন হয়।<br>• ১৫৮৩ সালে লন্ডনে উইলিয়াম গীবন নামক এক ব্যক্তির ১ বছর মেয়াদী ৮% হারে প্রিমিয়াম গ্রহণের মধ্য দিয়ে জীবন বিমা পলিসির প্রবর্তন ঘটে।<br>• The Hand in Hand নামক জীবন বিমা কোম্পানি স্থাপিত হয়- ১৬৯৬ সালে।<br>• Amicable Society প্রাতিষ্ঠানিকভাবে জীবন বিমা কার্যক্রম শুরু করে- ১৭০৫ সালে।<br>• The Orient Life Insurance Company স্থাপনের মধ্য দিয়ে ভারতীয় উপমহাদেশে জীবন বিমার প্রচলন ঘটে।<br>• The Orient Life Insurance Company প্রতিষ্ঠিত হয়- ১৮১৮ সালে। |

- উপমহাদেশে প্রথম বিমা আইন প্রতিষ্ঠিত হয়- ১৯২৮ সালে।
- বর্তমান বিমা কর্পোরেশন আইন- ২০১০ সালের।
- বাংলাদেশে সর্বপ্রথম বেসরকারি খাতে বিমা প্রতিষ্ঠার অনুমতি দেয়া হয়- ১৯৮৪ সালে।
- বাংলাদেশে বিমা কোম্পানিগুলো নিয়ন্ত্রণ করে- বিমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ (Insurance Academy and Regulatory Authority- IDRA)।
- বিমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ (IDRA) গঠনের আইন পাশ হয়- ২০১০ সালে।
- বিমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ (IDRA) গঠিত হয়- ২০১১ সালের ২৬ জানুয়ারী।
- Bangladesh Insurance Academy (BIA) গঠিত হয়- ১৯৭৩ সালে।
- Bangladesh Insurance Order- ১৯৭২ সালের।
- Bangladesh Insurance Ordianance পাশ হয়- ১৯৮৪ সালে।
- বাংলাদেশ বিমা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ অধ্যাদেশ পাশ হয়- ২০০৮ সালে।
- জাতীয় বিমা নীতি- ২০১৪ সালের।
- বর্তমানে সরকারি বিমা প্রতিষ্ঠান সংস্থা দুটি হচ্ছে: ১. সাধারণ বিমা কর্পোরেশন, ২. জীবন বিমা কর্পোরেশন

**বিমা চুক্তি**

- যে চুক্তির মাধ্যমে বিমাকারী প্রিমিয়ামের বিনিময়ে বিমাগ্রহীতার আর্থিক ঝুঁকি গ্রহণ করে তাকে- বিমা চুক্তি বলে।
- বিমা চুক্তিতে দুটি পক্ষ জড়িত থাকে।
- বিমা চুক্তি অবশ্যই আর্থিক হবে।
- বিমা কোম্পানিকে বলা হয়- বিমাকারী বা Insurer.
- যে ব্যক্তি বিমা কোম্পানির নিকট ঝুঁকি হস্তান্তর করে তাকে- বিমা গ্রহীতা বা Insured or Policy holder বলা হয়।
- জীবন বিমায় নির্দিষ্ট মেয়াদ শেষে বা দুর্ঘটনা সংঘটিত হলে বিমা কোম্পানি বিমাগ্রহীতাকে আর্থিক সুবিধা প্রদান করে।
- সাধারণ বিমায় নির্দিষ্ট ঘটনায় সংঘটিত ক্ষতি বিমাকারী পরিশোধ করে।
- ঝুঁকি গ্রহণের জন্য বিমা গ্রহীতা বিমাকারীকে যে অর্থ প্রদান করে তাকে- প্রিমিয়াম বলে।



CamScanner

## বিমাযোগ্য স্বার্থ:

- কোনো বস্তুর উপর বিমাগ্রহীতার আর্থিক স্বার্থকে বিমাযোগ্য স্বার্থ বলে।
- বিমাযোগ্য স্বার্থ বিহীন বিমা চুক্তি বৈধ হবে না।
- যে কোন ধরনের বিমার ক্ষেত্রে বিমাযোগ্য স্বার্থ আবশ্যক।
- বিমাযোগ্য স্বার্থ ব্যতিত বিমা কোম্পানি কোন প্রকার ক্ষতি পুরণ প্রদান করতে বাধ্য থাকে না।
- বিমা চুক্তির উপাদান নয়- অনিশ্চয়তা।
- বাংলাদেশে কার্যরত বিদেশী বিমা কোম্পানি- Metlife Alico এবং LIC Bangladesh Ltd.
- Metlife Alico বাংলাদেশে কাজ শুরু করে- ১৯৭৪ সালে।

## বিমার অপরিহার্য উপাদানসমুহ

১. একাধিক পক্ষ- বিমাকারী ও বিমা গ্রহীতা।
২. নিশ্চয়তা- জীবনবিমা নিশ্চয়তার চুক্তি।
৩. বিমাযোগ্য স্বার্থ- বিমা গ্রহীতার আর্থিক স্বার্থ (মুল উপাদান)।
৪. ক্ষতিপুরণ- সম্পত্তি/সাধারণ বিমা ক্ষতিপূরণের চুক্তি।
৫. স্থলাভিষিক্ততা- বিমা দাবি পরিশোধের পরে অবশিষ্ট সম্পদের মালিক হয় বিমাকারী কোম্পানি।
৬. নিকটতম/প্রত্যক্ষ কারণ (Causa Proxima)- বিমা চুক্তিতে উল্লেখিত কারণ।

## জীবন বিমা

- জীবন বিমার বিষয়বস্তু হলো মানুষের জীবন।
- সাধারণ বিমা ক্ষতি পুরণের চুক্তি কিন্তু জীবন বিমা ক্ষতি পুরণের চুক্তি নয়; শুধুমাত্র আর্থিক চুক্তি। কারণ মানুষের জীবনের কোন ক্ষতিপুরণ হয় না।
- বিমাপত্রের মেয়াদপুর্তির পুর্বেই বিমাপত্র সমর্পণ করে যে মুল্য বা প্রতিদান চাওয়া হয় তাকে- সমর্পণ মুল্য বলা হয়।
- কমপক্ষে ২ বছর মেয়াদ উত্তীর্ণ না হলে সাধারণত সমর্পণ মুল্য প্রদান করা হয় না।
- ১৯৩৮ সালের বিমা আইনে সমর্পণ মুল্যের কথা বলা হয়।
- সমর্পণ মুল্য নির্ণয়ের ভিত্তি ২টি।
- একজন ব্যক্তি ৭ বছরের বেশি নিখোঁজ থাকলে তাকে মৃত বলে গণ্য করা হয়।
- একই বয়সের জনসমষ্টির প্রত্যেক বছরের মৃত্যুর ইতিহাসকে- মৃত্যুহার পঞ্জি বলে।
- এডমন্ড হ্যালি মৃত্যুহার পঞ্জি আবিষ্কার করেন।
- বিমা গ্রহীতা সমপরিমাণ অর্থ নির্দিষ্ট মেয়াদ পর পর বিমা কোম্পানিকে প্রদান করাকে- বার্ষিক বৃত্তি বলে।

## নৌ-বিমা

- বিমা ব্যবসায়ের যাত্রা শুরু হয়- নৌবিমার মাধ্যমে।
- নৌবিমা সর্বপ্রথম ইস্যু করা হয়- ইতালিতে।
- বাংলাদেশে নৌবিমা আইন- ১৯০৬ (বৃটিশ) সালের।
- নৌবিমা মুলত সামুদ্রিক বিপদজনিত ক্ষয়-ক্ষতির জন্যই নির্ধারিত।
- আধুনিক নৌবিমার জনক- Edward Llyod
- Edward Llyod যুক্তরাজ্যের অধিবাসী।
- জেটিশন শব্দটি জড়িত- নৌবিমার সাথে।

## নৌ বিপদ সমুহঃ

| বিপদের নাম | বর্ণনা | উদাহরণ |
|---|---|---|
| প্রাকৃতিক বিপদ | সমুদ্র পথে প্রাকৃতিক কারণে যে সকল দুর্ঘটনা সংঘটিত হয় তাকে প্রাকৃতিক বিপদ বলে। | সামুদ্রিক ঝড়, সমুদ্রে জাহাজ নিমজ্জিত হওয়া, ভাসমান বরফ খন্ডে ধাক্কালাগা ইত্যাদি। |
| অপ্রাকৃতিক বিপদ | সমুদ্র পথে মানুষ সৃষ্ট কারণে যে সকল দুর্ঘটনা সংঘটিত হয় তাকে অপ্রাকৃতিক বিপদ বলে। | জলদস্যু, শত্রু, পণ্য নিক্ষেপণ, আগুন, যুদ্ধকালীন পরিস্থিতি, বিস্ফোরণ ও অন্যান্য বিপদ সমুহ। |

## নৌ বিমা চুক্তির অত্যাবশ্যকীয় শর্তাবলী:

| | |
|---|---|
| ব্যক্ত/প্রকাশিত শর্তাবলী | যাত্রার নিরাপদ সময়, যাত্রার সুনির্দিষ্ট তারিখ, রক্ষীবহর সঙ্গে রাখা, বিমাকৃত সম্পদের নিরপেক্ষতা ঘোষণা |
| অব্যক্ত/ অপ্রকাশিত শর্তাবলী | জাহাজের সমুদ্র চলাচলযোগ্যতা, যাত্রার বৈধতা, নির্দিষ্ট সময়ে যাত্রা, যাত্রাপথ পরিবর্তন না করা |

## অগ্নি বিমা

- অগ্নিজনিত ক্ষতি মোকাবেলার উদ্দেশ্যে যে বিমা গ্রহণ করা হয় তাকে- অগ্নিবিমা বলে।
- অগ্নি বিমার মুল সার্থকতা হলো এর ক্ষতিপুরণের নীতির মধ্যে।
- অগ্নি বিমার জনক- নিকোলাস বারবান।
- নৈতিকতার বিষয়টি সবচেয়ে বেশি জড়িত অগ্নিবিমার সাথে।



CamScanner

## বিবিধ বিমা

| বিমার নাম | বর্ণনা |
|---|---|
| দুর্ঘটনা বিমা | • আকস্মিক কোন দুর্ঘটনাজনিত ক্ষয়-ক্ষতি বা সম্ভাব্য দুর্ঘটনাজনিত আর্থিক ক্ষতির বিরুদ্ধে যে বিমা ব্যবস্থা গ্রহণ করা হয় তাকে দুর্ঘটনা বিমা বলে। |
| পুনর্বিমা | • বিমাকারী বা বিমা কোম্পানি তার গৃহীত ঝুঁকির অংশ বিশেষ পুনঃচুক্তির মাধ্যমে অন্য কোনো বিমা কোম্পানির ওপর ন্যস্ত করলে তাকে পুনর্বিমা বলে।<br>• এক্ষেত্রে বিমাকারী ও বিমা গ্রহীতা দুজনেই বিমা কোম্পানি। |
| দ্বৈতবিমা বা যুগ্ম বিমা | • কোনো বিমা গ্রহীতা তার জীবন বা সম্পত্তি একাধিক বিমা কোম্পানির নিকট বিমা করলে তাকে দ্বৈত বা যুগ্মবিমা বলে।<br>• দ্বৈতবিমা বা যুগ্ম বিমা ধারণাটি সবচেয়ে বেশি কার্যকর হয়- জীবন বিমার ক্ষেত্রে। |

**▌ বিভিন্ন বিমার উৎপত্তিস্থল:**

| বিমার নাম | উৎপত্তি |
|---|---|
| অগ্নি বিমা | যুক্তরাজ্য |
| বিমান বিমা | |
| বেকার ও স্বাস্থ্যহানি বিমা | |
| রপ্তানি বিমা | |
| শিলাবৃষ্টি বিমা | |
| ডাক জীবন বিমা | ভারতীয় উপমহাদেশ |
| রপ্তানি ধার বিমা | বাংলাদেশ |
| গোষ্ঠী বিমা | যুক্তরাষ্ট্র |

## বিমা সংক্রান্ত গাণিতিক সমস্যা

সূত্র: $\text{বিমা দাবি} = \dfrac{\text{বিমাকৃত অংক}}{\text{সম্পদের প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ}$।

**▌ সমস্যা: একটি সম্পত্তির মূল্য ১০,০০০/- টাকা। বিমা পলিসিতে দেখানো হলো ৬০,০০০/- টাকা। ক্ষতি হলো ৪০,০০০/- টাকা। বিমা কোম্পানির কাছ থেকে কত টাকা ক্ষতিপূরণ পাওয়া যাবে?**

সমাধান: $\text{বিমা দাবি} = \dfrac{\text{বিমাকৃত অংক}}{\text{সম্পদের প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ} = \dfrac{৬০,০০০}{১০,০০০} \times ৪০,০০০ = ২,৪০,০০০$ টাকা।

সম্পূরক অংশ

# তথ্য প্রবাহে অর্থ সংস্থান

ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

টপিক ২

• ব্যবসায় অর্থসংস্থান একটি প্রক্রিয়া যার মাধ্যমে ব্যবসায়ের মূলধন, ঋণ, নগদ তহবিলের উৎস ইত্যাদি চিহ্নিত করা যায় এবং উক্ত উৎস হতে সংগৃহীত অর্থ বা ফান্ডকে নিয়ন্ত্রণ করা যায় এবং সর্বোপরি সুষ্ঠ বিনিয়োগের মাধ্যমে অর্থাগমন বৃদ্ধি করা যায়।

**▌ ব্যবসায় অর্থসংস্থানের উৎস:**

**ক. প্রকৃতি অনুযায়ী ঃ** প্রকৃতি অনুযায়ী ব্যবসায় অর্থসংস্থানের উৎসকে ২ ভাগে ভাগ করা যায়। যথাঃ

১. **অভ্যন্তরীণ উৎসঃ** প্রতিষ্ঠানের নিজস্ব অর্থ, বিভিন্ন প্রকার তহবিল, সম্পদ প্রভৃতি।

২. **বাহ্যিক উৎসঃ** বন্ধু-বান্ধব, আত্মীয় স্বজন, ব্যাংক, বিমা প্রতিষ্ঠানসহ বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান।

**খ. মেয়াদ অনুযায়ীঃ** মেয়াদের ভিত্তিতে অর্থসংস্থানের উৎসকে ৩ ভাগে ভাগ করা যায়। যথাঃ

১. **স্বল্পমেয়াদি অর্থসংস্থানঃ** স্বল্প সময়ের জন্য যে মূলধন সরবরাহ করা হয় তাকে স্বল্পমেয়াদি অর্থসংস্থান বলে। এই সময় সাধারণত এক বছর বা তার চেয়ে কম হয়ে থাকে।

২. **মধ্যমেয়াদি অর্থসংস্থান ঃ** স্বল্পমেয়াদি অর্থ সরবরাহ এবং দীর্ঘমেয়াদি অর্থ সরবরাহ এর মধ্যবর্তী সময়ের জন্য যে অর্থ সংস্থান করা হয় তাকে মধ্যমেয়াদি অর্থসংস্থান বলে। এই সময়কাল সাধারণত এক বছর হতে পাঁচ বছর বা সাত বছর পর্যন্ত হয়ে থাকে।

৩. **দীর্ঘমেয়াদি অর্থসংস্থানঃ** ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তিতে অর্থ বিনিয়োগের জন্য যে ঋণ বা অর্থসংস্থান করা হয় তাকে দীর্ঘমেয়াদি অর্থসংস্থান বলে। এই অর্থের মেয়াদ সাধারণত ৫ বা ৭ বছরের অধিক হয়।

| অর্থসংস্থানের স্বল্পমেয়াদি উৎসসমূহ | | অর্থসংস্থানের দীর্ঘমেয়াদি উৎসসমূহ | |
|---|---|---|---|
| • ট্রেজারি বিল | • বিল বাট্টাকরণ | • ট্রেজারি বন্ড | • শেয়ার এবং ঋণপত্র বিক্রয় |
| • বন্ধু-বান্ধব ও আত্মীয়স্বজন | • বাণিজ্যিক ব্যাংক | • সম্পত্তি বিক্রয় | • বন্ধকী ব্যাংক এবং বিমা প্রতিষ্ঠান |
| • দেশীয় মহাজন | • ব্যবসায় ঋণ | • সরকারি অর্থসংস্থানকারী | • পুঁজি বিনিয়োগ ট্রাস্ট |
| • সম্পত্তি বিক্রয় বা বন্ধক | | • প্রবর্তক এবং অবলেখক | |
| | | • শেয়ার বাজার এবং বিদেশী পুঁজি বিনিয়োগকারী | |



CamScanner

## শেয়ার

- কোম্পানি সংগঠনের মূলধনকে সমপরিমাণ মূল্যের ক্ষুদ্র এককে ভাগ করা হলে তার প্রত্যেকটি একককে শেয়ার বলে যা কোম্পানির উপর শেয়ার ক্রেতার স্বার্থ ও মালিকানা স্বত্বের নির্দেশ করে।
- যিনি শেয়ার ক্রয় করেন তাকে শেয়ারহোল্ডার বলে।
- শেয়ার বিক্রয় হতে সংগৃহীত অর্থকে শেয়ার মূলধন বলে।
- শেয়ার থেকে অর্জিত মুনাফাকে- লভ্যাংশ (Dividend) বলা হয়।
- একই ধরনের শেয়ারের ক্ষেত্রে প্রতিটি মূল্য সমপরিমাণের হয়ে থাকে।
- শেয়ার ক্রয়ের মাধ্যমে ক্রেতা কোম্পানির উপর আংশিক মালিকানা স্বত্ব পেয়ে থাকে।
- পরিমেল নিয়মাবলির নির্দেশ অনুযায়ী শেয়ার হস্তান্তরযোগ্য অস্থাবর সম্পত্তি হিসেবে গণ্য হয়।

■ **শেয়ারের প্রকারভেদ:**

১. **সাধারণ শেয়ার (Ordinary Share):** কোম্পানি আইন অনুযায়ী যে শেয়ার মালিকদের অধিকার, দায়িত্ব ও কর্তব্য কোম্পানিতে অধিক থাকে অথচ সাধারণ অধিকারের ভিত্তিতে লভ্যাংশ ভোগ করে এবং মূলধন ফেরত পায় তাকে সাধারণ শেয়ার বলে।

২. **অগ্রাধিকার শেয়ার (Preference Share):** আইন অনুযায়ী যে শেয়ার মালিকগণ অগ্রাধিকার ভিত্তিতে নির্দিষ্ট হারে লভ্যাংশ ভোগ করে এবং মূলধন ফেরত পায় তাকে অগ্রাধিকার শেয়ার বলে।

৩. **বিলম্বিত শেয়ার (Deffered Share):** যে শেয়ারের মালিকগণ অগ্রাধিকার ও সাধারণ শেয়ার মালিকদের লভ্যাংশ বণ্টন এবং মূলধন ফেরত দেওয়ার পর অর্থাৎ লভ্যাংশ ও মূলধন পায় তাদেরকে বিলম্বিত বা প্রবর্তকের শেয়ার বলে।

৪. **অধিবৃত্তি শেয়ার (Bonus Share):** কোম্পানির সঞ্চিত তহবিলে (Reserve Fund) প্রচুর পরিমাণ অর্থ জমা হলে পরিচালকগণ উক্ত তহবিলের একটি নির্দিষ্ট অংশ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে অতিরিক্ত শেয়ার হিসেবে পুরাতন শেয়ারমালিকদের মধ্যে বণ্টন করে যা অধিবৃত্তি শেয়ার নামে পরিচিত।

৫. **অধিকারযোগ্য শেয়ার (Right Share):** কোন কোম্পানি অধিকতর মূলধন সংগ্রহের উদ্দেশ্যে নতুন শেয়ার বিলির সিদ্ধান্ত গ্রহণের সময় তার সম্পূর্ণ বা আংশিক ক্রয়ের অধিকার আনুপাতিক হারে পুরাতন শেয়ারহোল্ডারদের জন্য সংরক্ষণ করলে তাকে অধিকারযোগ্য শেয়ার বলে।

৬. **অনাঙ্কিত মূল্যের শেয়ার (No-Per Value Share):** কোম্পানির নিবন্ধপত্রে যে শেয়ারের শেয়ার-প্রতি মূল্য নির্দিষ্ট করে লেখা থাকে না, তাকে অনাঙ্কিত মূল্যের শেয়ার বলে। এ শেয়ারের ক্ষেত্রে ইস্যুর সময় পরিচালকমণ্ডলী কর্তৃক শেয়ার প্রতি মূল্য নির্ধারণ করে শেয়ার ইস্যু করা হয়।

■ **শেয়ার মালিকানার প্রামাণ্য দলিল:**

| দলিল | বর্ণনা |
|---|---|
| শেয়ার সার্টিফিকেট | শেয়ার মালিকানার মুখ্য প্রামাণ্য দলিল হলো শেয়ার সার্টিফিকেট। শেয়ার বণ্টনের ৩ মাস এবং শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে ২ মাসের মধ্যে শেয়ার গ্রহীতাকে এরূপ সার্টিফিকেট প্রদান করতে হয়। |
| শেয়ার ওয়ারেন্ট | পাবলিক লিমিটেড কোম্পানি শেয়ারের পূর্ণমূল্য এর গ্রহীতা কর্তৃক পরিশোধ করা হলে, প্রমাণ হিসাবে কোম্পানি শেয়ার গ্রহীতাকে যে প্রামাণ্য দলিল প্রদান করে তাকে শেয়ার ওয়ারেন্ট বলে। প্রাইভেট লিমিটেড কোম্পানি শেয়ার ওয়ারেন্ট ইস্যু করতে পারে না। |
| কাঁচা সনদ | শেয়ার সার্টিফিকেট ইস্যু করার পূর্বে শেয়ারের মূল্য প্রদানকারীকে অন্তবর্তী সময়ের জন্য যে প্রমাণপত্র দেয়া হয় তাকে কাঁচা সনদ বলে। |
| ক্ষতিপূরণ পত্র | শেয়ার সার্টিফিকেট হারানো গেলে তার প্রতিলিপি লাভের জন্য শেয়ারমালিক যে লিখিত প্রতিশ্রুতিপত্রে স্বাক্ষর করে তাকে ক্ষতিরণ পত্র বলে। |
| লভ্যাংশ পরোয়ানা | লভ্যাংশ ঘোষণার পর তা ব্যাংক হতে সংগ্রহের জন্য কোম্পানি শেয়ারমালিকদের যে প্রমাণপত্র প্রদান করে তাকে লভ্যাংশ পরোয়ানা বলে। |

## শেয়ার বাজার

- শেয়ার বাজারে শুধুমাত্র সরকারি, বেসরকারি ও যৌথ মালিকানার তালিকাভুক্ত পাবলিক লিমিটেড কোম্পানি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের শেয়ার, স্টক, ঋণপত্র, লগ্নিপত্র ইত্যাদি দালালের মাধ্যমে কেনাবেচা করা যায়।
- শেয়ার বাজার একটি সুসংগঠিত মধ্যস্থ আর্থিক প্রতিষ্ঠান।
- এটি একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত অথবা নিজস্ব আইনবলে প্রতিষ্ঠিত সংস্থা।
- এটি নিজ নামে কোন শেয়ার, স্টক, ঋণপত্র ইত্যাদি ক্রয়-বিক্রয় করতে পারে না, দালালের মাধ্যমে ব্যবসায় কার্য পরিচালনা করে।
- শেয়ার বাজারে নির্দিষ্ট সংখ্যক সদস্য (Member) ও দালাল থাকে এবং যাবতীয় লেনদেন দালালের মাধ্যমে সংঘটিত হয়। ফলে একটি খোলা বাজার হওয়া সত্ত্বেও, তালিকাভুক্ত সদস্যগণ (দালাল) বা তাদের প্রতিনিধি ছাড়া অন্যকেহ শেয়ার বাজারের কেনাবেচায় অংশ গ্রহণ করতে পারে না।
- শেয়ার বাজারে নগদ অথবা আগাম চুক্তিতে লেনদেন হতে পারে।
- শেয়ার বাজারকে প্রধানত দু'ভাগে ভাগ করা হয়। যথা: প্রাথমিক বাজার ও মাধ্যমিক বাজার।
- নতুন কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় করা হয় প্রাথমিক বাজারে এবং পুরাতন কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় করা হয় মাধ্যমিক বাজারে।

■ **শেয়ার বাজারে ক্রয়-বিক্রয়ের নিয়মাবলী:**

১. **কলওভার পদ্ধতি (Call-over System) :** একটি নির্দিষ্ট সময়ে সদস্যগণের উপস্থিতিতে ফ্লোরে একজন কর্মকর্তা নির্ধারিত সিকিউরিটির তালিকা পাঠ করেন এবং কলিং প্রাইস উল্লেখ করেন। অতঃপর কোন নির্দিষ্ট সিকিউরিটি ক্রয়ে ইচ্ছুক ও বিক্রয়ে ইচ্ছুক সদস্যগণ দর কষাকষির এক পর্যায়ে যে দরে উভয়ে সম্মত হন সেই দরেই লেনদেন সম্পন্ন হয়। ছোট আকারের এবং স্বল্প সদস্যে ও লেনদেন সম্বলিত স্টক এক্সচেঞ্জে এ পদ্ধতিতে লেনদেন সম্পন্ন হয়।

২. **ট্রেডিং পোস্ট পদ্ধতি (Trading Post System):** লেনদেন পদ্ধতি কলওভারের মতই। তবে এক্ষেত্রে ফ্লোরকে কয়েকটি ভাগে ভাগ করা হয় এবং কোন ভাগে কোন সিকিউরিটি ক্রয় বিক্রয় হবে তা পূর্ব নির্ধারিত। স্টক এক্সচেঞ্জের আকার বড় এবং লেনদেন বেশি হলে এ পদ্ধতি অবলম্বন করা হয়।



CamScanner

৫. জবিং পদ্ধতি (Jobbing System)ঃ এক্ষেত্রে ব্রোকার (Broker) ও জবারদের (Jobber) মাধ্যমে লেনদেন সম্পন্ন হয়। ব্রোকারগণ জনসাধারণের প্রতিনিধি হিসাবে কমিশন পান আর জবারগণ নিজেরাই ফ্লোরে বসে লেনদেন সম্পন্ন করেন বলে লাভ-লোকসান বহন করেন।

৬. অটোমেশন পদ্ধতি (Automation System)ঃ ইন্টারনেট বা অনলাইনে শেয়ার লেনদেন করা হয় এবং এতে Central Depository System (CDS) ব্যবহার করা হয় যা শেয়ার লেনদেন, নিবন্ধন ও হস্তান্তরের একটি প্রক্রিয়া। ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে অটোমেশন পদ্ধতিতে শেয়ার লেনদেন সম্পন্ন হয়।

**বাংলাদেশে শেয়ার বাজার:**

১. **Dhaka Stock Exchange (DSE) Ltd.**

| সাল | ঘটনা |
|---|---|
| ১৯৫৪ | East Pakistan Stock Exchange Ltd. নামে নিবন্ধিত |
| ১৯৫৬ | নারায়ণগঞ্জে প্রথম কাজ শুরু করে |
| ১৯৫৮ | ঢাকায় স্থানান্তর করা হয় |
| ১৯৬৪ | পরিবর্তিত নাম DSE করা হয় |
| ১৯৭৬ | স্বাধীনতার পর নতুন করে কাজ শুরু করে |
| ১৯৯৮ | অটোমেশন চালু হয় |

২. **Chittagong Stock Exchange (CSE) Ltd.**
- বাংলাদেশের দ্বিতীয় স্টক এক্সচেঞ্জ।
- ১৯৯৫ সালের ১০ অক্টোবর কোম্পানি আইনের আওতায় ফ্লোর ট্রেডিং শুরু করে।
- পরিচালনা পর্ষদ ১১ জন সদস্য নিয়ে গঠিত।

**Bangladesh Securities & Exchange Commission (BSEC)**
- স্টক এক্সচেঞ্জকে সঠিকভাবে পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য ১৯৯৩ সালে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ আইনের আওতায় এ সংস্থা গঠন করা হয়।
- ১৯৪৭ সালের ক্যাপিটাল ইস্যু আইনের আওতায় গঠিত কন্ট্রোলার অব দি ক্যাপিটাল ইস্যু এর স্থলে BSEC বাংলাদেশের মূলধন ও শেয়ার বাজার পরিচালনা করে।
- নতুন কোম্পানিকে (IPO) বাজারে শেয়ার ছাড়তে হলে এই প্রতিষ্ঠানের অনুমোদন নিতে হয়।
- BSEC -এর কার্যক্রম পরিচালনার জন্য ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি রয়েছে। এর ১ জন চেয়ারম্যান ও ৪ জন কমিশনার সরকার মনোনয়ন দেয়।

## রিয়েল টেস্ট — বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. জেটিসন শব্দটি জড়িত— [NU- Business: 2014-15]
A. নৌ বিমার সাথে B. জীবন বিমার সাথে
C. শস্য বিমার সাথে D. ডাক বিমার সাথে **A**

02. কোনটির উপর প্রিমিয়াম নির্ধারণ নির্ভর করে না? [NU- Business: 2014-15]
A. বিমা গ্রহীতার বয়স B. বিমা গ্রহীতার আয়
C. বিমা গ্রহীতার সামাজিক অবস্থা D. টাকার বর্তমান মূল্য **C**

03. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক হলো একটি- [NU- Business: 2013-14]
A. বাণিজ্যিক ব্যাংক B. বিশেষায়িত ব্যাংক
C. বিদেশি ব্যাংক D. মার্চেন্ট ব্যাংক
নোট: বর্তমানে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক একটি সরকারি বাণিজ্যিক ব্যাংক।

04. শেয়ার বাজারের কার্যক্রম নিয়ন্ত্রণ করে- [NU- Business: 2013-14]
A. বাংলাদেশ ব্যাংক B. সোনালী ব্যাংক
C. ঢাকা স্টক এক্সচেঞ্জ D. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন **D**

05. নিচের কোন প্রতিষ্ঠানটি বাংলাদেশের নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান? [NU- Business: 2013-14]
A. গ্রামীণ ব্যাংক B. বাণিজ্যিক ব্যাংক
C. শিল্প ঋণ সংস্থা D. ডাচ-বাংলা ব্যাংক **A**

06. IPO দ্বারা কী বুঝানো হয়? [NU- Business: 2013-14]
A. Internal public offering B. Initial public offering
C. Interim public offering D. Inter public offering **B**

07. বিমাযোগ্য স্বার্থ হলো- [NU- Business: 2013-14]
A. আর্থিক স্বার্থ B. নিজ স্বার্থ
C. প্রত্যক্ষ স্বার্থ D. পরোক্ষ স্বার্থ **A**

08. নিচের কোন প্রকার বিমা ক্ষতিপূরণের বিমা? [NU- Business: 2013-14]
A. জীবনবিমা B. নৌ-বিমা
C. ব্যক্তিগত বিমা D. আজীবন বিমা **B**

09. বোনাস শেয়ার ইস্যু করা হয়- [NU- Business: 2012-13]
A. স্টেকহোল্ডারদের মধ্যে B. শেয়ারহোল্ডারদের মধ্যে
C. পরিচালকদের মধ্যে D. ডিবেঞ্চার হোল্ডারদের মধ্যে **B**

10. নিকাশঘর চিন্তাধারার উদ্ভাবক কে? [NU- Business: 2012-13]
A. সোয়ার্স B. আর ভিল C. ডি. কক D. কেন্ট **B**

11. ঢাকা স্টক এক্সচেঞ্জ প্রথমে কোথায় প্রতিষ্ঠিত হয়? [NU- Business: 2012-13]
A. চট্টগ্রাম B. খুলনা C. নারায়ণগঞ্জ D. ঢাকা **D**

12. বাংলাদেশে বিমা কোম্পানিগুলো কোন মন্ত্রণালয়ের অধীনে? [NU- Business: 2012-13]
A. অর্থ মন্ত্রণালয় B. বাণিজ্য মন্ত্রণালয়
C. স্বরাষ্ট্র মন্ত্রণালয় D. শিল্প মন্ত্রণালয় **A**

13. Bangladesh Automated Clearing House (BACH) আনুষ্ঠানিকভাবে কখন কাজ শুরু করে? [NU- Business: 2012-13]
A. অক্টোবর ২০০৮ B. অক্টোবর ২০০৯
C. অক্টোবর ২০১০ D. অক্টোবর ২০১১ **C**

14. কোন ব্যাংকে ঋণের জন্য জামানতের প্রয়োজন হয় না? [NU- Business: 2012-13]
A. বাণিজ্যিক ব্যাংক B. গ্রামীণ ব্যাংক
C. বাংলাদেশ কৃষি ব্যাংক D. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক **B**

15. হলমার্ক ব্যাংক দলিল কেলেঙ্কারি সহিত নিচের কোন ব্যাংক জড়িত? [NU- Business: 2012-13]
A. জনতা ব্যাংক B. রূপালী ব্যাংক C. সোনালী ব্যাংক D. অগ্রণী ব্যাংক **C**

16. বাংলাদেশে সর্বপ্রথম কত সালে মোবাইল ব্যাংকিং চালু হয়? NU- Business: 2012-13]
A. জানুয়ারি ২০১১ B. মার্চ ২০১১ C. জানুয়ারি ২০১২ D. মার্চ ২০১২ **A**

17. বাংলাদেশে নিকাশ ঘরের কাজ করে কে? [NU- Business: 2011-12]
A. স্টক এক্সচেঞ্জ B. ব্যাংকার্স ইনস্টিটিউট
C. বাংলাদেশ ব্যাংক D. বাণিজ্যিক ব্যাংক **C**

18. ব্যবসায়ে চলতি মূলধন সরবরাহকারী আর্থিক প্রতিষ্ঠান হলো- [NU- Business: 2011-12]
A. শিল্প ব্যাংক B. শিল্প ঋণ ব্যাংক
C. কেন্দ্রীয় ব্যাংক D. বাণিজ্যিক ব্যাংক **D**

19. নিচের কোনটি প্রাইভেট ব্যাংক? [NU- Business: 2011-12]
A. সোনালী B. রূপালী C. অগ্রণী D. পূবালী **D**

20. ব্যাংক রেট বলতে কী বুঝায়? [NU- Business: 2011-12]
A. ব্যাংক কর্তৃক ঋণের উপর ধার্যকৃত সুদ
B. আন্তঃব্যাংক ঋণের উপর ধার্যকৃত সুদ
C. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ব্যাংকসমূহের ঋণের উপর ধার্যকৃত সুদ
D. গুরুত্বপূর্ণ গ্রাহকদের প্রদত্ত ঋণের উপর ব্যাংক ধার্যকৃত সুদ **C**



CamScanner

21. নিচের কোনটি ঋণ নিয়ন্ত্রণ কৌশল হিসাবে ব্যবহৃত হয় না? [NU- Business: 2011-12]
A. খোলা বাজার পদ্ধতি B. ব্যাংকহার পদ্ধতি
C. পরিবর্তনশীল রিজার্ভ অনুপাত D. বিল বাট্টাকরণ **D**

22. MICR চেক বলতে বুঝায়- [NU- Business: 2011-12]
A. Magnetic Ink Charatter Recognition
B. Magnetic Ink Cheque Recognition
C. Magnetic Ink Character Realization
D. Magnetic Ink Chaeque Realization **A**

23. ব্যাংকের কোন ধরনের হিসাবে গ্রাহকরা জমাতিরিক্ত ঋণের সুবিধা পেয়ে থাকেন? [NU- Business: 2011-12]
A. চলতি হিসাব B. সঞ্চয়ী হিসাব C. স্থায়ী হিসাব D. যৌথ হিসাব **A**

24. প্রত্যয়পত্র (Letter of Credit) ইস্যু করে- [NU- Business: 2011-12]
A. এক্সপোর্টস ব্যাংক B. ইমপোর্টস ব্যাংক
C. বাংলাদেশ ব্যাংক D. বাণিজ্যিক ব্যাংক **D**

25. কোনটি বিশেষায়িত ব্যাংক নয়? [NU- Business: 2011-12]
A. বাংলাদেশ কৃষি ব্যাংক B. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
C. গ্রামীণ ব্যাংক D. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ **D**

26. বাংলাদেশের বিমা কোম্পানিগুলো কোন মন্ত্রণালয়ের অধীন? [NU- Business: 2011-12]
A. শিল্প মন্ত্রণালয় B. অর্থ মন্ত্রণালয়
C. বাণিজ্য মন্ত্রণালয় D. সমাজকল্যাণ মন্ত্রণালয় **B**

27. নিচের কোন চুক্তিতে বিমাযোগ্য স্বার্থ আবশ্যক নয়? [NU- Business: 2011-12]
A. নৌ-বিমা B. জীবন বিমা C. অগ্নি বীমা D. দুর্ঘটনা বিমা **B**

28. ব্যাংকের যে হিসাব খুলতে কোনো পরিচিতির প্রয়োজন হয় না, তা হলো- [NU- Business: 2011-12]
A. চলতি হিসাব B. সঞ্চয়ী হিসাব
C. স্থায়ী হিসাব D. গৃহ সঞ্চয়ী হিসাব **C**

29. একটি বৈধ চেকের মেয়াদ সর্বোচ্চ- [NU- Business: 2010-11]
A. ৩ মাস B. ২ মাস C. ৬ মাস D. ১২ মাস **C**

30. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংক নয়? [NU- Business: 2010-11]
A. ব্যাংক অব ইংল্যান্ড B. ব্যাংক অব জাপান
C. ব্যাংক অব আমেরিকা D. রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া **C**

31. একটি সম্পত্তির মূল্য ১০,০০০ টাকা,বিমা পলিসিতে দেখানো হলো ৬০,০০০ টাকা, ক্ষতি হলো ৪০,০০০ টাকা। ক্ষতিপূরণ কত টাকা হবে? [NU- Business: 2010-11]
A. ৬০,০০০ টাকা B. ৪০, ০০০ টাকা
C. ২,৪০,০০০ টাকা D. ২০,০০০ টাকা **B**

32. কাদের মধ্যে বোনাস শেয়ার ইস্যু করা হয়? [NU- Business: 2010-11]
A. বর্তমান শেয়ারহোল্ডার B. নতুন শেয়ারহোল্ডার
C. পরিচালক D. সাধারণ জনগণ **A**

33. দুই টাকার নোটে কার স্বাক্ষর থাকে? [NU- Business: 2010-11]
A. প্রধানমন্ত্রী B. অর্থমন্ত্রী C. গভর্নর D. অর্থ সচিব **D**

34. বাংলাদেশে কোন সালে ভাসমান বিনিময় হার পদ্ধতি প্রবর্তিত হয়? [NU- Business: 2010-11]
A. ১৯৯৯ সালে B. ২০০০ সালে C. ২০০৩ সালে D. ২০০২ সালে **C**

35. ক্ষতিপূরনের নীতি কোন ধরনের বিমায় প্রযোজ্য নয়? [NU- Business: 2010-11]
A. জীবন বিমা B. অগ্নি বিমা C. নৌ বিমা D. দুর্ঘটনা বিমা **A**

36. শেয়ার বাজারের কার্যক্রম নিয়ন্ত্রণ করে- [NU- Business: 2010-11]
A. অর্থ মন্ত্রণালয় B. বিনিয়োগ বোর্ড
C. কেন্দ্রীয় ব্যাংক D. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন **D**

37. কোনটি দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস নয়? [NU- Business: 2010-11]
A. সাধারণ শেয়ার B. বন্ড C. ট্রেজারি বিল D. ঋণপত্র **C**

38. কেন্দ্রীয় ব্যাংক খোলাবাজার থেকে সিকিউরিটি ক্রয় করলে বাজারে কি প্রতিক্রিয়া হয়? [NU- Business: 2008-09]
A. মুদ্রা সরবরাহ হ্রাস পায় B. মুদ্রা সরবরাহ বৃদ্ধি পায়
C. জনসাধারণের ক্রয়কক্ষমতা হ্রাস পায়
D. জনসাধারণের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পায় **B**

39. বাংলাদেশে কয়টি নোট চালু আছে? [NU- Business: 2008-09]
A. ৬ B. ৭ C. ৮ D. ৯
নোটঃ বর্তমানে সরকারি নোট ৩টি, ব্যাংক নোট ৭টি। মোট নোট ১০টি।

40. ব্যাংকার বলতে কী বুঝায়? [NU- Business: 2008-09]
A. যিনি ব্যাংকে টাকা রাখেন B. যিনি ব্যাংকের মাধ্যমে ব্যবসায় করেন
C. যিনি ব্যাংক পরিচালনা করেন D. যিনি ব্যাংক প্রতিষ্ঠান করেন **C**

41. বিনিময় বিল কার ওপর লেখা হয়? [NU- Business: 2008-09]
A. যে কোনো ব্যক্তি B. যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান
C. যে কোনো ব্যাংক D. যে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান **B**

42. খোলাবাজার নিয়ন্ত্রণ ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের একটি- [NU- Business: 2008-09]
A. পরিমাণগত পদ্ধতি B. গুণগত পদ্ধতি
C. প্রভেদাত্মক পদ্ধতি D. চাপ প্রয়োগমূলক পদ্ধতি **A**

43. মূলধনের কোন উৎসের ব্যয় সাধারণত সবচেয়ে কম? [NU- Business: 2008-09]
A. সাধারণ শেয়ার B. প্রেফারেন্স শেয়ার
C. ঋণপত্র D. সংরক্ষিত মুনাফা **D**

44. নিচের কোনটি দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস? [NU- Business: 2008-09]
A. বাণিজ্যিক ব্যাংক B. বিল বাট্টাকরণ C. ব্যবসায় ঋণ D. শেয়ার বিক্রয় **D**

45. ব্যাংক হার হ্রাস- [NU- Business: 2008-09]
A. ঋণ বৃদ্ধি করে B. ঋণ হ্রাস করে
C. রপ্তানি বৃদ্ধি করে D. রপ্তানি হ্রাস করে **A**

46. ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেডের বর্তমান নাম কি? [NU- Business: 2008-09]
A. শাহজালাল ইসলামি ব্যাংক লিমিটেড B. ওয়ান ব্যাংক লিমিটেড
C. আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড D. ব্যাংক এশিয়া লিমিটেড **C**

47. বাংলাদেশে বর্তমানে ব্যাংক হার কত? [NU- Business: 2008-09]
A. ৪.৫% B. ৫% C. ৫.৫% D. ৬%
Note: জানুয়ারি, ২০২৫ বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট অনুসারে বাংলাদেশে বর্তমান ব্যাংক হার ৪%।

48. বাংলাদেশে ১,০০০ টাকার নোট কত তারিখে চালু হয়েছে? [NU- Business: 2008-09]
A. ২৬ অক্টোবর, ২০০৮ B. ২৭ অক্টোবর, ২০০৮
C. ২৮ অক্টোবর, ২০০৮ D. ২৯ অক্টোবর, ২০০৮ **B**

49. এশিয়ান উন্নয়ন ব্যাংকের (এডিবি) সদর দপ্তর কোথায় অবস্থিত? [NU- Business: 2008-09]
A. কুয়ালালামপুর B. দিল্লি C. ম্যানিলা D. ব্যাংকক **C**

50. ঝুঁকি ব্যবস্থাপনার কোন ধাপটি বিমার সাথে সম্পর্কযুক্ত? [NU- Business: 2008-09]
A. ঝুঁকি হস্তান্তর B. ঝুঁকি ধারণ C. ঝুঁকি পরিহার D. ঝুঁকি নির্মূল **A**

51. ব্যবসায় চলতি মূলধন সরবরাহকারী আর্থিক প্রতিষ্ঠান হলো- [NU- Business: 2008-09]
A. শিল্প ব্যাংক B. শিল্প ঋণ সংস্থা
C. বাণিজ্যিক ব্যাংক D. কেন্দ্রীয় ব্যাংক **C**

52. কোনটি বাণিজ্যিক ব্যাংক? [NU- Business: 2008-09]
A. আইসিবি B. বিএসআরএস
C. ব্যাংক অব জাপান D. স্টেট ব্যাংক অব ইন্ডিয়া **D**

53. চেক ইস্যু করার তারিখ থেকে কত দিনের মধ্যে না ভাঙালে তা অকার্যকর হয়ে যায়? [NU- Business: 2007-08]
A. ৩ মাস B. ৬ মাস C. ৯ মাস D. ১২ মাস **B**

54. যে অর্থ গ্রহণ করে বিমাকারী কোন ক্ষতিপূরণের দায়িত্ব গ্রহণ করে তাকেবলে- [NU- Business: 2007-08]
A. প্রিমিয়াম B. কমিশন C. বাট্টা D. ক্ষতিপূরণ **A**

55. আইসিবি প্রধানত কোন কাজ করে থাকে? [NU- Business: 2007-08]
A. ব্যবসায়িক কাজে সহায়তা B. ঋণ প্রদান
C. বিনিয়োগ D. উপরের সবগুলো **C**

56. জীবন বিমার মধ্যে কোনটি থাকা আবশ্যকীয় নয়? [NU- Business: 2007-08]
A. নির্দিষ্ট সময়সীমা B. বিমাযোগ্য স্বার্থ
C. চূড়ান্ত সদ্বিশ্বাস D. বার্ষিক প্রিমিয়াম **D**



CamScanner

57. কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? [NU- Business: 2007-08]
A. নোট ইস্যু করা
B. আমানত গ্রহণ
C. ঋণদান
D. বৈদেশিক বাণিজ্যে অর্থসংস্থান **A**

58. কোনটি মুদ্রানীতি নিয়ন্ত্রণের হাতিয়ার নয়? [NU- Business: 2007-08]
A. মুদ্রা সরবরাহ বৃদ্ধি
B. ব্যাংক হার বৃদ্ধি
C. নগদ জমার অনুপাত বৃদ্ধি
D. সুদের হার বৃদ্ধি **A**

59. কোন সংস্থা নিকাশ ঘরের দায়িত্ব পালন করে? [NU- Business: 2007-08]
A. বাণিজ্যিক ব্যাংক
B. কেন্দ্রীয় ব্যাংক
C. স্টক এক্সচেঞ্জ
D. আন্তর্জাতিক মুদ্রা তহবিল **B**

60. কোনটি কেন্দ্রীয় ব্যাংক নয়? [NU- Business: 2007-08]
A. বাংলাদেশ ব্যাংক
B. ফেডারেল রিজার্ভ সিস্টেম
C. স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
D. রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া **C**

61. কোনটি মুদ্রাস্ফীতির কারণ নয়? [NU- Business: 2007-08]
A. অধিক মুদ্রা সরবরাহ
B. ঋণের প্রসার
C. ব্যাংক হার বৃদ্ধি
D. ব্যাংক হার হ্রাস **D**

62. বিশ্বের প্রথম সরকারি ব্যাংক কোনটি? [NU- Business: 2007-08]
A. রিক্স ব্যাংক অব সুইডেন
B. ব্যাংক অব ভেনিস
C. ব্যাংক অব বার্সিলোনা
D. ব্যাংক অব ইংল্যান্ড **B**

63. সরকারি নোটে কার স্বাক্ষর থাকে? [NU- Business: 2007-08]
A. গভর্নর B. অর্থসচিব C. অর্থমন্ত্রী D. প্রধানমন্ত্রী **B**

64. কোনটি সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ বিনিয়োগের মাধ্যম? [NU- Business: 2007-08]
A. সরকারি বন্ড
B. অগ্রাধিকার শেয়ার
C. ব্যাংক আমানত
D. সাধারণ শেয়ার **D**

65. পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ারের পূর্ণমূল্য এর গ্রহীতা কর্তৃক পরিশোধ করা হলে, প্রমাণ হিসেবে কোম্পানি শেয়ার গ্রহীতাকে যে প্রামাণ্য দলিল প্রদান করে তাকে কি বলে? [NU- Business: 2007-08]
A. শেয়ার সার্টিফিকেট
B. শেয়ার ওয়ারেন্ট
C. ক্ষতিপূরণ পত্র
D. লভ্যাংশ পরোয়ানা **A**

66. ঢাকা স্টক এক্সচেঞ্জের সর্বপ্রথম নাম কি ছিল? [NU- Business: 2007-08]
A. East Pakistan Stock Exchange Ltd
B. Pakistan Stock Exchange
C. Dacca Stock Exchange Ltd
D. East Pakistan Stock Exchange Association Ltd **D**

67. বাংলাদেশের স্টক এক্সচেঞ্জের সংখ্যা কত? [NU- Business: 2007-08]
A. একটি B. দুইটি C. পাঁচটি D. সাতটি **B**

68. কোনটি বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়? [NU- Business: 2006-07]
A. নৌ-বিমা B. জীবনবিমা C. অগ্নিবিমা D. শস্যবিমা **B**

69. মুদারাবা নীতির ভিত্তিতে অংশীদারি কারবার প্রতিষ্ঠিত হলে– [NU- Business: 2006-07]
A. মুনাফা ও লোকসান উভয়ই পূর্বস্থিরীকৃত চুক্তির ভিত্তিতে বণ্টিত হয়
B. মুনাফা ও লোকসান উভয়ই মূলধনের অংশ অনুপাতে বণ্টিত হয়
C. মুনাফা পূর্বস্থিরীকৃত চুক্তি ও লোকসান মূলধন অনুপাতে বণ্টিত হয়
D. লোকসান পূর্বস্থিরীকৃত চুক্তি ও মুনাফা মূলধন অনুপাতে বণ্টিত হয় **B**

70. কোনটি দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস নয়? [NU- Business: 2006-07]
A. সাধারণ শেয়ার মূলধন
B. বন্ড
C. কমার্শিয়াল পেপার
D. অগ্রাধিকার শেয়ার **C**

71. বর্তমানে কোন বাংলাদেশি ব্যাংক বিদেশি বিনিয়োগকারীদের কাছে হস্তান্তরের প্রক্রিয়াধীন রয়েছে? [NU- Business: 2006-07]
A. আইএফআইসি ব্যাংক
B. অগ্রণী ব্যাংক
C. প্রাইম ব্যাংক
D. রূপালী ব্যাংক

নোট: রূপালী ব্যাংক বর্তমানে একটি বেসরকারি ব্যাংক।

72. কোনটি সবচেয়ে কম ঝুঁকিপূর্ণ বিনিয়োগের মাধ্যম? [NU- Business: 2006-07]
A. সাধারণ শেয়ার
B. অগ্রাধিকার শেয়ার
C. ব্যাংক আমানত
D. সরকারি বন্ড **D**

73. বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে কতজন সদস্য আছেন? [NU- Business: 2006-07]
A. ১৭ জন B. ১১ জন C. ৯ জন D. ৬ জন **C**

74. ব্যাংক তহবিলের প্রধান উৎস- [NU- Business: 2006-07]
A. সুদ B. কমিশন C. ব্যাংক চার্জ D. আমানত **D**

75. বর্তমানে বাংলাদেশে ব্যাংকে হার কত? [NU- Business: 2006-07]
A. ৫% B. ৭% C. ৯% D. ১২%

নোট: বর্তমানে বাংলাদেশে ব্যাংক হার ৪ শতাংশ।

76. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায়- [NU- Business: 2006-07]
A. কর বৃদ্ধি
B. ঋনের প্রসার
C. ব্যাংক হার বৃদ্ধি
D. অধিক মুদ্রা সরবরাহ **A**

77. বিশ্বের প্রথম ব্যাংকের নাম ছিল- [NU- Business: 2006-07]
A. শাম্মী ব্যাংক
B. ব্যাংক অব ভেনিস
C. ব্যাংক অব ইংল্যান্ড
D. রেইখ ব্যাংক **A**

78. যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের নাম- [NU- Business: 2006-07]
A. দি স্টেট ব্যাংক অব আমেরিকা
B. ব্যাংক অব আমেরিকা
C. ফেডারেল রিজার্ভ সিস্টেম
D. দি রিজার্ভ ব্যাংক অব ইউ এস এ **C**

79. কোন সংস্থা নিকাশ ঘরের দায়িত্ব পালন করে? [NU- Business: 2006-07]
A. স্টক এক্সচেঞ্জ
B. কেন্দ্রীয় ব্যাংক
C. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
D. বাণিজ্যিক ব্যাংক **B**

80. কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? [NU- Business: 2006-07]
A. আমানত গ্রহণ
B. ঋণদান
C. ঋণ নিয়ন্ত্রণ
D. বৈদেশিক বাণিজ্যে অর্থসংস্থান **C**

81. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? [NU- Business: 2005-06]
A. বিহীত মুদ্রার প্রচলন
B. শেয়ারে বিনিয়োগ
C. বৈদেশিক মুদ্রার লেনদেন
D. গ্রাহকগণকে উপদেশ **A**

82. ব্যাংক তহবিলের প্রধান উৎস- [NU- Business: 2005-06]
A. প্রাপ্ত কমিশন
B. প্রাপ্ত আমানত
C. অর্জিত সুদ
D. ব্যাংক চার্জসমূহ **B**

83. কোনটি দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস নয়? [NU- Business: 2005-06]
A. অগ্রাধিকার শেয়ার
B. সাধারণ শেয়ার
C. বন্ড
D. কমার্শিয়াল পেপার **D**

84. কোনটি বাংলাদেশ ব্যাংকের কাজ নয়? [NU- Business: 2005-06]
A. আমানত গ্রহণ
B. নোট ইস্যু
C. ঋণ নিয়ন্ত্রণ
D. পুনঃঅর্থসংস্থান **A**

85. ইস্পাত শিল্প কোন ধরনের শিল্প? [NU- Business: 2005-06]
A. যৌগিক শিল্প
B. প্রক্রিয়াভিত্তিক শিল্প
C. সংযোজন শিল্প
D. বিশ্লেষণ শিল্প **A**

86. নিচের কোনটি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের হাতিয়ার নয়? [NU- Business: 2005-06]
A. ব্যাংক হার বৃদ্ধি
B. মুদ্রা সরবরাহ বৃদ্ধি
C. কেন্দ্রীয় ব্যাংকে নগদ জমার পরিমাণ বৃদ্ধি
D. খোলাবাজারে ঋণপত্র বিক্রয় **B**

87. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংক নয়? [NU- Business: 2005-06]
A. স্টেট ব্যাংক অব পাকিস্তান
B. স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
C. ব্যাংক অব জাপান
D. ব্যাংক অব ইংল্যান্ড **B**

88. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের মালিকানা ধরন কিরূপ? [NU- Business: 2005-06]
A. সরকারি B. আধা-সরকারি C. বেসরকারি D. স্বায়ত্তশাসিত **A**

89. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ? [NU- Business: 2004-05]
A. আমানত সংগ্রহ
B. ঋণদান
C. ঋণনিয়ন্ত্রণ
D. এল.সি. খোলা **C**

90. 'ক্ষতির নিকটতম কারণ' নীতি কোন বিমার ক্ষেত্রে প্রযোজ্য হয় না? [NU- Business: 2004-05]
A. শস্যবিমা
B. নৌ-বিমা
C. অগ্নিবিমা
D. জীবনবিমা **D**

91. বাংলাদেশের ইন্স্যুরেন্স একাডেমি প্রতিষ্ঠিত- [NU- Business: 2004-05]
A. ১৯৭২ B. ১৯৭৩ C. ১৯৭৪ D. ১৯৮১ **B**

92. বর্তমানে বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে- [NU- Business: 2004-05]
A. সোনালী ব্যাংক B. অগ্রণী ব্যাংক
C. রূপালী ব্যাংক D. জনতা ব্যাংক
Note: বর্তমানে সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, রূপালী ব্যাংক ও জনতা ব্যাংক সরকারিভাবে পরিচালনা করা হয়।

93. নিম্নের কোনটি ব্যাংক নয়? [NU- Business: 2004-05]
A. BKB B. BSRS C. BSB D. RAKUB **B**

94. বাংলাদেশে বর্তমানে ব্যাংকের হার হচ্ছে- [NU- Business: 2004-05]
A. ৫% B. ৭% C. ৮% D. ১০%
Note: বর্তমানে বাংলদেশের ব্যাংক হার ৪ শতাংশ।

95. বাংলাদেশের সর্ববৃহৎ রাষ্ট্রায়ত্ত ব্যাংক- [NU- Business: 2004-05]
A. সোনালী ব্যাংক B. অগ্রণী ব্যাংক
C. জনতা ব্যাংক D. রূপালী ব্যাংক **A**

96. বাংলাদেশে স্থাপিত প্রথম বেসরকারি ব্যাংকের নাম হচ্ছে-[NU- Business: 2004-05]
A. সিটি ব্যাংক লি. B. ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.
C. আরব বাংলাদেশ ব্যাংক লি. D. ন্যাশনাল ব্যাংক লি. **C**

97. নিম্নের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? [NU- Business: 2004-05]
A. আমানত সংগ্রহ B. ঋণদান
C. খোলাবাজার কার্যক্রম D. বৈদেশিক বাণিজ্যে অর্থ সংস্থান **C**

98. অতি সম্প্রতি একটি নতুন ধরনের সিকিউরিটি বাজার কেনা-বেচা শুরু হয়েছে। সেটি হলো- [NU- Business: 2004-05]
A. ট্রেজার বন্ড B. মিউনিসিপ্যালল বন্ড
C. অগ্রাধিকার শেয়ার D. কর্পোরেট বন্ড **D**

99. সুদের হার বৃদ্ধি হলে- [NU- Business: 2003-04]
A. বিনিয়োগ বৃদ্ধি পায় B. বিনিয়োগ হ্রাস পায়
C. উৎপাদন বৃদ্ধি পায় D. রপ্তানি বৃদ্ধি পায় **B**

100. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংক? [NU- Business: 2003-04]
A. State Bank of India B. State Bank of Pakistan
C. National Bank Ltd D. সবগুলোই **B**

101. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক? [NU- Business: 2003-04]
A. সোনালি ব্যাংক B. সিটি ব্যাংক
C. অগ্রণী ব্যাংক D. শিল্প ব্যাংক
নোট: বাংলাদেশ শিল্প ব্যাংক ও বাংলাদেশ শিল্প ঋণ সংস্থাকে একীভূতকরণের মাধ্যমে ২০০৯ সালে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। বাংলাদেশ শিল্প ব্যাংক বিশেষায়িত ব্যাংক ছিল।

102. বাণিজ্যিক ব্যাংক প্রধানত কোন ধরনের ঋণদান করে? [NU- Business: 2003-04]
A. স্বল্পমেয়াদি B. দীর্ঘমেয়াদি
C. স্বল্প ও দীর্ঘমেয়াদি D. মধ্যম মেয়াদি **A**

103. বাংলাদেশে স্টক একচেঞ্জ কয়টি? [NU- Business: 2003-04]
A. ১টি B. ২টি C. ৩টি D. ৪টি **B**

104. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ নয়? [NU- Business: 2003-04]
A. আমানত গ্রহণ B. খোলাবাজার কার্যক্রম
C. অর্থবাজারে শৃঙ্খলা রক্ষা করা D. ঋণ নিয়ন্ত্রণ **A**

105. বাংলাদেশে পুঁজিবাজারের নিয়ন্ত্রক প্রতিষ্ঠান কোনটি? [NU- Business: 2003-04]
A. ঢাকা স্টক একচেঞ্জ
B. বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন
C. রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ
D. কোনোটিই নয় **B**

106. সম্প্রতি আল বারাকা ব্যাংকের রূপান্তরিত নাম- [NU- Business: 2003-04]
A. প্রিমিয়াম ব্যাংক B. ওরিয়েন্টাল ব্যাংক
C. যমুনা ব্যাংক D. খ্রিষ্ট ব্যাংক **B**
নোট: আইসিবি ইসলামী ব্যাংক ১৯৮৭ সালে আল- বারাকা ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হয়। ২০০৪ সালে ব্যাংকটি পুনর্গঠিত করে ওরিয়েন্টাল ব্যাংক নামকরণ করা হয়। ২০০৬ সালে আইসিবি ব্যাংকিং গ্রুপ এই ব্যাংকের সিংহভাগ শেয়ার কিনে নেয় এবং তখন থেকে ব্যাংকটির নাম পরিবর্তিত হয়ে আইসিবি ইসলামী ব্যাংক হয়।

107. নিম্নোক্ত কোন মাধ্যমে লভ্যাংশ উত্তোলন করা হয়? [NU- Business: 2002-03]
A. চেক B. শেয়ার সার্টিফিকেট
C. শেয়ার ওয়ারেন্ট D. ডিভিডেন্ড ওয়ারেন্ট **D**

108. কে ঋণ আমানত সৃষ্টি করতে পারে? [NU- Business: 2002-03]
A. কেন্দ্রীয় ব্যাংক B. বাণিজ্যিক ব্যাংক
C. সরকার D. উপরের সবগুলো **B**

109. এশীয় উন্নয়ন ব্যাংকের সদর দপ্তর কোথায়? [NU- Business: 2002-03]
A. ম্যানিলা B. টোকিও C. ব্যাংকক D. সিঙ্গাপুর **A**

110. মার্কিন যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের নাম- [NU- Business: 2002-03]
A. ব্যাংক অব আমেরিকা B. স্টেট ব্যাংক অব আমেরিকা
C. বিশ্ব ব্যাংক D. ফেডারেল রিজার্ভ সিস্টেম **D**

111. বাংলাদেশের সাম্প্রতিক ইতিহাসে শেয়ারবাজারে সর্বাধিক মূল্যবৃদ্ধি ও দরপতন ঘটে কত সালে? [NU- Business: 2002-03]
A. ১৯৮৩ B. ১৯৯১ C. ১৯৯৬ D. ১৯৯৯ **C**

112. নিচের কোনটি বিদেশি ব্যাংক? [NU- Business: 2002-03]
A. City Bank Ltd B. Citi Bank N/A
C. Standard Bank Ltd D. উপরের সবগুলো **B**

113. ঋণদানের ক্ষেত্রে ব্যাংক কোন নীতিটির উপর অধিক গুরুত্ব দেয়? [NU- Business: 2002-03]
A. মুনাফার নীতি B. তারল্য নীতি C. নিরাপত্তার নীতি D. গ্রাহক সেবা **B**

114. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? [NU- Business: 2002-03]
A. আমানত সংগ্রহ B. ঋণ নিয়ন্ত্রণ
C. বিল বাট্টাকরণ D. ঋণ আমানত সৃষ্টি **B**

115. "ব্যাংক অব ইংল্যান্ড" প্রতিষ্ঠিত হয়- [NU- Business: 2001-02]
A. ১৪০১ সালে B. ১৬০৫ সালে C. ১৬৯৪ সলে D. ১৯১৩ সালে **C**

116. বাংলাদেশে বর্তমানে বাণিজ্যিক ব্যাংকের মোট সংখ্যা হচ্ছে- [NU- Business: 2001-02]
A. ৩৫টি B. ৪২টি C. ৫২টি D. ৫৭টি
Note: বাংলাদেশে বর্তমানে মোট বাণিজ্যিক ব্যাংক ৫২টি।

117. নিচের কোনটি ঋণের দলিল নয়? [NU- Business: 2001-02]
A. বিনিময় বিল B. চেক C. অঙ্গীকার পত্র D. প্রত্যয়ণপত্র **B**

118. বাংলাদেশের 'ব্যাংক কোম্পানি আইন' কত সালে পাশ করা হয়? [NU- Business: 2001-02]
A. ১৯৯৪ সালে B. ১৯৯১ সালে C. ১৯৭২ সালে D. ১৯৮৩ সালে **B**

119. নিচের কোন দেশে ইউনিট ব্যাংকিং পদ্ধতি প্রচলিত? [NU- Business: 2001-02]
A. বাংলাদেশ B. ভারত C. ইংল্যান্ড D. যুক্তরাষ্ট্র **C**

120. নিচের কোন মুদ্রা বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত? [NU- Business: 2001-02]
A. এক টাকার মুদ্রা B. পাঁচ টাকার মুদ্রা
C. পঞ্চাশ পয়সার মুদ্রা D. সবকয়টি
নোট: বর্তমানে ০১ টাকা, ০২ টাকা ও ০৫ টাকার নোট ইস্যু করে সরকার।

121. ব্যাংকের হার বলতে কী বুঝায়? [NU- Business: 2001-02]
A. বাণিজ্যিক ব্যাংকের সুদের হার
B. গ্রাহক কর্তৃক বাণিজ্যিক ব্যাংককে প্রদত্ত সুদ
C. বাণিজ্যিক ব্যাংক কর্তৃক আমানতের উপর প্রদত্ত সুদের হার
D. কোনোটিই নয় **D**
নোট: যে হারে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংক কে ঋণ দিয়ে থাকে তাকে ব্যাংক হার বলে।

122. ব্যাংক হারের পরিবর্তন করতে পারে- [NU- Business: 2001-02]
A. সোনালী ব্যাংক B. কেন্দ্রীয় ব্যাংক
C. জনতা ব্যাংক D. উত্তরা ব্যাংক **B**



CamScanner

সম্পূরক অংশ

# তথ্য প্রবাহে বিপণন

ব্যবসায় নীতি ও প্রয়োগ

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ক্রেতাদের প্রয়োজন ও অভাব চিহ্নিত করে পরিকল্পিত ও নিয়ন্ত্রিত উপায়ে তা যথাযথ পুরণ করার সাথে সম্পৃক্ত সকল কার্যক্রমই হলো- বাজারজাতকরণ।
- বাজারজাতকরণের মুখ্য উদ্দেশ্য হলো- ক্রেতা সন্তুষ্টি অর্জনের মাধ্যমে মুনাফা অর্জন।
- বাজারজাতকরণ মিশ্রণের উপাদান চারটি (Marketing Mix- 4P) হলো- Product, Price, Place and Promotion.
- নতুন পণ্য উন্নয়নের প্রথম ধাপ- ধারণা সৃষ্টি।
- নতুন পণ্য উন্নয়নের শেষ ধাপ- বাণিজ্যিকীকরণ।
- সেবার বৈশিষ্ট্যসমূহ হলো- অস্পর্শনীয়তা, অবিচ্ছেদ্যতা, বৈসাদৃশতা, নশ্বরতা এবং চাহিদার ওঠা-নামা।
- যে বস্তুর মধ্যে দৃশ্যমান বা অদৃশমান গুণ থাকে এবং যা মানুষের অভাব পুরণ করতে পারে তাকে পণ্য (Product) বলে।
- জীবনবিমা, রক্তদান, কবরস্থান হলো- অযাচিত পণ্য।

## পণ্য

### পণ্যের শ্রেণিবিভাগ:




### পণ্যের জীবনচক্র:

- কোন পণ্যের উন্নয়ন ও উৎপাদন থেকে শুরু করে বাজারে আবির্ভাব, চাহিদা সৃষ্টি ও বৃদ্ধি এবং পরে চাহিদা হ্রাসের কারণে উৎপাদন বন্ধ করার প্রক্রিয়াকে বলা হয় পণ্যের জীবন চক্র।




চিত্রঃ পণ্যের জীবন-চক্রের ধাপসমূহ

| পর্যায় / ধাপ | বিবরণ |
|---|---|
| পণ্য উন্নয়ন | • এই স্তর শুরু হয় কোম্পানি যখন নতুন পণ্য ধারণা খুঁজে পায় এবং উন্নয়ন করে তখন থেকে।<br>• পণ্য উন্নয়ন স্তরে বিক্রয়ের পরিমাণ শূন্য থাকে এবং কোম্পানির বিনিয়োগ ব্যয় বাড়তে থাকে। |
| সূচনা | • এ স্তরে ভোক্তারা পণ্য সম্পর্কে অবহিত থাকে না।<br>• এ স্তরে প্রতিষ্ঠান মুনাফা অর্জন করতে পারে না।<br>• উচ্চ মাত্রায় বণ্টন ও প্রসারমূলক ব্যয় হয়।<br>• প্রসারমুলক ব্যয় বেশি ধার্য হওয়ায় পণ্যের মুল্যও বেশি ধার্য হয়। |
| প্রবৃদ্ধি | • মুনাফার পরিমাণ সর্বোচ্চ হয়।<br>• দ্রুত গতিতে পণ্যের বিক্রয় বৃদ্ধি পায়।<br>• পণ্যের একক প্রতি ব্যয় কম হয়।<br>• বাজারে নতুন প্রতিযোগীর আগমন ঘটে। |
| পূর্ণতা | • বিক্রয়ের পরিমাণ সর্বোচ্চ হয়।<br>• বাজারজাতকরণ ব্যবস্থাপককে প্রতিযোগীদের তীব্র আক্রমণ মোকাবিলা করতে হয়।<br>• বাজারে সমজাতীয় পণ্যের সংখ্যা বৃদ্ধি পায়।<br>• এক্ষেত্রে বিক্রেতাকে বাজার পরিমার্জন, পণ্য পরিমার্জন করা হয়।<br>• বিক্রয় প্রবৃদ্ধি হ্রাস পেতে আরম্ভ করে।<br>• সাধারণত পুর্ণতা স্তর দীর্ঘস্থায়ী হয়ে থাকে।<br>• এক্ষেত্রে কোম্পানি ব্র্যান্ড switch করতে পারে। |
| পতন | • পণ্যের বিক্রয় ক্রমান্বয়ে হ্রাস পেতে থাকে।<br>• প্রতিযোগীর সংখ্যা হ্রাস পায়।<br>• এক্ষেত্রে কোম্পানি বিকল্প হিসেবে অলাভজনক পণ্যটি অন্য প্রতিষ্ঠানের কাছে বিক্রি করে দিতে পারে।<br>• পণ্যের বণ্টন প্রণালীতে মধ্যস্থ ব্যবসায়ীর সংখ্যা হ্রাস পায়।<br>• পণ্য থেকে আসা মুনাফা শূণ্যের কোটায় ধাবিত হয়। |



CamScanner

## পাইকারি ও খুচরা ব্যবসায়

- যে ব্যবস্থা বা পদ্ধতির সাহায্যে উৎপাদকের উৎপাদিত পণ্য চূড়ান্ত ভোক্তা বা শিল্পীয় ব্যবহারকারীর কাছে পৌঁছানো হয় তাকে- বণ্টন প্রণালী বলে।
- বণ্টন প্রণালির ক্রমধারা হলো: উৎপাদক, পাইকার, খুচরা ব্যবসায়ী, ভোক্তা।
- এই বণ্টন প্রক্রিয়ায় বিভিন্ন প্রকার মধ্যস্থ ব্যবসায়ী যেমন- এজেন্ট, পরিবেশক, পাইকারি ব্যবসায়ী, খুচরা ব্যবসায়ী ইত্যাদি নিয়োজিত থাকে।
- উৎপাদনকারীর নিকট থেকে পণ্য সামগ্রী ক্রয় করে খুচরা ব্যবসায়ীর নিকট বিক্রয় করার সাথে সংশ্লিষ্ট কার্যাবলিকে- পাইকারি ব্যবসায় বলে।
- পাইকারের নিকট থেকে পণ্য ক্রয় করে চূড়ান্ত ভোক্তাদের নিকট বিক্রয় সংক্রান্ত সকল কার্যাবলিকে- খুচরা ব্যবসায় বলে।

■ **বিভিন্ন প্রকার খুচরা ব্যবসায়ের ধরণ:**

| বিপণীর নাম | বর্ণনা |
|---|---|
| বিভাগীয় বিপণী | • বিভিন্ন উৎস থেকে পণ্য সামগ্রী সংগ্রহ করে একই দোকানে পৃথক পৃথক বিভাগে সাজিয়ে বিক্রয় করা হলে তাকে বিভাগীয় বিপণী বলে।<br>• এক্ষেত্রে ক্রয় বিকেন্দ্রীভূত এবং বিক্রয় কেন্দ্রীভূত।<br>• উদাহরণ: ঢাকা নিউমার্কেট, মীনা বাজার। |
| বহুশাখা বিপণী | • উৎপাদনকারীর নিজস্ব উৎপাদিত একজাতীয় পণ্য তার বিভিন্ন মালিকানাধীন শাখা দোকানের মাধ্যমে বিক্রয় করা হলে তাকে বহুশাখা বিপণী বলে।<br>• উৎপাদন কেন্দ্রীভূত এবং বিক্রয় বিকেন্দ্রীভূত।<br>• উদাহরণ: সাধনা ঔষধালয়, বাটা সু। |
| বিপণী মালা | • একই মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন শাখা দোকানের মাধ্যমে এক বা একাধিক পণ্যদ্রব্য বিক্রয়ে নিয়োজিত প্রতিষ্ঠানের সমষ্টিকে বিপণী মালা বলা হয়।<br>• ক্রয় কেন্দ্রীভূত বা বিকেন্দ্রীভূত হতে পারে কিন্তু বিক্রয় বিকেন্দ্রীভূত হবে।<br>• বহুশাখা বিপণীর সাথে বিপণীমালার পার্থক্য হলো- বহুশাখা বিপণীতে কোম্পানি নিজের উৎপাদিত পণ্য বিভিন্ন শাখা দোকানের মাধ্যমে বিক্রয় করে কিন্তু বিপণী মালার ক্ষেত্রে কোম্পানি নিজে পণ্য উৎপাদন না করে বিভিন্ন কোম্পানির পণ্য সংগ্রহ করে শাখা দোকানের মাধ্যমে বিক্রয় করে। |
| অধি বিপণী | • যে বৃহদায়তন খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান হতে ভোক্তাগণ তাদের উদ্দেশ্যে রক্ষিত বিভিন্ন র‍্যাক হতে চাহিদা ও পছন্দ মত পণ্যদ্রব্য সংগ্রহ ও বিক্রয় কর্মীর সাহায্য ব্যতীত ক্রয় করতে পারে তাকে অধি বিপণী বলে।<br>• ক্রয় বিকেন্দ্রীভূত এবং বিক্রয় কেন্দ্রীভূত। |
| ভেন্ডিং স্টোর | • বিক্রেতা বিহীন খুচরা দোকানকে ভেন্ডিং স্টোর বলে। |

## বাজারজাতকরণ

■ **বাজারজাতকরণের কার্যাবলী:**

**বাজারজাতকরণ কার্যাবলি**

- **বিনিময় কার্যাবলি**
  ১. ক্রয়
  ২. বিক্রয়
- **বণ্টন কার্যাবলি**
  ১. পরিবহন
  ২. গুদামজাতকরণ
  ৩. মোড়কীকরণ
- **সহায়ক কার্যাবলি**
  ১. অর্থসংস্থান
  ২. ঝুঁকি গ্রহণ
  ৩. মান নির্ধারণ ও শ্রেণীবদ্ধকরণ
  ৪. বাজার তথ্য সংগ্রহ
  ৫. বিক্রয়োত্তর সেবা প্রদান

■ **বাজারজাতকরণ প্রসার**

- কোম্পানি তার পণ্যের সুবিধাবলি সম্পর্কে লক্ষ্যস্থিত গ্রাহকদের অবহিতকরণ এবং তাদেরকে উক্ত পণ্য ক্রয়ে প্ররোচিত করার জন্য যে সকল যোগাযোগ কার্যক্রম গ্রহণ করে তাকে বিপণন প্রসার বলে।

| প্রসারের কৌশলসমূহ | বিবরণ | উদাহরণ |
|---|---|---|
| বিজ্ঞাপন | • এক্ষেত্রে অর্থ প্রদত্ত প্রক্রিয়ায় পণ্য দ্রব্যসমূহ, সেবাকর্মাদি এবং মতাদর্শ জনসাধারণের নিকট পরিচিত করানো হয় এবং জনসাধারণকে তা পেতে প্রলুব্ধ করা হয়। | • রেডিও, টিভি, সংবাদপত্র, নিয়ন সাইন, বিলবোর্ড ইত্যাদি গুরুত্বপূর্ণ মাধ্যম। |
| ব্যক্তিক বিক্রয় | • যে বিশেষ প্রক্রিয়ায় বিক্রেতা উপস্থিত হয়ে ক্রেতাকে তার পণ্য দ্রব্য সম্বন্ধে আগ্রহী করে গ্রাহকে পরিণত করতে সক্ষম হয় তাকে- ব্যক্তিক বিক্রয় বলে।<br>• বিক্রয়কর্মী যে সকল কলাকৌশল ব্যবহার করে বর্তমান ও সম্ভাব্য ক্রেতাকে পণ্য বা সেবা ক্রয়ে প্ররোচিত করে, ঐ সব কলাকৌশলকে- বিক্রয়িকতা বলে। | • বিক্রয়কর্মী বা সেলসম্যানশীপ। |
| বিক্রয় প্রসার | • পণ্য বা সেবার বিক্রয় বাড়ানোর জন্য যে সব স্বল্পমেয়াদি কৌশল গ্রহণ করা হয় তাকে বিক্রয় প্রসার বলে। | • নমুনা প্রেরণ, উপহার, প্রিমিয়াম ও কুপন, বাট্টা প্রদান, বাকিতে পণ্য সরবরাহ, প্রতিযোগিতা। |
| প্রচার | • সাধারণভাবে বিনা অর্থ ব্যয়ে কোন প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি অথবা এর পণ্য এবং সেবার চাহিদা বৃদ্ধির উদ্দেশ্যে গণমাধ্যমে যে তথ্যাদি তুলে ধরা হয়। | • টিভিতে কোন রোগ সম্পর্কে ডাক্তারের কোন নির্দিষ্ট কোম্পানির ঔষধ কেনার পরামর্শ। |
| সরাসরি বিপণন | • এক্ষেত্রে বিক্রেতা সরাসরি ক্রেতাকে পণ্য ক্রয়ে আহ্বান জানায়। | • অনলাইন মার্কেটিং, ই-মেইল মার্কেটিং। |



CS CamScanner

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

1. ...জাতকরণের লক্ষ্য হলো- [NU- Business: 2013-14]
A. ক্রেতাদের সাথে সম্পর্ক রক্ষা করা
B. পণ্য ক্রয়-বিক্রয় করে মুনাফা অর্জন করা
C. বিজ্ঞাপনের মাধ্যমে অধিক বিক্রয় করা
D. ক্রেতাদের সন্তুষ্টি বিধানের মাধ্যমে মুনাফা অর্জন করা **D**

2. পণ্যের জীবন চক্রের কোন পর্যায়ে মুনাফার পরিমাণ সর্বাধিক হয়? [NU- Business: 2011-12]
A. সূচনা পর্যায়ে B. প্রবৃদ্ধি পর্যায়
C. পূর্ণতা পর্যায়ে D. পতন পর্যায়ে **B**

3. পণ্যের জীবন চক্রের কোন পর্যায়ে মুনাফার হার সর্বাধিক হয়? [NU- Business: 2009-10]
A. সূচনা B. প্রবৃদ্ধি
C. পূর্ণতা D. পতন **B**

4. কোনটি উৎপাদনের উপকরণ নয়? [NU- Business: [illegible]]
A. ভূমি B. শ্রম
C. মূলধন D. জলবায়ু **D**

5. নিচের কোনটি ভোগ্যপণ্য নয়? [NU- Business: 2008-09]
A. শ্যাম্পু B. টেলিভিশন সেট
C. সহায়ক পণ্য D. দামি জুতা **D**

6. বাটা সু কোম্পানি কোন ধরনের খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান? [NU- Business: 2008-09]
A. চেইন স্টোর B. বহুশাখা বিপণি
C. অতিবিপণি D. বিভাগীয় বিপণি **B**

7. কোনটি উৎপাদনের উপকরণ নয়? [NU- Business: 2007-08]
A. ভূমি B. শ্রম
C. সম্পদ D. জলবায়ু **D**

8. কোনটি বিজ্ঞাপনের কাজ? [NU- Business: 2007-08]
A. ক্রেতাদের প্ররোচিত করা B. বিক্রয়কর্মীদের সহায়তা করা
C. নতুন চাহিদা সৃষ্টি D. উপরের সবগুলো **D**

9. নিচের কোন ব্যক্তি মার্কেটিং বিষয়ক লেখক? [NU- Business: 2007-08]
A. কেইনস B. স্যামুয়েলসন
C. রবিন্স D. ফিলিপ কটলার **D**

10. উৎপাদনকারী ও খুচরা ব্যবসায়ীদের মধ্যে যোগসূত্র স্থাপন করে– [NU- Business: 2006-07]
A. ভোক্তা B. খুচরা ব্যবসায়ী
C. দালাল D. পাইকার **D**

11. উৎপাদনের উপকরণ নয়– [NU- Business: 2006-07]
A. ভূমি B. খাজনা
C. পুঁজি D. সংগঠন **B**

12. বিভাগীয় বিপণী এক ধরনের– [NU- Business: 2006-07]
A. পাইকারি ব্যবসায় B. ফড়িয়া
C. খুচরা ব্যবসায় D. দালাল **C**

13. পণ্য বণ্টন প্রণালির সর্বশেষে অবস্থান করে– [NU- Business: 2006-07]
A. খুচরা কারবারি B. র‍্যাক জবার
C. বিক্রয়কর্মী D. ভোক্তা **D**

14. টুথপেস্টের সাথে বিনামূল্যে টুথব্রাশ দেওয়া হলে বাজারজাতকরণের কোন হাতিয়ার হিসেবে বিবেচিত হয়? [NU- Business: 2006-07]
A. বিজ্ঞাপন B. বিক্রয় প্রসার
C. বিক্রয়িকতা D. প্রচার **B**

15. শিল্প পণ্যের উৎপাদনকারী উৎপাদন করে– [NU- Business: 2006-07]
A. ভোক্তার জন্য B. সরকারের জন্য
C. পরবর্তী উৎপাদনকারীর জন্য D. মজুতদারির জন্য **C**

16. কোন পণ্যের প্রকৃত ও ভবিষ্যৎ ক্রেতার সমষ্টিকে বলা হয়– [NU- Business: 2006-07]
A. বিক্রয় B. বাজার
C. চাহিদা D. জনসংখ্যা **D**

17. বাটা সু কোম্পানি কোন ধরনের খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান? [NU- Business: 2006-07]
A. বিপণিমালা B. বহুশাখা বিপণি
C. অতি বিপণি D. বিভাগীয় বিপণি **D**

18. পণ্য বা সেবা ক্রয় অথবা বিক্রয়ে উৎসাহিত করার স্বল্পকালীন উদ্দীপনাকে বলা হয়– [NU- Business: 2006-07]
A. বিজ্ঞাপন B. ব্যক্তিক বিক্রয়
C. বিক্রয় প্রসার D. জনসংযোগ **C**

19. কাফনের কাপড় কী ধরনের পণ্য? [NU- Business: 2006-07]
A. সুবিধাজনক পণ্য B. সৌখিন পণ্য
C. বিশেষ পণ্য D. অযাচিত পণ্য **D**

20. নিচের কোনটি বিজ্ঞাপনের হাতিয়ার? [NU- Business: 2006-07]
A. প্রচার পত্র B. প্রেস বিজ্ঞপ্তি
C. সাংবাদিক সম্মেলন D. প্রদর্শনী ও মেলা **A**

21. ভোক্তাবাদ কোন ধরনের বাজারজাতকরণ মতবাদ? [NU- Business: 2005-06]
A. উৎপাদন মতবাদ B. পণ্য মতবাদ
C. বিক্রয় মতবাদ D. সামাজিক বাজারজাতকরণ মতবাদ **C**

22. নিচের কোনটি সেবার বৈশিষ্ট্য নয়? [NU- Business: 2005-06]
A. অদৃশ্যমানতা B. বিভাজ্যতা
C. বৈসাদৃশ্যতা D. পচনশীলতা **D**

23. সুন্দর চাহনি বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলি? [NU- Business: 2005-06]
A. সামাজিক B. মানসিক
C. শারীরিক D. নৈতিক **C**

24. নিম্নের কোনটি একই সঙ্গে ভোগ্যপণ্য ও শিল্পপণ্য? [NU- Business: 2004-05]
A. কাঁচামাল B. টেলিভিশন
C. তুলা D. যন্ত্রাংশ **C**

25. বাজার বলতে কি বুঝায়? [NU- Business: 2004-05]
A. বর্তমান ক্রেতার সমষ্টি B. একটি স্থান
C. সম্ভাব্য ক্রেতার সমষ্টি D. A + B **AC**

26. একজন সন্তুষ্ট ক্রেতা একটি কোম্পানির শ্রেষ্ঠ- [NU- Business: 2004-05]
A. সম্পদ B. ক্রেতা
C. মূলধন D. বিজ্ঞাপন **A**

27. আধুনিক বাজারজাতকরণের উদ্দেশ্য হচ্ছে- [NU- Business: 2004-05]
A. অধিক বিক্রয়ের মাধ্যমে মুনাফা অর্জন
B. ক্রেতা সন্তুষ্টির মাধ্যমে মুনাফা অর্জন
C. ক্রেতা ও সমাজের সন্তুষ্টির মাধ্যমে
D. অধিক উৎপাদন ও বিক্রয়ের মাধ্যমে মুনাফা অর্জন **B**

28. কোন পণ্যের সাথে অতিরিক্ত একটি পণ্য বিনামূল্যে প্রদান, কোন ধরনের বাজারজাতকরণ কৌশল? [NU- Business: 2004-05]
A. বিজ্ঞাপন B. প্রচার
C. বিক্রয় প্রসার D. বিক্রয়-কৌশল **C**

29. নিম্নের কোনটি সেবার বৈশিষ্ট্য? [NU- Business: 2004-05]
A. অদৃশ্যমানতা B. অপরিমাপযোগ্য
C. অবিভাজনযোগ্য D. অপরিবর্তনশীল **A**

30. নিচের কোনটি বাজার চাহিদা নির্ধারণের উপায়? [NU- Business: 2004-05]
A. মূল্য B. আয়
C. ক্রেতার পছন্দ D. সবগুলো **D**

31. চীনাবাদাম কি জাতীয় পণ্য? [NU- Business: 2004-05]
A. সুবিধা B. সৌখিন
C. লোভনীয় D. অযাচিত **C**

32. নিচের কোনটি সেবাপণ্যের বৈশিষ্ট্য নয়? [NU- Business: 2003-04]
A. অদৃশ্যমানতা B. অবিভাজ্যতা
C. সাদৃশ্য D. পচনশীলতা **D**

33. "বাজারজাতকরণ জীবনযাত্রার মান উন্নয়ন করে"-এ উক্তিটি কার? [NU- Business: 2003-04]
A. ফিলিপ কটলার B. স্ট্যানটন
C. পল মাজুর D. কনভার্স **A**

34. চূড়ান্ত ভোগের মাধ্যমে চাহিদা পূরণের উদ্দেশ্য যে পণ্য ক্রয় করে তাকে কী বলে? [NU- Business: 2003-04]
A. ক্রেতা B. ভোগ্যপণ্য
C. পুনঃবিক্রেতা D. ভোক্তা **D**

35. একই দালানের মধ্যে অবস্থিত যে বৃহদায়তন খুচরা ব্যবসায় বিভিন্ন প্রকার পণ্য পৃথক বিভাগে বিক্রয়ের জন্য বিভক্ত করা হয় তাকে বলে- [NU- Business: 2003-04]
A. সুপার মার্কেট B. বিভাগীয় বিপণি
C. চেইন মার্কেট D. বহুশাখা বিপণি **B**

36. বিকল্প বাজারজাতকরণ দর্শনগুলোর মধ্যে কোনটি সর্বপ্রথম প্রচলিত হয়? [NU- Business: 2003-04]
A. বাজারজাতকরণ মতবাদ
B. উৎপাদন মতবাদ
C. পণ্য মতবাদ
D. সামাজিক বাজারজাতকরণ মতবাদ **D**

37. নিচের কোনটি বিক্রয় মতবাদের উদ্দেশ্য? [NU- Business: 2003-04]
A. ভোক্তার সন্তুটির মাধ্যমে মুনাফা অর্জন
B. বিক্রয় এলাকা বৃদ্ধির মাধ্যমে মুনাফা অর্জন
C. বিক্রয়ের পরিমাণবৃদ্ধির মাধ্যমে মুনাফা অর্জন
D. কোনোটিই নয় **A**

38. বাজারজাতকরণ কিসের সাথে সম্পর্কিত- [NU- Business: 2003-04]
A. কেনাকাটা B. বিক্রয়গত
C. ক্রয় D. কোনোটিই সঠিক নয় **B**

39. নিচের কোনটি শিল্পপণ্য? [NU- Business: 2002-03]
A. ফ্রিজ B. কাঁচামাল
C. সুবিধা পণ্য D. শপিং পণ্য **B**

40. কোন পণ্যের সাথে 'উপহার প্রদান' কোন ধরনের বাজারজাতকরণ কৌশল? [NU- Business: 2002-03]
A. বিজ্ঞাপন B. বিক্রয় প্রসার
C. প্রচার D. ব্যক্তিগত বিক্রয় **B**

41. বাজার বলতে বুঝায়- [NU- Business: 2002-03]
A. একটি ভৌগোলিক স্থান
B. বর্তমান ক্রেতার সমষ্টি
C. সম্ভাব্য ক্রেতার সমষ্টি
D. B ও C **D**

42. ভোক্তা বাজার বিভক্তিকরণের ভিত্তি প্রধানত — টি। [NU- Business: 2001-02]
A. দুই B. তিন
C. চার D. পাঁচ **D**

43. বাজারজাতকরণ মিশ্রণের উপাদানসমূহ মূলত- [NU- Business: 2001-02]
A. দুই ধরনের B. তিন ধরনের
C. চার ধরনের D. পাঁচ ধরনের **C**

44. সুবিধাপণ্যকে সাধারণত- শ্রেণিতে ভাগ করা যায়? [NU- Business: 2001-02]
A. দুই B. চার
C. ছয় D. আট **A**

সম্পূরক অংশ

# তথ্য প্রবাহে আন্তর্জাতিক বাণিজ্য

ব্যবসায় নীতি ও প্রয়োগ

## টপিক 2 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আন্তর্জাতিক বাণিজ্যে দুটি দেশের মধ্যে পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয়।
- আন্তর্জাতিক বাণিজ্যে ২ ধরনের দলিল ব্যবহৃত হয়। যথা:- জাহাজি দলিল ও অজাহাজি দলিল।
  - **জাহাজি দলিল:** ৬টি। যথা-
    ১. বহনপত্র বা চালানি রশিদ ২. বিমাপত্র
    ৩. বিনিময় বিল ৪. বাণিজ্যদূতের প্রত্যায়িত চালান
    ৫. প্রভবলেখ ৬. চালান
  - **অজাহাজি দলিল:** নমুনা চালান, জাহাজ ভাড়া চুক্তি, প্রত্যয় পত্র, বন্ধকিপত্র, ফরমায়েশ পত্র, কাঁচা রশিদ, ডক রশিদ, ডক পরোয়ানা।

রিয়েল টেস্ট

## বিগত বছরের প্রশ্নের বিশ্লেষণ

01. আন্তর্জাতিক বাণিজ্য দ্রব্যের মালিকানার দলিল হলো— [NU- Business: 2014-15]
A. চার্টার পার্টি
B. লেটার অব ক্রেডিট
C. বিমাপত্র
D. বিল অব লেডিং **D**

02. ডাম্পিং অর্থ হলো— [NU- Business: 2008-09]
A. দেশীয় মূল্যের চেয়ে বেশি মূল্যে অতিরিক্ত পণ্য বিদেশে বিক্রয় করা
B. যে সমস্ত পণ্য দেশীয় গুণগত মান পূরণ করতে পারে না, সেগুলো বিদেশে বিক্রয় করা
C. দেশীয় মূল্যের চেয়ে কম মূল্যে অতিরিক্ত পণ্য বিদেশে বিক্রয় করা
D. প্রতিকূল লেনদেনের ভারসাম্য হ্রাস করার জন্য রপ্তানি উৎসাহিত করা **C**

03. হেজিং (Hedging) বলতে বুঝায়— [NU- Business: 2006-07]
A. শুল্ক আরোপ পদ্ধতি B. প্রত্যয়ন পত্র
C. ভবিষ্যৎ ঝুঁকি হ্রাসের পদ্ধতি D. দর কষাকষির পদ্ধতি **C**

04. নিচের কোন ব্যবসায়টি পণ্য বিনিময়ের অন্তর্ভুক্ত নয়? [NU- Business: 2005-06]
A. আমদানি B. রপ্তানি
C. গুদামজাতকরণ D. খুচরা ব্যবসায় **C**

05. PSI এর পূর্ণ শব্দ হলো— [NU- Business: 2005-06]
A. প্রি-সিস্টেম ইম্পোর্ট B. প্রি-সার্ভিস ইনফরমেশন
C. পোস্ট সার্ভিস ইনফরমেশন D. প্রি-শিপমেন্ট ইন্সপেকশন **D**

06. কোনটি জাহাজি দলিল নয়? [NU- Business: 2001-02]
A. বহন পত্র B. পণ্যের চালান
C. নৌ-ভাটক সনদ D. বিমা পত্র **D**



CamScanner